ব্রহ্মই জগতের নিমিত্তকারণ ও উপাদান কারণ, এ সিদ্ধান্তের বিরুদ্ধে স্মৃতিঘটিত যে, আপত্তি হইয়াছিল, তাহা পরিহৃত হইয়াছে। এক্ষণে তর্কঘটিত আপত্তি পরিহৃত হইবে। যথা—যদি বল, শাস্ত্রার্থ নিশ্চিত হইলে তাহাতে তর্কের প্রসর (গতি বা প্রয়োজন) থাকে না, না থাকিবার কারণ এই যে, ব্রহ্ম ধর্ম্মের ন্যায় অনন্যসাপেক্ষ অর্থাৎ কেবলমাত্র শাস্ত্রসাপেক্ষ। যাহা যাহা শাস্ত্রমাত্রসাপেক্ষ, তাহা তাহাই শাস্ত্রের দ্বারা নির্ণীত হয়, অনুমানাদির দ্বারা নহে; সুতরাং শাস্ত্র-নিশ্চিত পদার্থ অনুমানের অবিষয়। ইহার প্রত্যুত্তর—ব্রহ্ম যদি ধর্ম্মের ন্যায় কেবলমাত্রশাস্ত্র প্রমাণের বিষয় হইতেন, তাহা হইলে অবশ্যই ঐ অবষ্টম্ভ (পূর্ব্বপক্ষ) হইতে পারিত। ধর্ম্ম-পদার্থ অনুষ্ঠেয় অর্থাৎ অনুষ্ঠান-সাধ্য, কিন্তু ব্রহ্ম অনুষ্ঠান-নিরপেক্ষ, অনুষ্ঠান-সাধ্য নহেন। ব্রহ্ম সিদ্ধ বস্তু। যাহা সিদ্ধ—যাহা পরিনিষ্পন্ন—অবশ্যই তাহাতে অন্য প্রমাণের প্রসর আছে। পৃথিবী পদার্থ পরিনিষ্পন্ন—তাহা যেমন বহুপ্রমাণের বিষয়—সেইরূপ পরিনিষ্পন্ন ব্রহ্মও অনেক প্রমাণের বিষয় হওয়া উচিত, অর্থাৎ তর্ক

* "প্রকৃত্যা সহ সারূপ্যং বিকারাণামবস্থিতম্। জগদ্‌ব্রহ্মসরূপঞ্চ নেতি নো তস্য বিক্রিয়া॥ বিশুদ্ধং চেতনং ব্রহ্ম জগজ্জড়মশুদ্ধিভাক্। তেন প্রধানসারূপ্যাৎ প্রধানস্যৈব বিক্রিয়া।" ইতি সাংখ্যপক্ষমবলম্ব্য পূর্ব্বপক্ষয়তি। অস্য কার্য্যভূতস্য জগতঃ বিলক্ষণত্বাৎ ব্রহ্মবৈরূপ্যাৎ ন প্রকৃতির্ব্রহ্মেতি শেষঃ। তথাত্বং ব্রহ্মবৈলক্ষণ্যং শব্দাৎ শাস্ত্রাৎ অধ্যবসীয় ইতি ন হেত্বসিদ্ধিঃ।—

ব্রহ্ম চেতন ও শুদ্ধ, কিন্তু জগৎ অচেতন ও অশুদ্ধ; সুতরাং সমলক্ষণ নহে। স্থাপন করিয়াছ যে, ব্রহ্মই জগৎকার্য্যের প্রকৃতি অর্থাৎ উপাদান কারণ, কিন্তু তাহা অসঙ্গত। নিয়ম এই যে, যে যাহার প্রকৃতি বা উপাদান, সে তাহার সমলক্ষণ। জগৎ যখন ব্রহ্ম-লক্ষণাক্রান্ত নহে, প্রত্যুত ব্রহ্মবিলক্ষণ, তখন ব্রহ্ম ইহার প্রকৃতি, ইহা কদাচ নহে। জগৎ যে, ব্রহ্ম-বিলক্ষণ, তাহা শাস্ত্রের দ্বারাই জানা যায়।

নিষ্পন্নরূপস্তু ব্রহ্মাবগম্যতে। পরিনিষ্পন্নে চ বস্তুনি প্রমাণান্তরাণামস্ত্যবকাশো যথা পৃথিব্যাদিষু। যথা চ শ্রুতীনাং পরস্পরবিরোধে সত্যেকবশেনেতরা নীয়ন্তে, এবং প্রমাণান্তরবিরোধেঽপি তদ্বশেনৈব শ্রুতির্নীয়তে। দৃষ্টসাধর্ম্ম্যেণ চাদৃষ্টমর্থং সমর্পয়ন্তী যুক্তিরনুভবস্য সন্নিকৃষ্যতে, বিপ্রকৃষ্যতে তু শ্রুতিরৈতিহ্যমাত্রেণ স্বার্থাভিধানাৎ। অনুভবাবসানঞ্চ ব্রহ্মবিজ্ঞানমবিদ্যায়া নিবর্ত্তকং মোক্ষসাধনঞ্চ দৃষ্টফলতয়েষ্যতে। শ্রুতিরপি "শ্রোতব্যো মন্তব্যঃ" ইতি শ্রবণব্যতিরেকেণ মননং বিদধতী তর্কমপ্যত্রাদর্ত্তব্যং দর্শয়তি। অতস্তর্কনিমিত্তঃ পুনরাক্ষেপঃ ক্রিয়তে,—ন বিলক্ষণত্বাদস্যেতি।

যদুক্তং—চেতনং ব্রহ্ম জগতঃ প্রকৃতিরিতি, তন্নোপপদ্যতে।

তস্মাৎ সমানবিষয়ত্বাদস্ত্যত্র তর্কস্যাবকাশঃ। নন্বস্তু বিরোধস্তথাপি তর্কাদরে কো হেতুরিত্যত আহ—"যথা চ শ্রুতীনাং" ইতি। সাবকাশা বহ্ব্যোঽপি শ্রুতয়োঽনবকাশৈকশ্রুতিবিরোধে তদনুগুণতয়া যথা নীয়ন্তে, এবমনবকাশৈকতর্কবিরোধে তদনুগুণতয়া বহ্ব্যোঽপি শ্রুতয়ো গুণকল্পনাদিভির্ব্ব্যাখ্যানমর্হন্তীত্যর্থঃ। অপি চ, ব্রহ্মসাক্ষাৎকারো বিরোধিতয়াঽনাদিমবিদ্যাং নিবর্ত্তয়ন্ দৃষ্টেনৈব রূপেণ মোক্ষসাধনমিষ্যতে। তত্র ব্রহ্মসাক্ষাৎকারস্য মোক্ষসাধনতয়া প্রধানস্যানুমানং দৃষ্টসাধর্ম্ম্যেণাদৃষ্টবিষয়ং বিষয়তোঽন্তরঙ্গং, বহিরঙ্গং ত্বত্যন্তপরোক্ষগোচরং শাব্দং জ্ঞানম্। তেন প্রধানপ্রত্যাসত্ত্যাপ্যনুমানমেব বলীয় ইত্যাহ—"দৃষ্টসাধর্ম্ম্যেণ চ" ইতি। অপি চ, শ্রুত্যাপি ব্রহ্মণি তর্ক আদৃত ইত্যাহ—"শ্রুতিরপি" ইতি।

সোঽয়ং ব্রহ্মণো জগদুপাদানত্বাক্ষেপঃ পুনস্তর্কেণ প্রস্তূয়তে—

"প্রকৃত্যা সহ সারূপ্যং বিকারাণামবস্থিতম্।
জগদ্ ব্রহ্মসরূপঞ্চ নেতি নো তস্য বিক্রিয়া॥
বিশুদ্ধং চেতনং ব্রহ্ম জগজ্জড়মশুদ্ধিভাক্।
তেন প্রধানসারূপ্যাৎ প্রধানস্যৈব বিক্রিয়া॥"

তাহাতে অবশ্যই স্থান প্রাপ্ত হইবেক। [যথা চ...প্রকৃত্যাঃ] যেমন শ্রুতির সহিত শ্রুতির বিরোধ দেখিলে বিরোধভঞ্জনার্থ সমস্ত শ্রুতিকে এক শ্রুতির অনুগামী করিয়া লওয়া হয়, তেমনি, প্রমাণান্তরের সহিত বিরোধ হইলেও শ্রুতিসমূহকে প্রমাণান্তরের অনুগামী করিতে পার। দৃষ্টানুসারিণী যুক্তি দৃষ্টসাধর্ম্ম্য অর্থাৎ দৃষ্টান্ত অবলম্বন করিয়া অদৃষ্ট বস্তু সমর্থন করে, অদৃশ্য পদার্থেরও বোধ জন্মায়; সুতরাং তাহা অনুভবের যত সন্নিকট, শ্রুতি তত সন্নিকট নহে। শ্রুতি ঐতিহ্য রূপে (ইতিহাস রূপে) স্বার্থ সমর্পণ করেন বলিয়া যুক্তি অপেক্ষা দুর্ব্বল উপায়। ব্রহ্মবিজ্ঞানের

কস্মাদ্বিলক্ষণত্বাদস্য বিকারস্য প্রকৃত্যা। ইদং হি ব্রহ্মকার্য্যত্বেনাভিপ্রেয়মাণং জগদ্‌ব্রহ্মবিলক্ষণমচেতনমশুদ্ধঞ্চ দৃশ্যতে। ব্রহ্ম চ জগদ্বিলক্ষণং চেতনং শুদ্ধঞ্চ শ্রূয়তে। ন চ বিলক্ষণত্বে প্রকৃতিবিকারভাবো দৃষ্টঃ। ন হি রুচকাদয়ো বিকারা মৃৎপ্রকৃতিকা ভবন্তি, শরাবাদয়ো বা সুবর্ণপ্রকৃতিকাঃ। মৃদৈব তু মৃদন্বিতা বিকারাঃ ক্রিয়ন্তে, সুবর্ণেন সুবর্ণান্বিতাঃ, তথেদমপি জগদচেতনং সুখদুঃখমোহান্বিতং সদচেতনস্যৈব সুখদুঃখমোহাত্মকস্য কারণস্য কার্য্যং ভবিতুমর্হতি, ন বিলক্ষণস্য ব্রহ্মণঃ। ব্রহ্মবিলক্ষণত্বঞ্চাস্য জগতোঽশুদ্ধ্যচেতনত্বদর্শনাদবগন্তব্যম্। অশুদ্ধং হীদং জগৎ,

---

তথাহি—এক এব স্ত্রীকায়ঃ সুখদুঃখমোহাত্মকতয়া পত্যুশ্চ সপত্নীনাঞ্চ চৈত্রস্য চ স্ত্রৈণস্য তামবিন্দতোঽপর্য্যায়ঃ সুখদুঃখবিষাদানাধত্তে। স্ত্রিয়া চ সর্ব্বে ভাবা ব্যাখ্যাতাঃ। তস্মাৎ সুখদুঃখমোহাত্মতয়া চ স্বর্গনরকোচ্চাবচপ্রপঞ্চতয়া চ জগদশুদ্ধমচেতনঞ্চ। ব্রহ্ম তু চেতনং বিশুদ্ধঞ্চ নিরতিশয়ত্বাৎ। তস্মাৎ প্রধানস্যাশুদ্ধস্যাচেতনস্য বিকারো জগৎ—ন তু ব্রহ্মণ ইতি যুক্তম্। যে তু চেতনব্রহ্মবিকারতয়া জগচ্চৈতন্যমাহুস্তান্ প্রত্যাহ—"অচেতনঞ্চেদং জগৎ" ইতি।

চরম সীমা হইতেছে ব্রহ্মানুভব, তাহাই অজ্ঞানবিনাশরূপ মুক্তির কারণ। ব্রহ্মবিজ্ঞানের ফল ব্রহ্মানুভব; সুতরাং তাহা প্রত্যক্ষ বা সাক্ষাৎকাররূপ; সেই জন্যই শ্রুতি শ্রবণের পর মননের বিধান করিয়া তর্কেরও আদর্ত্তব্যতা দেখাইয়াছেন। (মনন—তর্ক সহকৃত অনুমান)। তর্কের প্রতি শ্রুতির আদর দেখিয়া সূত্রকার ব্যাস তর্কঘটিত অবষ্টম্ভ (পূর্ব্বপক্ষ) দেখাইতেছেন।

ইতঃপূর্ব্বে স্থির করিয়াছ বা বলিয়াছ যে, ব্রহ্মই জগতের প্রকৃতি (উপাদান কারণ, কিন্তু তাহা অনুপপন্ন (যুক্তিসহ নহে)। কারণ, জগৎকার্য্যের প্রকৃতিরূপে-কল্পিত) ব্রহ্ম ইহার অননুরূপ অর্থাৎ ইহার সদৃশ নহে, প্রত্যুত বিসদৃশ। ইদং,...গন্তব্যম্] বেদান্তশাস্ত্র জগৎকে ব্রহ্মজন্য মনে করেন—বলেন, কিন্তু ইহাতে ব্রহ্ম-বৈলক্ষণ্য দৃষ্ট হইতেছে। জগৎ অচেতন ও অশুদ্ধ, কিন্তু ব্রহ্ম চেতন ও শুদ্ধ। সালক্ষণ্য ব্যতীত (সমানে অসমানে) প্রকৃতিবিকৃতিভাব হয় না। যেমন বলয় ও মৃত্তিকা শরাব এবং সুবর্ণ, এ সকলের মধ্যে প্রকৃতি-বিকৃতিভাব হয় না। যেমন বলয় ও মৃত্তিকা, শরাব ও সুবর্ণ, এসকলের মধ্যে প্রকৃতিবিকৃতিভাব নাই, তেমনি অচেতন ও অশুদ্ধ জগতের সহিত চেতন ও শুদ্ধ ব্রহ্মের প্রকৃতিবিকৃতিভাব নাই। অতএব সুখ দুঃখ মোহান্বিত অচেতন জগৎ জগল্লক্ষণবর্জ্জিত চেতন ব্রহ্ম হইতে উৎপন্ন নহে, এইরূপ অবধারণ করাই উচিত। জগৎ যে ব্রহ্মলক্ষণবর্জ্জিত, তাহা জাড্য ও অবিশুদ্ধি দৃষ্টে জানা যায়। [অশুদ্ধং...কুরুতঃ] জগৎ সুখ দুঃখ মোহের

সুখদুঃখমোহাত্মকতয়া প্রীতি-পরিতাপ-বিষাদাদিহেতুত্বাৎ স্বর্গনরকাদ্যুচ্চাবচপ্রপঞ্চত্বাচ্চ। অচেতনং চেদং জগৎ, চেতনং প্রতি কার্য্যকারণভাবেনোপকরণভাবোপগমাৎ। ন হি সাম্যে সত্যুপকার্য্যোপকারকভাবো ভবতি। ন হি প্রদীপৌ পরস্পরস্যোপকুরুতঃ।

নন্বু চেতনমপি কার্য্যকরণং স্বামিভৃত্যন্যায়েন ভোক্তুরুপকরিষ্যতি, ন, স্বামিভৃত্যয়োরপ্যচেতনাংশস্যৈব চেতনং প্রত্যুপকারকত্বাৎ। যো হ্যেকস্য চেতনস্য পরিগ্রহো বুদ্ধ্যাদিরচেতনভাগঃ, স এবান্যস্য চেতনস্যোপকরোতি, ন তু স্বয়মেব চেতনশ্চেতনান্তরস্যোপকরোত্যপকরোতি বা। নিরতিশয়া হ্যকর্ত্তারশ্চেতনা ইতি সাঙ্খ্যা মন্যন্তে। তস্মাদচেতনং কার্য্যকরণম্। ন চ কাষ্ঠলোষ্ট্রাদীনাং চেতনত্বে কিঞ্চিৎ প্রমাণমস্তি। প্রসিদ্ধশ্চায়ং

ব্যভিচারং চোদয়তি—"নন্ব চেতনমপি"ইতি। পরিহরতি—"ন স্বামিভৃত্যয়োরপি"ইতি। নন্বু মা নাম সাক্ষাচ্চেতনশ্চেতনান্তরস্যোপকার্ষীৎ, তৎকার্য্যকরণবুদ্ধ্যাদিনিয়োগদ্বারেণ তুপকরিষ্যতীত্যত আহ—"নিরতিশয়া হ্যকর্ত্তারশ্চেতনাঃ" ইতি।

ও প্রীতিপরিতাপ প্রভৃতির নিদান এবং স্বর্গ নরকাদি উচ্চ নীচ গতির আশ্রয়; সুতরাং ইহা অশুদ্ধ। দেখা যায়, চেতনে অচেতনে পরস্পর উপকার্য্য-উপকারক ভাব হয়, কিন্তু চেতনে চেতনে কিংবা অচেতনে অচেতনে হয় না। সমান স্বভাব অথচ পরস্পর উপকার্য্য-উপকারক, ইহা কুত্রাপি দৃষ্ট হয় না।

[নন্বু…করণম্] যদি বল, প্রভু ও ভৃত্যের দৃষ্টান্তে চেতনে চেতনে উপকার্য্য-উপকারকভাব থাকা স্বীকার করিব, (প্রভুও চেতন, ভৃত্যও চেতন, অথচ পরস্পর পরস্পরের উপকার্য্য ও উপকারক), এ কথা বলিলে আমরা বলিব, ঐ দৃষ্টান্ত সমদৃষ্টান্ত নহে। উক্ত স্থলেও অচেতনাংশ উপকারক। প্রভু ও ভৃত্য এ দুয়ের বুদ্ধি প্রভৃতি অচেতনাংশই অন্যতর চেতনের উপকার করে। স্বয়ং চেতন উপকার বা অপকার কিছুই করে না। সাংখ্যও মানিয়া থাকেন, চেতনের (পুরুষের) কোনরূপ অতিশয় (তারতম্য) নাই। অতএব, কার্য্য ও করণ সমস্তই অচেতন, ইহা অবশ্য স্বীকার্য্য। [নচ…প্রকৃতিকম্] অপিচ, কাষ্ঠলোষ্ট্রাদিতে চৈতন্য থাকার প্রমাণ নাই এবং চেতন-অচেতন এই দুই প্রকার বিভাগ ও সর্ব্ববিদিত। সমস্ত জগৎ চেতন হইলে সর্ব্ববিদিত বিভাগের উচ্ছেদ হইবে। প্রদর্শিত কারণে

চেতনাচেতনবিভাগো লোকে। তস্মাদ্‌ব্রহ্মবিলক্ষণত্বান্নেদং জগৎ তৎপ্রকৃতিকম্।

যোঽপি কশ্চিদাচক্ষীত—শ্রুত্বা জগতশ্চেতনপ্রকৃতিকতাং তদ্বলেনৈব সমস্তং জগচ্চেতনমবগমিষ্যামি, প্রকৃতিরূপস্য বিকারেঽন্বয়দর্শনাৎ, অবিভাবনন্তু চৈতন্যস্য পরিণামবিশেষাদ্ভবিষ্যতি। যথা স্পষ্টচৈতন্যানামপ্যাত্মনাং স্বাপমূর্চ্ছাদ্যবস্থাসু চৈতন্যং ন বিভাব্যতে, এবং কাষ্ঠলোষ্ট্রাদীনামপি চৈতন্যং ন বিভাবয়িষ্যতে। এতস্মাদেব চ বিভাবিতত্বাবিভাবিতত্বকৃতাৎ বিশেষাদ্‌রূপাদিভাবাভাবাভ্যাঞ্চ কার্য্যকরণানামাত্মনাঞ্চ চেতনত্বাবিশেষেঽপি গুণপ্রধানভাবো ন বিরোৎস্যতে। যথা চ পার্থিবত্বাবিশেষেঽপি মাংসসূপৌদনাদীনাং প্রত্যাত্মবর্তিনো বিশেষাৎ

উপজনাপায়বদ্ধর্ম্মযোগোঽতিশয়ঃ, তদভাবো নিরতিশয়ত্বম্। অতএব নির্ব্যাপারত্বাদকর্ত্তারঃ। তস্মাত্তেষাং বুদ্ধ্যাদিপ্রয়োক্তৃত্বমপি নাস্তীত্যর্থঃ।

চোদকো হ্যনুশয়বীজমুদ্‌ঘাটয়তি "যোঽপী"তি। অভ্যুপেত্যাপাততঃ সমাধান-

---

ইহাই প্রতিপন্ন হইতেছে যে, ব্রহ্মলক্ষণ না থাকাতে জগৎ ব্রহ্মপ্রকৃতিক (ব্রহ্মপ্রভব) নহে।

[যোঽপি...ভবিষ্যতি] এ স্থলে কেহ কেহ শ্রুতিতে জগতের চেতনপ্রকৃতিকতা শ্রবণ করিয়া, সমস্ত জগৎকেই চেতন বলিয়া সিদ্ধান্ত করেন। তাঁহাদের অভিপ্রায় এই যে, প্রকৃতির স্বভাব বিকৃতিতে অনুগত থাকা নিয়ম; সুতরাং চেতনপ্রসূত জগৎকেও চেতন বলিয়াই স্বীকার করিতে হইবে। তবে যে, আমরা কাষ্ঠ লোষ্ট্র প্রভৃতিকে অচেতন বলিয়ামনে করি, চৈতন্যের অব্যক্ততাই তাহার কারণ। অভিব্যঞ্জক বিকারের বা পরিণামের তারতম্য থাকাতেই চৈতন্যস্ফূর্ত্তির অল্পাধিক্য হয়, সেই অল্পাধিক্য লইয়াই চেতন অচেতন ব্যবহার নিষ্পন্ন হয়, অর্থাৎ চৈতন্যের অভিব্যক্তি বা বিকাশ দেখিলেই আমরা চেতন বলি. তাহা না দেখিলেই অচেতন বলি। আত্মা বিস্পষ্টচেতন হইলেও মূর্চ্ছাদি কালে তাহার চৈতন্য অভিভূত হয়, সেই কারণে লোকে বলে 'অচেতন হইয়াছে।' অতএব, চেতন অচেতন ব্যবস্থা অভিব্যক্তি ও অনভিব্যক্তিঘটিত। (অভিব্যক্তচৈতন্যকে চেতন বলা হয়, আর অব্যক্তচৈতন্যকে অচেতন বলা হয়। কাষ্ঠাদি পদার্থ চেতন হইলেও উহার চৈতন্য অব্যক্ত. সুতরাং তাহা লোকব্যবহারে অচেতন)। সমস্ত বিকার চেতন হইলেও ব্যক্তাব্যক্ততারূপ প্রভেদ থাকায় উপকার্য্য-উপকারকভাবের বাধা হয় না, হইবার সম্ভাবনাও নাই। যেমন মাংস, সূপ ও অন্ন প্রভৃতি দ্রব্য মৃৎপ্রকৃতিক হইলেও প্রত্যেকনিষ্ঠ বিশেষ বা ভেদক ধর্ম্ম থাকায় পরস্পর পরস্পরের উপকার্য্য ও

পরস্পরোপকারিত্বং ভবতি, এবমিহাপি ভবিষ্যতি। প্রবিভাগ-প্রসিদ্ধিরপ্যত এব ন বিরোৎস্যত ইতি। তেনাপি কথঞ্চিচ্চেতনত্বা-চেতনত্বলক্ষণং বিলক্ষণত্বং পরিহ্রিয়েত, শুদ্ধ্যশুদ্ধিত্বলক্ষণন্তু বিলক্ষণত্বং নৈব পরিহ্রিয়তে। ন চৈতদপি বিলক্ষণত্বং পরিহর্ত্তুং শক্যত ইত্যাহ—তথাত্বঞ্চ শব্দাদিতি।

অনবগম্যমানমেব হীদং লোকে সমস্তস্য বস্তুনশ্চেতনত্বং চেতনপ্রকৃতিকত্বশ্রবণাচ্ছব্দশরণতয়া কেবলয়োৎপ্রেক্ষ্যতে, তচ্চ শব্দেনৈব বিরুধ্যতে, যতঃ শব্দাদপি তথাত্বমবগম্যতে। তথাত্ব-মিতি প্রকৃতিবিলক্ষণত্বং কথয়তি। শব্দ এব "বিজ্ঞানঞ্চাবিজ্ঞানং চ" ইতি কস্যচিদ্বিভাগস্যাচেতনতাং শ্রাবয়ন্ চেতনাদ্‌ব্রহ্মণো বিলক্ষণমচেতনং জগচ্ছ্রাবয়তি ॥ ২। ১। ৪ ॥

নন্নু চেতনত্বমপি ক্বচিদচেতনত্বাভিমতানাং ভূতেন্দ্রিয়াণাং

মাহ—"তেনাপি কথঞ্চিৎ"ইতি। পরমসমাধানন্তু সূত্রাবয়বেন বক্তুং তমেবাব-তারয়তি—"ন চৈতদপি বিলক্ষণত্বম্"ইতি।

সূত্রাবয়বাভিসন্ধিমাহ—"অনবগম্যমানমেব হীদম্" ইতি। শব্দার্থাৎ খলু চেতনপ্রকৃতিত্বাচ্চৈতন্যং পৃথিব্যাদীনামবগম্যমানমুপোদ্বলিতং মানান্তরেণ সাক্ষাচ্ছ্রূয়মাণমপ্যচৈতন্যমন্যথয়েৎ। মানান্তরাভাবে স্বার্থোঽর্থঃ শ্রুত্যর্থেনাপবদনীয়ঃ, ন তু তদ্বলেন শ্রুত্যর্থোঽন্যথয়িতব্য ইত্যর্থঃ। সূত্রান্তরমবতারয়িতুং চোদয়তি—"নন্নু চেতনত্বমপি ক্বচিৎ"ইতি। ন পৃথিব্যাদীনাং চৈতন্যমার্থমেব, কিন্তু ভূয়সীনাং শ্রুতীনাং সাক্ষাদেবার্থ ইত্যর্থঃ ॥ ২। ১। ৪।

উপকারক হইতে দেখা যায়, প্রদর্শিত স্থলেও সেইরূপেই উপকার্য্য-উপকারকভাব গৃহীত হইবেক। [প্রবিভাগ...বয়তি] প্রসিদ্ধ চেতনাচেতন বিভাগও ঐ প্রণালীতেই অবিরুদ্ধ হয়; সুতরাং ঐরূপ ব্যবস্থায় চেতনাচেতনঘটিত বৈলক্ষণ্যের পরিহার অবশ্যই হইতে পারে সত্য, কিন্তু জগৎ অশুদ্ধ, ব্রহ্ম শুদ্ধ, এ বৈলক্ষণ্যত ঐ ব্যবস্থায় নিবারিত হয় না; কাযেই তন্নিবারণার্থ 'তথাত্বঞ্চ শব্দাৎ' অংশ বলা হইয়াছে।

তাহার অর্থ এই যে, সমস্ত বস্তুই যে চেতন, এ তত্ত্ব শ্রুতিবাধিত। শ্রুতি কোন কোন বিভাগের অচেতনতা উপদেশ করিয়া জগৎকে ব্রহ্মবিলক্ষণ ও অচেতন বলিয়াছেন। ২। ১। ৪ ॥

[নন্নু...পঠতি] যদি বল, শ্রুতি কোন কোন স্থলে অচেতন বলিয়া অর্থাৎ জড়

শ্রূয়তে, যথা "মৃদব্রবীদাপোঽব্রুবন্"ইতি, "তত্তেজ ঐক্ষত, তা আপ ঐক্ষন্ত" ইতি চৈবমাদ্যা ভূতবিষয়া চেতনত্বশ্রুতিঃ, ইন্দ্রিয়বিষয়াপি, "তে হেমে প্রাণা অহংশ্রেয়সে বিবদমানা ব্রহ্ম জগ্মুঃ" ইতি, "তে হ বাচমূচুস্ত্বন্ন উদ্গায়" ইতি চৈবমাদ্যেতি। অত উত্তরং পঠতি—

অভিমানিব্যপদেশস্তু বিশেষানুগতিভ্যাম্ ॥ ২।১।৫ ॥ *

তু-শব্দ আশঙ্কামপনুদতি। ন খলু মৃদব্রবীদিত্যেবঞ্জাতীয়কয়া শ্রুত্যা ভূতেন্দ্রিয়াণাং চেতনত্বমাশঙ্কনীয়ম্, যতোঽভিমানিব্যপদেশ এষঃ। মৃদাদ্যভিমানিন্যো বাগাদ্যভিমানিন্যশ্চ চেতনা দেবতা বদন-

সূত্রমবতারয়তি—"অত উত্তরং পঠতি।"

বিভজতে "তু-শব্দঃ" ইতি। নৈতাঃ শ্রুতয়ঃ সাক্ষান্মৃদাদীনাং বাগাদীনাঞ্চ চৈতন্যমাহুঃ, অপি তু তদধিষ্ঠাত্রীণাং দেবতানাং চিদাত্মনাম্। তেনৈতচ্ছ্রুতিবলেন ন মৃদাদীনাং বাগাদীনাঞ্চ চৈতন্যমাশঙ্কনীয়মিতি। কস্মাৎ পুনরেতদেব-

বলিয়া বিখ্যাত, এরূপ ভূতনিচয়কে ও ইন্দ্রিয়সমূহকে চেতন বলিয়াছেন, যথা— সেই "মৃত্তিকা বলিয়াছিল।" "জল বলিয়াছিল" "তেজ আলোচনা করিল" সেই সকল "জল আলোচনা করিল" ইত্যাদি। এই সকল শ্রুতি ভূতসমূহকে চেতন বলিয়াছেন। এইরূপ, ইন্দ্রিয়চৈতন্যবাদিনী শ্রুতিও আছে। যথা—"সেই সকল প্রাণ (ইন্দ্রিয়) আপন আপন শ্রেষ্ঠতারক্ষার্থ বিবাদ করিল, পরে ব্রহ্মার নিকট গমন করিল।" "তাহারা বাক্‌কে বলিল, তুমি আমাদের নিমিত্ত সাম গান কর।" ইত্যাদি। (ইহাতে সালক্ষণ্যই সিদ্ধ হয়, বৈলক্ষণ্য হয় না,) সূত্রকার সাংখ্যবাদীর পক্ষ হইয়া এতদ্বিধ আপত্তির সমাধানার্থ বলিতেছেন।—

সূত্রস্থ 'তু' শব্দ পূর্ব্বোক্ত আশঙ্কার নিবর্ত্তক। অর্থাৎ 'মৃত্তিকা বলিয়াছিল।' ইত্যাদিবিধ শ্রুতি দেখিয়া ভূতের ও ইন্দ্রিয়ের চেতনত্ব শঙ্কা করিও না। কারণ, ঐ ব্যপদেশ (উল্লেখ) দেবতাপর। মৃত্তিকাদির ও বাগাদির অধিষ্ঠাত্রী দেবতা চেতন; সেইজন্য তাঁহারাই সেই সেই শ্রুতিতে 'বলিয়াছিল' 'বিবাদ করিল'

* তু-শব্দঃ শঙ্কানিরাসার্থঃ। মৃদব্রবীৎ ইত্যাদৌ তদভিমানিন্য দেবতা এব ব্যপদিশ্যন্তে, ন ভূতমাত্রমিন্দ্রিয়মাত্রং বা। যতঃ শ্রুতয় এব তত্র তত্র দেবতাদিশব্দেন তান্ বিশিংষন্তি। অনুগতাশ্চ তাঃ সর্ব্বত্র মন্ত্রার্থবাদেতিহাসপুরাণাদৌ।

"মৃত্তিকা বলিল, জল বলিল, এই সকল দেখিয়া ভূতাদির চেতনত্ব নিশ্চয় করিতে পারি না। কারণ, ঐ সকল বাক্যে অধিষ্ঠাত্রী দেবতারই কথন হইয়াছে। কৌষীতকি-ব্রাহ্মণ (বেদের শাখা বিশেষ) দেবতা শব্দের দ্বারা ঐ সকল ভূতকে বিশেষিত করিয়াছেন, এবং ঐ সকল দেবতা পুরাণাদিতেও প্রসিদ্ধ আছেন।

সংবদনাদিষু চেতনোচিতেষু ব্যবহারেষু, ব্যপদিশ্যন্তে, ন ভূতেন্দ্রিয়মাত্রম্। কস্মাৎ ? বিশেষানুগতিভ্যাম্। বিশেষো হি ভোক্তৃণাং ভূতেন্দ্রিয়াণাঞ্চ চেতনাচেতনপ্রবিভাগলক্ষণঃ প্রাগভিহিতঃ। সর্ব্বচেতনতায়াং চাসৌ নোপপদ্যতে।

অপি চ, কৌষীতকিনঃ প্রাণসম্বাদে করণমাত্রাশঙ্কাবিনিবৃত্তয়েঽধিষ্ঠাতৃ-চেতনপরিগ্রহায় দেবতাশব্দেন বিশিংষন্তি—"এতা হ বৈ দেবতা অহংশ্রেয়সে বিবদমানাঃ" ইতি (কৌ॰ ২। ১৪), "তা বা এতাঃ সর্ব্বা দেবতাঃ প্রাণে নিঃশ্রেয়সং বিদিত্বা" ইতি চ। অনুগতাশ্চ সর্ব্বত্রাভিমানিন্যশ্চেতনা দেবতা মন্ত্রার্থবাদেতিহাস-পুরাণাদিভ্যোঽবগম্যন্তে। "অগ্নির্ব্বাগ্ভূত্বা মুখং প্রাবিশৎ"

মিত্যত আহ—"বিশেষানুগতিভ্যাম্"। তত্র বিশেষং ব্যাচষ্টে "বিশেষো হি" ইতি। ভোক্তৃণামুপকার্য্যত্বাৎ ভূতেন্দ্রিয়াণাঞ্চোপকারকত্বাৎ, সাম্যে চ তদনুপপত্তেঃ সর্ব্বজনপ্রসিদ্ধেশ্চ, "বিজ্ঞানঞ্চাভবৎ" ইতি শ্রুতেশ্চ বিশেষশ্চেতনাচেতনলক্ষণঃ প্রাগুক্তঃ, স নোপপদ্যতে।

দেবতাশব্দকৃতো বাত্র বিশেষো বিশেষশব্দেনোচ্যত ইত্যাহ। "অপি চ কৌষীতকিনঃ প্রাণসম্বাদে" ইতি। অনুগতিং ব্যাচষ্টে—"অনুগতাশ্চ" ইতি। সর্ব্বত্র ভূতেন্দ্রিয়াদিষনুগতা দেবতা অভিমানিনীরূপদিশন্তি মন্ত্রাদয়ঃ। অপি চ, ভূয়স্যঃ শ্রুতয়ঃ—"অগ্নির্ব্বাগ্ভূত্বা মুখং প্রাবিশৎ," "বায়ুঃ প্রাণো ভূত্বা নাসিকে প্রাবিশৎ,"

ইত্যাদিবিধ চেতনযোগ্য ব্যবহার বিষয়ে কথিত হইয়াছেন। কেবল ভূত কিংবা কেবল ইন্দ্রিয় ঐ সকল ব্যবহার করে নাই, তত্তদভিমানিনী দেবতারাই ঐ সকল করিয়াছেন। এ সিদ্ধান্ত বিশেষ ও অনুগতি—এতদুভয়ের দ্বারা প্রতিপন্ন হয়। [বিশেষোহি...ইতি চ] ভোক্তা (জীব) চেতন-বিভাগভুক্ত, আর ভূত ও ইন্দ্রিয় অচেতনবিভাগভুক্ত, এই বিশেষ পূর্ব্বেই প্রদর্শিত হইয়াছে, এবং এ বিশেষ (নির্দ্দিষ্ট ব্যবস্থা) সর্ব্বচেতনতাপক্ষে অনুপপন্ন হয়।

অপিচ, কৌষীতকি-ব্রাহ্মণোক্ত দেবতা-বিশেষণও সর্ব্বচেতনতাপক্ষের নিবারক। বিবদমান প্রাণসমূহ যে, কেবলই ইন্দ্রিয় নহে ; সে বিবাদ যে চেতন-ঘটিত, তাহাই দেখাইবার জন্য কৌষীতকি-ব্রাহ্মণ দেবতা-বিশেষণ দিয়াছেন। (দেবতাবিশেষণে বিশেষিত করাতেই বুঝা গিয়াছে যে, ইন্দ্রিয়গণের অধিষ্ঠাত্রী চেতন দেবতারাই ঐরূপ বিবাদ করিয়াছিল)। বিবাদ যথা—"আপন আপন শ্রেষ্ঠতা সমর্থনের জন্য বিবদমান এই সকল দেবতা—" "পূর্ব্বোক্ত দেবতা সকল প্রাণের শ্রেষ্ঠতা জানিয়া" ইত্যাদি। [অনুগতাশ্চ...দ্রষ্টব্যন্তি] মন্ত্র, অর্থবাদ, পুরাণ, ইতিহাস, সর্ব্বত্রই অভিমানিনী চেতন-দেবতার অনুগতি দেখা যায়।

ইত্যেবমাদিকা চ শ্রুতিঃ করণেষ্বনুগ্রাহিকাং দেবতা-মনুগতাং দর্শয়তি। প্রাণসম্বাদবাক্যশেষে চ, "তে হ প্রাণাঃ প্রজাপতিং পিতরমেত্যোচুঃ" ইতি শ্রেষ্ঠত্বনির্দ্ধারণায় প্রজাপতিগমনং তদ্বচনাচ্চৈকৈকোৎক্রমণেনান্বয়-ব্যতিরেকাভ্যাং প্রাণ-শ্রৈষ্ঠ্যপ্রতিপত্তিঃ, তস্মৈ বলিহরণম্—ইতি চৈবঞ্জাতীয়কো-ঽস্মদাদিষ্বিব ব্যবহারোঽনুগম্যমানোঽভিমানিব্যপদেশং দ্রঢ়য়তি। "তত্তেজ ঐক্ষত" ইত্যপি পরস্যা এব দেবতায়া অধিষ্ঠাত্র্যাঃ স্ববিকারেষ্বনুগতায়া ইয়মীক্ষা ব্যপদিশ্যত ইতি দ্রষ্টব্যম্। তস্মাদ্বিলক্ষণমেবেদং ব্রহ্মণো জগৎ, বিলক্ষণত্বাচ্চ ন ব্রহ্ম-প্রকৃতিকমিত্যাক্ষিপ্তে প্রতিবিধত্তে—॥২।১।৫॥

"আদিত্যশ্চক্ষুর্ভূত্বাঽক্ষিণী প্রাবিশৎ" ইত্যাদয় ইন্দ্রিয়বিশেষগতা দেবতা দর্শয়ন্তি। দেবতাশ্চ ক্ষেত্রজ্ঞভেদাশ্চেতনাঃ। তস্মান্নেন্দ্রিয়াদীনাং চৈতন্যং রূপত ইতি। অপি চ, প্রাণসম্বাদবাক্যশেষে প্রাণানামস্মদাদিশরীরাণামিব ক্ষেত্রজ্ঞাধিষ্ঠিতানাং ব্যবহারং দর্শয়ন্ প্রাণানাং ক্ষেত্রজ্ঞাধিষ্ঠানেন চৈতন্যং দ্রঢ়য়তীত্যাহ—"প্রাণসম্বাদ-বাক্যশেষে চ" ইতি। "তত্তেজ ঐক্ষতেত্যপি" ইতি যদ্যপি প্রথমেঽধ্যায়ে ভাক্তত্বেন বর্ণিতং, তথাপি মুখ্যত্বমপি কথঞ্চিন্নেতুং শক্যমিতি দ্রষ্টব্যম্। পূর্ব্ব-পক্ষমুপসংহরতি—"তস্মাৎ" ইতি। ২। ১। ৫ ॥

অর্থাৎ সর্ব্বত্রই চেতন-ব্যবহার দৃষ্ট হয়। সে সকল কথা জড়ের কথা নহে, সমস্তই চেতনের কথা। যথা—"অগ্নি বাগিন্দ্রিয় হইয়া মুখে প্রবিষ্ট হইলেন" ইত্যাদি। প্রদর্শিত শ্রুতিসমূহ ঐরূপ ঐরূপ বাক্যে ইহাই দেখাইয়াছেন যে, প্রত্যেক ইন্দ্রিয়েরই এক একটী অনুগত (অনুগ্রাহিকা) দেবতা আছেন। প্রাণ-সম্বাদের শেষেও দেখা যায়, প্রাণ সকলের মধ্যে কে শ্রেষ্ঠ, তাহা জানিবার জন্য সমুদায় প্রাণই প্রজাপতির নিকট গমন করিল। প্রজাপতির উপদেশে একে একে উৎক্রান্ত হইল, পরে মুখ্য-প্রাণের শ্রেষ্ঠতা জানিয়া অন্যান্য প্রাণ তাহার (জীবন-নির্ব্বাহক প্রাণের) পূজা করিতে প্রস্তুত হইল। যেমন আমাদের ব্যবহার, ঠিক্ সেইরূপ ব্যবহারই বর্ণিত হওয়ায় স্থির হইতেছে যে, ঐ ব্যপদেশ (উল্লেখ) অভিমানিনী দেবতার, কেবল ইন্দ্রিয়ের নহে। [তত্তেজ...বিধত্তে] "সেই তেজ ঈক্ষণ অর্থাৎ আলোচনা করিল" ইত্যাদি স্থলেও তেজঃপ্রভৃতিতে পরমাত্মার অধিষ্ঠান এবং সে ঈক্ষণ পরমাত্মারই ঈক্ষণ, এইরূপ বুঝিতে হইবেক। প্রদর্শিত যুক্তিতে পাওয়া যায়, জগতে ব্রহ্ম-লক্ষণ নাই এবং তাহা না থাকাতে ইহা ব্রহ্মপ্রভবও নহে। বাদীর এবম্বিধ আক্ষেপের (পূর্ব্বপক্ষের) সমাধান এইরূপ— ॥২।১।৫॥

দৃশ্যতে তু ॥ ২। ১। ৬ ॥ *

তু-শব্দঃ পূর্ব্বপক্ষং ব্যাবর্ত্তয়তি। যত্তুক্তং বিলক্ষণত্বান্নেদং জগদ্ ব্রহ্মপ্রকৃতিকমিতি, নায়মেকান্তঃ। দৃশ্যতে হি. লোকে চেতনত্বেন প্রসিদ্ধেভ্যঃ পুরুষাদিভ্যো বিলক্ষণানাং কেশ-নখাদীনামুৎপত্তিঃ, অচেতনত্বেন প্রসিদ্ধেভ্যো গোময়াদিভ্যো বৃশ্চিকাদীনাম্। নম্বচেতনান্যেব পুরুষাদিশরীরাণ্যচেতনানাং কেশনখাদীনাং কারণানি, অচেতনান্যেব বৃশ্চিকাদিশরীরাণ্য-চেতনানাং গোময়াদীনাং কার্য্যাণীত্যুচ্যতে। এবমপি কিঞ্চিদ-চেতনং চেতনস্যায়তনভাবমুপগচ্ছতি, কিঞ্চিন্ন, ইত্যস্ত্যেব বৈলক্ষণ্যম্। মহাংশ্চায়ং পারিণামিকঃ স্বভাববিপ্রকর্ষঃ পুরুষাদীনাং কেশনখাদীনাঞ্চ রূপাদিভেদাৎ, তথা গোময়াদীনাং,

সূত্রকর্ত্তা উক্ত পূর্ব্বপক্ষের খণ্ডনার্থ তু-শব্দের প্রয়োগ করিয়াছেন। জগৎ ব্রহ্মপ্রভব নহে, এ কথা বৈলক্ষণ্য দেখিয়া বলিতে পার না। যে যাহা হইতে জন্মে, সে যে অবশ্যই তাহার সলক্ষণ হইবে, এমন কোনও নিয়ম নাই। আমরা উহার ব্যভিচার (ব্যতিক্রম) দেখাইতে পারি। [দৃশ্যতে...দীনাম্] মনুষ্য চেতন বলিয়া প্রসিদ্ধ, কিন্তু তৎপ্রভব কেশ নখাদি অচেতন। গোময় সর্ব্ববিদিত অচেতন, কিন্তু তৎপ্রভব বৃশ্চিকাদি চেতন। [নম্বচেতনান্যেব··· প্রলীয়েত] অচেতন দেহই অচেতন কেশ নখাদির এবং অচেতন গোময়ই অচেতন বৃশ্চিকাদিশরীরের উৎপত্তির কারণ, এরূপ বলিলেও স্বীকার করিতে হইতেছে যে, কোন কোন অচেতনই চেতনের আশ্রয় হয়, এবং কোন কোন অচেতন তাহা হয় না ; সুতরাং প্রদর্শিত প্রকারেও বৈলক্ষণ্য দোষ থাকিয়াই যায়, বৈলক্ষণ্যের নিবারণ হয় না। যদি প্রকৃতির সহিত বিকৃতির সম্পূর্ণ সাদৃশ্য থাকিত, তাহা হইলে নিশ্চিত প্রকৃতি-বিকৃতিভাবেরই উচ্ছেদ হইত। মনুষ্যোৎপন্ন কেশাদির ও গোময়োৎপন্ন বৃশ্চিকাদির পারিণামিক স্বভাব এতদূর

* তু-শব্দেন চোদ্যং ব্যাবর্ত্ত্যতে। বিলক্ষণত্বান্নেদং জগৎ ব্রহ্মপ্রকৃতিকমিতি চোদ্যং ন কার্য্যম্ ;—যতো দৃশ্যতে চেতনাৎ পুরুষাৎ কেশনখাদীনাং, অচেতনাদপি গোময়াৎ বৃশ্চিকাদী-নামুৎপত্তিরিতি শেষঃ। বিলক্ষণত্বাদিত্যস্য হেতোরনৈকান্তিকতেতি ভাবঃ।

ব্রহ্ম চেতন, জগৎ অচেতন, এইরূপ বৈলক্ষণ্য থাকায় জগৎ ব্রহ্মপ্রভব নহে, এ আপত্তি হইতেই পারে না। কেন-না. চেতন চেতনেরই উৎপাদক, অচেতন অচেতনেরই জনক, ইহা ঐকান্তিক অর্থাৎ নিয়মিত বা অব্যভিচারী নিয়ম নহে। (ভাষ্যে দেখুন)।

বৃশ্চিকাদীনাঞ্চ। অত্যন্তসারূপ্যে চ প্রকৃতি-বিকারভাব এব প্রলীয়েত।

অথোচ্যেত, অস্তি কশ্চিৎ পার্থিবত্বাদিস্বভাবঃ পুরুষাদীনাং কেশনখাদিম্বনুবর্ত্তমানঃ—গোময়াদীনাঞ্চ বৃশ্চিকাদিম্বিতি, ব্রহ্মণোঽপি তর্হি সত্তালক্ষণঃ স্বভাব আকাশাদিম্বনুবর্ত্তমানো দৃশ্যতে। বিলক্ষণত্বেন চ কারণেন ব্রহ্মপ্রকৃতিকত্বং জগতো দূষয়তা কিমশেষস্য ব্রহ্মস্বভাবস্যাননুবর্ত্তনং বিলক্ষণত্বমভিপ্রেয়তে? উত যস্য কস্যচিৎ? অথ চৈতন্যস্য? ইতি বক্তব্যম্। প্রথমে বিকল্পে সমস্তপ্রকৃতি-বিকারোচ্ছেদপ্রসঙ্গঃ। নহ্যসত্যতিশয়ে প্রকৃতি-বিকারভাব ইতি ভবতি। দ্বিতীয়ে চাপ্রসিদ্ধত্বম্। দৃশ্যতে

সিদ্ধান্তসূত্রম্—

প্রকৃতিবিকারভাবহেতুং সারূপ্যং বিকল্প্য দূষয়তি—"অত্যন্তসারূপ্যে চ" ইতি। প্রকৃতিবিকারভাবাভাবহেতুং বৈলক্ষণ্যং বিকল্প্য দূষয়তি—"বিলক্ষণত্বেন চ কারণেন" ইতি। সর্ব্বস্বভাবাননুবর্ত্তনং প্রকৃতিবিকারভাবাবিরোধি, তদনুবর্ত্তনে তাদাত্ম্যেন প্রকৃতিবিকারভাবাভাবাৎ। মধ্যমস্ত্বসিদ্ধঃ। তৃতীয়স্তু নিদর্শনাভাবাদসাধারণ ইত্যর্থঃ। অথ জগদ্‌যোনিত্বয়াগমাদ্ব্রহ্মণোঽবগমাদাগমবাধিতবিষয়ত্বমনুমানস্য কস্মান্নোদ্ভাব্যতে? ইত্যত আহ—"আগমবিরোধস্তু" ইতি।

বিলক্ষণ যে, কেশনখাদি মনুষ্যোৎপন্ন এবং বৃশ্চিকাদি গোময়োৎপন্ন হইলেও, মনুষ্যের সহিত ও গোময়ের সহিত উহাদের অল্পমাত্রও সারূপ্য দৃষ্টিগোচর হয় না।

[অথো ..দৃশ্যতে] যদি বল, পুরুষের ও গোময়ের যে, পার্থিবত্বস্বভাব আছে, সেই স্বভাব কেশনখাদিতে ও বৃশ্চিক প্রভৃতিতে দৃষ্ট হয়; (সুতরাং তদনুসারে প্রকৃতিবিকৃতিভাবের অভাব হয় না)। ইহার প্রত্যুত্তরে আমরা বলি,—ব্রহ্মে সত্তানামক যে স্বভাব আছে, সেই স্বভাব তদুৎপন্ন আকাশাদি পদার্থেও অনুস্যূত আছে। তদনুসারেই ব্রহ্মের সহিত আকাশাদির প্রকৃতিবিকৃতিভাব সংরক্ষিত হইতে পারে। [বিলক্ষণ ..ত্বাৎ] যাঁহারা বৈলক্ষণ্য দেখিয়া জগতের ব্রহ্মপ্রকৃতিকতা অস্বীকার করেন, তাঁহারা বলুন, তাঁহাদের অভিপ্রায় কি? জগতে সমস্ত ব্রহ্মস্বভাবের অনুবর্ত্তন নাই বলিয়াই কি জগৎ ব্রহ্মবিলক্ষণ? এবং যেহেতু ব্রহ্মবিলক্ষণ, সেই হেতুই জগৎ ব্রহ্মপ্রভব নহে, ইহাই কি তাঁহাদের অভিপ্রায়? কিংবা কোনও একটী স্বভাবের অননুবর্ত্তনরূপ বৈলক্ষণ্য থাকায় ব্রহ্মপ্রভব নহে? অথবা চৈতন্য নাই বলিয়াই ইহা ব্রহ্মপ্রভব নহে? তন্মধ্যে প্রথম কল্পে অত্যন্ত সারূপ্য নিবন্ধন প্রকৃতিবিকৃতিভাবেরই উচ্ছেদ হইতে পারে। দ্বিতীয় কল্পে আপত্তির অসিদ্ধতা। কারণ, ব্রহ্মের যে সত্তালক্ষণ স্বভাব (অস্তিত্ব), তাহা

হি সত্তালক্ষণো ব্রহ্মস্বভাব আকাশাদিম্বনুবর্ত্তমান ইত্যুক্তম্। তৃতীয়ে চ দৃষ্টান্তাভাবঃ। কিং হি যচ্চৈতন্যেনানম্বিতং, তদব্রহ্মপ্রকৃতিকং 'দৃষ্টমিতি ব্রহ্মকারণবাদিনং প্রত্যুদাহ্রিয়েত। সমস্তস্যাস্য বস্তুজাতস্য ব্রহ্মপ্রকৃতিকত্বাভ্যুপগমাৎ। আগমবিরোধস্তু প্রসিদ্ধ এব। চেতনং ব্রহ্ম জগতঃ কারণং প্রকৃতিশ্চেত্যাগম-তাৎপর্য্যস্য প্রসাধিতত্বাৎ।

যত্তূক্তং—পরিনিষ্পন্নত্বাদ্ ব্রহ্মণি প্রমাণান্তরাণি সম্ভবেয়ুরিতি, তদপি মনোরথমাত্রম্। রূপাদ্যভাবাদ্ধি নায়মর্থঃ প্রত্যক্ষস্য গোচরঃ, লিঙ্গাদ্যভাবাচ্চ নানুমানাদীনাম্; আগমমাত্রসমধিগম্য এব ত্বয়মর্থো ধর্ম্মবৎ। তথা চ শ্রুতিঃ,—

"নৈষা তর্কেণ মতিরাপনেয়া,
প্রোক্তান্যেনৈব সুজ্ঞানায় প্রেষ্ঠ"। ইতি
"কো অদ্ধা বেদ ক ইহ প্রবোচৎ
ইয়ং বিসৃষ্টির্যত আবভূব।"

ন চাস্মিন্নাগমৈকসমধিগমনীয়ে ব্রহ্মণি প্রমাণান্তরস্যাবকাশোঽস্তি, যেন তদুপাদায়াগম আক্ষিপ্যেতেত্যাশয়বানাহ—"যত্তূক্তং পরিনিষ্পন্নত্বাদ্‌ব্রহ্মণি" ইতি। যথা হি কার্য্যত্বাবিশেষেঽপ্যারোগ্যকামঃ পথ্যমশ্নীয়াৎ, স্বর্গকামঃ সিকতাং ভক্ষয়েদিত্যাদীনাং মানান্তরাপেক্ষতা, ন তু দর্শপূর্ণমাসাভ্যাং স্বর্গকামো যজেতেত্যাদীনাং। তৎ কস্য হেতোঃ ? অস্য কার্য্যভেদস্য প্রমাণান্তরাগোচরত্বাৎ। এবং ভূতত্বাবিশেষেঽপি

আকাশ প্রভৃতি সমস্ত পদার্থেই আছে। তৃতীয় কল্পে দৃষ্টান্তের অভাব,—যাহা চৈতন্যযুক্ত নহে, তাহা ব্রহ্মপ্রভব নহে,—ইহার নিদর্শন বা দৃষ্টান্ত ব্রহ্মবাদীকে দেখাইতে পারিবে না। কেন না, ব্রহ্মবাদী তো সমুদায় জগৎকেই ব্রহ্মপ্রভব বলেন। (দৃষ্টান্তমাত্রই উভয়সম্মত হওয়া আবশ্যক। সেরূপ অর্থাৎ উভয়সম্মত না হইলে তাহা দৃষ্টান্তই হয় না)। যে কল্পই হউক, সকল কল্পই শাস্ত্রবিরুদ্ধ। শাস্ত্রবিরুদ্ধতা দোষ যে, পক্ষত্রয়েই আছে, তাহা "প্রকৃতিশ্চ" সূত্রে সাধিত হইয়াছে, দেখান হইয়াছে।

[যত্তূক্তং...জাতীয়কাঃ] বলিয়াছিলে যে, ব্রহ্ম যখন নিষ্পাদ্য বস্তু নহেন, কিন্তু নিত্যনিষ্পন্ন, তখন অবশ্যই তাঁহাতে অন্যান্য প্রমাণ (প্রত্যক্ষাদি) থাকিবেক। সে কথা মনোরথমাত্র, কথামাত্র। ফলতঃ তাহা অসম্ভব। কারণ, রূপাদি না থাকায় তিনি প্রত্যক্ষবহির্ভূত। অপিচ, লিঙ্গাদি (প্রত্যক্ষদৃষ্ট —অনুমাপক চিহ্ন) না থাকায় অনুমানাদির অবিষয়। ইহাতেই বুঝিতে হইবে, ধর্ম্মের ন্যায় ব্রহ্মও কেবলমাত্র শাস্ত্রগম্য। জগৎকারণ ব্রহ্ম যে, নিতান্ত দুর্ব্বোধ্য —ঈশ্বরগণেরও দুর্ব্বোধ্য, শ্রুতি তাহা দুইটী মন্ত্রে বলিয়াছেন। যথা—

ইতি চৈতৌ মন্ত্রৌ সিদ্ধানামপীশ্বরাণাং দুর্ব্বোধতাং জগৎ-কারণস্য দর্শয়তঃ। স্মৃতিরপি ভবতি—

"অচিন্ত্যাঃ খলু যে ভাবা ন তাংস্তর্কেণ যোজয়েৎ।
প্রকৃতিভ্যঃ পরং যচ্চ তদচিন্ত্যস্য লক্ষণম্ ॥" ইতি,
"অব্যক্তোঽয়মচিন্ত্যোঽয়মবিকার্য্যোঽয়মুচ্যতে।" ইতি চ,
"ন মে বিদুঃ সুরগণাঃ প্রভবং ন মহর্ষয়ঃ।
অহমাদির্হি দেবানাং মহর্ষীণাঞ্চ সর্ব্বশঃ ॥"
ইতি চৈবঞ্জাতীয়িকা।

যদপি শ্রবণব্যতিরেকেণ মননং বিদধচ্ছব্দ এব তর্ক-মপ্যাদর্ত্তব্যং দর্শয়তীত্যুক্তম্, নানেন মিষেণ শুষ্কতর্কস্যাত্রাত্ম-লাভঃ সম্ভবতি। শ্রুত্যনুগৃহীত এব হ্যত্র তর্কোঽনুভবাঙ্গত্বেনা-

পৃথিব্যাদীনাং মানান্তরগোচরত্বং, ন তু ভূতস্যাপি ব্রহ্মণঃ। তস্যাম্নায়ৈকগোচরস্যাতিপতিতসমস্তমানান্তরসীমতয়া স্মৃত্যাগমসিদ্ধত্বাদিত্যর্থঃ।

যদি স্মৃত্যাগমসিদ্ধং ব্রহ্মণস্তর্কাবিষয়ত্বং, কথং তর্হি শ্রবণাতিরিক্তমননবিধানমিত্যত আহ—"যদপি শ্রবণব্যতিরেকেণ" ইতি। তর্কো হি প্রমাণবিষয়বিবেচকতয়া তদিতিকর্ত্তব্যতাভূতস্তদাশ্রয়োঽসতি প্রমাণেঽনুগ্রাহ্যস্যাশ্রয়স্যাভাবাৎ শুষ্কতয়া

"হে প্রিয় নচিকেতা, এই মতি—এই ব্রহ্মজ্ঞান, কেবলমাত্র নিজ বুদ্ধিমতে নির্দ্ধারণ করিতে নাই, এবং কুতর্কদ্বারা বাধিতও করিতে নাই।" "ইহা অন্যকর্ত্তৃক অর্থাৎ বেদতত্ত্বজ্ঞ গুরুকর্ত্তৃক উপদিষ্ট হইলেই ফলবতী হয়, অন্যথা বিফল হয়।" "যাঁহা হইতে এই বিচিত্র সৃষ্টি হইয়াছে, কে তাঁহাকে সাক্ষাৎ সম্বন্ধে জানে? জানা দূরে থাকুক, তাঁহাকে বলে, বুঝাইয়া দেয়, এমন ব্যক্তিই বা কে আছে?" এ সকল কথা স্মৃতিতেও আছে। যথা—"যাহা চিন্তার অতীত, তাহা তর্কে আরোপিত হইবার অযোগ্য, অর্থাৎ তাহা তর্কের অপ্রাপ্য। যাঁহা প্রকৃতিরও অতীত, তাহা অচিন্ত্য,—অচিন্ত্যতাই সে বস্তুর লক্ষণ।" "এই জগৎকারণ (ব্রহ্ম) অব্যক্ত, অচিন্ত্য ও বিকার-রহিত।" "কি দেবগণ, কি মহর্ষিগণ, কেহই আমার আদি (উৎপত্তি) জানেন না। (আদি নাই বলিয়াই তাহা জানেন না)। আমিই সমুদয় দেবতার ও ঋষির আদি অর্থাৎ উৎপত্তির কারণ।"

[যদপি...দর্শয়িত্যুক্তি] বলিয়াছিলে, শ্রুতি শ্রবণের পর মননের বিধান করায় তর্কের আদর্ত্তব্যতা দেখাইয়াছেন, তাহাতে আমরা বলি, তাই বলিয়া শুষ্ক তর্ক আদর্ত্তব্য (গ্রাহ্য) নহে। যে তর্ক শ্রুতির অনুগামী, অনুভবের সহায় বলিয়া প্রসিদ্ধ, সেই তর্কই গ্রাহ্য। শ্রুতি-সমর্পিত অর্থের অসম্ভাবনাদি দোষপরিহারার্থ অনুকূল

শ্রীয়তে—স্বপ্নান্ত-বুদ্ধান্তয়োরুভয়োরিতরেতরব্যভিচারাদাত্মনোঽন-ন্বাগতত্বং, সম্প্রসাদে চ প্রপঞ্চপরিত্যাগেন সদাত্মনা সম্পত্তে-র্নিষ্প্রপঞ্চসদাত্মত্বং, প্রপঞ্চস্য চ ব্রহ্মপ্রভবত্বাৎ কার্য্যকারণানন্য-ত্বন্যায়েন ব্রহ্মাব্যতিরেক ইত্যেবঞ্জাতীয়কঃ। "তর্কাপ্রতিষ্ঠানাৎ" ইতি চ কেবলস্য তর্কস্য বিপ্রলম্ভকত্বং দর্শয়িষ্যতি।

যোঽপি চেতনকারণশ্রবণবলেনৈব সমস্তস্য জগতশ্চেতনতামুৎ-প্রেক্ষেত, তস্যাপি বিজ্ঞানঞ্চাবিজ্ঞানঞ্চেতি চেতনাচেতনবিভাগশ্রবণং বিভাবনাবিভাবনাভ্যাং চৈতন্যস্য শক্যত এব যোজয়িতুম্। পরস্যৈব তু ইদমপি বিভাগশ্রবণং ন যুজ্যতে। কথম্? পরম-কারণস্য হ্যত্র সমস্তজগদাত্মনা সমবস্থানং শ্রাব্যতে—"বিজ্ঞান-

নাদ্রিয়তে। যস্ত্বাগমপ্রমাণাশ্রয়স্তদ্বিষয়বিবেচকস্তদবিরোধী, স মন্তব্য ইতি বিধী-য়তে। "শ্রুত্যনুগৃহীতঃ" ইতি। শ্রুত্যা শ্রবণস্য পশ্চাদিতিকর্ত্তব্যতাত্বেন গৃহীতঃ। "অনুভবাঙ্গত্বেন" ইতি। যতো হি ভাব্যমানো ভাবনায়া বিষয়তয়াঽনুভূতো ভব-তীতি মননমনুভবাঙ্গম্। "আত্মনো ঽনন্বাগতত্বম্" ইতি। স্বপ্নাদ্যবস্থাভিরসম্পৃক্তত্বমুদাসীনত্বমিত্যর্থঃ।

অপি চ চেতনকারণবাদিভিঃ কারণসালক্ষণ্যেঽপি কার্য্যস্য কথঞ্চিচ্চৈতন্যাবি-র্ভাবানাবির্ভাবাভ্যাং বিজ্ঞানঞ্চাবিজ্ঞানঞ্চাভবদিতি জগৎকারণে যোজয়িতুং শক্যম্। অচেতনপ্রধানকারণবাদিনান্তু দুর্যোজমেতৎ। ন হ্যচেতনস্য জগৎকারণস্য বিজ্ঞান-রূপতা সম্ভবিনী।

তর্কের শরণ লওয়া কর্ত্তব্য বটে; কিন্তু স্বতন্ত্র তর্ক অবলম্বনে তত্ত্বনির্দ্ধারণ কর্ত্তব্য নহে। স্বপ্ন ও জাগ্রৎ এই দুই অবস্থা পরস্পরব্যভিচারিণী, আত্মা ঐ সকল অবস্থায় অনন্বিত (অস্পৃষ্ট)। সুষুপ্তিকালে প্রপঞ্চত্যাগ হয়, প্রপঞ্চাভাব হেতু তৎকালে আত্মা সৎ-সম্পন্ন, (স্বরূপ প্রাপ্ত বা সত্তামাত্রে প্রতিষ্ঠিত) হন, কারণ ও কার্য্য ভিন্ন নহে—এক; সুতরাং ব্রহ্ম ও ব্রহ্মপ্রভব প্রপঞ্চ ভিন্ন নহে—এক, এইরূপ এইরূপ অনুকূল তর্ক (যুক্তি) গ্রহণীয়। শুষ্ক তর্ক (স্বাধীন বা শ্রুতিনিরপেক্ষ) প্রতারক; তদ্দ্বারা বস্তুনিশ্চয় হয় না, ইহা 'তর্কাপ্রতিষ্ঠানাৎ' সূত্রে প্রদর্শিত হইবেক।

[যোঽপি...ভবতি] কোন কোন বৈদান্তিক চেতনকারণবাদিনী শ্রুতির বলে সমস্ত জগৎকে চেতন বলেন এবং "তিনি বিজ্ঞান ও অবিজ্ঞান (চেতন ও অচেতন) উভয়রূপী হইয়াছেন" এই শ্রুত্যুক্ত বিভাগকে অভিব্যক্তি-অনভিব্যক্তি ঘটিত করিয়া সামঞ্জস্য করেন। (অর্থাৎ যাহাতে চৈতন্যের অভিব্যক্তি, তাহা

ঞ্চাবিজ্ঞানঞ্চাভবৎ ইতি। তত্র যথা চেতনস্যাচেতনভাবো নোপপদ্যতে বিলক্ষণত্বাৎ, এবমচেতনস্যাপি চেতনভাবো নোপপদ্যতে। প্রত্যুক্তত্বাত্তু বিলক্ষণত্বস্য যথাশ্রুত্যৈব চেতনং কারণং গ্রহীতব্যং ভবতি ॥ ২। ১। ৬॥

অসদিতি চেন্ন প্রতিষেধমাত্রত্বাৎ ॥ ২। ১। ৭॥*

যদি চেতনং শুদ্ধং শব্দাদিহীনঞ্চ ব্রহ্ম তদ্বিপরীতস্যাচেতনস্যাশুদ্ধস্য শব্দাদিমতশ্চ কার্য্যস্য কারণমিষ্যেত, অসৎ তর্হি কার্য্যং প্রাগুৎপত্তেরিতি প্রসজ্যেত, অনিষ্টঞ্চৈতৎ সৎকার্য্যবাদিনস্তবেতি চেৎ ; নৈষ দোষঃ। প্রতিষেধমাত্রত্বাৎ। প্রতিষেধমাত্রং হীদম্, নাস্য প্রতিষেধ্যমস্তি। নহ্যয়ং প্রতিষেধঃ প্রাগুৎপত্তেঃ

চেতনস্য জগৎকারণস্য সুষুপ্ত্যাদ্যবস্থাস্বিব সতোঽপি চৈতন্যস্যানাবির্ভাবতয়া শক্যমেব কথঞ্চিদবিজ্ঞানাত্মত্বং যোজয়িতুমিত্যাহ—"যোঽপি চেতনকারণশ্রবণবলেন" ইতি। পরস্যৈব ত্বচেতনপ্রধানকারণবাদিনঃ সাঙ্খ্যস্য ন যুজ্যেত। "প্রত্যুক্তত্বাত্তু বৈলক্ষণ্যস্য" ইতি। বৈলক্ষণ্যে কার্য্যকারণভাবো নাস্তীত্যভ্যুপেত্যেদমুক্তম্। পরমার্থতস্তু নাস্মাভিরেতদভ্যুপেয়ত ইত্যর্থঃ ॥ ২। ১। ৬ ॥

ন কারণাৎ কার্য্যমভিন্নম্, অভেদে কার্য্যত্বানুপপত্তেঃ। কারণবৎ স্বাত্মনি বৃত্তিবিরোধাৎ শুদ্ধ্যশুদ্ধ্যাদিবিরুদ্ধধর্ম্মসংসর্গাচ্চ। অথ চিদাত্মনঃ কারণস্য জগতঃ

চেতন, আর অবশিষ্ট সকল অচেতন, এইরূপে সমাধান করেন)। এ বিভাগ প্রধানবাদীর পক্ষে কোনও প্রকারেই সমঞ্জস হয় না, কিন্তু পরব্রহ্মে ঐরূপ বিভাগ সঙ্গত হইতেও পারে। বাদী কিপ্রকারে পরম কারণ ব্রহ্মের জগদ্রূপে অবস্থিতি "তিনি চেতন ও অচেতন হইলেন" এবম্প্রকার উপদেশের অর্থ সঙ্গতি করিবে? চেতনের অচেতন হওয়া যেরূপ অসঙ্গত, অচেতনের চেতন হওয়াও সেইরূপই অযুক্ত। এতাবতা ইহাই বলা হইল যে, বৈলক্ষণ্য দৃষ্টে জগতের ব্রহ্মপ্রকৃতিকত্ব নিবারণ করা অসম্ভব। এ কথা পূর্ব্বেও বলা হইয়াছে। সিদ্ধান্ত এই যে, একমাত্র শ্রুতি প্রমাণের বলেই চেতন কারণ গৃহীত হইবেক, তাহাতে তর্কের প্রসর (স্থান) হইবে না ॥২।১।৬॥

যদি শুদ্ধ, চেতন ও শব্দাদিবিহীন ব্রহ্মকে অশুদ্ধ, অচেতন ও শব্দাদিযুক্ত কার্য্যের (জগতের) কারণ বলিতে ইচ্ছা কর, তাহা হইলে অবশ্যই

* চেতনকারণবাদাঙ্গীকারে কার্য্যম্ অসৎ—উৎপত্তেঃ প্রাক্ কার্য্যস্যাসত্ত্বং চেৎ যদি মন্যসে, তন্ন মন্তব্যম্। হেতুমাহ প্রতীতি। প্রতিষেধমাত্রং হি তৎ। তত্র অসদিতি সত্ত্বপ্রতিষেধো নিরর্থক ইতি তদ্বাক্যস্য বৈফল্যম্। মিথ্যাত্বাৎ কার্য্যস্য কালত্রয়েঽপি কারণাত্মনা সত্ত্বমবিরুদ্ধমিত্যভিসন্ধিঃ।

সত্ত্বং কার্য্যস্য প্রতিষেদ্ধুং শক্নোতি। কথম্? যথৈব হীদানীমপীদং কার্য্যং কারণাত্মনা সৎ, এবং প্রাগুৎপত্তেরপীতি গম্যতে। নহীদানীমপীদং কার্য্যং কারণাত্মানমন্তরেণ স্বতন্ত্রমেবাস্তি, "সর্ব্বং তং পরাদাদ্ যোঽন্যত্রাত্মনঃ সর্ব্বং বেদ" ইত্যাদিশ্রবণাৎ। কারণাত্মনা তু সত্ত্বং কার্য্যস্য প্রাগুৎপত্তেরবিশিষ্টম্।

নন্থ শব্দাদিহীনং ব্রহ্ম জগতঃ কারণম্। বাঢ়ম্, ন তু শব্দাদিমৎ কার্য্যং কারণাত্মনা হীনং প্রাগুৎপত্তেরিদানীঞ্চাস্তীতি। তেন

কার্য্যাভেদঃ, তথাচেদং জগৎ কার্য্যং সত্ত্বেঽপি চিদাত্মনঃ কারণস্য প্রাগুৎপত্তের্নাস্তি, নাস্তি চেদসদুৎপন্নত ইতি সৎকার্য্যবাদব্যাকোপ ইত্যাহ—"যদি চেতনং শুদ্ধম্" ইতি। পরিহরতি—"নৈষ দোষঃ" ইতি। কুতঃ, "প্রতিষেধমাত্রত্বাৎ"। বিভজতে "প্রতিষেধমাত্রং হীদম্" ইতি। প্রতিপাদয়িষ্যতি হি "তদনন্যত্বমারম্ভণশব্দাদিভ্যঃ" ইত্যত্র। যথা কার্য্যং স্বরূপেণ সদসত্ত্বাভ্যাং ন নির্ব্বচনীয়ং, অপি তু কারণরূপেণ শক্যং সত্ত্বেন নির্ব্বক্তুমিতি। এবঞ্চ কারণসত্ত্বৈব কার্য্যস্য সত্তা, ন ততোঽন্যেতি। কথং তদুৎপত্তেঃ প্রাক্, সতি কারণে ভবত্যসৎ। স্বরূপেণ তূৎপত্তেঃ প্রাগুৎপন্নস্য

অঙ্গীকার করিতে হইবে যে, উৎপত্তির পূর্ব্বে কার্য্য থাকে না। সম্পূর্ণ অভিনব উৎপন্ন হয়। এই আপত্তির প্রত্যাপত্তির জন্য বলা হইল, ঐ দোষ দোষ নহে, অর্থাৎ চেতনকারণবাদ স্বীকার করিলেও আমাদের কার্য্যাসত্ত্ব স্বীকার করিতে হয় না। 'অসৎ=সৎ নহে' এ নিষেধ কেবল বাক্যতঃ নিষেধ। নিষেধ্য না থাকায় উহা বাস্তব নিষেধ নহে। স্থিতিকালে এই সকল কার্য্য যেমন কারণরূপে সৎ (বিদ্যমান), তেমনি, উৎপত্তির পূর্ব্বেও ইহারা কারণরূপে সৎ অর্থাৎ অস্তিত্বভাগী। অতএব, কার্য্যের কারণরূপে থাকা কোনও কালে নিষিদ্ধ হইবার নহে। এখনও এই কার্য্য (জগৎ) কারণরূপ ব্যতীত অন্য কোনও পৃথক্ রূপে নাই। বস্তুতঃ শ্রুতিও জগৎকে কারণরূপে না জানাকেই নিন্দা করিয়াছেন। যথা—"যে ব্যক্তি এ সমুদয়কে আত্মাতিরিক্ত দেখে, এ সমুদয় তাহাকে পরাভূত করে। এক্ষণেও উৎপত্তির পূর্ব্বে, উভয় কালেই ইহার কার্য্যরূপিণী সত্তা সমান। সে পক্ষে কোনরূপ ইতরবিশেষ নাই।

ভাল কথা, জগতের কারণভূত ব্রহ্ম ত শব্দাদিবিহীন নির্গুণ বলিয়া স্বীকৃত হইয়াছেন? হাঁ, সে কথা সত্য, কিন্তু উৎপত্তির পূর্ব্বে ও পরে শব্দাদিবিশিষ্ট কার্য্য

রূপাদিবিহীন চেতন ব্রহ্মকে রূপাদিবিশিষ্ট অচেতন (জড়) জগতের কারণ বলিলে সৃষ্টির পূর্ব্বে ইহা (জগৎ) ছিল না, এরূপ বলা হয় না। কেন-না, নিষেধের নিষেধ্য না থাকায় 'অসৎ—ছিল না,' এ নিষেধ নিরর্থক। অভিপ্রায় এই যে, জন্মমাত্রই মিথ্যা; সুতরাং তাহার কারণরূপের অস্তিত্ব ত্রৈকালিক, অর্থাৎ সকল কালেই সেরূপ অস্তিত্ব আছে ও থাকিবে।

ন শক্যতে বক্তুং প্রাগুৎপত্তেরসৎ কার্য্যমিতি। বিস্তরেণ চৈতৎ-কার্য্যকারণানন্যত্ববাদে বক্ষ্যামঃ ॥ ২।৯।৭ ॥

অপীতৌ তদ্বৎপ্রসঙ্গাদসমঞ্জসম্ ॥ ২।১।৮ ॥*

অত্রাহ,—যদি স্থৌল্য-সাবয়বত্বাচেতনত্ব-পরিচ্ছিন্নত্বাশুদ্ধ্যাদি-ধর্ম্মকং কার্য্যং ব্রহ্মকারণকমভ্যুপগম্যেত, তদাপীতৌ প্রলয়ে প্রতিসংসৃজ্যমানং কার্য্যং কারণেঽবিভাগমাপদ্যমানং কারণ-মাত্মীয়েন ধর্ম্মেণ দূষয়েদিত্যপীতৌ কারণস্যাপি ব্রহ্মণঃ কার্য্য-স্যেবাশুদ্ধ্যাদিরূপতাপ্রসঙ্গাৎ সর্ব্বজ্ঞং ব্রহ্ম জগতঃ কারণ-মিত্যসমঞ্জসমিদমৌপনিষদং দর্শনম্। অপি চ, সমস্তস্য বিভাগস্যাবিভাগপ্রাপ্তেঃ পুনরুৎপত্তৌ নিয়মকারণাভাবাৎ

ধ্বস্তস্য বা সদসত্ত্বাভ্যামনির্ব্বাচ্যস্য ন সতো ঽসতো বোৎপত্তিরিতি নির্ব্বিষয়ঃ সৎ-কার্য্যবাদপ্রতিষেধ ইত্যর্থঃ ॥ ২।১।৭ ॥

অসামঞ্জস্যং বিভজতে "অত্রাহ" চোদকঃ, "যদি স্থৌল্যে"তি। যথা হি রুচকাদিষু হিঙ্গুসৈন্ধবাদীনামবিভাগলক্ষণো লয়ঃ স্বগতরসাদিভির্যথং রূষয়ত্যেবং ব্রহ্মণি বিশুদ্ধাদিধর্ম্মণি জগল্লীয়মানমবিভাগং গচ্ছৎ ব্রহ্ম স্বধর্ম্মেণ রূষয়েন্ন চান্যথা লয়ো লোকসিদ্ধ ইতি ভাবঃ।

কল্পান্তরেণাসামঞ্জস্যমাহ "অপি চ সমস্তস্য" ইতি। ন হি সমুদ্রস্য ফেনোর্ম্মিবুদ্বু-

---

(জগৎ) কারণরূপের দ্বারা পরিত্যক্ত নহে। (যেহেতু কার্য্য মিথ্যা ; সেই হেতু কারণ বস্তু সকল কালেই সত্য)। সেই জন্যই বাদীর 'উৎপত্তির পূর্ব্বে কার্য্য অসৎ' এ আপত্তি অসঙ্গত আপত্তি। এ কথা আমরা কার্য্যকারণের অভেদ প্রতিপাদন স্থলে বিস্তৃত রূপে বলিব।

এ স্থলে কেহ কেহ বলিবেন—এই স্থূল, সাবয়ব, অচেতন, পরিচ্ছিন্ন ও অশুদ্ধ কার্য্য (জগৎ) যদি ব্রহ্মপ্রভবই হয়, তাহা হইলে, অবশ্যই ইহা

* অপীতৌ প্রলয়ে তদ্বৎ কার্য্যবৎ কারণস্যাপি অশুদ্ধ্যাদিপ্রসঙ্গাৎ অসমঞ্জসং অসামঞ্জস্যং ভবতীতি শেষং। শঙ্কাসূত্রমেতৎ। বিস্তরস্তু ভাষ্যে।

ব্রহ্মকারণবাদ স্বীকার করিতে গেলে অন্য এক আশঙ্কা উপস্থিত হয়। যথা—কার্য্যমাত্রেই প্রলয়কালে কারণে লয়প্রাপ্ত হয় (অবিভক্ত বা এক হইয়া যায়), সুতরাং কারণে কার্য্যগত দোষের সংক্রামণ সম্ভাবিত হওয়ায় বহু অসামঞ্জস্য (কার্য্যের দোষ কারণে ঘটনা) হইতে পারে।

ভোক্তৃভোগ্যাদিবিভাগেনোৎপত্তিন প্রাপ্নোতীত্যসমঞ্জসম্। অপি চ, ভোক্তৃণাং পরেণ ব্রহ্মণাঽবিভাগং গতানাং কর্ম্মাদি-নিমিত্ত-প্রলয়েঽপি পুনরুৎপত্তাবভ্যুপগম্যমানায়াং মুক্তানামপি পুনরুৎপত্তিপ্রসঙ্গাদসমঞ্জসম্। অথেদং জগদপীতাবপি বিভক্তমেব পরেণ ব্রহ্মণাবতিষ্ঠেত, এবমপ্যপীতিরেব ন সম্ভবতি, কারণাব্যতিরিক্তঞ্চ কার্য্যং ন সম্ভবতীত্যসমঞ্জসমেবেতি ॥ ২। ১। ৮॥

অত্রোচ্যতে—

ন তু দৃষ্টান্তভাবাৎ ॥ ২। ১। ৯॥ *

নৈবাস্মদীয়ে দর্শনে কিঞ্চিদসামঞ্জস্যমস্তি। যত্তাবদভিহিতং—

দাদিপরিণামে বা রজ্জ্বাং সর্পধারাদিবিভ্রমে বা নিয়মো দৃষ্টঃ। সমুদ্রো হি কদাচিৎ ফেনোর্ম্মিরূপেণ পরিণমতে, কদাচিদ্বুদ্বুদাদিনা। রজ্জ্বাং হি কশ্চিৎ সর্প ইতি বিপর্য্যস্যতি, কশ্চিদ্ধারেতি। ন চ ক্রমনিয়মঃ। সোঽয়মত্র ভোগ্যাদিবিভাগ-নিয়মঃ ক্রমনিয়মশ্চাসমঞ্জস ইতি। কল্পান্তরেণাসামঞ্জস্যমাহ—"অপি চ ভোক্তৃণাং" ইতি। কল্পান্তরং শঙ্কাপূর্ব্বমাহ "অথেদম্" ইতি ॥ ২। ১। ৮॥

সিদ্ধান্তসূত্রম্—

নাবিভাগমাত্রং লয়ঃ, অপি তু কারণে কার্য্যস্যাবিভাগঃ, তত্র চ তদ্ধর্ম্মানন্বয়ে

প্রলয়কালে কারণব্রহ্মে অবিভাগ প্রাপ্ত হইবেক, লীন বা এক হইয়া যাইবেক। তাহা হইলে নিশ্চিতই উহা সেই কারণকে স্বীয় অশুদ্ধ্যাদি দোষে দূষিত করিবেক। লবণ যেমন জলকে দূষিত করে, সেইরূপ। ফলিতার্থ এই যে, কার্য্য যেমন অশুদ্ধ, তেমনি প্রলয়কালে কারণও অশুদ্ধ হন। ইহা স্বীকার করিলে, সর্ব্বজ্ঞ ব্রহ্ম জগৎকারণ, এই ঔপনিষদ দর্শন (সিদ্ধান্ত) অসমঞ্জস হইবে। অন্য অসামঞ্জস্য এই যে, এই সমস্ত বিভাগ প্রলয়ে বিলুপ্ত হইলে বিভাগনিয়ামক (কারণবিশেষ কোন কিছু থাকিবেক না, তাহা না থাকিলে বিভাগক্রমে পুনরুৎপত্তিও হইতে পারিবে না। তৃতীয় অসামঞ্জস্য এই যে, ভোক্তৃগণ (জীবসমূহ) পরমাত্মার সহিত অবিভক্ত হই-বেক, এবং পুনরুৎপত্তিকালে মুক্তাত্মারও পুনরুদ্ভব প্রসক্ত হইবেক। যদি বল, জগৎ পরমাত্মার সহিত বিভক্তভাবেই অবস্থান করিবেক ; না—অদ্বৈতবাদী তাহাও বলিতে পারিবেন না। বিভক্ত থাকিলে আবার প্রলয় কি ? প্রলয় অসম্ভব এবং ঔপনিষদ দর্শন যে, কার্য্যকারণের অব্যতিরেক বলেন, তাহাও অসম্ভব হয়। এই জন্যই বলিতেছি, উপনিষদ্দর্শন সমস্তই অসমঞ্জস ॥ ২।১।৮॥

সূত্রকার এই সকল অসামঞ্জস্যের সমাধানে বলিতেছেন—

* যদুক্তং দূষণং, অপীতৌ জগৎ স্বকারণং দূষয়েদিতি, তন্ন। কুতঃ? দৃষ্টান্তভাবাৎ। সন্তিহি দৃষ্টান্তাঃ—লীয়মানং কার্য্যং ন কারণং স্বধর্ম্মসংসৃষ্টং করোতীত্যত্র।

বাদী যে সকল দোষের কথা বলেন, সে সকল দোষ দোষ বলিয়া গণ্য হইতে পারে না। লয়প্রাপ্ত কার্য্য যে, কারণকে স্বধর্ম্মবিশিষ্ট করে না, ইহার অনেক দৃষ্টান্ত আছে।

কারণমপিগচ্ছৎ কার্য্যং কারণমাত্মীয়েন ধর্ম্মেণ দূষয়েদিতি, তদদূষণম্। কস্মাৎ? দৃষ্টান্তভাবাৎ। সন্তি হি দৃষ্টান্তাঃ— যথা কারণমপিগচ্ছৎ কার্য্যং কারণমাত্মীয়েন ধর্ম্মেণ ন দূষয়তি। তদ্যথা—শরাবাদয়ো মৃৎপ্রকৃতিকা বিকারা বিভাগাবস্থায়ামুচ্চাবচ-মধ্যমপ্রভেদাঃ সন্তঃ পুনঃ প্রকৃতিমপিগচ্ছন্তো ন তামাত্মীয়েন ধর্ম্মেণ সংসৃজন্তি। রুচকাদয়শ্চ সুবর্ণবিকারা অপীতৌ ন সুবর্ণমাত্মীয়েন ধর্ম্মেণ সংসৃজন্তি। পৃথিবীবিকারশ্চতুর্ব্বিধো ভূতগ্রামো ন পৃথিবীমপীতাবাত্মীয়েন ধর্ম্মেণ সংসৃজতি। ত্বৎপক্ষস্য তু ন কশ্চিৎ দৃষ্টান্তোঽস্তি। অপীতিরেব হি ন সম্ভবেৎ, যদি কারণে কার্য্যং স্বধর্ম্মেণৈবাবতিষ্ঠেত।

অনন্যত্বেঽপি কার্য্যকারণয়োঃ, কার্য্যস্য কারণাত্মত্বং, ন তু কারণস্য কার্য্যাত্মত্বং, "আরম্ভণশব্দাদিভ্যঃ" ইতি বক্ষ্যামঃ।

সন্তি সহস্রং দৃষ্টান্তাঃ। তব তু কারণে কার্য্যস্য লয়ে কার্য্যধর্ম্মরূষণে ন দৃষ্টান্তলবো-ঽপ্যস্তীত্যর্থঃ।

স্যাদেতৎ, যদি কার্য্যস্যাবিভাগঃ কারণে, কথং কার্য্যধর্ম্মারূষণং কারণস্যেত্যত আহ "অনন্যত্বেঽপি" ইতি। যথা রজতস্যারোপিতস্য পারমার্থিকং রূপং শুক্তিঃ, ন চ

বেদান্তদর্শনে অল্পমাত্রও অসামঞ্জস্য নাই। দৃষ্টান্ত থাকায় "লয়প্রাপ্ত জগৎকারণকে স্বীয় দোষে দূষিত করে" এ দোষ দোষ নহে। লয়প্রাপ্ত কার্য্য কারণকে স্বীয় ধর্ম্মে দূষিত করে না, এ বিষয়ে শত শত দৃষ্টান্ত আছে। যেমন মৃত্তিকাদিপ্রভব ঘটাদি বস্তু বিভাগাবস্থায় (কার্য্যাবস্থায়) নানাপ্রভেদযুক্ত থাকিলেও অবিভাগাবস্থায় অর্থাৎ লয়াবস্থায় কারণকে (মৃত্তিকাকে) স্বীয় ধর্ম্মে সংসৃষ্ট করে না, যেমন সুবর্ণপ্রভব রুচকাদি (অলঙ্কার) লয়কালে সুবর্ণকে স্বকীয় ধর্ম্মবিশিষ্ট করে না, যেমন পৃথিবীবিকার চতুর্ব্বিধ দেহ পৃথিবীতে লয়প্রাপ্তি-কালে স্বধর্ম্মমিশ্রিত করে না, সেইরূপ, জগৎও লয়কালে স্ব স্ব কারণকে (ব্রহ্মকে) স্বীয় ধর্ম্মদ্বারা বিশেষিত করে না। [তৎ…বক্ষ্যামঃ] অস্মৎপক্ষে এইরূপ এইরূপ বহু দৃষ্টান্ত আছে, কিন্তু ত্বৎপক্ষে দৃষ্টান্ত নাই। মধুর জল লবণের কারণ নহে, সুতরাং তাহা অদৃষ্টান্ত)। আরও দেখ, কারণে যে কার্য্য থাকে, তাহা স্বধর্ম্ম-(জলাহরণাদি ধর্ম্মযুক্ত) বিশিষ্ট নহে। কার্য্য যদি কারণে স্বধর্ম্মসমেত প্রবেশ করিত, তাহা হইলে তাহার লয়ই হইত না। (কার্য্যমাত্রই কারণে শক্তিরূপে লুক্কায়িত থাকে, কিন্তু কার্য্যরূপে থাকে না, তাই তাহার 'লয়' আখ্যা হয়। কার্য্যরূপে থাকিলে 'লয়' শব্দার্থ অসম্ভব হইয়া পড়ে)।

যদিও কার্য্য ও কারণএক বা অভিন্ন পদার্থ, তথাপি, কার্য্যই কারণাত্মক, কারণ কার্য্যাত্মক নহে। এ কথা "আরম্ভণশব্দাদিভ্যঃ" সূত্রে বলা হইবেক।

অত্যল্পঞ্চেদমুচ্যতে—কার্য্যমপীতাবাত্মীয়েন ধর্ম্মেণ কারণং সংসৃজে-দিতি। স্থিতাবপি হি সমানোঽয়ং প্রসঙ্গঃ, কার্য্যকারণয়োরনন্যত্বা-ভ্যুপগমাৎ। "ইদং সর্ব্বং যদয়মাত্মা", "আত্মৈবেদং সর্ব্বং", "ব্রহ্মৈবেদমমৃতং পুরস্তাৎ", "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইত্যেব-মাদ্যাভির্হি শ্রুতিভিরবিশেষেণ ত্রিষপি কালেষু কার্য্যস্য কারণা-দনন্যত্বং শ্রাব্যতে। তত্র যঃ পরিহারঃ—কার্য্যস্য তদ্ধর্ম্মাণাঞ্চা-বিদ্যাধ্যারোপিতত্বাৎ, ন তৈঃ কারণং সংসৃজ্যত ইতি, অপীতাবপি স সমানঃ। অস্তি চায়মপরো দৃষ্টান্তঃ, যথা স্বয়ং প্রসারিতয়া মায়য়া মায়াবী ত্রিষপি কালেষু ন সংস্পৃশ্যতে, অবস্তুত্বাৎ, এবং পরমাত্মাপি সংসারমায়য়া ন সংস্পৃশ্যত ইতি। যথা চ স্বপ্নদৃগেকঃ স্বপ্নদর্শন-মায়য়া ন সংস্পৃশ্যতে, প্রবোধসম্প্রসাদয়োরনন্বাগতত্বাৎ, এবমবস্থা-

---

শুক্তে রজতম্, এবমিদমপীত্যর্থঃ। অপি চ, স্থিত্যুৎপত্তিপ্রলয়কালেষু ত্রিষপি কার্য্যস্য কারণাদভেদমভিদধতী শ্রুতিরনতিশঙ্কনীয়া। সর্ব্বৈরেব বেদবাদিভিস্তত্র স্থিত্যুৎ-পত্ত্যোর্যঃ পরিহারঃ, স প্রলয়েঽপি সমানঃ—কার্য্যস্যাবিদ্যাসমারোপিতত্বং নাম। তস্মান্নাপীতিমাত্রমনুযোজ্যমিত্যাহ "অত্যল্পঞ্চেদমুচ্যতে" ইতি। "অস্তি চায়মপরো দৃষ্টান্তঃ" "যথা স্বপ্নদৃগেকঃ" ইতি। লৌকিকঃ পুরুষঃ। "এবমবস্থাত্রয়সাক্ষ্যেকঃ" ইতি। অবস্থাত্রয়মুৎপত্তিস্থিতিপ্রলয়াঃ।

[অত্যল্প...সমানঃ] "কার্য্য লয়াবস্থায় কারণকে স্বধর্ম্ম সংসৃষ্ট করে না কেন?" ঐ আপত্তি অতি অকিঞ্চিৎকর অর্থাৎ তুচ্ছ। (অভিপ্রায় এই যে, ঐ আপত্তি তোমার আমার উভয় পক্ষেই সমান। আমরাও স্থিতিকালের জন্য ঐ দোষ উল্লেখ করিতে পারি।) কার্য্য ও কারণ ভিন্ন নহে, এক, ইহা স্বীকৃত থাকায় লয় ও স্থিতি উভয় অবস্থাতেই কারণে কার্য্যধর্ম্মের প্রবেশাশঙ্কা আছে। "এ সমস্তই আত্মা" "আত্মাই এ সমুদয়" "এ সমস্তই ব্রহ্ম" এই সকল শ্রুতি সৃষ্টি, স্থিতি, লয়, তিন কালেই কার্য্য-কারণের অভেদ উপদেশ করিয়াছেন। তুমি স্থিতি ও লয়কালের আশঙ্কা যেরূপে পরিহার করিবে, আমি লয়কালের আশঙ্কাও সেইরূপেই নিবারণ করিব। স্থিতিকালের আশঙ্কা এইরূপে পরিহৃত হইয়া থাকে, যথা—যেহেতু কার্য্য ও কার্য্যের ধর্ম্ম অবিদ্যাকল্পিত, সেই হেতু কার্য্য বা কার্য্যধর্ম্ম দ্বারা কারণ সংসৃষ্ট (কলুষিত) হয় না। (যাহা মিথ্যা; কিরূপে তাহা সত্যকে স্পর্শ করিবে?) ইহার দ্বারা যদি স্থিতিকালের আশঙ্কা পরিহৃত হয়, তাহা হইলে লয়কালের আশঙ্কাও উহার দ্বারাই পরিহৃত হইবেক। দোষ সমান হইলে তাহার পরিহারও সমানই হয়। [অস্তি...ভাবনেতি] এতদ্ভিন্ন অন্য দৃষ্টান্তও আছে। যেমন মায়াবী (ঐন্দ্রজালিক) কোন কালেই স্বপ্রসারিত মায়ায় স্পৃষ্ট হয় না, তেমনি,

ত্রয়সাক্ষ্যেকোঽব্যভিচার্য্যবস্থাত্রয়েণ ব্যভিচারিণা ন সংস্পৃশ্যতে। মায়ামাত্রং হ্যেতৎ পরমাত্মনোঽবস্থাত্রয়াত্মনাবভাসনং—রজ্জ্বা ইব সর্পাদিভাবেনেতি। অত্রোক্তং বেদান্তার্থসম্প্রদায়বিদ্ভিরাচার্য্যৈঃ—

"অনাদিমায়য়া সুপ্তো যদা জীবঃ প্রবুধ্যতে।
অজমনিদ্রমস্বপ্নমদ্বৈতং বুধ্যতে তদা॥" ইতি।

তত্র যদুক্তম্—অপীতৌ কারণস্যাপি কার্য্যস্যেব স্থৌল্যাদি-দোষপ্রসঙ্গ ইতি, তদযুক্তম্।

যৎ পুনরেতদুক্তং—সমস্তস্য বিভাগস্যাবিভাগপ্রাপ্তেঃ পুনর্ব্বি-ভাগেনোৎপত্তৌ নিয়মকারণং নোপপদ্যত ইতি, অয়মপ্যদোষো দৃষ্টান্তভাবাদেব। যথা হি সুষুপ্তিসমাধ্যাদাবপি সত্যাং স্বাভাবি-ক্যামবিভাগপ্রাপ্তৌ মিথ্যাজ্ঞানস্যানপোদিতত্বাৎ পূর্ব্ববৎ পুনঃ প্রবোধে বিভাগো ভবতি, এবমিহাপি ভবিষ্যতি। শ্রুতিশ্চাত্র ভবতি—"ইমাঃ সর্ব্বাঃ প্রজাঃ সতি সম্পদ্য ন বিদুঃ সতি

কল্পান্তরেণাসামঞ্জস্যে কল্পান্তরেণ দৃষ্টান্তভাবং পরিহারমাহ "যৎপুনরেতদুক্তং" ইতি। অবিদ্যাশক্তেনিয়তত্বাদুৎপত্তিনিয়ম ইত্যর্থঃ। "এতেন" ইতি। মিথ্যা-

---

পরমাত্মাও সংসার-মায়ায় স্পৃষ্ট হন না। না হইবার কারণ এই যে, মায়ামাত্রই অবস্তু (মিথ্যা)। যেমন স্বপ্নদর্শী স্বাপ্নিক মায়ায় লিপ্ত হয় না, না হওয়ার, নিদর্শন জাগ্রৎ ও সুষুপ্তি অবস্থা, তেমনি, অবস্থাত্রয়দর্শী এক অব্যভিচারী চিদাত্মা অবস্থাগত অবাস্তব ধর্ম্মে লিপ্ত হন না। আত্মাতে যে জাগ্রৎ-আদি অবস্থা প্রতীত হয়, তাহা মায়িক, অর্থাৎ রজ্জুতে সর্প-প্রতীতির ন্যায় মিথ্যা। [অত্রোক্তং... ভবিষ্যতি] বেদান্ততত্ত্বজ্ঞ সম্প্রদায়বিৎ প্রাচীন আচার্য্যগণও এ কথা বলিয়াছেন। যথা—"অনাদি মায়া নিদ্রায় নিদ্রিত জীব যখন প্রবুদ্ধ হয়, মায়ানিদ্রা ত্যাগ করে, তখন, জন্মাদি-অবস্থারহিত আত্মাদ্বৈত বুঝিতে পারে বা অনুভব করে।" অতএব, তুমি যে বলিয়াছিলে, কার্য্য স্বীয় কারণে প্রবেশ করিলে কারণকে স্থূল না করে কেন? তাহা নিতান্ত অযৌক্তিক। (কার্য্য সকল মিথ্যা বলিয়াই তাহার লয়োদয়ে কারণের বৃদ্ধি হ্রাস হয় না।)

আরও এক দোষ দেখাইয়াছিলে যে, এই সকল বিভাগ অবিভক্ত বা এক হইলে পুনরুৎপত্তিকালে বিভাগনিয়ামকের অভাব হইবেক, কিন্তু আমরা বলি, তাহাও দোষ নহে। কেন-না, অবিভাগপ্রাপ্ত হইলেও পুনর্ব্বিভাগী হওয়ার দৃষ্টান্ত আছে। সুষুপ্তি-সমাধি-কালে এ সকলই অবিভক্ত হয়, এক হইয়া যায়, আবার প্রবোধ কালে ও ব্যুত্থানকালে পুনরায় বিভক্ত হয়। [শ্রুতিশ্চাত্র...মাস্তে]

সম্পদ্যামহে” ইতি, “ত ইহ ব্যাঘ্রো বা সিংহো বা বৃকো বা বরাহো বা কীটো বা পতঙ্গো বা দংশো বা মশকো বা যদ্‌যদ্ভবন্তি, তত্তদা ভবন্তি” ইতি। যথা হি অসম্বিভাগেঽপি পরমাত্মনি মিথ্যাজ্ঞানপ্রতিবদ্ধো বিভাগব্যবহারঃ স্বপ্নবদব্যাহতঃ স্থিতৌ দৃশ্যতে, এবমপীতাবপি মিথ্যাজ্ঞানপ্রতিবদ্ধৈব বিভাগশক্তিরনুমাস্যতে। এতেন মুক্তানাং পুনরুৎপত্তিপ্রসঙ্গঃ প্রত্যুক্তঃ, সম্যগ্‌জ্ঞানেন মিথ্যাজ্ঞানস্যাপোদিতত্বাৎ। যঃ পুনরয়মন্তেঽপরো বিকল্প উৎপ্রেক্ষিতঃ—অথেদং জগদপীতাবপি বিভক্তমেব পরেণ ব্রহ্মণাবতিষ্ঠেতেতি, সোঽপ্যনভ্যুপগমাদেব প্রতিষিদ্ধঃ। তস্মাৎ সমঞ্জসমিদমৌপনিষদং দর্শনম্ ॥ ২। ১। ৯ ॥

জ্ঞানবিভাগশক্তিপ্রতিনিয়মেন মুক্তানাং পুনরুৎপত্তিপ্রসঙ্গঃ প্রত্যুক্তঃ, কারণাভাবে কার্য্যাভাবস্য প্রতিনিয়মাৎ, তত্ত্বজ্ঞানেন চ সশক্তিনো মিথ্যাজ্ঞানস্য সমূলঘাতং নিহতত্বাদিতি ॥ ২। ১। ৯ ॥

এ কথা শ্রুতিও বলিয়াছেন। যথা—“সুষুপ্তিকালে এই সকল প্রজা (প্রাণী) সৎসম্পন্ন হয়, অথচ তাহারা জানে না যে, আমরা সৎসম্পন্ন হইয়াছি।* জাগ্রৎকাল আসিলে পুনর্ব্বার ব্যাঘ্র, সিংহ, বৃক, বরাহ, কীট, পতঙ্গ ও দংশ প্রভৃতি পূর্ব্বতন বিভাগানুসারে পুনরুদ্ভূত হয়।” সুপ্তিকালে সমস্ত কার্য্য পরমাত্মায় অবিভাগপ্রাপ্ত হয়, অথচ অজ্ঞান-সহায় বিভাগশক্তি বিদ্যমান থাকে। এতদ্দৃষ্টান্তে লয়কালেও বিভাগকারণ অজ্ঞানের অস্তিত্ব অনুমান করিবে। (সেই সেই অজ্ঞানসংস্কারই পুনরুৎপত্তিকালে বিভাগের নিয়মন করে)। [এতেন...দর্শনম্] পুনঃ সৃষ্টিতে মুক্তাত্মারও পুনরুৎপত্তি হইতে পারে, এ আপত্তিও প্রদর্শিত যুক্তিতে নিরস্ত হইতেছে। সম্যক্‌জ্ঞানে মিথ্যাজ্ঞানের বাধ হয়, এ কথা পূর্ব্বেও অনেকবার বলা হইয়াছে। (অজ্ঞানের বাধ হয় বলিয়াই মুক্তাত্মার পুনরুৎপত্তি হয় না)। সর্ব্বশেষে আর একটী কথা বলিয়াছিলে যে, প্রলয়কালেও জগৎ বিভক্তরূপে পরমাত্মায় অবস্থান করে, সে কথা অগ্রাহ্য। বিচারের উপসংহার এই যে, প্রদর্শিতপ্রকারে ঔপনিষদ দর্শন (উপনিষদের জ্ঞান) সমঞ্জসই বটে, অসমঞ্জস নহে ॥ ২।১।৯ ॥

* সৎসম্পন্ন—অদ্বয় ব্রহ্ম প্রাপ্ত।

স্বপক্ষদোষাচ্চ ॥ ২ । ১ । ১০ ॥ *

স্বপক্ষে চৈতে প্রতিবাদিনঃ সাধারণা দোষা প্রাদুঃষ্যুঃ। কথমিতি ? উচ্যতে—যত্তাবদভিহিতং বিলক্ষণত্বান্নেদং জগদ্‌ব্রহ্মপ্রকৃতিকমিতি, প্রধানপ্রকৃতিকতায়ামপি সমানমেতৎ, শব্দাদিহীনাৎ প্রধানাচ্ছব্দাদিমতো জগত উৎপত্ত্যভ্যুপগমাৎ। অতএব চ বিলক্ষণকার্য্যোৎপত্ত্যভ্যুপগমাৎ সমানঃ প্রাগুৎপত্তেরসৎকার্য্যবাদপ্রসঙ্গঃ। তথাঽপীতৌ কার্য্যস্য কারণাবিভাগাভ্যুপগমাৎ তদ্বৎপ্রসঙ্গোঽপি সমানঃ। তথা মৃদিতসর্ব্ববিশেষেষু বিকারেষ্বপীতাববিভাগাত্মতাং গতেষ্বিদমস্য পুরুষস্যোপাদানমিদমস্যেতি প্রাক্ প্রলয়াৎ প্রতি পুরুষং যে নিয়তা ভেদাঃ, ন তে তথৈব পুনরুৎ-

---

কার্য্যকারণয়োর্ব্বৈলক্ষণ্যং তাবৎ সমানমেবোভয়োঃ পক্ষয়োঃ। প্রাগুৎপত্তেরসৎকার্য্যবাদপ্রসঙ্গোঽপীতৌ তদ্বৎ প্রসঙ্গশ্চ প্রধানোপাদানপক্ষ এব, নাস্মৎপক্ষ ইতি

সাংখ্য যে সকল দোষ প্রদর্শন করেন, সে সকল দোষ উভয়পক্ষেই সমান, অর্থাৎ সে সকল দোষ তাঁহার নিজপক্ষেও আছে। সাংখ্য যে বলেন, জগৎ ব্রহ্মবিলক্ষণ বলিয়া ব্রহ্মপ্রভব নহে, সাংখ্য তাহা বলিতে পারেন না। কারণ, ঐ বৈলক্ষণ্য তাঁহার প্রধান কারণবাদেও আছে। প্রধানবাদী সাংখ্যও শব্দাদিবিহীন প্রধান হইতে শব্দাদিমান্ জগতের উৎপত্তি স্বীকার করেন। কার্য্যেতে কারণের এই বৈলক্ষণ্য থাকা স্বীকার করাতেই সাংখ্যের নিজপক্ষ পরপক্ষের সহিত সমান হইতেছে, অর্থাৎ যে দোষ পরপক্ষে—তাঁহার নিজপক্ষেও সেই দোষই আছে। অধিকন্তু সাংখ্যপক্ষে অসৎকার্য্যবাদের আপত্তি হইতে পারে। অভিপ্রায় এই যে, সাংখ্যের সিদ্ধান্তে কার্য্যমাত্রেই সৎ কিন্তু কার্য্যে কারণের বৈলক্ষণ্য স্বীকার করায় সে সিদ্ধান্ত থাকিতেছে না। সাংখ্যও প্রলয়কালে কারণে (প্রকৃতিতে) কার্য্যের (জগতের) অবিভাগ (এক হইয়া যাওয়া) স্বীকার করেন, সুতরাং তাঁহার নিজপক্ষেও পূর্ব্বোক্ত) দোষসমূহ (কার্য্যের রূপাদি কারণে প্রবেশ করা প্রভৃতি) অবশ্যই আশ্রয় করিবে। প্রলয়ের পূর্ব্বে যে, প্রত্যেক আত্মার জন্য ভিন্ন ভিন্ন নির্দিষ্ট বিভাগ থাকে, অর্থাৎ ভোগ-নিয়ামক বিভিন্ন ভোগ্য থাকে—অমুক আত্মার অমুক কর্ম্ম, অমুক ফল, অমুক অমুক আত্মার অভোগ্য, ইত্যাদি প্রকার নিয়মিত বিভাগ থাকে। প্রলয়কালে সে সমস্ত বিভাগ বিনষ্ট ব এক হইয়া যায়, সুতরাং

---

* সাংখ্যপক্ষেঽপি তদ্দোষাণাং সত্ত্বাদিত্যর্থঃ। যে দোষাঃ সাংখ্যৈঃ প্রদর্শিতাঃ, তে দোষাঃ সাংখ্যপক্ষেঽপি সন্তীতি তন্নিরাসপ্রয়াসো নাস্মাভিঃ কার্য্য ইত্যভিপ্রায়ঃ।

ঐ সকল দোষ সাংখ্য মতেও আছে। সাংখ্য যে রীতিতে ঐ সকল দোষের উদ্ধার করিবেন, আমরাও সেই রীতিতেই করিব। তজ্জন্য পৃথক্ প্রয়াস স্বীকার করিতে হইবে না।

পত্তৌ নিয়ন্তুং শক্যন্তে, কারণাভাবাৎ। বিনৈব চ কারণেন নিয়মেঽভ্যুপগম্যমানে কারণাভাবসামান্যাৎ মুক্তানামপি পুনর্ব্বন্ধপ্রসঙ্গঃ। অথ কেচিদ্ভেদা অপীতাববিভাগমাপদ্যন্তে, কেচিন্নেতি চেৎ, যে নাপদ্যন্তে, তেষাং প্রধানকার্য্যত্বং ন প্রাপ্নোতীত্যেবমেতে দোষাঃ সাধারণত্বাৎ নান্যতরস্মিন্ পক্ষে চোদয়িতব্যা ভবন্তীত্যদোষতামেবৈষাং দ্রঢ়য়তি, অবশ্যাশ্রয়িতব্যত্বাৎ ॥ ২। ১। ১০ ॥

তর্কাপ্রতিষ্ঠানাদপ্যন্যথানুমেয়মিতি চেদেবমপ্যবিমোক্ষপ্রসঙ্গঃ ॥ ২। ১। ১১ ॥ *

ইতশ্চ নাগমগম্যেঽর্থে কেবলেন তর্কেণ প্রত্যবস্থাতব্যম্, যস্মান্নিরাগমাঃ পুরুষোৎপ্রেক্ষামাত্রনিবন্ধনাস্তর্কা অপ্রতিষ্ঠিতাঃ

যদ্যপ্যুপরিষ্টাৎ প্রতিপাদয়িষ্যামঃ, তথাপি গুড়জিহ্বিকয়া সমানত্বাপাদনমিদানীমিতি মন্তব্যম্-ইদমস্য পুরুষস্য সুখদুঃখোপাদানং ক্লেশকর্ম্মাশয়াদি, ইদমস্যেতি। সুগমমন্যৎ ॥ ২। ১। ১০ ॥

কেবলাগমগম্যেঽর্থে স্বতন্ত্রতর্কাবিষয়ে। ন সাংখ্যাদিবৎ সাধর্ম্ম্য-বৈধর্ম্ম্যমাত্রেণ

কারণাভাবপ্রযুক্ত পুনরুৎপত্তি কালে আর সে সকল বা সেরূপ নিয়মিত বিভাগ ঘটিতে বা হইতে পারে না। নিয়ামক কারণের অভাব কালেও যদি নিয়মের অস্তিত্ব স্বীকার কর, তাহা হইলে, মুক্ত পুরুষেরও পুনর্ব্বন্ধন স্বীকার করিতে হইবেক। কারণ, মুক্তপুরুষেও পূর্ব্বোক্ত সংসারনিয়ামক কারণের অভাব আছে। [অথ...তব্যত্বাৎ] কোন কোন ভেদ (সংঘাতবিশেষ) প্রকৃতিতে লীন হয়, আর কোন কোন ভেদ সেরূপ হয় না, এরূপ বলিলেও দোষ হইবেক। দোষ এই যে, যেগুলি প্রকৃতিলীন হইবে না, সেগুলিকে আর প্রাকৃতিক বলিতে পারিবে না। (সে পক্ষে, পুরুষ ব্যতীত সমস্তই প্রাকৃতিক, এ সিদ্ধান্তের ব্যাঘাত ঘটে)। এইরূপে, প্রদর্শিত দোষনিচয় উভয়পক্ষেই সমান জানিবে। যেহেতু দোষ সমান, সেই হেতুই কোন পক্ষই উক্ত দোষের অবতারণা করিতে পারেন না, এবং পারেন না বলিয়াই তাহা অদোষ অর্থাৎ দোষ নহে। (যে দোষ উভয় পক্ষের স্বীকার্য্য, সে দোষ উত্থাপনযোগ্যই নহে) ॥ ২।১।১০॥

যে বস্তু শাস্ত্রগম্য, কেবল তর্কমাত্র অবলম্বন করিয়া সে বস্তুর বিরুদ্ধে উত্থম করিতে নাই। কারণ এই যে, পুরুষ শাস্ত্রাবলম্বন ব্যতীত বুদ্ধিমাত্রের সাহায্যে যে

---

* তর্কস্য উহস্য অপ্রতিষ্ঠানাৎ অনবস্থিতত্বাৎ অপি শাস্ত্রগম্যে বস্তুনি নাদর্ত্তব্যস্তর্ক ইতি পূরণীয়ম্। হেত্বসিদ্ধিমাশঙ্ক্যাহ অন্যথেতি। চেৎ যদি তর্কস্য অন্যথা প্রকারান্তরত্বং প্রতিষ্ঠিতত্বমিতি যাবৎ, অনুমেয়ং অনুমানার্হং, এবমপি তথাপি অবিমোক্ষঃ, তস্য প্রসঙ্গঃ প্রসক্তির্ভবে-

সম্ভবন্তি, উৎপ্রেক্ষায়া নিরঙ্কুশত্বাৎ। তথা হি—কৈশ্চিদভিযুক্তৈর্যত্নেনোৎপ্রেক্ষিতাস্তর্কা অভিযুক্ততরৈরন্যৈরাভাস্যমানা দৃশ্যন্তে, তৈরপ্যুৎপ্রেক্ষিতাস্তদন্যৈরাভাস্যন্ত ইতি ন প্রতিষ্ঠিতত্বং তর্কাণাং শক্যং সমাশ্রয়িতুম্; পুরুষমতি-বৈশ্বরূপ্যাৎ। অথ কস্যচিৎ প্রসিদ্ধমাহাত্ম্যস্য কপিলস্যান্যস্য বা সম্মতস্তর্কঃ প্রতিষ্ঠিত ইত্যাশ্রীয়েত, এবমপি অপ্রতিষ্ঠিতত্বমেব। প্রসিদ্ধমাহাত্ম্যাভিমতা-

---

তর্কঃ প্রবর্ত্তনীয়ঃ, যেন প্রধানাদিসিদ্ধির্ভবেৎ। শুষ্কতর্কো হি স ভবত্যপ্রতিষ্ঠানাৎ। তদুক্তম্—

"যত্নেনানুমিতোঽপ্যর্থঃ কুশলৈরনুমাতৃভিঃ।
অভিযুক্ততরৈরন্যৈরন্যথৈবোপপাদ্যতে॥" ইতি।

নচু মহাপুরুষপরিগৃহীতত্বেন কস্যচিৎ তর্কস্য প্রতিষ্ঠা, মহাপুরুষাণামেব তার্কিকাণাং মিথো বিপ্রতিপত্তেরিতি সূত্রেণ শঙ্কতে "অন্যথানুমেয়মিতি চেৎ"।

তদ্বিভজতে—"অন্যথা বয়মনুমাস্যামহে" ইতি। নানুমানাভাসব্যভিচারেণানুমানব্যভিচারঃ শঙ্কনীয়ঃ, প্রত্যক্ষাদিষ্বপি তদাভাসব্যভিচারেণ তৎপ্রসঙ্গাৎ। তস্মাৎ স্বাভাবিকপ্রতিবন্ধবল্লিঙ্গানুসরণে নিপুণেনানুমাত্রা ভবিতব্যং। তর্কশ্চাপ্রত্যূহৎ

সকল তর্কের কল্পনা করে, উদ্ভাবন করে, সে সকল তর্ক প্রতিষ্ঠিত হইবার (স্থিরতর থাকিবার) সম্ভাবনা নাই। কেন-না, কল্পনার কোন অঙ্কুশ (নিয়ামক) নাই। যে লোক যে-পরিমাণ বুঝে, সে লোক সেই পরিমাণই কল্পনা করে। [তথাহি... বৈশ্বরূপ্যাৎ] অনুসন্ধান কর, দেখিতে পাইবে, এক পণ্ডিত অতি যত্নে একটী তর্ক উদ্ভাবিত করিলেন, অন্য পণ্ডিত তৎক্ষণাৎ তাহার মিথ্যাত্ব (ভুল) দেখাইলেন। আবার তদপেক্ষা অধিক পণ্ডিত সে তর্ককেও মিথ্যা বলিয়া প্রমাণ করেন বা তাহার ভুল দেখান। মানববুদ্ধি বিচিত্র, নানাপ্রকার, সেই কারণে প্রতিষ্ঠিত তর্কও অসম্ভব হয়। যেহেতু মানববুদ্ধি অনবস্থিত অর্থাৎ একপ্রকার নহে, সেই হেতু তৎপ্রভব তর্কও অনবস্থিত অর্থাৎ একরূপ হয় না। যেহেতু তর্ক অপ্রতিষ্ঠাদোষদূষিত, অর্থাৎ স্থিরতর (অব্যভিচারী) তর্ক হয় না, সেই হেতুই তর্ক অবিশ্বাস্য। তর্কের প্রতি বিশ্বাস করিয়া শাস্ত্রার্থনির্ণয় করা অন্যায্য। [অথ.. দর্শনাৎ] খ্যাতনামা কপিল ঋষি সর্ব্বজ্ঞ, তৎকারণে কপিলের উদ্ভাবিত তর্ক প্রতিষ্ঠিত (অকাট্য), এরূপ

দিতি শেষঃ। তর্কো'খ জ্ঞানাৎ মুক্ত্যযোগাৎ তর্কেণ বেদান্তসমন্বয়বাধো ন যুক্ত ইত্যভিপ্রায়ঃ। অথবা তত্রাপি প্রদর্শিত তর্কদোষস্য অনিবারণং ভবতীতি তাৎপর্য্যম্।

‡ তর্ক কখনও প্রতিষ্ঠিত হয় না অর্থাৎ স্থির থাকে না, সুতরাং তর্কে অপ্রতিষ্ঠা দোষ আছে। যেহেতু অপ্রতিষ্ঠা দোষ আছে, সেই হেতু শাস্ত্রগম্য বস্তুতে তর্কের আদর করা অন্যায্য। যদি বল, অনুমানের বলে এমন তর্ক গ্রহণ করিব—যাহা প্রতিষ্ঠিত অর্থাৎ স্থির—বিচলিত হইবার নহে, একথা বলিলেও তর্কের মোচন নাই (তর্কের দ্বারা তর্কের অপ্রতিষ্ঠা দোষ নিবারিত হয় না) অথবা তর্কপ্রভব জ্ঞানে মুক্তি হয় না, এ আপত্তি পুনরুপস্থিত হইবেক।

"স্থিতিগতিবৎ" ইতি। যথৈকবাণাশ্রয়ে গতি-নিবৃত্তী, এবমেকস্মিন্ ব্রহ্মণি পরিণামশ্চ তদভাবশ্চ—কৌটস্থ্যং ভবিষ্যত ইতি। নিরাকরোতি—"ন, কূটস্থস্যেতি বিশেষণাৎ" ইতি। কূটস্থনিত্যতা হি সদাতনী স্বভাবাদপ্রচ্যুতিঃ, সা কথং প্রচ্যুত্যা ন বিরুধ্যতে। ন চ ধর্ম্মিণো ব্যতিরিচ্যতে ধর্ম্মঃ, যেন তদুপজননাপায়েঽপি ধর্ম্মী কূটস্থঃ স্যাৎ। ভেদ ঐকান্তিকে গবাশ্ববদ্ধর্ম্মধর্ম্মিভাবাভাবাৎ। বাণাদয়স্তু পরিণামিনঃ স্থিত্যা গত্যা চ পরিণমন্ত ইতি। অপি চ, স্বাধ্যায়াধ্যয়ন-বিধ্যাপাদিতার্থবত্তস্য বেদরাশেরেকেনাপি বর্ণেনানর্থকেন ন ভবিতব্যং, কিং পুনরিয়তা জগতো ব্রহ্মযোনিত্বপ্রতিপাদকেন বাক্যসন্দর্ভেণ। তত্র ফলবদ্‌ব্রহ্মদর্শনসমাম্নান-সন্নিধাবফলং জগদ্‌যোনিত্বং সমাম্নায়মানং তদর্থং সৎ তদুপায়তয়াঽবতিষ্ঠতে, নার্থান্তরার্থমিত্যাহ—"ন চ যথা ব্রহ্মণঃ" ইতি। অতো ন পরিণামপরত্বমস্যেত্যর্থঃ।

ও অপরিণামিত্ব উভয়ধর্ম্ম প্রতিপাদন করিতে পারিবে না। (বুঝাইতে পারিবে না। হেতু এই যে, পরিণামিত্ব ও অপরিণামিত্ব, এই দুইটী ধর্ম্ম পরস্পর বিরোধী। এক স্থলে বিরুদ্ধ ধর্ম্মদ্বয় থাকিতে পারে না)। যদি বল, স্থিতিগতির দৃষ্টান্তে বিরুদ্ধ ধর্ম্মের সমাবেশ হইবে। (গতিনিবৃত্তির নাম স্থিতি। এক ব্যক্তিতে কালভেদে গতি ও গতিনিবৃত্তি বিরুদ্ধ হইলেও উভয় ধর্ম্মই থাকিতে দেখিয়াছ, তদ্দৃষ্টান্তে ব্রহ্মেও অবচ্ছেদকভেদে উক্ত উভয় ধর্ম্ম থাকিবে), বস্তুতঃ তাহাও থাকিবে না, বলিতেও পারিবে না। [illegible]বণ এই যে, ব্রহ্ম কূটস্থ। যেহেতু ব্রহ্ম কূটস্থস্বভাব, সেই হেতুই তাহাতে অনেক ধর্ম্ম আশ্রয় করিতে পারে না। এ কথা পূর্ব্বেও বলা হইয়াছে। [ন চ...জাতীয়কম্] যেহেতু প্রমাণ নাই, সেই হেতু এমন কথাও বলিতে পারিবে না যে, যেমন ব্রহ্মসম্বন্ধে একাত্মতাজ্ঞান মুক্তির কারণ, তেমনি, জগদাকারপরিণতির জ্ঞানও অন্য ফলের কারণ। শাস্ত্র কেবল কূটস্থ ব্রহ্মাত্মবিজ্ঞানেরই ফল দেখাইয়াছেন। শ্রুতি—"সেই আত্মা এরূপ নহে, সেরূপও নহে, অর্থাৎ সর্ব্ববিকারাতীত" এইরূপ উপক্রমের পর বলিয়াছেন, "হে জনক, তুমি অভয়পদ (মোক্ষ) পাইয়াছ।" এই শাস্ত্রে কূটস্থাত্মবিজ্ঞানে মোক্ষ হওয়া কথিত হইয়াছে। [তত্রৈতৎ⋯কল্প্যত ইতি] প্রদর্শিত শাস্ত্রের দ্বারা

বিশেষরহিতব্রহ্মদর্শনাদেব ফলসিদ্ধৌ সত্যাং যৎ তত্রাফলং শ্রূয়তে ব্রহ্মণো জগদাকারপরিণামিত্বাদি, তদ্‌ব্রহ্মদর্শনোপায়ত্বেনৈব বিনিযুজ্যতে "ফলবৎসন্নিধাবফলং তদঙ্গম্" ইতিবৎ, ন তু স্বতন্ত্রফলায় কল্প্যত ইতি। ন হি পরিণামবত্ত্ববিজ্ঞানাৎ পরিণামবত্ত্বমাত্মনঃ ফলং স্যাদিতি বক্তুং যুক্তম্, কূটস্থনিত্যত্বান্মোক্ষস্য।

নমু কূটস্থব্রহ্মবাদিন একত্বৈকান্ত্যাৎ ঈশিত্রীশিতব্যাভাবে ঈশ্বরকারণপ্রতিজ্ঞাবিরোধ ইতি চেৎ, ন, অবিদ্যাত্মক-নামরূপবীজব্যাকরণাপেক্ষত্বাৎ সর্ব্বজ্ঞত্বস্য। "তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ" ইত্যাদিবাক্যেভ্যো নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বরূপাৎ সর্ব্বজ্ঞাৎ সর্ব্বশক্তেরীশ্বরাজ্জগদুৎপত্তি-স্থিতি-লয়াঃ, নাচেতনাৎ প্রধানাদন্যস্মাদ্বেত্যেষোঽর্থঃ প্রতিজ্ঞাতো "জন্মাদ্যস্য যতঃ" ইতি। সা

তদনন্যত্বমিত্যস্য সূত্রস্য প্রতিজ্ঞাবিরোধং শ্রুতিবিরোধঞ্চ চোদয়তি। "কূটস্থব্রহ্মবাদিনঃ" ইতি। পরিহরতি "নাবিদ্যাত্মক" ইতি। নাম চ রূপঞ্চ তে এব বীজং, তস্য ব্যাকরণং কার্য্যপ্রপঞ্চস্তদপেক্ষত্বাদৈশ্বর্য্যস্য।

এইরূপ সিদ্ধান্ত লব্ধ হইতেছে যে, ব্রহ্মপ্রকরণে সর্ব্বধর্ম্মবিবর্জ্জিত নির্ব্বিশেষ ব্রহ্মবিজ্ঞানের মোক্ষফল ও তৎপ্রকরণে ব্রহ্মের জগদ্রূপে পরিণতি হওয়ার বর্ণনা নিস্ফল। অর্থাৎ পরিণামজ্ঞানের স্বতন্ত্র কোন ফল নাই, তাহা কেবল তাদৃশ ব্রহ্মদর্শনের অঙ্গ বা উপায় মাত্র। ফলবৎ কর্ম্মের সন্নিধানে ফলবিবর্জ্জিত কর্ম্ম থাকিলে বুঝিতে হইবে যে, সে সকল কর্ম্ম ফলবৎকর্ম্মের অঙ্গ বা সহায়। অর্থাৎ তাহাদের পৃথক্ ফলজনকতা নাই। কর্ম্মশাস্ত্রোক্ত এই সিদ্ধান্ত ব্রহ্মশাস্ত্রেও গৃহীত হইবেক। [ন হি···মোক্ষস্য] মোক্ষ যখন কূটস্থ নিত্য; তখন আর বলিতে পার না যে, পরিণামিত্ববিজ্ঞানে আমার পরিণামিত্ব ফল হইতে পারে। অর্থাৎ সমস্ত জগৎ ব্রহ্মের পরিণাম, এইরূপ জ্ঞানে আমার আত্মাও ব্রহ্মভাবে পরিণত হয়, এরূপ নিশ্চয় করা অযুক্ত।

[নমু...শ্রুতিভ্যশ্চ] যদি বল, কূটস্থ ব্রহ্মবাদীদিগের মতে একত্বই ঐকান্তিক, তাঁহাদের মতে এক বৈ দুই নাই; সুতরাং নিয়ম্য ও নিয়ন্তা এ দুএর কিছুই নাই। নিয়ম্য নিয়ন্তা না থাকায় "ঈশ্বরই জগৎকারণ" এ প্রতিজ্ঞাও থাকে না, বিভগ্ন হয়। আমরা বলি, ঐ পূর্ব্বপক্ষ করিতে পার না। কারণ, সর্ব্বজ্ঞত্ব ও সর্ব্বকর্তৃত্বধর্ম্ম অবিদ্যক নামরূপাত্মক বীজের বিকাশ-সাপেক্ষ অর্থাৎ কল্পিত দ্বৈতঘটিত। সেই এই আত্মা হইতে আকাশের সম্ভূতি অর্থাৎ বিকাশ হইয়াছে।" এইরূপ এইরূপ সৃষ্টিবাক্যের দ্বারা জানা যায়, নিত্য-শুদ্ধ-বুদ্ধ-মুক্তস্বরূপ সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তি পরমেশ্বর হইতেই জগতের উৎপত্তি স্থিতি ও লয় হয়। অচেতন প্রধান অথবা কেবল

প্রতিজ্ঞা তদবস্থৈব ন তদ্বিরুদ্ধোঽর্থঃ পুনরিহোচ্যতে। কথং নোচ্যতে—অত্যন্তমাত্মন একত্বমদ্বিতীয়ত্বঞ্চ ব্রুবতা। শৃণু, যথা নোচ্যতে। সর্ব্বজ্ঞস্যেশ্বরস্যাত্মভূতে ইবাবিদ্যাকল্পিতে নামরূপে তত্ত্বান্যত্বাভ্যামনির্ব্বচনীয়ে সংসারপ্রপঞ্চবীজভূতে সর্ব্বজ্ঞস্যেশ্বরস্য মায়া শক্তিঃ প্রকৃতিরিতি চ শ্রুতিস্মৃত্যোরভিলপ্যেতে, তাভ্যামন্যঃ সর্ব্বজ্ঞ ঈশ্বরঃ, "আকাশো বৈ নামনামরূপয়োর্নির্ব্বহিতা, তে যদন্তরা তদ্‌ব্রহ্ম" ইতি শ্রুতেঃ। "নামরূপে ব্যাকরবাণি," "সর্ব্বাণি রূপাণি বিচিত্য ধীরো নামানি কৃত্বাভিবদন্ যদাস্তে," "একং বীজং বহুধা যঃ করোতি" ইত্যাদিশ্রুতিভ্যশ্চ।

এবমবিদ্যাকৃত-নামরূপোপাধ্যনুরোধীশ্বরো ভবতি—ব্যোমেব ঘটকরকাদ্যুপাধ্যনুরোধি। স চ স্বাত্মভূতানেব ঘটাকাশস্থা-

এতদুক্তং ভবতি। ন তাত্ত্বিকমৈশ্বর্য্যং সর্ব্বজ্ঞত্বঞ্চ ব্রহ্মণঃ, কিং ত্ববিদ্যোপা-

পরমাণু প্রভৃতি হইতে এ সকল হয় না। এ কথা বা এ তত্ত্ব "জন্মাদ্যস্য যতঃ" এই সূত্রে প্রতিজ্ঞাত হইয়াছে। যে প্রতিজ্ঞা ঐ ঈশ্বরকারণপ্রতিজ্ঞাসূত্রে কৃত হইয়াছে, সে প্রতিজ্ঞা এখানে ঠিকই আছে, কিছুমাত্র বিভগ্ন হয় নাই, একটীও তদ্বিরুদ্ধ কথা বলা হয় নাই। কেন হয় নাই?—যখন আত্যন্তিক একত্ব বা অদ্বিতীয়ত্ব বলা হইতেছে, তখন কি প্রকারে সে প্রতিজ্ঞা রক্ষিত হইবে? ইহার প্রত্যুত্তর শুন। অবিদ্যাকল্পিত নামরূপ—যাহা সত্যের অথবা মিথ্যার দ্বারা নির্ব্বচনীয় নহে—যাহাকে অস্তিনাস্তি কোনও প্রকারে নির্দ্দেশ করা যায় না, তাহা সর্ব্বজ্ঞ ঈশ্বরের প্রায় আত্মভূত। সেই কল্পিত অথচ ঈশ্বরাশ্রিত অনির্ব্বাচ্য মিলিত পদার্থদ্বয় শ্রুতিতে ও স্মৃতিতে মায়া, শক্তি ও প্রকৃতি নামে কথিত হইয়াছে। ঈশ্বর সেই দুই পদার্থ হইতে ভিন্ন। এ বিষয়ে শ্রুতি প্রমাণ যথা—"আকাশই (ব্রহ্ম) নামরূপের নির্ব্বাহক। যিনি নামরূপ হইতে ভিন্ন, অথচ নামরূপের নির্ব্বাহক, তিনিই ব্রহ্ম।" "ব্রহ্ম আলোচনা করিলেন, আমি নামরূপের বিকাশ করিব।" "সেই ধীর (ব্রহ্ম) সমুদায় রূপের কল্পনা করিয়া এবং সে সকলের নাম-প্রদানপূর্ব্বক সে সকল নাম উচ্চারণ করতঃ বিদ্যমান আছেন।" "যিনি এক বীজকে বহুপ্রকার করিয়াছেন।" ইত্যাদি।

[এব…বস্তুতে] ঈশ্বর সেই অবিদ্যক নামরূপ উপাধির দ্বারা উপহিত। আকাশ যেমন ঘটাদি উপাধি দ্বারা উপহিত, সেইরূপ। ঈশ্বর আপনার আত্মভূত ঘটাকাশাদিস্থানীয় অবিদ্যাকর্ত্তৃক প্রত্যুপস্থাপিত নামরূপের দ্বারা নির্ম্মিত কার্য্য-

নীয়ানবিদ্যাপ্রত্যুপস্থাপিত-নামরূপকৃতকার্য্যকরণসঙ্ঘাতানুরোধিনো জীবাখ্যান্ বিজ্ঞানাত্মনঃ প্রতীষ্টে ব্যবহারবিষয়ে। তদেবমবিদ্যাত্মকোপাধি-পরিচ্ছেদাপেক্ষমেবেশ্বরস্যেশ্বরত্বং সর্ব্বজ্ঞত্বং সর্ব্বশক্তিত্বঞ্চ, ন পরমার্থতো বিদ্যয়াপাস্তসর্ব্বোপাধিস্বরূপে আত্মনীশিত্রীশিতব্যসর্ব্বজ্ঞত্বাদিব্যবহার উপপদ্যতে। তথা চোক্তম্—"যত্র নান্যৎ পশ্যতি নান্যচ্ছৃণোতি, নান্যদ্বিজানাতি, স ভূমা" ইতি, "যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূৎ, তৎ কেন কং পশ্যেৎ," ইত্যাদি চ। এবং পরমার্থাবস্থায়াং সর্ব্বব্যবহারাভাবং বদন্তি বেদান্তাঃ। তথেশ্বরগীতাস্বপি—

"ন কর্ত্তৃত্বং ন কর্ম্মাণি লোকস্য সৃজতি প্রভুঃ।
ন কর্ম্মফলসংযোগং স্বভাবস্তু প্রবর্ত্ততে ॥
নাদত্তে কস্যচিৎ পাপং ন চৈব সুকৃতং বিভুঃ।
অজ্ঞানেনাবৃতং জ্ঞানং তেন মুহ্যন্তি জন্তবঃ ॥" ইতি

করণসংঘাতরূপ (কার্য্য = দেহ, করণ = ইন্দ্রিয়। সংঘাত ঐ সমুদায়ের মেলন বা সমষ্টি) উপাধিতে অনুরক্ত জীবনামক বিজ্ঞানাত্মাদিগকে নিয়মিত ব্যবহারে পরিচালিত করিতেছেন। কথিত প্রকার আবিদ্যক উপাধির পরিচ্ছেদ (ভেদ) অনুসারেই ঈশ্বরের ঈশ্বরত্ব, সর্ব্বজ্ঞত্ব ও সর্ব্বশক্তিত্ব, কিন্তু পরমার্থদর্শনে তিনি এক, অদ্বয়। তত্ত্বজ্ঞানে সেই উপাধির বিগম হয়; সুতরাং পরমার্থদর্শনে পরমাত্মার নিয়ম্যনিয়ামকতা ও সর্ব্বজ্ঞতা কোনরূপ ভেদ বা ভেদমূলক ব্যবহার থাকে না, এবং থাকা উপপন্নও হয় না।* [তথাচোক্তং...বেদান্তাঃ] শ্রুতি সকল বলিয়াছেন, "জীব যখন অন্য কিছু দেখে না, শুনে না, জানে না, সে অবস্থাই ভূমা অর্থাৎ ব্রহ্মস্বরূপ।" "যখন এ সকলই তাহার (জ্ঞানীর) আত্মা হয়, আত্মাতিরিক্ত দর্শন হয় না, অর্থাৎ রজ্জুতে সর্পভ্রম-বিনিবৃত্তির ন্যায় আত্মাতে সমুৎপন্ন জগৎভ্রম তিরোহিত হয়, তখন আর কে কি দিয়া কোন বস্তু দেখিবে ?" বেদান্তশাস্ত্র এইরূপে পরমার্থাবস্থায় ব্যবহার-বিলোপের কথা বলিয়াছেন। [তথে...প্রদর্শ্যতে] ঈশ্বর-গীতাতেও পরমার্থাবস্থায় নিয়ন্তৃত্ব ও নিয়ম্যত্ব (নিয়ন্তা ঈশ্বর, জীব নিয়ম্য) নাই, এরূপ কথিত হইয়াছে। যথা—"প্রভু জীবের সম্বন্ধে কর্ত্তৃত্ব কর্ম্মত্ব কিছুই সৃষ্টি করেন না। কর্ম্মের ফলভোগও প্রয়োগ করেন না। স্বভাবই (প্রকৃতি) প্রবর্ত্তমান হয় অর্থাৎ প্রকৃতিই সমস্ত করে। বিভু পরমাত্মা কাহার সুকৃত বা দুষ্কৃত গ্রহণ করেন না। জ্ঞান

---

* ভাবার্থ এই যে, অবিদ্যা-উপাধির দ্বারা পরিকল্পিত ভেদ থাকাতেই বিম্বস্থানীয় ঈশ্বরত্ব এবং প্রতিবিম্বস্থানীয় জীবসমূহের নিয়ম্যত্ব হয়। বিম্বস্থানীয় ঈশ্বর স্বকীয় উপাধির অন্তর্গত সমুদায় জীবকে পালনাদি করেন।

পরমার্থাবস্থায়ামীশিত্রীশিতব্যাদিব্যবহারাভাবঃ প্রদর্শ্যতে। ব্যবহারাবস্থায়াস্তুক্তঃ শ্রুতাবপীশ্বরাদিব্যবহারঃ—"এষ সর্ব্বেশ্বর এষ ভূতাধিপতিরেষ ভূতপাল এষ সেতুর্ব্বিধরণ এষাং লোকানামসম্ভেদায়" ইতি। তথেশ্বরগীতাস্বপি—

"ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশেঽর্জ্জুন তিষ্ঠতি।
ভ্রাময়ন্ সর্ব্বভূতানি যন্ত্রারূঢ়ানি মায়য়া॥" ইতি

সূত্রকারোঽপি পরমার্থাভিপ্রায়েণ তদনন্যত্বমিত্যাহ, ব্যবহারাভিপ্রায়েণ তু "স্যাল্লোকবৎ" ইতি মহাসমুদ্রাদিস্থানীয়তাং ব্রহ্মণঃ কথয়তি, অপ্রত্যাখ্যায়ৈব কার্য্যপ্রপঞ্চং পরিণামপ্রক্রিয়াঞ্চাশ্রয়তি, সগুণোপাসনেষূপযুজ্যত ইতি॥ ২। ১। ১৪॥

ভাবে চোপলব্ধেঃ॥ ২। ১। ১৫॥ *

ইতশ্চ কারণাদনন্যত্বং কার্য্যস্য, যৎ কারণং ভাব এব

ধিকম্ ইতি তদাশ্রয়ং প্রাতিজ্ঞাসূত্রং, তদাশ্রয়ঞ্চ তদনন্যত্বসূত্রং, তেনাবিরোধঃ। সুগমমন্যৎ॥ ২। ১। ১৪॥

কারণস্য ভাবঃ সত্তা চোপলম্ভশ্চ তস্মিন্ কার্য্যস্যোপলব্ধের্ভাবাচ্চ। এতদুক্তং

অর্থাৎ চিদ্বপুঃ আত্মা অজ্ঞানে আবৃত থাকে, তাই জীবগণ মুগ্ধ হয়।" [ব্যব... মিত্যাহ] যত দিন ব্যবহারাবস্থা থাকে, পারমার্থিক অবস্থা না আইসে, ততদিনই জীবের ব্যবহার থাকে। শ্রুতিও ঐ ব্যবহারকালেই ঈশ্বরের ঈশ্বরত্ব বর্ণন করিয়াছেন। যথা—"ইনিই সমুদায়ের ঈশ্বর, ইনিই ভূতগ্রামের অধিপতি (অধিষ্ঠাতা), ইনিই ভূতসংঘের পালক, "এবং ইনিই এই সেতুর ন্যায় লোকের বিধারক—নিয়মপরিপাটীর মর্য্যাদাস্বরূপ (সীমাস্বরূপ)।" ঈশ্বরগীতাতেও এইরূপ আছে। যথা—"হে অর্জ্জুন, ঈশ্বর সমুদায় ভূতের হৃদয়দেশে (বুদ্ধিবৃত্তিতে) আছেন এবং মায়ার দ্বারা যন্ত্রারূঢ় (যন্ত্র = দেহ) ভূতদিগকে ঘুরাইতেছেন (ভ্রমযুক্ত করিতেছেন)।" সূত্রকার ব্যাসও পরমার্থ অভিপ্রায়েই অভেদ বলিয়াছেন, ব্যবহার অভিপ্রায়ে বলেন নাই। [ব্যব...যুজ্যত ইতি] ব্যবহার অভিপ্রায়ে লোকবৎ অর্থাৎ লৌকিক দৃষ্টান্ত প্রদর্শনার্থ পরব্রহ্মকে মহাসমুদ্রতুল্য বলিয়াছেন, এবং সগুণ উপাসনার উপযোগী বলিয়া কার্য্যপ্রপঞ্চের (জগতের) প্রত্যাখ্যান (নিষেধ) না করিয়াই তাহার পরিণামপ্রণালী বর্ণন করিয়াছেন॥ ২। ১। ১৪॥

কার্য্য যে কারণ হইতে ভিন্ন নহে—অভিন্ন, তৎপ্রতি অন্যহেতু হেতু এই যে,

---

* কারণস্য ভাবে সত্ত্বে উপলব্ধৌ চ কার্য্যস্য সত্ত্বাৎ উপলব্ধেশ্চ কার্য্যস্য অনন্যত্বমিতি সূত্রার্থঃ।

গত্যাদিবৎ। ক্রিয়া চ নাম স্যাৎ, অকর্ত্তৃকা চ,—ইতি বিপ্রতিষিধ্যেত। ঘটস্য চোৎপত্তিরুচ্যমানা ন ঘটকর্ত্তৃকা, কিং তর্হি? অন্যকর্ত্তৃকেতি কল্প্যা স্যাৎ। তথা কপালাদীনামপ্যুৎপত্তিরুচ্যমানাঽন্যকর্ত্তৃকৈব কল্প্যেত। তথা চ সতি ঘট উৎপদ্যতে ইত্যুক্তে কুলালাদীনি কারণান্যুৎপদ্যন্ত ইত্যুক্তং স্যাৎ। ন চ লোকে ঘটোৎপত্তিরিত্যুক্তে কুলালাদীনামপ্যুৎপদ্যমানতা প্রতীয়তে, উৎপন্নতাপ্রতীতেশ্চ।

অথ স্বকারণসত্ত্বসম্বন্ধ এবোৎপত্তিরাত্মলাভশ্চ কার্য্যস্যেতি চেৎ, কথমলব্ধাত্মকং সম্বধ্যেতেতি বক্তব্যম্। সতোর্হি দ্বয়োঃ সম্বন্ধঃ সম্ভবতি, ন সদসতোরসতোর্ব্বা, অভাবস্য চ নিরুপাখ্যত্বাৎ

পদ্যতে—ঘটো ভবতীতি প্রয়োগঃ, ইত্যত আহ—"ঘটস্য চোৎপত্তিরুচ্যমানা" ইতি। উৎপাদনা হি সিদ্ধানাং কপালকুলালাদীনাং ব্যাপারো নোৎপত্তিঃ। ন চোৎপাদনৈবোৎপত্তিঃ, প্রযোজ্যপ্রযোজকব্যাপারয়োর্ভেদাৎ, অভেদে বা টমুৎপাদয়তীতিবৎ ঘটমুৎপদ্যত ইত্যপি প্রসঙ্গাৎ। তস্মাৎ করোতিকারয়ত্যোরিব ঘটগোচবয়োর্ভৃত্যস্বামিসমবেতয়োরুৎপত্ত্যুৎপাদনয়োরধিষ্ঠানভেদোঽভ্যুপেতব্যঃ। তত্র কপালকুলালাদীনাং সিদ্ধানামুৎপাদনাধিষ্ঠানানাং নোৎপত্ত্যধিষ্ঠানত্বমস্তীতি পারিশেষ্যাৎ ঘট এব সাধ্য উৎপত্তেরধিষ্ঠানমেষিতব্যঃ। ন চাঽসাবসন্নধিষ্ঠানং ভবিতুমর্হতীতি সত্ত্বমস্যাভ্যুপেয়ম্। এবঞ্চ ঘটো ভবতীতি ঘটব্যাপারস্য ধাতুপাত্তত্বাৎ তত্রাস্য কর্ত্তৃত্বমুপপদ্যতে, তণ্ডুলানামিব সতাং বিক্লিত্তৌ বিক্লিদ্যন্তি তণ্ডুলা ইতি।

শঙ্কতে—"অথ স্বকারণসত্তাসম্বন্ধ এবোৎপত্তিঃ" ইতি। এতদুক্তং ভবতি—নোৎপত্তির্নাম কশ্চিদ্‌ব্যাপারঃ, যেনাসিদ্ধস্য কথমত্র কর্ত্তৃত্বমিত্যনুযুজ্যেত, কিন্তু স্বকারণসমবায়ঃ স্বসত্তাসমবায়ো বা। স চাসতোঽপ্যবিরুদ্ধ ইতি সোঽপ্যসতোঽনুপপন্ন ইত্যাহ—"কথমলব্ধাত্মকং" ইতি। অপি চ, প্রাগুৎপত্তেরসত্ত্বং কার্য্যস্যেতি কার্য্যাভাবস্য ভাবেন মর্য্যাদাকরণমনুপপন্নমিত্যাহ—"অভাবস্য চ" ইতি। স্যাদে-

প্রভৃতি কারণ উৎপন্ন হইতেছে, এরূপ কখনও বলা যায় না। কেন-না, ঘটোৎপত্তি শব্দে কুলালাদির উৎপত্তি প্রতীত হয় না, পরন্তু উহাদের উৎপন্নতাই প্রতীত হয়।

[অথ···ভবিষ্যতীতি] কারণ দ্রব্যে কার্য্যের সত্তাসম্বন্ধ হইলেই কার্য্যের উৎপত্তি ও আত্মলাভ (স্বরূপনিষ্পত্তি) হয়, এ কথা বলিলেও আমরা জিজ্ঞাসা করিব যে, যাহার কোন স্বরূপ নাই, কি প্রকারে তাহার সম্বন্ধ ঘটনা হইবে? বিদ্যমান পদার্থদ্বয়েরই পরস্পর সম্বন্ধ সম্ভব হয়, বিদ্যমানে ও অবিদ্যমানে, অথবা দুইটী অবিদ্যমানে পরাপবসম্বন্ধ সম্ভব হয় না। অভাব পদার্থ মিথ্যা বা তুচ্ছ, সুতরাং তাহার "উৎপত্তি

প্রাগুৎপত্তেরিতি মর্য্যাদাকরণমনুপপন্নম্। সতাং হি লোকে ক্ষেত্রগৃহাদীনাং মর্য্যাদা দৃষ্টা, নাভাবস্য। ন হি বন্ধ্যাপুত্রো রাজা বভূব প্রাক্ পূর্ণবর্ম্মণোঽভিষেকাদিত্যেবঞ্জাতীয়কেন মর্য্যাদাকরণেন নিরুপাখ্যো বন্ধ্যাপুত্রো রাজা বভূব ভবতি ভবিষ্যতি ইতি বা বিশেষ্যতে। যদি চ বন্ধ্যাপুত্রঃ কারকব্যাপারাদূর্দ্ধমভবিষ্যৎ, তত ইদমপি উপাপৎস্যত—কার্য্যাভাবোঽপি কারকব্যাপারাদূর্দ্ধং ভবিষ্যতীতি। বয়ন্তু পশ্যামো বন্ধ্যাপুত্রস্য কার্য্যাভাবস্য চাভাবত্বাবিশেষাৎ, যথা বন্ধ্যাপুত্রঃ কারকব্যাপারাদূর্দ্ধং ন ভবিষ্যতি, এবং কার্য্যাভাবোঽপি কারকব্যাপারাদূর্দ্ধং ন ভবিষ্যতীতি।

নন্বেবং সতি কারকব্যাপারোঽনর্থকঃ প্রসজ্যেত, যথৈব হি প্রাক্‌সিদ্ধত্বাৎ কারণস্য স্বরূপসিদ্ধয়ে ন কশ্চিদ্ব্যাপ্রিয়তে, এবং প্রাক্‌সিদ্ধত্বাৎ তদনন্যত্বাচ্চ কার্য্যস্বরূপপ্রসিদ্ধয়েঽপি ন কশ্চিদ্ব্যাপ্রিয়েত, ব্যাপ্রিয়তে চ। অতঃ কারকব্যাপারার্থবত্ত্বায় মন্যামহে

তৎ, অত্যন্তাভাবস্য বন্ধ্যাসুতস্য মাভূন্মর্য্যাদা, অনুপাখ্যো হি সঃ, ঘটপ্রাগভাবস্য তু ভবিষ্যতা ঘটেনোপাখ্যেয়স্যাঽস্তি মর্য্যাদেত্যত আহ।—"যদি চ বন্ধ্যাপুত্রঃ কারকব্যাপারাৎ" ইতি। উক্তমেতদধস্তাৎ—যথা ন জাতু ঘটঃ পটো ভবত্যেবমসদপি সন্ন ভবতীতি। তস্মান্মৃৎপিণ্ডে ঘটস্যাসত্ত্বেঽত্যন্তাসত্ত্বমেবেতি।

"অত্রাসৎকার্য্যবাদী চোদয়তি "নন্বেবং সতি" ইতি। প্রাক্ প্রসিদ্ধমপি কার্য্যং কদাচিৎ কারণেন যোজয়িতুং ব্যাপারোঽর্থবান্ ভবেদিত্যত আহ—"তদনন্যত্বাচ্চ"

কিম্বা পূর্ব্বে" এরূপ মর্য্যাদা প্রদান (সীমা কারণ) হইতে পারে না। অপিচ, যাহা সৎ—যাহা আছে— তাহাকেই সীমা দেওয়া যাইতে পারে। গৃহাদি সৎ, সে জন্য, গৃহাদিরই সীমা হয়, অসৎ বা অভাবের সীমা হয় না। রাজা পূর্ণবর্ম্মার অভিষেকের পূর্ব্বে বন্ধ্যাপুত্র রাজা হইয়াছিল, এ বাক্য যেমন নিরর্থক, উক্ত বাক্যও সেইরূপ। কারক-ব্যাপারের পরে যদি বন্ধ্যাপুত্র হয় বা থাকে, তাহা হইলে কার্য্যাভাবও কারকব্যাপারের পরে হইতে বা থাকিতে পারে। আমরা দেখিতেছি, কারকব্যাপারের পশ্চাৎ বন্ধ্যাপুত্রও অসৎ, কার্য্যাভাবও অসৎ।

[নন্বেবং ..ভাণি] যদি বল, সৎকার্য্য পক্ষে কারক-ব্যাপারের আনর্থক্য হয়, অর্থাৎ যাহা থাকে, কর্ত্তা তাহার আর কি করিবে? যেমন পূর্ব্বসিদ্ধ কারণের স্বরূপনিষ্পত্তির জন্য কোনও ব্যক্তি যত্নবান্ হয় না, (যাহা আছে, সুতরাং তাহা

প্রাগুৎপত্তেরভাবঃ কার্য্যস্যেতি। নৈষ দোষঃ। যতঃ কার্য্যাকারেণ কারণং ব্যবস্থাপয়তঃ কারকব্যাপারস্যার্থবত্ত্বমুপপদ্যতে। কার্য্যাকারোঽপি কারণস্যাত্মভূত এব, অনাত্মভূতস্যানারভ্যত্বাদিত্যভাণি। ন চ বিশেষদর্শনমাত্রেণ বস্ত্বন্যত্বং ভবতি। ন হি দেবদত্তঃ সঙ্কোচিতহস্তপাদঃ প্রসারিতহস্তপাদশ্চ বিশেষেণ দৃশ্যমানোঽপি বস্ত্বন্যত্বং গচ্ছতি, স এবেতি প্রত্যভিজ্ঞানাৎ। তথা প্রতিদিনমনেকসংস্থানানামপি পিত্রাদীনাং ন বস্ত্বন্যত্বং ভবতি, মম পিতা মম মাতা মম ভ্রাতা ইতি প্রত্যভিজ্ঞানাৎ। জন্মোচ্ছেদানন্তরিতত্বাৎ তত্র তত্র যুক্তং, নান্যত্রেতি চেৎ, ন, ক্ষীরাদীনামপি দধ্যাদ্যাকারসংস্থানস্য প্রত্যক্ষত্বাৎ। অদৃশ্য-

---

ইতি। পরিহরতি।—"নৈষ দোষঃ" ইতি। উক্তমেতৎ, যথা ভুজঙ্গতত্ত্বং ন রজ্জোর্ভিদ্যতে, রজ্জুরেব হি তৎ, কাল্পনিকস্ত ভেদঃ, এবং বস্তুতঃ কার্য্যতত্ত্বং ন কারণাদ্‌ভিদ্যতে, কারণস্বরূপমেব হি তৎ, অনির্ব্বাচ্যস্ত কার্য্যরূপং, ভিন্নমিবাভিন্নমিব চাবভাসত ইতি। তদিদমুক্তং "বস্ত্বন্যত্বং" ইতি। বস্তুতঃ পরমার্থতোঽন্যত্বং ন

করিতে হয় না), তেমনি, কার্য্যের জন্য যত্নবান্ না হওয়াই উচিত। কার্য্য যদি থাকে, তবে কিসের জন্য যত্ন? কারকের (দণ্ডচক্রাদির) আয়োজনই বা কেন? তাহাতে ব্যাপার প্রয়োগই বা কেন? অতএব, কারক-ব্যাপারের সার্থক্যসিদ্ধির জন্যই মানা উচিত যে, উৎপত্তির পূর্ব্বে কার্য্য থাকে না, পরে উৎপন্ন হয়। (যেহেতু থাকে না, সেই হেতুই তাহা করিতে হয়)। এ প্রশ্নের প্রত্যুত্তর এই যে, কার্য্য দ্রব্য থাকিলেও কারকের আয়োজন ও সে সকলে ক্রিয়াপ্রয়োগ ব্যর্থ বা নিষ্ফল নহে। কার্য্য থাকে বটে; কিন্তু কার্য্যাকারে থাকে না। কার্য্যাকারে থাকে না বলিয়াই তাহার কার্য্যাকারতা-সম্পাদনার্থ কারকব্যাপারের প্রয়োজন হয়। কারক-ব্যাপার কার্য্যাকার প্রাপ্ত করায়, সুতরাং তাহা সার্থক, অনর্থক নহে। সেই কার্য্যাকার কারণের স্বরূপসন্নিবিষ্ট। যাহা যাহার স্বরূপ সন্নিবিষ্ট-নহে—তাহা তাহার আরভ্যও (জন্যও) নহে, এ কথা পূর্ব্বেও বলা হইয়াছে। [ন চ... জ্ঞানাৎ] আকার গত বিশেষ থাকিলেই যে বস্তু ভিন্ন হয়, তাহা হয় না। মনুষ্য এক সময়ে সঙ্কুচিত-হস্তপাদ ও অন্য সময়ে প্রসারিত-হস্তপাদ, এই দ্বিবিধ আকারে পরিদৃষ্ট হইলেও মনুষ্য একই। পূর্ব্বের সঙ্কুচিত হস্তপাদ মনুষ্যই ইদানীং প্রসারিত-হস্তপাদ হইয়া যাইতেছে, ইহা প্রত্যভিজ্ঞাপ্রমাণসিদ্ধ। প্রতিদিনই পিতা প্রভৃতি বিভিন্নাকারে দৃষ্ট হন, তাই বলিয়া তাঁহারা কি নিত্য নূতন হন? ভিন্নাকারদর্শন কালেও আমার পিতা আমার মাতা আমার ভ্রাতা এবম্বিধ জ্ঞান হইয়া থাকে। [জন্ম...সংজ্ঞা] দিন দিন পিত্রাদিদেহের পরিবর্ত্তন হয় সত্য; কিন্তু জন্ম ও

মানানামপি বটধানাদীনাং সমানজাতীয়াবয়বান্তরোপচিতানামঙ্কুরাদিভাবেন দর্শনগোচরতাপত্তৌ জন্মসংজ্ঞা, তেষামেবাবয়বানাং অপচয়বশাদদর্শনতাপত্তাবুচ্ছেদসংজ্ঞা। তত্রেদৃক্-জন্মোচ্ছেদান্তরিতত্বেন চেদসতঃ সত্ত্বাপত্তিঃ সতশ্চাসত্ত্বাপত্তিঃ, তথা সতি গর্ভবাসিন উত্তানশায়িনশ্চ ভেদপ্রসঙ্গঃ। তথা বাল্যযৌবনস্থাবিরেষ্বপি ভেদপ্রসঙ্গঃ, পিত্রাদিব্যবহারলোপপ্রসঙ্গশ্চ। এতেন ক্ষণভঙ্গবাদঃ প্রতিবদিতব্যঃ।

যস্য পুনঃ প্রাগুৎপত্তেরসৎ কার্য্যং, তস্য নির্ব্বিষয়ঃ কারকব্যাপারঃ স্যাৎ, অভাবস্য বিষয়ত্বানুপপত্তেঃ। আকাশস্য

বিশেষদর্শনমাত্রান্তবর্তি। সাম্ব্যবহারিকে তু কথঞ্চিত্তত্ত্বান্তত্বে ভবত এবেত্যর্থঃ। অনয়ৈব হি দিশা এষ সন্দর্ভো যোজ্যঃ।

অসৎকার্য্যবাদিনং প্রতি দূষণান্তরমাহ—"যস্য পুনঃ" ইতি। কার্য্যস্তু কারণাদ-

---

উচ্ছেদ হয় না। যেহেতু জন্ম ও উচ্ছেদ হয় না, সেই হেতুই পিত্রাদিশরীর অভিন্ন। দুগ্ধ প্রভৃতিতে উচ্ছেদ ও দধি প্রভৃতিতে জন্ম দৃষ্ট হয়, সুতরাং উক্ত উভয় বস্তু ভিন্ন, (জন্ম ও বিনাশ এই দুই বিরুদ্ধ ধর্ম্মের আগমন থাকায় কার্য্যকারণেরও ভিন্নতাই সিদ্ধ হয়, (অভেদ অসিদ্ধ), এ কথাও বলিবার যোগ্য নহে। কেন-না, দুগ্ধই দধির আকারে এবং মৃত্তিকাই ঘটের আকারে প্রত্যক্ষ হয়, সুতরাং তাহাতে উচ্ছেদ ও জন্ম উভয়ই অসিদ্ধ। বটবৃক্ষ বটবীজে সূক্ষ্মতানিবন্ধন অদৃশ্য থাকে, পরে সজাতীয় অবয়বের (পরমাণুর) প্রবেশ দ্বারা বৃদ্ধিপ্রাপ্ত হয়, তখন তাহা অঙ্কুরাদিরূপে দৃষ্টিগোচর হয়। তদ্রূপে দৃষ্টিগোচর হওয়ার নাম জন্ম এবং অবয়বের ক্ষয় বশতঃ যখন তাহা দৃষ্টিপথের অতীত হয়, তখন তাহা উচ্ছেদ ও বিনাশ আখ্যা ধারণ করে। [তত্রেদৃক্...প্রসঙ্গশ্চ] যদি তদ্রূপ জন্মের ও বিনাশের আবরণ দৃষ্টে (অবয়বের বৃদ্ধি ও হ্রাস দেখিয়া) বস্তুর ভিন্নতা অবধারণ কর, অনুমান কর, এবং তদনুসারে অসতের উৎপত্তি ও সতের বিনাশ স্বীকার কর, তাহা হইলে গর্ভবাসীর ও উত্তানশায়ীরও ভিন্নতা স্বীকার করা উচিত। যে গর্ভবাস করিয়াছিল, সে ইদানীং উত্তানশায়ী, ইহা বলিতে পার না)। অপিচ, বাল্য, যৌবন, বার্দ্ধক্য এ সকল অবস্থাতেও ব্যক্তির ভিন্নতা স্বীকার করিতে হয়, করিলে পিত্রাদি-ব্যবহার লোপ প্রাপ্ত হয়। (যৌবনে যাহাকে পিতা বলিয়াছ, বার্দ্ধক্যে তাহাকে পিতা বলিতে পার না)। [এতেন...তব্য] এই বিচারের দ্বারা বা এই সকল অসৎকার্য্যবাদনিরাসক যুক্তির দ্বারা ক্ষণিকবাদেরও প্রতিবাদ করা হইল বুঝিতে হইবে।

[যস্য...কল্পায়তুম্] উৎপত্তির পূর্ব্বে কার্য্য থাকে না, কোন আকারে থাকে না, এতন্মতে কারক-ব্যাপারের নৈষ্ফল্য জানিবে। কারণ, অভাব (যাহা নাই, তাহা) কাহারও বিষয় হয় না। অযোগ্য বিষয়ে কোনও কারক কৃতকার্য্য

হননপ্রয়োজন-খড়্গাদ্যনেকায়ুধপ্রযুক্তিবৎ। সমবায়িকারণবিষয়ঃ কারকব্যাপারঃ স্যাদিতি চেৎ, ন, অন্যবিষয়েণ কারক-ব্যাপারেণান্যনিষ্পত্তেরতিপ্রসঙ্গাৎ। সমবায়িকারণস্যৈবাত্মাতিশয়ঃ কার্য্যমিতি চেৎ, তর্হি সৎকার্য্যতাপত্তিঃ। তস্মাৎ ক্ষীরাদীন্যেব দ্রব্যাণি দধ্যাদিভাবেনাবতিষ্ঠমানানি কার্য্যাখ্যাং লভন্ত ইতি ন কারণাদন্যৎ কার্য্যং বর্ষশতেনাপি শক্যং কল্পয়িতুম্। তথা চ মূলকারণমেবান্ত্যাৎ কার্য্যাৎ তেন তেন কার্য্যাকারেণ নটবৎ সর্ব্বব্যবহারাস্পদত্বং প্রতিপদ্যতে। এবং যুক্তেঃ কার্য্যস্য প্রাগুৎপত্তেঃ সত্ত্বমনন্যত্বঞ্চ কারণাদবগম্যতে, শব্দান্তরাচ্চৈতদবগম্যতে।

পূর্ব্বসূত্রেঽসদ্ব্যপদেশিনঃ শব্দস্যোদাহৃতত্বাৎ, ততোঽন্যঃ সদ্ব্যপদেশী শব্দঃ শব্দান্তরম্। "সদেব সোম্যেদমগ্র আসীৎ"

ভেদে সবিষয়ত্বং কারকব্যাপারস্য স্যান্নান্যথেত্যর্থঃ। "মূলকারণং" ব্রহ্ম

হয় না। শত শত খড়্গাদি অস্ত্র প্রয়োগ করিলেও আকাশের ছেদ ভেদ সংঘটন হয় না। কারক সকল সমবায়ী কারণকে বিষয় করে, সমবায়ী কারণেই ব্যাপৃত থাকে, এ কথাও বলিবার অযোগ্য। কারণ, একের ব্যাপারে অন্যের উৎপত্তি অসম্ভব। সম্ভব বলিলে অতিব্যাপ্তি দোষ হইবে। দণ্ডচক্রাদি কারক মৃত্তিকায় ব্যাপৃত (ব্যাপার = কার্য্যজনক ক্রিয়াবিশেষ) হইলে কখনও কি সুবর্ণের উৎপত্তি হয় ? তাহা হয় না। কার্য্যকে সমবায়ী কারণের আতিশয্যবিশেষও (অতিশয় = রূপান্তর-শক্তিও) বলিতে পারিবে না। বলিলে সৎকার্য্যবাদ স্বীকৃত হইবেক। সেই জন্যই বলি, দুগ্ধাদি দ্রব্য দধ্যাদিভাবে অবস্থিত হইলে তাহা কার্য্যনাম প্রাপ্ত হয় এবং শতবর্ষ ব্যাপিয়া চেষ্টা করিলেও কার্য্যের কারণাতিরিক্ততা প্রতিপাদন করিতে পারিবে না। [তথাচ...গম্যতে] প্রবর্ত্তিত বিচারে এই ফল ফলিতেছে যে, এক মূলকারণই চরম কার্য্য পর্য্যন্ত সেই সেই কার্য্যের আকারে নটের ন্যায় সমুদয় ব্যবহারের আস্পদ হইতেছে। প্রদর্শিত যুক্তিতে উৎপত্তির পূর্ব্বে কার্য্যের অস্তিত্ব ও কারণাভিন্নত্ব সিদ্ধ হয় অর্থাৎ জানা যায়। যেমন যুক্তির দ্বারা জানা যায়, তেমনি, শব্দান্তরের দ্বারাও জানা যায়।

[পূর্ব্ব...ধারয়তি] পূর্ব্ব সূত্রে যে অসতের উল্লেখী শব্দের উদাহরণ গৃহীত হইয়াছে, তদ্বিপরীত সৎ-শব্দই শব্দান্তর। শ্রুতিতে সৎ-শব্দের উল্লেখ থাকাতেও উৎপত্তির পূর্ব্বে কার্য্যের অস্তিত্ব ও কারণাভিন্নত্ব জানা যায়। যথা—"হে সোম্য,

"একমেবাদ্বিতীয়ং" ইত্যাদি "তদ্ধৈক আহুঃ, অসদেবেদমগ্র-আসীৎ" ইতি চাসৎপক্ষমুপক্ষিপ্য কথমসতঃ সজ্জায়েতেত্যাক্ষিপ্য "সদেব সোম্যেদমগ্র আসীৎ" ইত্যবধারয়তি। তত্রেদং-শব্দ-বাচ্যস্য কার্য্যস্য প্রাগুৎপত্তেঃ সচ্ছব্দবাচ্যেন কারণেন সামানাধিকরণ্যস্য শ্রূয়মানত্বাৎ সত্ত্বানন্যত্বে প্রসিধ্যতঃ। যদি তু প্রাগুৎপত্তেরসৎ কার্য্যং স্যাৎ, পশ্চাচ্চোৎপদ্যমানং কারণে সমবেয়াৎ, তদাহন্যৎ কারণাৎ স্যাৎ। তত্র "যেনাশ্রুতং শ্রুতং ভবতি" ইতীয়ং প্রতিজ্ঞা পীড্যেত। সত্ত্বানন্যত্বাবগতেস্ত্বিয়ং প্রতিজ্ঞা সমর্থ্যতে ॥ ২। ১। ১৮ ॥

পটবচ্চ ॥ ২। ১। ১৯ ॥ *

যথা চ সংবেষ্টিতঃ পটো ন ব্যক্তং গৃহ্যতে—কিময়ং পটঃ ?

শব্দান্তরাচ্চেতি সূত্রাবয়বমবতার্য্য ব্যাচষ্টে।—"এবং যুক্তেঃ কার্য্যস্য" ইতি। অতিরোহিতার্থম্ ॥ ২। ১। ১৮ ॥

[রত্নপ্রভা] কার্য্যমুপাদানাদ্ভিন্নং তদুপলব্ধাবপ্যনুপলভ্যমানত্বাৎ ততোহধিক-

---

এ সকল অগ্রে সৎ-ই ছিল। তাহা এক ও দ্বিতীয়রহিত অর্থাৎ সর্ব্বপ্রকারভেদ-শূন্য" ইত্যাদি। শ্রুতি "কেহ কেহ বলেন, এ সকল অগ্রে অসৎ ছিল" এইরূপে অসদ্বাদকে পূর্ব্বপক্ষভুক্ত করিয়া পশ্চাৎ "কি প্রকারে অসৎ হইতে সতের আবির্ভাব হইতে পারে ?" এবম্প্রকারে তাহার প্রতিবাদ করতঃ পরে "সৎ-ই ছিল" এইরূপ অবধারণ করিয়াছেন। [তত্রেদং — সমর্থ্যতে] প্রোক্ত শ্রুতিতে ইদং-শব্দবোধ্য জগৎকার্য্যের সহিত সৎশব্দ-বোধ্য ব্রহ্ম কারণের সামানাধিকরণ্য অর্থাৎ অভেদ অভিহিত হওয়ায় কার্য্যের সত্ত্ব ও কারণাভিন্নত্ব প্রতীত হয়। উৎপত্তির পূর্ব্বে থাকে না, কারকব্যাপারে অভিনব উৎপন্ন হয়, কারণে সমবেত হয়, (অভেদ সম্বন্ধে সম্বদ্ধ হয়। এরূপ বলিতে গেলে কার্য্যকারণের ভেদ স্বীকার করিতে হয়। তাহাতে কারণ জ্ঞানে কার্য্যের জ্ঞান সিদ্ধ হওয়ার প্রতিজ্ঞা থাকে না, ভঙ্গ হইয়া যায়। কিন্তু কার্য্য থাকে—কারণাকারে থাকে ; সুতরাং তাহা কারণাতিরিক্ত নহে, এরূপ হইলে ঐ প্রতিজ্ঞা সংরক্ষিত হয়, কিছুমাত্র ক্ষতি হয় না ॥২।১।১৮॥

সম্বেষ্টিত (গুটান) বস্ত্র স্পষ্টরূপে জ্ঞানগোচর হয় না, বস্ত্র—কি অন্য দ্রব্য, তাহা

---

* সম্বেষ্টিতপট-প্রসারিতপট-দৃষ্টান্তেন কার্য্যং কারণাদভিন্নমিতি সূত্রার্থঃ।

সম্বেষ্টিত ও প্রসারিত বস্ত্রের দৃষ্টান্তে বুঝা যায় যে, কার্য্যসকল কারণাতিরিক্ত নহে। (ভাষ্য ব্যাখ্যা দেখ।)

কিংবান্যৎ দ্রব্যম্ ? ইতি, স এব প্রসারিতঃ—যৎ সংবেষ্টিতং দ্রব্যং, স পট এবেতি প্রসারণেনাভিব্যক্তো গৃহ্যতে, যথা চ সংবেষ্টনসময়ে পট ইতি গৃহ্যমাণোঽপি ন বিশিষ্টায়ামবিস্তারো গৃহ্যতে, স এব প্রসারণসময়ে বিশিষ্টায়ামবিস্তারো গৃহ্যতে, ন সংবেষ্টিতরূপাদয়ং ভিন্নঃ পট ইতি, এবং তন্ত্বাদিকারণাবস্থং পটাদিকমস্পষ্টং সৎ তুরীবেমকুবিন্দাদি কারকব্যাপারাভিব্যক্তং স্পষ্টং গৃহ্যতে। অতঃ সংবেষ্টিতপট-প্রসারিতপটন্যায়েনৈবানন্যৎ কারণাৎ কার্য্যমিত্যর্থঃ ॥ ২। ১। ১৯ ॥ *

যথা চ প্রাণাদি ॥ ২। ১। ২০ ॥ *

যথা চ লোকে প্রাণাপানাদিষু প্রাণভেদেষু প্রাণায়ামেন নিরুদ্ধেষু কারণমাত্ররূপেণ বর্ত্তমানেষু জীবনমাত্রং কার্য্যং

পরিমাণত্বাচ্চ মশকাদিব শশক ইত্যত্র ব্যভিচারার্থং সূত্রম্—পটবচ্চেতি। দ্বিতীয়হেতোর্ব্যভিচারং স্ফুটয়তি—যথা চ সম্বেষ্টনেতি। আয়ামো দৈর্ঘ্যম্। (ইতি রত্নপ্রভা) ॥ ২। ১। ১৯ ॥

বুঝা যায় না। কিন্তু তাহাই প্রসারিত হইলে স্পষ্ট বুঝা যায়, বস্ত্র বলিয়া প্রতীত হয়। অপিচ, সম্বেষ্টিত বস্তুকে বস্ত্র বলিয়া জানিলেও তাহার দৈর্ঘ্যবিস্তারাদি অজ্ঞাত থাকে, কিন্তু প্রসারিত হইবার পর তাহা আর অজ্ঞাত থাকে না। এ স্থলে সম্বেষ্টিত পট ও প্রসারিত পট ভিন্ন বস্তু নহে, একই। এইরূপ, সূত্রাবস্থ বা কারণাবস্থ বস্ত্রাদি'ও বিস্পষ্ট বুঝা যায় না, বস্ত্রাদিরূপে জ্ঞানগোচর হয় না, কিন্তু যখন তাহা তুরী, বেমা ও তন্তুবায় প্রভৃতির ব্যাপারে বিস্পষ্ট ভাব প্রাপ্ত হয়, তখন বিস্পষ্ট বুঝায়, অর্থাৎ তখন তাহাতে বস্ত্রজ্ঞান জন্মে। এতদ্দৃষ্টান্তে নিশ্চয় হয় যে, কার্য্য মাত্রই কারণ হইতে ভিন্ন বা পৃথক্ বস্তু নহে। সূতা ও কাপড় একই জিনিশ ॥ ২। ১। ১৯ ॥

লোকমধ্যেও দেখা যায়, প্রাণ অপান সমান উদান ব্যান—এই পঞ্চপ্রাণ প্রাণায়ামের দ্বারা রুদ্ধ হইলে তাহা মাত্র কারণরূপে অবস্থান করে এবং কেবল জীবন-কার্য্য মাত্র (বেঁচে থাকা) নির্ব্বাহ করে, দেহের আকুঞ্চন ও প্রসারণ কিছুই

* যথা লোকে বৃত্তিভেদেন পঞ্চধা বিভক্তেষু প্রাণাদিষু প্রাণায়ামেন নিরুদ্ধেষু কেবলং কারণাত্মনা স্বরূপমাত্র মবশিষ্যতে, নতু ব্যাপার বিভাগঃ, তথা প্রকৃতে ঽপি বোদ্ধব্যমিত্যর্থঃ।

প্রাণায়ামের দ্বারা প্রাণ অপান সমান উদান ও ব্যান এতন্নামক বৃত্তিপঞ্চক রুদ্ধ হইলে ঐ সকল কেবলমাত্র কারণভাবে বিদ্যমান থাকে। এতদ্দৃষ্টে যেমন মূল প্রাণের সহিত কার্য্যভূত প্রাণাদির অভেদ অঙ্গীকৃত হয়, অন্যান্য কার্য্যও সেইরূপ জানিবে। (বিস্তৃত বিবরণ ভাষ্য ব্যাখ্যায় দেখ)।

নির্ব্বর্ত্ত্যতে নাকুঞ্চনপ্রসারণাদিকং কার্য্যান্তরং, তেষ্বেব প্রাণ-ভেদেষু পুনঃ প্রবৃত্তেষু জীবনাদধিকমাকুঞ্চন-প্রসারণাদিকমপি কার্য্যান্তরং নির্ব্বর্ত্ত্যতে। ন চ প্রাণভেদানাং প্রভেদবতঃ প্রাণাদন্যত্বং সমীরণস্বভাবাবিশেষাৎ। এবং কার্য্যস্য কারণা-দনন্যত্বম্। অতশ্চ কৃৎস্নস্য জগতো ব্রহ্মকার্য্যত্বাৎ তদনন্য-ত্বাচ্চ সিদ্ধৈষা শ্রৌতী প্রতিজ্ঞা "যেনাশ্রুতং শ্রুতং ভবত্য-মতং মতমবিজ্ঞাতং বিজ্ঞাতম্" ইতি ॥ ২। ১। ২০ ॥

ইতরব্যপদেশাদ্ধিতাকরণাদিদোষ-প্রসক্তিঃ ॥ ২। ১। ২১ ॥ *

অন্যথা পুনশ্চেতনকারণবাদ আক্ষিপ্যতে। চেতনাদ্ধি জগৎপ্রক্রিয়ায়ামাশ্রীয়মাণায়াং হিতাকরণাদয়ো দোষাঃ প্রস-জ্যন্তে। কুতঃ ? ইতরব্যপদেশাৎ। ইতরস্য শারীরস্য ব্রহ্মা-

পটবচ্চ। যথাচ প্রাণাদি—ইতি চ সূত্রে নিগদব্যাখ্যাতেন ভাষ্যেণ ব্যাখ্যাতে॥ ২। ১। ১৯-২০ ॥

যদ্যপি শারীরাৎ পরমাত্মনো ভেদমাহুঃ শ্রুতয়ঃ, তথাপ্যভেদমপি দর্শয়ন্তি শ্রুতয়ো

করে না। সময়ান্তরে আবার ঐ সকল প্রাণই বৃত্তিমান্ হইয়া জীবনাতিরিক্ত আকুঞ্চনাদি কার্য্যও নির্ব্বাহ করে। উক্ত প্রাণপঞ্চক যে মুখ্য প্রাণের প্রভেদ মাত্র, সেই মূল প্রাণ হইতে উক্ত প্রাণপঞ্চকের ভিন্নতা নাই; সকলগুলিই বায়ুস্বভাব, সুতরাং সকলগুলিই বস্তুতঃ এক অর্থাৎ অভিন্ন। কার্য্য যে কারণ ভিন্ন নহে, তাহা এই প্রাণদৃষ্টান্তেও নিশ্চয় হয়। যে হেতু সমস্ত জগৎ ব্রহ্মকার্য্য ও ব্রহ্মাভিন্ন, সেই হেতুই শ্রুত্যুক্ত একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান উপপন্ন হয়, কাজেই সর্ব্ববিজ্ঞান-প্রতিজ্ঞাও সিদ্ধ হয় ॥২।১।২০॥

চেতন ব্রহ্মই জগতের কারণ, এই মতের বিরুদ্ধে অন্য একটী আপত্তি উত্থাপিত হইতেছে। চেতন ব্রহ্ম হইতে জগৎসৃষ্টি হওয়ার প্রণালীতে হিতাকরণাদি দোষ আসিয়া পড়ে। কেন-না, শ্রুতি ইতরভাব অর্থাৎ জীবের ব্রহ্মাত্মতা উপদেশ

* পূর্ব্বপক্ষসূত্রমেতৎ। চেতনকারণবাদে হিতাকরণাদিদোষপ্রসক্তির্ভবতি। কস্মাৎ? ইতরব্যপদেশাৎ—ইতরস্য জীবস্য ব্রহ্মত্বকথনাৎ, অথবা ইতরস্য ব্রহ্মণো জীবত্বাভিধানাৎ। হিতাকরণং অহিতকরণঞ্চ। ব্রহ্ম যদি জীবো ভবেৎ, তদা স্বানিষ্টং নরকাদিকং কস্মাৎ কথং বা জনয়েৎ ? নৈব জনয়েদিতি ভাবঃ।

ব্রহ্মকারণবাদ স্বীকার করিতে গেলে, ব্রহ্মের জীবভাবপ্রাপ্তি-বোধক শ্রুতি থাকায় নিজেই নিজের বন্ধন সৃষ্টি করায় যে দোষ; সেই দোষ হইবে।

ত্মত্বং ব্যপদিশতি শ্রুতিঃ, "স আত্মা, তত্ত্বমসি শ্বেতকেতো" ইতি প্রতিবোধনাৎ। যদ্বা, ইতরস্য চ ব্রহ্মণঃ শারীরাত্মত্বং ব্যপদিশতি, "তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ" ইতি স্রষ্টুরেবাবিকৃতস্য ব্রহ্মণঃ কার্য্যানুপ্রবেশেন শারীরাত্মত্বদর্শনাৎ। "অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য নাম-রূপে ব্যাকরবাণি" ইতি চ পরা দেবতা জীবমাত্মশব্দেন ব্যপদিশন্তী ন ব্রহ্মণো ভিন্নঃ শারীর ইতি দর্শয়তি। তস্মাদ্ যদ্ব্রহ্মণঃ স্রষ্টৃত্বং, তচ্ছারীরস্যৈবেতি। অতশ্চ স্বতন্ত্রঃ কর্ত্তা সন্ হিতমেবাত্মনঃ সৌমনস্যকরং কুর্য্যাৎ, নাহিতং জন্মমরণজরারোগাদ্যনেকানর্থজালম্।

নহি কশ্চিদপরতন্ত্রো বন্ধনাগারমাত্মনঃ কৃত্বানুপ্রবিশতি।

বক্তব্যঃ। ন চ ভেদাভেদাবেকত্র সমবেতৌ, বিরোধাৎ। ন চ ভেদস্তাত্ত্বিক ইত্যুক্তম্। তস্মাৎ পরমাত্মনঃ সর্ব্বজ্ঞান্ন শারীরস্তত্ত্বতো ভিদ্যতে। স এব ত্ববিদ্যোপধানভেদাদ্ঘটকরকাদ্যাকাশবদ্ভেদেন প্রথতে। উপহিতঞ্চাস্য রূপং শারীরম্। তেন যা নাম জীবাঃ পরমাত্মতামাত্মনোঽনুভূবন, পরমাত্মা তু তানাত্মনোঽভিন্নাননুভবতি, অনমুভবে সার্ব্বজ্ঞ্যব্যাঘাতঃ। তথা চায়ং জীবান্ বধ্নন্নাত্মানমেব বধ্নীয়াৎ।

করিয়াছেন (ব্রহ্মকেই জীব বলিয়াছেন)। যথা—"হে শ্বেতকেতো, তাহাই আত্মা এবং তাহাই তুমি।" অথবা ইতর-শব্দে জীব-ভিন্ন অর্থাৎ ব্রহ্ম। শ্রুতি তাঁহার জীব হওয়া বলিয়াছেন। যথা—"ব্রহ্ম জগৎ সৃষ্টি করিয়া সৃষ্ট পদার্থে প্রবিষ্ট হইলেন।" এই শ্রুতিতে দেখা যায়, সৃষ্টিকর্ত্তা ব্রহ্মই অবিকৃতভাবে সৃষ্ট পদার্থে প্রবিষ্ট আছেন; সুতরাং ব্রহ্মই জীব। [অনেন...দর্শয়তি] "সেই দেবতা আলোচনা করিলেন, আমি জীবাত্মারূপে প্রবিষ্ট হইয়া নাম-রূপের বিকাশ করিব।" এতৎশ্রুত্যুক্ত পরা দেবতা জীবকে আত্মশব্দে বিশেষিত করিয়া ইহাই দেখাইয়াছেন যে, জীব ব্রহ্ম হইতে ভিন্ন নহে। [তস্মাদ্...কৃতমিতি] অতএব ব্রহ্মের সৃষ্টিকর্ত্তৃত্ব তুল্য কথা। যদি তাহাই হয়, তবে ইহাও হইবে যে, যে স্বতন্ত্র কর্ত্তা হয়, সে অবশ্যই আপনার হিতকর কার্য্য করে। যাহাতে আপনার অহিত হয়, তাহা করে না। অহিতকর কার্য্য করে না। ব্রহ্মই যদি জীব হইয়া থাকেন ও সৃষ্টি করিয়া থাকেন, তাহা হইলে যাহাতে জন্ম, মরণ, জরা, রোগ, শোক প্রভৃতি বহুল অনর্থ আছে, তাহা করিবেন কেন? (জীব হইয়া, সৃষ্টি করিয়া, নরকাদি যন্ত্রণা ভোগ করিবেন কেন)?

যে ব্যক্তি পরতন্ত্র নহে, স্বাধীন, সে-কি কখনও কারাগার প্রস্তুত করিয়া তন্মধ্যে

ন চ স্বয়মত্যন্তনির্ম্মলঃ সন্নত্যন্তমলিনং দেহমাত্মত্বেনোপেয়াৎ। কৃতমপি কথঞ্চিৎ যৎ দুঃখকরং, তদিচ্ছয়া জহ্যাৎ, সুখকরঞ্চোপাদদীত। স্মরেচ্চ—ময়েদং জগদ্বিম্বং বিচিত্রং বিরচিতমিতি, সর্ব্বো হি লোকঃ স্পষ্টং কার্য্যং কৃত্বা স্মরতি—ময়েদং কৃতমিতি। যথা চ মায়াবী স্বয়ং প্রসারিতাং মায়ামিচ্ছয়ানায়াসেনৈবোপসংহরতি, এবং শারীরোঽপি ইমাং সৃষ্টিং উপসংহরেৎ। স্বকীয়মপি তাবৎ শরীরং শারীরো ন শক্নোত্যনায়াসেনোপসংহর্তুম্। এবং হিতক্রিয়াদ্যদর্শনাদন্যায্যা চেতনাৎ জগৎপ্রক্রিয়েতি মন্যতে ॥ ২। ১। ২১ ॥

অধিকন্তু ভেদনির্দ্দেশাৎ ॥ ২। ১। ২২ ॥ *

তুশব্দঃ পূর্ব্বপক্ষং ব্যাবর্ত্তয়তি। যৎ সর্ব্বজ্ঞং সর্ব্বশক্তি

তত্রেদমুক্তং "ন হি কশ্চিদপরতন্ত্রো বন্ধনাগারমাত্মনঃ কৃত্বানুপ্রবিশতি" ইত্যাদি। তস্মান্ন চেতনকারণং জগদিতি পূর্ব্বঃ পক্ষঃ ॥ ২। ১। ২১ ॥

সত্যময়ং পরমাত্মা সর্ব্বজ্ঞত্বাৎ যথা জীবান্ বস্তুত আত্মনোঽভিন্নান্ পশ্যতি,

প্রবিষ্ট হয়? অত্যন্ত নির্ম্মল ব্রহ্ম কি কারণে মলিন দেহকে আত্মভাবে গ্রহণ করিবেন? যদিও করিয়াছেন, তথাপি, যাহা দুঃখময়, তাহা ইচ্ছাপূর্ব্বক ত্যাগ করিতে এবং যাহা সুখকর তাহা গ্রহণ করিতে না পাবেন কেন? অপিচ, যখন যে যাহা করে, সে তাহা স্মরণ করিতেও পারে। প্রত্যেক লোককেই কার্য্য করিবার পর স্বকৃত কার্য্য "আমি ইহা করিয়াছি" এইরূপে স্মরণ করিতে দেখা যায়। অতএব জীবভাবাপন্ন ব্রহ্মেরও ইহা স্মরণ করা উচিত হয়, অর্থাৎ মনে পড়া উচিত যে, আমিই এই বিচিত্র জগৎ সৃষ্টি করিয়াছি! [যথা চ...মন্যতে] যেমন মায়াবী (ঐন্দ্রজালিক বা বাজিকর) স্বপ্রারিত (নিজের উদ্ভাবিত) মায়াকে স্বেচ্ছাক্রমে ও বিনা ক্লেশে উপসংহার করে, জীবভাবাপন্ন ব্রহ্ম স্বকৃত সৃষ্টিকে এবং শরীরকেও সেরূপ স্বেচ্ছাক্রমে ও অক্লেশে উপসংহার করিতে না পারেন কেন? অতএব, অহিতকার্য্য দেখা যায় বলিয়া নিশ্চিত হইতেছে যে, চেতন ব্রহ্ম জগতের স্রষ্টা নহে। (স্বতন্ত্র চেতন ব্রহ্ম এ সকল উৎপাদন করিলে অবশ্যই ইহাকে আত্মহিতোপযোগী করিতেন। তাহা যখন করেন নাই, তখন ব্রহ্ম-কারণক জগৎ-প্রক্রিয়া অঙ্গীকার করা অবশ্যই অগ্রাহ্য।) ॥ ২। ১। ২১ ॥

তু-শব্দের দ্বারা পূর্ব্বপক্ষের অর্থাৎ হিতাকরণাদি দোষ হওয়ার আপত্তি নিরস্ত

* তু-শব্দঃ পূর্ব্বপক্ষনিরাসার্থঃ। ভেদনির্দ্দেশাৎ ভিন্নতয়া ব্রহ্মণোঽভিধানাৎ জীবাদধিকং ব্রহ্ম। ততো ন পূর্ব্বোক্তপূর্ব্বপক্ষাবসর ইত্যর্থঃ।

ব্রহ্ম নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবং শারীরাদধিকমন্যৎ, তদ্বয়ং জগতঃ স্রষ্টৃ ব্রূমঃ। ন তস্মিন্ হিতাকরণাদয়ো দোষাঃ প্রসজ্যন্তে। নহি তস্য হিতং কিঞ্চিৎ কর্ত্তব্যমস্ত্যহিতং বা পরিহর্ত্তব্যং, নিত্যমুক্তত্বাৎ। ন চ তস্য জ্ঞানপ্রতিবন্ধঃ শক্তিপ্রতিবন্ধো বা কচিদপ্যস্তি, সর্ব্বজ্ঞত্বাৎ সর্ব্বশক্তিত্বাচ্চ। শারীরস্ত্বনেবস্বিধঃ। তস্মিন্ প্রসজ্যন্তে হিতাকরণাদয়ো দোষাঃ। ন তু তং বয়ং জগতঃ স্রষ্টারং ব্রূমঃ। কুত এতৎ? ভেদনির্দ্দেশাৎ। "আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ," "সোঽন্বেষ্টব্যঃ স বিজিজ্ঞাসিতব্যঃ", "সতা সোম্য, তদা সম্পন্নো ভবতি," "শারীর আত্মা প্রাজ্ঞেনাত্মনান্বারূঢ়ঃ" ইত্যেবঞ্জাতীয়কঃ কর্ত্তৃকর্ম্মাদিভেদনির্দ্দেশো জীবাদধিকং ব্রহ্ম দর্শয়তি।

পশ্যত্যেবং ন ভাবত এষাং সুখদুঃখাদিবেদনাসঙ্গোঽস্তি। অবিদ্যাবশাৎ ত্বেষাং তদ্বদভিমান ইতি। তথা চ তেষাং সুখদুঃখাদিবেদনায়ামপ্যহমুদাসীনঃ, ইতি ন

করা হইতেছে। ব্রহ্ম নিত্য-শুদ্ধবুদ্ধমুক্ত-স্বভাব, সর্ব্বজ্ঞ ও সর্ব্বশক্তি, তিনি জীব হইতে অধিক; সুতরাং ভিন্ন। তাঁহাকেই আমরা জগতের স্রষ্টা বলি, জীবকে স্রষ্টা বলি না। ব্রহ্মে হিতাকরণাদি দোষের প্রসক্তিই নাই। ব্রহ্ম নিত্যমুক্ত; সুতরাং তাঁহার হিত বা অহিত কোন প্রকার কর্ত্তব্য নাই। তিনি সর্ব্বজ্ঞ ও সর্ব্বশক্তি, সে-কারণে তাঁহার জ্ঞানপ্রতিবন্ধক ও শক্তিপ্রতিবন্ধক কিছু নাই। জীব অনেবম্বিধ অর্থাৎ সেরূপ নহে। (জীবেরই হিতাহিত, কর্ত্তব্য জ্ঞান, জ্ঞানপ্রতিবন্ধক ও শক্তিপ্রতিবন্ধক আছে,) জীবের স্রষ্টৃত্বপক্ষে ঐ সকল আছে সত্য; কিন্তু আমরা জীবকে স্রষ্টা বলি না। শ্রুতিতে ভেদনির্দ্দেশ থাকাতেই বলি না। [আত্মা···দর্শয়তি] "হে মৈত্রেয়ি, আত্মাই দ্রষ্টব্য, আত্মাই শ্রোতব্য, আত্মাই নিদিধ্যাসিতব্য অর্থাৎ শ্রবণাদির দ্বারা আত্মসাক্ষাৎকার করাই কর্ত্তব্য।" "তিনিই অন্বেষণীয় এবং তিনিই বিচারণীয়।" "হে সোম্য, সেই কালে আত্মা সৎসম্পন্ন হন।" "জীবাত্মা প্রাজ্ঞ আত্মায় অন্বারূঢ়—" ইত্যাদিবিধ শ্রুতিতে যে কর্ত্তৃ-কর্ম্মাদি ভিন্নতার উল্লেখ আছে, সেই উল্লেখের দ্বারাই ব্রহ্মের জীবাধিকতা দর্শিত হই-

---

শ্রুতি ব্রহ্মকে জীবভিন্ন বলিয়াছেন, সুতরাং তিনি জীব হইতে অধিক। যে হেতু ব্রহ্ম জীবাধিক— সেই হেতু ঐ সকল দোষ (হিতাকরণাদি দোষ) হয় না। আমরা যদি জীবকেই স্রষ্টা বলিতাম, তাহা হইলে অবশ্যই ঐ সকল দোষ হইত। কিন্তু আমরা ব্রহ্মকে সৃষ্টিকর্ত্তা বলি। ব্রহ্ম জীব হইতে ভিন্ন। জীবে কাল্পনিক ধর্ম্ম আছে, ব্রহ্মে তাহা নাই; সেই জন্যই ব্রহ্মবাদে হিতাকরণ দোষ হয় না।

নন্বভেদনির্দ্দেশোঽপি দর্শিতঃ "তত্ত্বমসি" ইত্যেবঞ্জাতীয়কঃ, কথং ভেদাভেদৌ বিরুদ্ধৌ সম্ভবেয়াতাম্। নৈষ দোষঃ। আকাশঘটাকাশন্যায়েনোভয়সম্ভবস্য তত্র তত্র প্রতিষ্ঠাপিতত্বাৎ।

অপি চ, যদা তত্ত্বমসীত্যেবঞ্জাতীয়কেনাভেদনির্দ্দেশেনাভেদঃ প্রতিবোধিতো ভবতি, অপগতং ভবতি তদা জীবস্য সংসারিত্বং ব্রহ্মণশ্চ স্রষ্টৃত্বম্। সমস্তস্য মিথ্যাজ্ঞানবিজৃম্ভিতস্য ভেদব্যবহারস্য সম্যক্‌জ্ঞানেন বাধিতত্বাৎ। তত্র কুত এব সৃষ্টিঃ কুতো বা হিতাকরণাদয়ো দোষাঃ? অবিদ্যাপ্রত্যুপস্থাপিত-নামরূপকৃত-কার্য্যকরণসঙ্ঘাতোপাধ্যবিবেককৃতা হি ভ্রান্তিঃ, হিতাহিতকরণাদিলক্ষণঃ সংসারো ন তু পরমার্থতোঽস্তীত্যসকৃদবোচাম, জন্মমরণচ্ছেদনভেদনাদ্যভিমানবৎ। অবাধিতে তু

তেষাং বন্ধনাগারনিবেশেঽপ্যস্তি ক্ষতিঃ কাচিন্মমেতি ন হিতাকরণাদিদোষাপত্তিরিতি রাদ্ধান্তঃ।

তদিদমুক্তম্।—"অপি চ যদা তত্ত্বমসি" ইতি। অপি চেতি চঃ পূর্ব্বোপপত্তিসাহিত্যং দ্যোতয়তি, নোপপত্ত্যন্তরতাম্॥ ২। ১। ২২॥

য়াছে। [নন্বভেদ...তত্ত্বাৎ] বলিতে পার, ভেদ উপদেশের ন্যায় অভেদ উপদেশও আছে, যথা—"তিনিই তুমি" ইত্যাদি। অতএব ভেদাভেদ উভয় কি প্রকারে সম্ভাবিত হইতে পারে? এ বিষয়ে আমরা বলি, ভেদাভেদ উভয়বিধ নির্দ্দেশে দোষ হয় না। আকাশের ও ঘটাকাশের দৃষ্টান্তে উক্ত উভয় অসম্ভব নহে, প্রত্যুত সম্ভব, ইহা ভিন্ন ভিন্ন স্থানে প্রতিপাদিত হইয়াছে। (আকাশের বাস্তব ভেদ নাই, কিন্তু ঘটাদি-উপাধিকৃত কাল্পনিক ভেদ আছে)।

[অপি চ...দোষাঃ] আরও দেখ, যখন "তত্ত্বমসি—তিনিই তুমি" এইরূপ এইরূপ উপদেশের দ্বারা অভেদ বা একত্ব জ্ঞানগোচর হয়, তখন জীবের সংসারিত্ব ও ব্রহ্মের সৃষ্টিকর্তৃত্ব উভয়ই পরিত্যক্ত হয়, অর্থাৎ থাকে না। কারণ এই যে, যে কিছু ভেদব্যবহার—সমস্তই মিথ্যাজ্ঞানবিজৃম্ভিত (ভ্রম)। সেই কারণে সম্যক্ জ্ঞান তাহাকে নষ্ট করে। অতএব, পরমার্থদর্শনে সৃষ্টিই বা কোথায়? অহিতকরণাদি দোষই বা কোথায়? অর্থাৎ পারমার্থিক সৃষ্টিও নাই, দোষও নাই। [অবিদ্যা...মানবৎ] অবিদ্যাজনিত অব্যক্ত নামরূপ, তজ্জনিত কার্য্য-করণ-সঙ্ঘাত (দেহেন্দ্রিয়ের মেলন), সেই সংঘাতই উপাধি, এই উপাধি থাকাতেই হিত, অহিত, করা, না করা, এতদ্রূপ সংসারভ্রম জন্মিতেছে বা জন্মিয়াছে।' সংসার যে ভ্রমরচিত তাহা অনেকবার বলিয়াছি, বুঝাইয়াও দিয়াছি। জন্ম, মরণ, ছেদন, ভেদন, এ সকল অভিমান যদ্রূপ, সংসারও তদ্রূপ অর্থাৎ পরমার্থ-সৎ

ভেদব্যবহারে "সোঽন্বেষ্টব্যঃ স বিজিজ্ঞাসিতব্যঃ" ইত্যেবঞ্জাতীয়-ভেদনির্দ্দেশেনাবগম্যমানং ব্রহ্মণোঽধিকত্বং হিতাকরণাদিদোষ-প্রসক্তিং নিরুণদ্ধি ॥ ২। ১।২২ ॥

অশ্মাদিবচ্চ তদনুপপত্তিঃ ॥ ২। ১। ২৩॥ *

যথা চ লোকে পৃথিবীত্বসামান্যান্বিতানামপ্যশ্মনাং কেচিন্মহার্হা মণয়ো বজ্রবৈদুর্য্যাদয়ঃ, অন্যে মধ্যমবীর্য্যাঃ সূর্য্যকান্তাদয়ঃ, অন্যে প্রহীণাঃ শ্ব-বায়সপ্রক্ষেপণার্হাঃ পাষাণাঃ—ইত্যনেক-বিধং বৈচিত্র্যং দৃশ্যতে। যথা চৈকপৃথিবীব্যপাশ্রয়াণামপি বীজানাং বহুবিধং পত্রপুষ্পফলগন্ধরসাদিবৈচিত্র্যং চন্দনকিম্পাকাদিষূপলভ্যতে। যথা চৈকস্যাপ্যন্নরসস্য লোহিতাদীনি কেশলোমাদীনি চ বিচিত্রাণি কার্য্যাণি ভবন্তি, এবমেকস্যাপি ব্রহ্মণো জীবপ্রাজ্ঞপৃথক্ত্বং কার্য্যবৈচিত্র্যঞ্চোপপদ্যত ইত্যত

স্যাদেতৎ। যদি ব্রহ্মবিবর্ত্তো জগৎ, হন্ত সর্ব্বস্যৈব জীববচ্চৈতন্যপ্রসঙ্গ ইত্যত আহ—অশ্মাদিবচ্চ তদনুপপত্তিঃ]।

অতিরোহিতার্থেন ভাষ্যেণ ব্যাখ্যাতম্ ॥ ২। ১। ২৩॥

নহে। [অবা...নিরুণদ্ধি] জ্ঞানের পরে স্রষ্টৃত্বাদি ধর্ম্মের বাধ হয় সত্য, কিন্তু তাহা জ্ঞানের পূর্ব্বে অবাধিত থাকে। জ্ঞানের পূর্ব্বে যে ভেদব্যবহার অবাধিত থাকে, শ্রুতি সেই অবাধিত ব্যবহারের অনুবাদ করিয়া "তিনিই জীবের অন্বেষণীয়, তিনিই বিচারণীয়" (বিচার দ্বারা সাক্ষাৎকরণীয়)" ইত্যাদি প্রকার ভেদ (জীব-ব্রহ্মের ভিন্নতা) উপদেশ করিয়াছেন। সেই উপদেশের দ্বারাই ব্রহ্মের অধিকত্ব (জীব ভিন্নতা) অনুভূত হয়, হইয়া অহিতকরণাদি দোষপ্রসক্তির অবরোধ করে, অর্থাৎ উক্ত আশঙ্কা হইতে দেয় না অথবা নিবৃত্তি করায় ॥ ২। ১। ২২ ॥

পৃথিবীর বিকার প্রস্তর। সকল প্রস্তরেই পৃথিবীত্ব আছে, অথচ কোন প্রস্তর মহামূল্য ও মহাগুণ, কোন প্রস্তর মধ্যমগুণ, কোন প্রস্তর বা কেবল লোষ্ট্রকার্য্য-কারী। একই বীজ পৃথিবীতে উপ্ত হয়, অথচ তাহার পত্র পুষ্প ফল ও রসাদি নানা-প্রকার হইতে দেখা যায়। আরও দেখ, একই অন্নরসের রক্তাদি ও লোমাদি পরিণাম হইতে দেখা যায়। এতদ্ দৃষ্টান্তে একই ব্রহ্মের জীব-প্রাজ্ঞভেদ ও অন্যান্য বৈচিত্র্য

* প্রস্তরাদিদৃষ্টান্তেনৈকস্য বৈচিত্র্যোপপত্তেঃ প্রাগুক্তদোষানুপপত্তিরেব স্যাদিতি সূত্রার্থঃ।

প্রস্তরাদিব দৃষ্টান্তে একের বৈচিত্র্য অর্থাৎ বহুপ্রকারতা সিদ্ধ হয়; সুতরাং পূর্ব্বোক্ত দোষ স্থান প্রাপ্ত হয় না।

স্তদনুপপত্তিঃ, পরপরিকল্পিতদোষানুপপত্তিরিত্যর্থঃ। শ্রুতেশ্চ প্রামাণ্যাদ্বিকারস্য বাচারম্ভণমাত্রত্বাৎ স্বপ্নদৃশ্যভাব-বৈচিত্র্যবচ্চেত্যভ্যুচ্চয়ঃ ॥ ২। ১। ২৩ ॥

উপসংহারদর্শনান্নেতি চেন্ন, ক্ষীরবদ্ধি ॥২।১।২৪॥*

চেতনং ব্রহ্মৈকমদ্বিতীয়ং জগতঃ কারণমিতি যদুক্তং, তন্নোপপদ্যতে। কস্মাৎ? উপসংহারদর্শনাৎ। ইহ হি লোকে কুলালাদয়ো ঘটপটাদীনাং কর্ত্তারো মৃদ্দণ্ডচক্রসূত্রাদ্যনেককারকোপসংহারেণ সংগৃহীতসাধনাঃ সন্তস্তত্তৎ কার্য্যং কুর্ব্বাণা দৃশ্যন্তে। ব্রহ্ম চাসহায়ং তবাভিপ্রেতম্। তস্য সাধনান্তরানুপসংগ্রহে সতি কথং স্রষ্টৃত্বমুপপদ্যেত। তস্মান্ন ব্রহ্ম জগৎকারণমিতি চেৎ,

ব্রহ্ম খল্বেকমদ্বিতীয়তয়া পরানপেক্ষং ক্রমেণোৎপদ্যমানস্য জগতো বিবিধবিচিত্ররূপস্যোপাদানমুপেয়তে, তদনুপপন্নম্। নহ্যেকরূপাৎ কার্য্যভেদো ভবিতুমর্হতি, তস্যাকস্মিকত্বপ্রসঙ্গাৎ। কারণভেদো হি কার্য্যভেদহেতুঃ। ক্ষীরবীজাদিভেদাদ্দধ্যঙ্কুরাদিকার্য্যভেদদর্শনাৎ। ন চাক্রমাৎ কারণাৎ কার্য্যক্রমো যুজ্যতে, সমর্থস্য ক্ষেপাযোগাৎ। দ্বিতীয়তয়া চ ক্রমবত্তৎসহকারিসমবধানানুপপত্তেঃ। তদিদমুক্তং "ইহ হি লোক" ইতি। একৈকং মৃদাদি কারকং, তেষান্তু সামগ্র্যং সাধনম্,

উপপন্ন হইতে পারে। অতএব, তাঁহাতে পরকল্পিত দোষের অনুপপত্তি আছেই, অর্থাৎ বেদান্তসিদ্ধান্তে পরকল্পিত দোষ আদৌ স্থানপ্রাপ্ত হয় না। শ্রুতি স্বতঃপ্রমাণ, তাহাতে কথিত আছে যে, বিকার সকল কথামাত্র, সুতরাং সে সকলের স্বপ্নদৃষ্টপদার্থের ন্যায় বিচিত্রতা সুসম্ভব ॥ ২। ১। ২৩ ॥

[আপত্তি]—এক অদ্বয় চেতন ব্রহ্ম জগৎস্রষ্টা, এ কথা অনুপপন্ন। অর্থাৎ দৃষ্টান্তবিরুদ্ধ। লোক মধ্যে, উপসংহার অর্থাৎ কারণকূটসংগ্রহপূর্ব্বক কর্ত্তৃত্ব করিতে দেখা যায়, একের কর্ত্তৃত্ব দেখা যায় না। কুলাল প্রভৃতি ঘটাদি কার্য্যের কর্ত্তা, তাহারা মৃত্তিকা, দণ্ড, চক্র, সূত্র প্রভৃতি অনেক উপকরণ সংগ্রহ পূর্ব্বক সেই সেই কার্য্য করে, বিনা উপকরণে কিছুই করিতে পারে না। তোমার মতে ব্রহ্ম একক, অসহায়, ব্রহ্ম ভিন্ন অন্য কিছুই নাই। যদি অন্য কিছু না থাকিল, তবে উপকরণ থাকিল না; সুতরাং একক ব্রহ্মের সৃষ্টিকর্ত্তৃত্বও মিথ্যা হইল। এই জন্যই বলি, ব্রহ্ম জগতের কর্ত্তা নহেন। এ বিষয়ে (এ আপত্তিতে) আমরা বলি, ব্রহ্ম এক হইলেও তাঁহাতে উক্ত দোষ আশ্রয় করে না। কেন-না, দুগ্ধাদির

* উপসংহারদর্শনাৎ কার্য্যনিষ্পাদকসামগ্রীসংগ্রহদর্শনান্নাসহায়ং ব্রহ্ম জগৎকারণমিতি ন বক্তব্যম্। হি যস্মাৎ ক্ষীরবৎ ক্ষীরাদিদৃষ্টান্তেন অসহায়স্যাপি দ্রব্যস্বভাববিশেষাত্তদুপপদ্যত এব।

দুগ্ধ অথবা জল যেমন বাহ্য সাধন অপেক্ষা করে না, অথচ দধি ও হিমানীরূপে পরিণত হয়, তেমনি অদ্বয় ব্রহ্মও সাধনান্তর সংগ্রহ ব্যতীত জগৎ সৃষ্টি করেন।

নৈষ দোষঃ। যতঃ ক্ষীরবৎ দ্রব্যস্বভাববিশেষাদুপপদ্যতে। যথা হি লোকে ক্ষীরং জলং বা স্বয়মেব দধি-হিমভাবেন পরিণমতেঽন-পেক্ষ্য বাহ্যং সাধনং, তথেহাপি ভবিষ্যতি।

ননু ক্ষীরাদ্যপি দধ্যাদিভাবেন পরিণমমানমপেক্ষত এব বাহ্যং সাধনং ঔষ্ণ্যাদিকং, কথমুচ্যতে ক্ষীরবদ্ধীতি। নৈষ দোষঃ। স্বয়মপি হি ক্ষীরং যাঞ্চ যাবন্তীঞ্চ পরিণামমাত্রামনুভবত্যেব, ত্বার্য্যতে ত্বৌষ্ণ্যাদিনা দধিভাবায়। যদি চ স্বয়ং দধিভাবশীলতা ন স্যাৎ, নৈবৌষ্ণ্যাদিনাপি বলাদ্ দধিভাবমাপদ্যেত। নহি বায়ুরাকাশো বৌষ্ণ্যাদিনা বলাদ্ দধিভাবমাপদ্যতে। সাধনসম্পত্ত্যাচ তস্য পূর্ণতা সম্পদ্যতে। পরিপূর্ণশক্তিকন্তু ব্রহ্ম ন তস্যান্যেন কেনচিৎ পূর্ণতা সম্পাদয়িতব্যা। শ্রুতিশ্চ তত্র ভবতি—

ততোহি কার্য্যং ভবত্যেব, তস্মান্নাদ্বিতীয়ং ব্রহ্ম জগদুপাদানমিতি প্রাপ্ত উচ্যতে—"ক্ষীরবদ্ধি"

ইদং তাবদ্ভবান্ পৃষ্টো ব্যাচষ্টাং—কিং তাত্ত্বিকমস্য রূপমপেক্ষ্যেদমুচ্যতে ? উত্‌নাদিনামরূপবীজসহিতং কাল্পনিকং সার্ব্বজ্ঞ্যং সর্ব্বশক্তিত্বম্। তত্র পূর্ব্বস্মিন্ কল্পে কিং নাম ততোঽদ্বিতীয়াদসহায়াদুপজায়েত। ন হি তস্য শুদ্ধবুদ্ধমুক্তস্বভাবস্য বস্তুসৎ

দৃষ্টান্তে একত্বের বহুভাবিত্ব উপপন্ন হয়। [যথা হি...ভবিষ্যতি] দুগ্ধ ও জল দধিরূপে ও হিমানীরূপে পরিণত হয়, তাহাতে দ্রব্যান্তরের সাহায্যের অপেক্ষা নাই। এই যেমন দৃষ্টান্ত, তেমনি, ব্রহ্ম হইতেও বিবিধ সৃষ্টি হয়, অথচ তাহাতে সাধনান্তর সদ্ভাবের অপেক্ষা নাই।

[ননু...পদ্যতে] যদি বল, দুগ্ধ যে দধি হয়, তাহা বাহ্য সাধনের সাহায্যেই হয়। তাহাতে উষ্মার ও আতঞ্চনের (দম্বল—দধিবীজ) সাহায্য আছে। অতএব দুগ্ধের দৃষ্টান্ত ত্বৎপক্ষের সমর্থক নহে। এ কথার প্রত্যুত্তরে আমরা বলি, দধি-ভাবের প্রতি উষ্মাদির সাহায্য দৃষ্ট হইলেও দোষ হয় না। দুগ্ধ নিজেই দধি হয়, উষ্মাদি তাহার শীঘ্রতামাত্র জন্মায়। দুগ্ধ নিজে দধিস্বভাব না হইলে উষ্মাদি কি তাহাকে বলপূর্ব্বক দধি করিতে পারে ? উষ্মা ও আতঞ্চন কি বায়ুকে ও আকাশকে দধি করিতে পারে ? তাহা কখনই পারে না। সাধন বা উপকরণ বস্তুর পূর্ণতা সম্পাদন ভিন্ন অন্য কিছু করে না। [সাধন...উপপদ্যতে] ব্রহ্ম পূর্ণ-শক্তিক, সে কারণে তাঁহার শক্তিপূরণের জন্য অন্য কিছুর কল্পনা করিতে হয় না। এ কথা শ্রুতিও বলিয়াছেন। যথা—"তাঁহার কার্য্য (শরীর) নাই, করণও

"ন তস্য কার্য্যং করণঞ্চ বিদ্যতে
ন তৎসমশ্চাভ্যধিকশ্চ দৃশ্যতে।
পরাস্য শক্তির্ব্বিবিধৈব শ্রূয়তে
স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চ॥" ইতি।

তস্মাদেকস্যাপি ব্রহ্মণো বিচিত্রশক্তিযোগাৎ ক্ষীরাদিবদ্‌-বিচিত্রপরিণাম উপপদ্যতে॥ ২। ১। ২৪॥

দেবাদিবদপি লোকে॥ ২। ১। ২৫॥ *

স্যাদেতৎ, উপপদ্যতে ক্ষীরাদীনামচেতনানামনপেক্ষ্যাপি বাহ্যং সাধনং দধ্যাদিভাবঃ, দৃষ্টত্বাৎ। চেতনাঃ পুনঃ কুলালাদয়শ্চ সাধনসামগ্রীমপেক্ষ্যৈব তস্মৈ তস্মৈ কার্য্যায় প্রবর্ত্তমানা দৃশ্যন্তে।

কার্য্যমস্তি। তথা চ শ্রুতিঃ "ন তস্য কার্য্যং করণঞ্চ বিদ্যতে" ইতি। উত্তরস্মিংস্তু কল্পে যদি কুলালাদিবদত্যন্তব্যতিরিক্তসহকারিকারণাভাবাদনুপাদানত্বং সাধ্যতে, ততঃ ক্ষীরাদিভির্ব্যভিচারঃ। তেঽপি হি বাহ্যাতঞ্চনাদি-কারণানপেক্ষা এব কাল-পরিবাসবশেন স্বত এব পরিণামান্তরমাসাদয়ন্তি। অথান্তরকারণানপেক্ষত্বং হেতুঃ ক্রিয়তে, তদসিদ্ধম্, নির্ব্বাচ্যানামরূপবীজসহায়ত্বাৎ। তথা চ শ্রুতিঃ—"মায়াস্তু প্রকৃতিং বিদ্ধি মায়িনন্তু মহেশ্বরম্।" ইতি। কার্য্যক্রমেণ তৎপরিপাকোঽপি ক্রমবানুন্নেয়ঃ। একস্মাদপি চ বিচিত্রশক্তেঃ কারণাদনেককার্য্যোৎপাদো দৃশ্যতে। যথৈকস্মাদ্বহ্নের্দাহপাকৌ, একস্মাদ্বা কর্ম্মণঃ সংযোগবিভাগসংস্কারাঃ॥২।১।২৪॥

(ইন্দ্রিয়ও) নাই। তাঁহার সমান বা অধিকও দেখা যায় না। শ্রুতিতে তাঁহার পূর্ণবিচিত্রশক্তি এবং স্বতঃসিদ্ধ জ্ঞানশক্তি ও ক্রিয়াশক্তি থাকা কথিত আছে।" যেহেতু তিনি পূর্ণশক্তিক, সেই হেতু এক হইলেও তাঁহাতে বিচিত্রশক্তি থাকা (দুগ্ধাদির দৃষ্টান্তে বিচিত্র পরিণাম) উপপন্ন হইয়া থাকে॥ ২। ১। ২৪॥

[আপত্তি] দুগ্ধ ও ব্রহ্ম সমস্বভাব নহে। দুগ্ধ অচেতন, তাহাকে তুমি বিনা বাহ্যসাধনসাহায্যে দধি হইতে দেখিয়াছ। কুম্ভকার চেতন, তাহাকে তুমি বিনা সাধনে কার্য্য করিতে দেখ নাই, প্রত্যুত তাহাকে উপকরণ লইয়াই ঘটাদি-কার্য্য করিতে দেখিয়াছ। তবে তুমি কি দেখিয়া বা কি প্রকারে বলিলে, চেতন ব্রহ্ম একক জগৎকার্য্য নির্ব্বাহ করিয়াছেন? কোনও একক চেতনকে ত বিনা উপকরণে কার্য্য করিতে দেখ নাই। [উত্তর] এ বিষয়ে আমরা বলি, আমরা

* চেতনমপি ব্রহ্ম অনপেক্ষ্যৈব বাহ্যং সাধনং দেবাদিদৃষ্টান্তেন স্বত এব জগৎ স্রক্ষ্যতীতি ন কশ্চিদ্দোষ ইতি সূত্রাক্ষরার্থঃ।

চেতন ব্রহ্ম একক বা অসহায় হইলেও দেবতাদির দৃষ্টান্তে বিনা সাধনে সৃষ্টি করিতে পারেন, সে বিষয়ে অত্যল্প দোষও উদ্ভাবিত করিতে পার না।

কথং ব্রহ্ম চেতনং সদসহায়ং প্রবর্ত্তেতেতি ? দেবাদিবদিতি ক্রমঃ। যথা হি লোকে দেবাঃ পিতর ঋষয় ইত্যেবমাদয়ো মহাপ্রভাবাশ্চেতনা অপি সন্তোঽনপেক্ষ্যৈব কিঞ্চিদ্বাহ্যং সাধনমৈশ্বর্য্যবিশেষযোগাদভিধ্যানমাত্রেণ স্বত এব বহূনি নানাসংস্থানানি শরীরাণি প্রাসাদাদীনি রথাদীনি চ নির্ম্মিমাণা উপলভ্যন্তে, মন্ত্রার্থবাদেতিহাসপুরাণ-প্রামাণ্যাৎ, তন্তুনাভশ্চ স্বত এব তন্তূন্ সৃজতি, বলাকা চান্তরেণৈব শুক্রং গর্ভং ধত্তে, পদ্মিনী চানপেক্ষ্য কিঞ্চিৎ প্রস্থানসাধনং সরোঽন্তরাৎ সরোঽন্তরং প্রতিষ্ঠতে, এবং চেতনমপি ব্রহ্মানপেক্ষ্য বাহ্যং সাধনং স্বত এব জগৎ স্রক্ষ্যতি। স যদি ব্রূয়াদ্, য এতে দেবাদয়ো ব্রহ্মণো দৃষ্টান্তা উপাত্তাঃ, তে দার্ষ্টান্তিকেন ব্রহ্মণা সমানস্বভাবা ন ভবন্তি। শরীরমেব হ্যচেতনং দেবাদীনাং শরীরান্তরাদিবিভূত্যুৎপাদেনোপাদানং, ন তু চেতন আত্মা। তন্তুনাভস্য চ ক্ষুদ্রতরজন্তুভক্ষণাল্লালা কঠিনতামাপদ্যমানা তন্তুর্ভবতি।

যদি তু চেতনত্বে সতীতি বিশেষণান্ন ক্ষীরাদিভির্ব্যভিচারঃ, দৃষ্টা হি কুলালাদয়ো বাহ্যমৃদাদ্যপেক্ষাশ্চেতনঞ্চ ব্রহ্মেতি। তত্রেদমুপতিষ্ঠতে—

দেবতাদিব দৃষ্টান্তে ঐ সিদ্ধান্ত করিতেছি। [যথা হি...প্রামাণ্যাৎ] দেবতা, পিতৃ, ঋষি ইহাঁরা যেমন মহাপ্রভাব ও চেতন, অথচ বিনা উপকরণে কেবলমাত্র স্বমহিমাবলে অভিধ্যান (সংকল্প) মাত্রে বহুবিধ শরীর, বিচিত্র অট্টালিকা ও রথাদি নির্ম্মাণ করেন, এ তত্ত্ব মন্ত্র, অর্থবাদ, ইতিহাস ও পুরাণাদির প্রামাণ্যে নিশ্চিত হয়, সেইরূপ, ব্রহ্মও বিনা সাধনে কেবল স্বমহিমাবলে জগৎসৃষ্টি করিয়া থাকেন। [তন্তু...স্রক্ষ্যতি] তন্তুনাভ (মাকড়শা) একাকীই সূত্র সৃষ্টি করে, বকীসকল বিনা রেতঃপাতে (সঙ্গমে) গর্ভধারণ করে, পদ্মিনী এক সরোবর হইতে অন্য সরোবরে গমন করে, অথচ গমনের উপকরণ গ্রহণ করে না। এতদ্দৃষ্টান্তে জানা যায়, চেতন ব্রহ্ম বিনা বহিঃসাধনেও জগৎসৃষ্টি করিতে পারেন। [স যদি... দিতি) বাদী যদি বলেন, প্রদর্শিত দেবাদি-দৃষ্টান্ত দার্ষ্টান্তিক ব্রহ্মের সহিত সমান নহে, অসমান ; কেন-না, দেবাদির শরীর আছে—তাঁহারা অচেতন—অচেতন দেহই তাঁহাদের ঐশ্বর্য্য (ক্ষমতাদিবিশেষ) উৎপাদনের সহায়। তন্তুনাভসকল ক্ষুদ্র জীব ভক্ষণ করে, তাহাতে তাহাদের লালাস্রাব হয়, সেই লালা কাঠিন্য প্রাপ্ত হইয়া সূত্রাকার ধারণ করে। মেঘগর্জ্জন শ্রবণে বকীর গর্ভ হয়। পদ্মিনীও—বৃক্ষে লতার ন্যায় চেতন জীবকর্ত্তৃক সরোবর হইতে সরোবর প্রাপিত হয়। চেতন-

বলাকা চ স্তনয়িত্নুরবশ্রবণাদ্‌গর্ভং ধত্তে। পদ্মিনী চ চেতনপ্রযুক্তা সত্যচেতনেনৈব শরীরেণ সরোহন্তরাৎ সরোহন্তরমুপসর্পতি—বল্লীব বৃক্ষং, ন তু স্বয়মেবাচেতনা সরোহন্তরোপসর্পণে ব্যাপ্রিয়তে। তস্মান্নৈতে ব্রহ্মণো দৃষ্টান্তা ইতি।

তং প্রতি ব্রূয়াৎ, নায়ং দোষঃ। কুলালাদিদৃষ্টান্তবৈলক্ষণ্যমাত্রস্য বিবক্ষিতত্বাদিতি। যথা হি কুলালাদীনাং দেবাদীনাঞ্চ সমানে চেতনত্বে কুলালাদয়ঃ কার্য্যারম্ভে বাহ্যং সাধনমপেক্ষন্তে, ন দেবাদয়ঃ, তথা ব্রহ্ম চেতনমপি ন বাহ্যং সাধনমপেক্ষিষ্যত ইত্যেতাবদ্ বয়ং দেবাদ্যুদাহরণেন বিবক্ষামঃ। তস্মাৎ যথৈকস্য সামর্থ্যং দৃষ্টং, তথা সর্ব্বেষামেব ভবিতুমর্হতীতি নাস্ত্যেকান্ত ইত্যভিপ্রায়ঃ ॥ ২। ১। ২৫ ॥

কৃৎস্নপ্রসক্তির্নিরবয়বত্ব-শব্দকোপো বা॥ ২। ১। ২৬॥ *

চেতনমেকমদ্বিতীয়ং ব্রহ্ম ক্ষীরাদিবদ্দেবাদিবচ্চানপেক্ষিতবাহ্য-

লোক্যতেঽনেনেতি লোকঃ শব্দ এব, তস্মিন্ ॥ ২। ১। ২৫ ॥

নন্বু ন ব্রহ্মণস্তত্ত্বতঃ পরিণামঃ, যেন কাৎস্ন্য-ভাগবিকল্পেনাক্ষিপ্যেত। অবিদ্যা-

সম্বন্ধ ব্যতীত অচেতন পদ্মিনী সরোবর হইতে প্রস্থান করিতে অসমর্থ। অতএব, ঐ সকল উদাহরণ ব্রহ্মের দৃষ্টান্ত হইতে পারে না।

বাদীর এই আপত্তির প্রত্যাপত্তি এই যে, ঐ সকল দৃষ্টান্ত প্রদর্শিত হইলেও, বিষম দৃষ্টান্ত হইবে না। কেন না, কেবলমাত্র কুলালের সহিত দেবতার বৈলক্ষণ্য দেখানই উক্ত দৃষ্টান্তের অভিপ্রেত। (দৃষ্টান্ত সর্ব্বাংশে সমান হয় না, হইবার প্রয়োজনও নাই।' একাংশে সমান হইলেই তাহা দৃষ্টান্ত হইতে পারে। 'পদ্মের ন্যায় মুখ' বলিলে কি মুখ ও পদ্ম সর্ব্বাংশে সমান বুঝিবে ?)। যথাহি...প্রায়ঃ] কুলালও চেতন, দেবতাও চেতন, সে অংশে সমান হইলেও কুলাল বাহ্য সাধন সংগ্রহ ব্যতীত কার্য্য করিতে পারে না, কিন্তু দেবতা বিনা বাহ্যসাধনেও কার্য্য করিতে পারেন, এই অংশেই দৃষ্টান্ত। ব্রহ্ম চেতন হইলেও তাঁহার কার্য্যে বাহ্যসাধনের অপেক্ষা নাই, এইমাত্র দেবতাদি দৃষ্টান্তের বিবক্ষিত। ফলিতার্থ এই যে, একের যে সামর্থ্য দেখা যায়, সেই সামর্থ্য যে সকলেরই হইবেক বা থাকিবেক, এমন কোন নিয়ম নাই। (অধিকও হয়, অল্পও হয়) ॥ ২। ১। ২৬ ॥

চেতন ও দ্বিতীয়রহিত এক ব্রহ্মই দুগ্ধাদির ও দেবতাপ্রভৃতির দৃষ্টান্তে বিনা

* পুনঃ পূর্ব্বপক্ষসূত্রম্। চেতনং ব্রহ্ম জগৎকারণমিত্যস্মিন্ পক্ষে কৃৎস্নপ্রসক্তিঃ—নিরবয়বত্বাৎ ব্রহ্মণঃ কৃৎস্নস্য সমুদায়স্য জগদ্রূপেণ পরিণামঃ প্রাপ্নোতীত্যর্থঃ, তেন চ ব্রহ্মাভাবপ্রসঙ্গশ্চ স্যাৎ। পক্ষান্তরে নিরবয়বত্ববোধকশব্দানাং কোপো ব্যাকুলতেতি সূত্রার্থঃ।

সাধনং স্বয়ং পরিণমমানং জগতঃ কারণমিতি স্থিতম্, শাস্ত্রার্থপরিশুদ্ধয়ে তু পুনরাক্ষিপতি—কৃৎস্নপ্রসক্তিঃ কৃৎস্নস্যাস্য ব্রহ্মণঃ কার্য্যরূপেণ পরিণামঃ প্রাপ্নোতি, নিরবয়বত্বাৎ। যদি ব্রহ্ম পৃথিব্যাদিবৎ সাবয়বমভবিষ্যৎ,ততোঽস্যৈকদেশঃ পর্য্যণংস্যত, একদেশশ্চাবাস্থাস্যত। নিরবয়বন্তু ব্রহ্ম শ্রুতিভ্যোঽবগম্যতে—

"নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনম্।

দিব্যো হ্যমূর্ত্তঃ পুরুষঃ স বাহ্যাভ্যন্তরো হ্যজঃ॥"

"ইদং মহদ্ভূতমনন্তমপারম্" "বিজ্ঞানঘন এব", "স এষ নেতি নেত্যাত্মা" "অস্থূলমনণু" ইত্যাদ্যাভ্যঃ সর্ব্ববিশেষপ্রতিষেধয়িত্রীভ্যঃ।

ততশ্চৈকদেশপরিণামাসম্ভবাৎ কৃৎস্নপরিণামপ্রসক্তৌ সত্যাং

কল্পিতেন তু নামরূপলক্ষণেন রূপভেদেন ব্যাকৃতাব্যাকৃতাত্মনা তত্ত্বান্যত্বাভ্যামনির্ব্বচনীয়েন পরিণামাদিব্যবহারাস্পদত্বং ব্রহ্ম প্রতিপদ্যতে। ন চ কল্পিতং রূপং বস্তু স্পৃশতি। ন হি চন্দ্রমসি তৈমিরিকস্য দ্বিত্বকল্পনা চন্দ্রমসো দ্বিত্বমাবহতি। তদনুপপত্ত্যা বা চন্দ্রমসোঽনুপপত্তিঃ। তস্মাদবাস্তবপরিণামকল্পনানুপপদ্যমানাপি

বাহ্য সাধনে জগদাকারে ভাসমান বা পরিণত হন। এই সিদ্ধান্ত অকাট্য হইলেও পুনর্ব্বার শাস্ত্রার্থ সংশোধনের নিমিত্ত পূর্ব্বপক্ষ উদ্ভাবিত হইতেছে। যেহেতু ব্রহ্ম নিরবয়ব, সেই হেতু পাওয়া যায়, সম্পূর্ণ ব্রহ্মই কার্য্যরূপে অর্থাৎ জগদ্রূপে পরিণত হইয়াছেন। [যদি...ত্রীভ্যঃ] ব্রহ্ম যদি পৃথিব্যাদির ন্যায় সাবয়ব হইতেন, তাহা হইলে বুঝা যাইত, ব্রহ্মের একাংশে জগৎ হইয়াছে ; অবশিষ্টাংশ অবিকৃত আছে। ব্রহ্ম যে সাবয়ব নহেন, নিরবয়ব, তাহা শ্রুতি হইতে অবগত হওয়া যায়। শ্রুতি যথা—"ব্রহ্ম নিষ্কল অর্থাৎ নিরবয়ব, নিষ্ক্রিয়, শান্ত, অনিন্দনীয় ও নিরঞ্জন অর্থাৎ নির্লেপ।" "সেই দিব্য পুরুষ (পূর্ণ আত্মা) অমূর্ত্ত (মূর্ত্তিরহিত বা নিরবয়ব), জন্মাদিবর্জ্জিত এবং তিনিই বাহিরে ও অন্তরে পরিপূর্ণ বা বিদ্যমান।" "এই মহদ্ভূত অনন্ত, অপার, কেবল বিজ্ঞান।" "সেই ইনি ইহা নহেন, তাহা নহেন। তিনি অস্তি (সৎ) এতদ্রূপে জ্ঞেয়।" "আত্মা স্থূল নহে, সূক্ষ্মও নহে" ইত্যাদি।

[ততশ্চ..,ক্ষিপতি] যেহেতু ব্রহ্মের অংশ নাই, সেই-হেতু আংশিক পরিণামও

ব্রহ্ম জগৎকারণ, জগতের উপাদান, এ সিদ্ধান্তে কৃৎস্নপ্রসক্তিদোষ অর্থাৎ নিরবয়বত্বহেতু ব্রহ্মের সর্ব্বাংশে জগৎ হওয়ার যে দোষ, সেই দোষ হয়। সে দোষ খণ্ডনার্থ সাবয়ব বলিলে নিরবয়বত্ববোধক শব্দের আনর্থক্য ও ব্রহ্মের অনিত্যতা এই দুই দোষ হইবে।

মূলোচ্ছেদঃ প্রসজ্যেত। দ্রষ্টব্যত্বোপদেশানর্থক্যঞ্চাপন্নম্, অযত্নদৃষ্টত্বাৎ কার্য্যস্য, তদ্ব্যতিরিক্তস্য চ ব্রহ্মণোঽভাবাৎ। অজত্বাদিশব্দব্যাকোপশ্চ। অথৈতদ্দোষপরিজিহীর্ষয়া সাবয়বমেব ব্রহ্মাভ্যুপগম্যেত, তথাপি যে নিরবয়বত্বস্য প্রতিপাদকাঃ শব্দা উদাহৃতাঃ, তে প্রকুপ্যেয়ুঃ। সাবয়বত্বে চানিত্যত্বপ্রসঙ্গ ইতি সর্ব্বথায়ং পক্ষো ন ঘটয়িতুং শক্যত ইত্যাক্ষিপতি ॥ ২। ১। ২৬ ॥

শ্রুতেস্তু শব্দমূলত্বাৎ ॥ ২। ১। ২৭ ॥ *

তু-শব্দেনাক্ষেপং পরিহরতি। ন খল্বস্মৎপক্ষে কশ্চিদপি দোষোঽস্তি। ন তাবৎ কৃৎস্নপ্রসক্তিরস্তি। কুতঃ ? শ্রুতেঃ। যথৈব

ন পরমার্থসতো ব্রহ্মণোঽনুপপত্তিমাবহতি। তস্মাৎ পূর্ব্বপক্ষাভাবাদনারভ্যমিদমধিকরণমিত্যত আহ "চেতনমেকং" ইতি ॥ ২১।২৬ ॥ °

যদ্যপি শ্রুতিশতাদৈকান্তিকাদ্বৈতপ্রতিপাদনপরাৎ পরিণামো বস্তুতো নিষিদ্ধঃ,

অসম্ভব। কাযেই মানিতে হইবে, ব্রহ্মই জগদাকারে পরিণত হইয়াছেন। কিন্তু সমুদায় পরিণাম স্বীকার করিলে মূল থাকে না। (মূল=ব্রহ্ম। ব্রহ্মের ব্রহ্মত্ব নষ্ট হইয়া জগৎ হইয়াছে, ইহাই পাওয়া যায়। যদি মূল না থাকিল অর্থাৎ ব্রহ্ম না থাকিল, তবে "তাঁহাকে দেখিবেক, জানিবেক" এ সকল উপদেশও ব্যর্থ হয়। কেন-না, কার্য্যমাত্রই অযত্নদৃশ্য, অর্থাৎ জগৎ দর্শনের জন্য যত্নের প্রয়োজন হয় না। আবার ইহাও প্রতীত হয়, তদতিরিক্ত ব্রহ্ম নাই। (জগৎ-ই ব্রহ্ম)। ব্রহ্মের ঐরূপ পারিণামিক জন্মবিনাশ স্বীকার পক্ষে 'অজর' 'অমর' এ সকল শব্দের ব্যাকোপ (অর্থ-ব্যাঘাত) হইবেক। যদি এই সকল দোষেয় পরিহারার্থ ব্রহ্মকে সাবয়ব বল, তাহা হইলে নিরবয়বত্বপ্রতিপাদক শব্দের অর্থহানি হইবেক। অপিচ, সাবয়ব-পক্ষে ব্রহ্মের নশ্বরতা আপত্তি হইবেক। কোন প্রকারেই সাবয়বত্বপক্ষ সমর্থন করিতে পারিবে না ॥ ২। ১। ২৬ ॥

পূর্ব্বপক্ষ নিরাসের জন্য সূত্রে তু-শব্দের প্রয়োগ হইয়াছে। অভিপ্রায় এই যে, আমাদের (বেদান্তবাদীর) পক্ষে উল্লিখিত দোষের কোনও দোষ হয় না। কৃৎস্নপ্রসক্তি দোষ ত হয়েই না। অবয়ব না থাকায় সমুদয় ব্রহ্মই জগদাকারে

* তু-শব্দঃ পূর্ব্বপক্ষপরিহারার্থঃ। কৃৎস্নপ্রসক্তিরিতি পূর্ব্বপক্ষো ন ভবতীত্যর্থঃ। কুতঃ ? শ্রুতেঃ। বিকারব্যতিরেকেণ হি ব্রহ্মণোঽবস্থানং শ্রূয়ত ইতি যাবৎ। শব্দমূলত্বাৎ শব্দপ্রমাণকত্বাচ্চ-ব্রহ্মণঃ কৃৎস্নপ্রসক্তিদোষাভাবঃ। শব্দো হি উভয়মপি ব্রহ্মণঃ প্রতিপাদয়তি অকৃৎস্নপ্রসক্তিং নিরবয়বতাঞ্চেতি সূত্রার্থঃ।

ঐ পূর্ব্বপক্ষ হইতেই পারে না। কেন-না, শ্রুতি ব্রহ্ম হইতে জগদুৎপত্তি ও জগদ্ব্যতিরেকে ব্রহ্মের অবস্থান বলিয়াছেন। আরও দেখ, ব্রহ্ম শব্দপ্রমাণের প্রমেয়। তদনুসারে শব্দানুরূপ প্রতিপত্তিই হইবে। শব্দ বলিয়াছেন, বুঝাইয়া দিয়াছেন, ব্রহ্মের একাংশে জগৎ অথচ ব্রহ্ম নিরবয়ব।

হি ব্রহ্মণো জগদুৎপত্তিঃ শ্রূয়তে, এবং বিকারব্যতিরেকেণাপি ব্রহ্মণোঽবস্থানং শ্রূয়তে। প্রকৃতিবিকারয়োর্ভেদেন ব্যপদেশাৎ। "সেয়ং দেবতৈক্ষত হন্তাহমিমাস্তিস্রো দেবতা অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য নামরূপে ব্যাকরবাণি" ইতি,

"তাবানস্য মহিমা ততো জ্যায়াংশ্চ পূরুষঃ।

পাদোঽস্য বিশ্বা ভূতানি ত্রিপাদস্যামৃতং দিবি।" ইতি চৈবঞ্জাতীয়কাৎ। তথা হৃদয়ায়তনত্ববচনাৎ, সৎসম্পত্তিবচনাচ্চ। যদি চ কৃৎস্নং ব্রহ্ম কার্য্যভাবেনোপযুক্তং স্যাৎ "সতা সোম্য, তদা সম্পন্নো ভবতি" ইতি সুষুপ্তিগতং বিশেষণমনুপপন্নং স্যাৎ, বিকৃতেন ব্রহ্মণা নিত্যং সম্পন্নত্বাৎ, অবিকৃতস্য চ ব্রহ্মণোঽভাবাৎ। তথেন্দ্রিয়গোচরত্বপ্রতিষেধাৎ ব্রহ্মণঃ, বিকারস্য চেন্দ্রিয়গোচরত্বোপপত্তেঃ। তস্মাদস্ত্যবিকৃতং ব্রহ্ম। ন চ নির-

তথাপি ক্ষীরাদিদেবতাদিদৃষ্টান্তেন পুনস্তদ্বাস্তবত্বপ্রসঙ্গং পূর্ব্বপক্ষোপপত্ত্যা সর্ব্বথায়ং পক্ষো ন ঘটয়িতুং শক্যত ইত্যপবাদ্য—"শ্রুতেস্তু শব্দমূলত্বাৎ। আত্মনি চৈবং

পরিণত হইয়াছে, সুতরাং এক্ষণে জগৎ-ই আছে, ব্রহ্ম নাই, এ দোষ বা এ আপত্তিও অস্মৎপক্ষে স্থানপ্রাপ্ত হয় না। কেন-না শ্রুতি ব্রহ্ম হইতে জগদুৎপত্তি এবং জগদ্ব্যতিরেকে তাঁহার অবস্থান উভয়ই বলিয়াছেন। শ্রুতি প্রকৃতিকে ও বিকৃতিকে পৃথক্‌রূপে উল্লেখ ও ব্রহ্মের একাংশে জগতের অবস্থান উপদেশ করাতেই উক্ত উভয় কথা বলা হইয়াছে। যথা—"সেই এই দেবতা আলোচনা করিলেন, এই তিন দেবাত্মক আমি জীবাত্মরূপে এতদন্তপ্রবিষ্ট হইয়া নামরূপের বিকাশ করিব।" "যাহা বলা হইল—সমস্তই ব্রহ্মপুরুষের মহিমা, পরন্তু ব্রহ্মপুরুষ ঐ সমুদয় হইতে জ্যেষ্ঠ বা অধিক। এই সমস্ত ভূত তাঁহার এক পাদ, অপর তিন পাদ মুক্ত ও স্বর্গে অবস্থিত।" "তাঁহার স্থান হৃদয় (বুদ্ধি) এবং তিনি সৎসম্পন্ন হন", এ কথাতেও অবিকৃত ব্রহ্মের অস্তিত্ব সিদ্ধ হয়। অবিকৃত ব্রহ্ম না থাকিলে সুষুপ্তিকালের "হে সোম্য, জীব যখন সৎসম্পন্ন (ব্রহ্মপ্রাপ্ত) হয়" এ বিশেষণ নিরর্থক হয়; কারণ, বিকৃত ব্রহ্মের প্রাপ্তি নিত্য, আগন্তুক বা নৈমিত্তিক নহে, অর্থাৎ সুষুপ্তিরূপ নিমিত্তের দ্বারা নহে। অবিকৃত ব্রহ্ম না থাকাতেই উহা স্বীকার্য্য। আরও দেখ, বিকার বা জগৎ ইন্দ্রিয়গম্য, কিন্তু শ্রুতি বলেন, ব্রহ্ম ইন্দ্রিয়ের অগোচর। এ সকল কারণে স্বীকার করিতে হইবেক যে, অবিকৃত ব্রহ্ম নিশ্চয়ই আছেন। [ন চ...তাঞ্চ] শ্রুতিবোধ্য নিরবয়বত্বের স্বীকার থাকাতে নিরবয়বত্বপ্রতিপাদক শব্দের অর্থহানি হয় না। ব্রহ্ম শব্দমূলক অর্থাৎ শব্দপ্রমাণক।

বয়বত্বশব্দব্যাকোপোঽস্তি, শ্রূয়মাণত্বাদেব নিরবয়বত্বস্যাপ্যভ্যুপগম্যমানত্বাৎ। শব্দমূলঞ্চ ব্রহ্ম শব্দপ্রমাণকং নেন্দ্রিয়াদিপ্রমাণকং, তদ্‌যথাশব্দমভ্যুপগন্তব্যম্। শব্দশ্চোভয়মপি ব্রহ্মণঃ প্রতিপাদয়ত্যকৃৎস্নপ্রসক্তিং নিরবয়বতাঞ্চ। লৌকিকানামপি মণিমন্ত্রৌষধিপ্রভৃতীনাং দেশকালনিমিত্তবৈচিত্র্যবশাচ্ছক্তয়ো বিরুদ্ধানেককার্য্যবিষয়া দৃশ্যন্তে, তা অপি তাবন্নোপদেশমন্তরেণ কেবলেন তর্কেণাবগন্তুং শক্যন্তে—অস্য বস্তুন এতাবত্য এতৎসহায়া এতদ্বিষয়া এতৎপ্রয়োজনাশ্চ শক্তয় ইতি, কিমুতাচিন্ত্যপ্রভাবস্য ব্রহ্মণো-রূপং বিনা শব্দেন নিরূপ্যেত। তথাহুঃ পৌরাণিকাঃ—

"অচিন্ত্যাঃ খলু যে ভাবা ন তাংস্তর্কেণ যোজয়েৎ।
প্রকৃতিভ্যঃ পরং যচ্চ তদচিন্ত্যস্য লক্ষণম্॥" ইতি।

তস্মাচ্ছব্দমূল এবাতীন্দ্রিয়ার্থযাথাত্ম্যাধিগমঃ।

বিচিত্রাশ্চ হি" ইতি সূত্রাভ্যাং বিবর্ত্তদৃঢ়ীকরণেনৈকান্তিকাদ্বয়লক্ষণঃ শ্রুত্যর্থঃ পরিশোধ্যত ইত্যর্থঃ। "তস্মাদস্ত্যবিকৃতং ব্রহ্ম" তত্ত্বতঃ।

প্রত্যক্ষাদি-প্রমাণক নহেন। (প্রত্যক্ষের, অনুমানের ও উপমানের দ্বারা ব্রহ্ম-জ্ঞান হয় না, কেবলমাত্র শব্দের দ্বারাই হয়। সেই কারণে ব্রহ্মের স্বরূপ যথাশব্দ অর্থাৎ শব্দানুরূপ, (শব্দ অর্থাৎ শ্রুতি।) শ্রুতি ব্রহ্মের নিরবয়বতা ও একাংশে জগতের অবস্থান প্রতিপন্ন করিয়াছেন। [লৌকিকানা...নিরূপ্যেত] লোক-মধ্যেও দেখা যায়, মণি, মন্ত্র ও ঔষধ প্রভৃতির শক্তি বিবিধ দেশকালাদিনিমিত্ত-বশতঃ বিচিত্র ও বহু বিরুদ্ধ কার্য্য উৎপাদন করিয়া থাকে। সে সকল শক্তি-তত্ত্বও উপদেশ ব্যতীত কেবল তর্কের সাহায্যে জানা যায় না। অমুক বস্তুর এই শক্তি, অমুকসহায়, অমুক বিষয়, অমুক প্রয়োজন, এ সকল যখন বিনা উপদেশে কেবল তর্কেজানা যায় না, তখন অচিন্ত্যশক্তি ব্রহ্মের স্বরূপ যে, বিনা শব্দে জানা যাইবে না, ইহা বলাই বাহুল্য। (যখন প্রত্যক্ষদৃষ্ট পদার্থেরই শক্তি অচিন্ত্য, তখন শব্দ-বোধ্য বা শাস্ত্রগম্য অচিন্ত্যপ্রভাব ব্রহ্মের স্বরূপ যে, অচিন্ত্য—তর্কের অবিষয়, তাহা বলাই বাহুল্য। ফলিতার্থ এই যে, ব্রহ্মের শাস্ত্রপ্রমাণলভ্য নিরবয়বত্ব ও দ্বিধাভাব তর্কের দ্বারা বাধনীয় নহে)। [তথাহুঃ...গমঃ] এ কথা পৌরাণিকগণ বলিয়াছেন। যথা—"যে বস্তু অচিন্ত্য—চিন্তার অগোচর, সে বস্তুকে তর্কারূঢ় করিবে না। যাহা প্রকৃতিরও পরে, তাহাই অচিন্ত্য।" (প্রকৃতি=প্রত্যক্ষদৃষ্ট পদার্থের স্বভাব। পর=তদ্ভিলক্ষণ অর্থাৎ কেবল উপদেশের গোচর। লক্ষণ=স্বরূপ)। এইজন্যই বলিতেছি, অতীন্দ্রিয় বস্তুর স্বরূপাববোধ শব্দমূলক, কিন্তু প্রত্যক্ষাদি-প্রমাণমূলক নহে।

নন্থ শব্দেনাপি ন শক্যতে বিরুদ্ধোঽর্থঃ প্রত্যায়য়িতুং, নিরবয়বঞ্চ ব্রহ্ম পরিণমতে,—ন চ কৃৎস্নমিতি। যদি নিরবয়বং ব্রহ্ম স্যাৎ, নৈব পরিণমেত, কৃৎস্নমেব বা পরিণমেত। অথ কেনচিৎ রূপেণ পরিণমেত, কেনচিৎ রূপেণাবতিষ্ঠেতেতি, রূপভেদকল্পনাৎ সাবয়বমেব প্রসজ্যেত। ক্রিয়াবিষয়ে হি "অতিরাত্রে ষোড়শিনং গৃহ্লাতি নাতিরাত্রে ষোড়শিনং গৃহ্লাতি" ইত্যেবঞ্জাতীয়কায়াং বিরোধপ্রতীতাবপি বিকল্পাশ্রয়ণং বিরোধপরিহারকারণং ভবতি, পুরুষতন্ত্রত্বাদনুষ্ঠানস্য। ইহ তু বিকল্পাশ্রয়ণেনাপি ন বিরোধপরিহারঃ সম্ভবতি, অ-পুরুষতন্ত্রত্বাদ্বস্তুনঃ। তস্মাদ্দুর্ঘটমেতদিতি।

নৈষ দোষঃ। অবিদ্যাকল্পিতরূপভেদাভ্যুপগমাৎ। ন হ্যবিদ্যাকল্পিতেন রূপভেদেন সাবয়বং বস্তু সম্পদ্যতে। ন হি

"নন্থ শব্দেনাপি" ইতি চোদ্যমবিদ্যাকল্পিতত্বোদ্ঘাটনায়। ন হি নিরবয়বত্ব-সাবয়বত্বাভ্যাং বিধান্তরমস্ত্যেকনিষেধস্যেতরবিধাননান্তরীয়কত্বাৎ। তেন প্রকা-

[নন্থ...ভ্যুপগম্যৎ] যদি বল, শব্দও (শাস্ত্রও) কখনই বিরুদ্ধ অর্থ বুঝাইতে পারে না,—ব্রহ্ম নিরবয়ব, অথচ তাঁহার একাংশে পরিণাম হয়—এ অর্থ বিরুদ্ধ, কারণ, ব্রহ্ম যদি নিরবয়বই হন, তাহা হইলে বলিতেই হইবে, তাহার পরিণাম হয় না। যদি হয়, ত সমস্তই হয়। এক আকারে পরিণত হন, আর অন্য আকারে স্বরূপে অবস্থান করেন, এরূপ বলিলে স্বরূপের ভেদ ও সাবয়বত্ব অঙ্গীকার করিতে হইবে। বিকল্প আশ্রয় করিলে ক্রিয়াবিষয়ক বিরোধের পরিহার হইতে পারে; কিন্তু বস্তুবিরোধের পরিহার হইতে পারে না। "অতিরাত্র যাগে ষোড়শি-পাত্র লইবেক, অতিরাত্র যাগে ষোড়শি-পাত্র লইবেক না" এই বিরুদ্ধ বাক্যের বিরোধ পরিহারার্থ বিকল্প গৃহীত হয়। কারণ, বিকল্পব্যবস্থাই তদ্বিধ স্থলে বিরোধ পরিহারের উপায়। গ্রহণ করা ও না করা উভয়ই কর্তৃপুরুষের অধীন। কর্তা ইচ্ছা করিলে ষোড়শিপাত্র গ্রহণ করিতেও পারেন, ত্যাগ করিতেও পারেন, সুতরাং তদনুযায়ী বিকল্প ব্যবস্থাও হইতে পারে। কিন্তু বস্তুবিজ্ঞানস্থলে বিকল্পব্যবস্থা হইতেই পারে না। (জ্ঞানকর্তা কি ইচ্ছাপূর্ব্বক অশ্বকে মহিষ বলিয়া জ্ঞান করিতে পারে? তাহা কখনই পারে না)। সেই জন্যই বলিতেছি, বিরুদ্ধপ্রতীতি স্থলে শব্দের প্রামাণ্য অত্যন্ত দুর্ঘট।

এ বিষয়ে আমরা বলি, দুর্ঘটত্ব দোষ হয় না। কারণ, আমরা কল্পিত ভেদেরই স্বীকার করিয়া থাকি। পারমার্থিক ভেদ স্বীকার করি না। (কল্পিত ভেদ দোষাবহ নহে)। [ন হি...কুর্য্যতি] অনেক লোকে যে, নেত্র গত তিমিরদোষে

তিমিরোপহতনয়নেনানেক ইব চন্দ্রমা দৃশ্যমানোঽনেক এব ভবতি। অবিদ্যাকল্পিতেন চ নামরূপলক্ষণেন রূপভেদেন ব্যাকৃতাব্যাকৃতাত্মকেন তত্ত্বান্যত্বাভ্যামনির্ব্বচনীয়েন ব্রহ্ম পরিণামাদি-সর্ব্বব্যবহারাস্পদত্বং প্রতিপদ্যতে, পারমার্থিকেন চ রূপেণ সর্ব্বব্যবহারাতীতমপরিণতমবতিষ্ঠতে। বাচারম্ভণমাত্রত্বাচ্চাবিদ্যাকল্পিতস্য নামরূপভেদস্য ন নিরবয়বত্বং ব্রহ্মণঃ কুপ্যতি। ন চেয়ং পরিণামশ্রুতিঃ পরিণামপ্রতিপাদনার্থা, তৎপ্রতিপত্তৌ ফলানবগমাৎ। সর্ব্বব্যবহারহীনব্রহ্মাত্মভাবপ্রতিপাদনার্থা ত্বেষা, তৎপ্রতিপত্তৌ ফলাবগমাৎ। 'স এষ নেতি নেত্যাত্মা' ইত্যুপক্রম্যাহ "অভয়ং বৈ জনক প্রাপ্তোঽসি" ইতি। তস্মাদস্মৎপক্ষে ন কশ্চিদপি দোষপ্রসঙ্গোঽস্তি ॥ ২। ১। ২৭ ॥

রান্তরাভাবান্নিরবয়বত্বসাবয়বত্বয়োশ্চ প্রকারয়োরনুপপত্তেঃ গ্রাবপ্লবণাদ্যর্থবাদবদপ্রমাণং শব্দঃ স্যাদিতি চোদ্যার্থঃ। পরিহারঃ সুগমঃ ॥ ২। ১। ২৭ ॥ ১

দ্বিচন্দ্র ত্রিচন্দ্র দেখে, তাই বলিয়া চন্দ্র কি দ্বিতীয় তৃতীয় হন? নামরূপমূলক রূপভেদ মিথ্যাজ্ঞানকল্পিত এবং তাহা ব্যাকৃত অব্যাকৃত উভয়াত্মক। সত্য মিথ্যা কোনও এক নির্দ্দিষ্টরূপে নিরূপণীয় নহে। তদ্রূপ তুচ্ছ ও অনির্ব্বাচ্য কল্পিত ভেদের দ্বারা ব্রহ্ম পরিণামী ও সর্ব্বব্যবহারের আস্পদ হইতেছে সত্য; কিন্তু পারমার্থিকরূপে তিনি সর্ব্বব্যবহারের অতীত ও অপরিণতই আছেন। কল্পিত নামরূপাদি যখন মিথ্যা, কেবল কথা মাত্র, তখন কি জন্য তাঁহার নিরবয়বত্ব-বোধক শব্দের ব্যাকোপ (ব্যাঘাত) হইবেক? [ন চেয়ং...প্রসঙ্গোঽস্তি] যেহেতু পরিণামজ্ঞান নিষ্ফল, পরিণামজ্ঞানের ফল নাই, সেই-হেতু পরিণামশ্রুতি পরিণাম-তাৎপর্য্যে অভিহিত নহে। সর্ব্বব্যবহার-পরিহীন ব্রহ্মাত্মভাব প্রতিপন্ন করাই সে সকল শ্রুতির অভিপ্রেত। কেন-না, তাদৃশ ব্রহ্মাত্মতা জ্ঞানের অক্ষয়-ফল (মোক্ষ) শ্রুত আছে। শ্রুতি "আত্মা ইহা নহে, তাহা নহে" ইত্যাদি প্রকার নিষেধের পর নিষেধ্য সীমা প্রদর্শনপূর্ব্বক বলিয়াছেন" "হে জনক, তুমি এখন অভয় পদ পাইলে।" অতএব, আমাদের, পক্ষে (বেদান্তবাদীর পক্ষে) কোনও দোষ হয় না ॥ ২। ১। ২৭ ॥

আত্মনি চৈবং বিচিত্রাশ্চ হি ॥ ২ । ১ । ২৮ ॥ *

অপি চ, নৈবাত্র বিবদিতব্যং,—কথমেকস্মিন্ ব্রহ্মণি স্বরূপানুপমর্দ্দেনৈবানেকাকারা সৃষ্টিঃ স্যাদিতি, যতঃ আত্মন্যপি একস্মিন্ স্বপ্নদৃশি স্বরূপানুপমর্দ্দেনৈবানেকাকারা সৃষ্টিঃ পঠ্যতে—"ন তত্র রথা ন রথযোগা ন পন্থানো ভবন্ত্যথ রথান্ রথযোগান্ পথঃ সৃজতে" ইত্যাদিনা। লোকেঽপি দেবাদিষু মায়াব্যাদিষু চ স্বরূপানুপমর্দ্দেনৈব বিচিত্রা হস্ত্যশ্বাদিসৃষ্টয়ো দৃশ্যন্তে, তথৈকস্মিন্নপি ব্রহ্মণি স্বরূপানুপমর্দ্দেনৈবানেকাকারা সৃষ্টির্ভবিষ্যতীতি ॥ ২ । ১ । ২৮ ॥

স্বপক্ষদোষাচ্চ ॥ ২ । ১ । ২৯ ॥ *

পরেষামপ্যেষ সমানঃ স্বপক্ষদোষঃ। প্রধানবাদিনোঽপি হি—

অনেন স্ফুটিতো মায়াবাদঃ। স্বপ্নদৃগাত্মা হি মনস্যেব স্বরূপানুপমর্দ্দেন রথাদীন্ সৃজতি ॥ ২ । ১ । ২৮ ॥

ব্রহ্ম এক, অসহায়, তাঁহাতে অনেকাকার সৃষ্টি হয়, অথচ তাঁহার স্বরূপ বিনষ্ট হয় না, ইহা কেন হয় ? কি প্রকারে হয় ? ইহা লইয়া বিবাদ করিও না। স্বপ্নদ্রষ্টা আত্মা এক, স্বপ্নকালে তাঁহাতেও অনেকাকার সৃষ্টি হয়, অথচ আত্মার স্বরূপ অপ্রচ্যুতই থাকে। স্বাপ্নিক বিচিত্র সৃষ্টি শ্রুতিতেও পঠিত হইয়াছে। যথা—"সেখানে (স্বপ্নস্থানে) রথ নাই, রথবাহী অশ্বও নাই, পথও নাই। স্বপ্নদ্রষ্টাই রথ, অশ্ব ও পথ সৃজন করেন" ইত্যাদি। লোকমধ্যেও দেবতা ঐন্দ্রজালিক (বাজীকর) প্রভৃতিতে দেখা যায় যে, তাঁহাদের স্বরূপের উপমর্দ্দন (বিনাশ) হয় না, অথচ হস্তীপ্রভৃতির সৃষ্টি হইয়া থাকে। (মায়াবীরা মায়ার দ্বারা আপনাতে হস্ত্যাদির সৃষ্টি করেন, অথচ তাঁহারা যেমন তেমনই থাকেন)। এই যেমন দৃষ্টান্ত, তেমনি; অদ্বয় ব্রহ্মেও বিবিধাকার সৃষ্টি হয়, অথচ ব্রহ্মের স্বরূপ যেমন তেমনই থাকে ॥ ২ । ১ । ২৮ ॥

প্রোক্ত স্বপক্ষ-দোষ সাংখ্যবাদীর সহিত সমান। প্রধানবাদীরাও নিরবয়ব,

---

* আত্মনি চ আত্মন্যপি একস্মিন্ বিচিত্রা অনেকাকারা সৃষ্টির্দৃশ্যতে পঠ্যতে চ শ্রুতৌ।

স্বরূপের হান হয় না, অথচ ব্রহ্মে অনেকাকার সৃষ্টি হয়, এ সম্বন্ধে দৃষ্টান্ত আছে। আত্মা এক, স্বপ্নকালে তাহার স্বরূপ যথাযথ থাকে, অথচ তাহাতে বিচিত্র সৃষ্টি (স্বাপ্নিক সৃষ্টি) হইতে দেখা যায় এবং তাহা শ্রুতিতেও কথিত আছে।

* সাংখ্যপক্ষেঽপি কৃৎস্নপ্রসক্ত্যাদি দোষোঽস্তি, তস্মাৎ সাংখ্যৈস্তে দোষা অস্মাসু নোদ্ভাবনীয়া ইতি সূত্রার্থঃ।

বাদী যে সকল দোষ উদ্ভাবন করিয়াছেন, সে সকল দোষ তাঁহার নিজ পক্ষেও আছে। যাহা নিজ পক্ষে থাকে, তাহা পরপক্ষে প্রসঞ্জিত করা অন্যায্য।

নিরবয়বমপরিচ্ছিন্নং শব্দাদিহীনং প্রধানং সাবয়বস্য পরিচ্ছিন্নস্য শব্দাদিমতঃ কার্য্যস্য কারণমিতি স্বপক্ষঃ, তত্রাপি কৃৎস্নপ্রসক্তির্নিরবয়বত্বাৎ প্রধানস্য প্রাপ্নোতি, নিরবয়বত্বাভ্যুপগমকোপো বা। ননু নৈব তৈর্নিরবয়বং প্রধানমভ্যুপগম্যতে, সত্ত্বরজস্তমাংসি হি ত্রয়ো গুণাঃ, তেষাং সাম্যাবস্থা প্রধানং, তৈরেবাবয়বৈস্তৎ সাবয়বমিতি। নৈবঞ্জাতীয়কেন সাবয়বত্বেন প্রকৃতো দোষঃ পরিহর্ত্তুং পার্য্যতে, যতঃ সত্ত্বরজস্তমসামপ্যেকৈকস্য সমানং নিরবয়বত্বং, একৈককমেব চেতরদ্বয়ানুগৃহীতং সজাতীয়স্য প্রপঞ্চস্যোপাদানমিতি সমানত্বাৎ স্বপক্ষদোষপ্রসঙ্গস্য। তর্কাপ্রতিষ্ঠানাৎ সাবয়বত্বমেবেতি চেৎ, এবমপ্যনিত্যত্বাদিদোষপ্রসঙ্গঃ। অথ শক্তয় এব কার্য্যবৈচিত্র্যসূচিতা অবয়বা ইত্যভিপ্রায়ঃ, তাস্ত ব্রহ্মবাদিনোঽপ্যবিশিষ্টাঃ। তথা, অণুবাদিনোঽপ্যণুরণ্বন্তরেণ সংযুজ্যমানো নিরবয়বত্বাদ্ যদি কার্ৎস্ন্যেন সংযুজ্যেত,

চোদয়তি।—"ননু নৈব" ইতি। পরিহরতি।—"নৈবঞ্জাতীয়কেন" ইতি। যদ্যপি সমুদায়ঃ সাবয়বস্তথাপি প্রত্যেকং সত্ত্বাদয়ো নিরবয়বাঃ। ন হ্যস্তি সম্ভবঃ সত্ত্বমাত্রং পরিণমতে, ন রজস্তমসী ইতি। সর্ব্বেষাং সত্ত্বপরিণামাভ্যুপগমাৎ। প্রত্যেকং চানবয়বানাং কৃৎস্নপরিণামে মূলোচ্ছেদপ্রসঙ্গঃ। একদেশপরিণামে বা সাবয়বত্বমনিষ্টং প্রসজ্যেত। "তথাণুবাদিনোঽপি" ইতি। বৈশেষিকাণাং হ্যণুভ্যাং সংযুজ্য দ্ব্যণুকমেকমারভ্যতে, তৈস্ত্রিভির্দ্ব্যণুকৈস্ত্র্যণুকমেকমারভ্যত ইতি প্রক্রিয়া। তত্র দ্বয়োরণ্বোরনবয়বয়োঃ সংযোগস্তাবৎ ব্যাপ্নুয়াৎ, ব্যাপ্নুবন্ বা তত্র ন বর্ত্তেত। ন হ্যস্তি সম্ভবঃ স এব তদানীং তত্র বর্ত্ততে ন বর্ত্ততে চেতি। তথা চোপর্য্যধঃ-

অপরিচ্ছিন্ন (সর্ব্বব্যাপী) ও শব্দাদিহীন প্রধানকে সাবয়ব, পরিচ্ছিন্ন ও শব্দাদিযুক্ত জগৎকার্য্যের কারণ বলেন, তাহাই তাঁহাদের পক্ষ, সে পক্ষেও নিরবয়বত্বনিবন্ধন কৃৎস্নপ্রসক্তি, পক্ষান্তরে প্রধানের সাবয়বত্ব ও নিরবয়বত্ব প্রতিপাদক শব্দের ব্যর্থতা সম্ভাবিত হয়। [ননু…প্রসঙ্গস্য] যদি বল, সাংখ্য প্রধানকে নিরবয়ব বলেন না, সাংখ্য সত্ত্ব রজঃ তমঃ, এই তিন গুণের সমান অবস্থাকে প্রধান বলেন, সেই সকল গুণই অবয়ব, সুতরাং প্রধান সাবয়ব। এ বিষয়ে আমরা বলি, ঐরূপ সাবয়বত্বের দ্বারা প্রদর্শিত দোষের পরিহার হয় না। যেহেতু, তাঁহাদের মতে সত্ত্ব রজঃ তমঃ, ইহারা প্রত্যেকেই সমান ভাবে নিরবয়ব এবং অন্য গুণদ্বয়ের সাহিত্যে সজাতীয় প্রপঞ্চের (বিস্তারের) উপাদান (কারণ) হয়। [তর্কা…দোষঃ] তর্ক প্রতিষ্ঠিত নহে, তর্কের দ্বারা তত্ত্বনির্ণয় হয় না, ইহা ভাবিয়া তর্ক পরিত্যাগপূর্ব্বক শাস্ত্রীয় সাবয়বত্ব গ্রহণ করিলেও অনিত্যত্বদোষাদি সংঘটিত হইবেক। যদি কার্য্যের বিচিত্রতা (অনেকাকারতা) দেখিয়া সত্ত্বাদিনিষ্ঠ শক্তিপুঞ্জের অনুমান কর, করিয়া তদনুরূপ সাবয়বত্ব অঙ্গীকার কর,

ততঃ প্রথিমানুপপত্তেরণুমাত্রত্বপ্রসঙ্গঃ। অথৈকদেশেন সংযুজ্যেত, তথাপি নিরবয়বত্বাভ্যুপগমকোপ ইতি স্বপক্ষেঽপি সমান এষ দোষঃ। সমানত্বাচ্চ নান্যতরস্মিন্নেব পক্ষ উপক্ষেপ্তব্যো ভবতি। পরিহৃতস্তু ব্রহ্মবাদিনা স্বপক্ষদোষঃ ॥২।১।২৯॥

সর্ব্বোপেতা চ তদ্দর্শনাৎ ॥ ২। ১। ৩০ ॥ *

একস্যাপি ব্রহ্মণো বিচিত্রশক্তিযোগাদুপপদ্যতে বিচিত্রো বিকারপ্রপঞ্চ ইত্যুক্তম্। তৎ পুনঃ কথমুপগম্যতে বিচিত্রশক্তিযুক্তং পরং ব্রহ্মেতি, তদুচ্যতে—সর্ব্বোপেতা চ তদ্দর্শনাৎ। সর্ব্বশক্তিযুক্তা চ পরা দেবতেত্যবগন্তব্যং, কুতঃ, তদ্দর্শনাৎ। তথা হি দর্শয়তি শ্রুতিঃ সর্ব্বশক্তিযোগং পরস্যা দেবতায়াঃ

পার্শ্বস্থাঃ যদ্যপি পরমাণবঃ সমানদেশা ইতি প্রথিমানুপপত্তেরণুমাত্রঃ পিণ্ডঃ প্রসজ্যেত। অব্যাপনে বা ষড়বয়বঃ পরমাণুঃ স্যাদিত্যনবয়বত্বব্যাকোপঃ। অশক্যঞ্চ সাবয়বত্বমুপেতুং, তথা সত্যনন্তাবয়বত্বেন সুমেরু-রাজসর্ষপয়োঃ সমানপরিমাণত্বপ্রসঙ্গঃ। তস্মাৎ সমানো দোষঃ। আপাতমাত্রেণ সাম্যমুক্তং, পরমার্থতস্তু ভাবিকং পরিণামং বা কার্য্যকারণভাবং বেচ্ছতামেব দুর্ব্বারো দোষঃ, ন পুনরস্মাকং মায়াবাদিনামিত্যাহ—"পরিহৃতস্ত্বি" ইতি ॥ ২। ১। ২৯ ॥

বিচিত্রশক্তিত্বমুক্তং ব্রহ্মণস্তত্র শ্রুত্যুপন্যাসপরং সূত্রম্ ॥ ২। ১। ৩০ ॥

তাহা হইলে সেরূপ সাবয়বত্ব ব্রহ্মবাদীর পক্ষেও ইষ্ট এবং সঙ্গত। ব্রহ্মবাদীরাও মায়াশক্তির দ্বারা ব্রহ্মের সাবয়বত্ব স্বীকার করিয়া থাকেন। অপিচ, পরমাণুবাদেও স্বপক্ষ দোষ আছে। পরমাণুও নিরবয়ব, সুতরাং এক পরমাণু অপর পরমাণুর সহিত সংযুক্ত হইতে গেলে নিরবয়বত্ব-নিবন্ধন কৃৎস্ন সংযোগই হইবেক। কৃৎস্ন সংযোগ হইলে প্রথিমা (স্থূলতা) হইবে না। একদেশে সংযোগ (পাশাপাশি সংযোগ) হয় বলিতে গেলেও, পরমাণু নিরবয়ব এ কথা ব্যর্থ হইবেক। অতএব অণুবাদীর পক্ষেও প্রদত্ত দোষ সমান। যেহেতু সমান দোষ—সেই হেতু কেহ কাহারও পক্ষে উক্ত দোষ প্রসঞ্জিত করিতে পারেন না। ব্রহ্মবাদী স্বপক্ষদোষের পরিহার করিয়াছেন ॥ ২। ১। ২৯ ॥

বলা হইল, বিচিত্রশক্তি ব্রহ্ম হইতে বিচিত্র বিকারপ্রপঞ্চ (জগৎ) উৎপন্ন হওয়া অযুক্ত নহে। কিন্তু পরব্রহ্ম যে বিচিত্র শক্তিসম্পন্ন, তাহা কিসে জানিলে? এই প্রশ্নের প্রত্যুত্তরার্থ বলা হইল, "সর্ব্বোপেতা চ তদ্দর্শনাৎ"। অর্থাৎ সেই পরদেবতা যে, সর্ব্বশক্তিযুক্ত, ইহা অবগত হও। কেন-না, প্রমাণভূত শ্রুতি

* সর্ব্বোপেতা সর্ব্বশক্তিসম্পন্না সা পর দেবতা ইত্যাহম্। কুতঃ? তদ্দর্শনাৎ সর্ব্বশক্তিযুক্তত্বদর্শনাৎ, পরদেবতায়াঃ সর্ব্বশক্তিমত্বং শ্রুত্যা দর্শিতমিত্যর্থঃ।

শ্রুতি পরব্রহ্মে বিচিত্র শক্তির সদ্ভাব দেখাইয়াছেন। বিচিত্রশক্তি থাকাতেই তাঁহাতে এই বিচিত্র সৃষ্টি উপপন্ন হয়।

"সর্ব্বকর্ম্মা সর্ব্বকামঃ সর্ব্বগন্ধঃ সর্ব্বরসঃ সর্ব্বমিদমভ্যাত্তো-হবাক্যনাদরঃ সত্যকামঃ সত্যসঙ্কল্পঃ", "যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিৎ", "এতস্য বা অক্ষরস্য প্রশাসনে গার্গি, সূর্য্যাচন্দ্রমসৌ বিধৃতৌ তিষ্ঠতঃ" ইত্যেবংজাতীয়কা ॥ ২। ১। ৩০ ॥

বিকরণত্বান্নেতি চেত্তদুক্তম্ ॥ ২। ১। ৩১ ॥ *

স্যাদেতৎ, বিকরণাং পরাং দেবতাং শাস্তি শাস্ত্রং—"অচক্ষুষ্কমশ্রোত্রমবাগমনাঃ" ইত্যেবংজাতীয়কম্। কথং সা সর্ব্বশক্তিযুক্তাপি সতী কার্য্যায় প্রভবেৎ? দেবাদয়ো হি চেতনাঃ সর্ব্বশক্তিযুক্তা অপি সন্ত আধ্যাত্মিককার্য্যকরণসম্পন্না এব তস্মৈ তস্মৈ কার্য্যায় প্রভবন্তো বিজ্ঞায়ন্তে। কথঞ্চ "নেতি নেতি" ইতি

এতদাক্ষেপসমাধানপরং সূত্রম্ [বিকরণত্বাদিত্যাদি]।

কুলালাদিভ্যস্তাবদ্বাহ্যকরণাপেক্ষেভ্যো দেবাদীনাং বাহ্যানপেক্ষাণামারম্ভককরণাপেক্ষসৃষ্টীনাং প্রমাণেন দৃষ্টো যথা বিশেষো নাপহ্নোতুং শক্যঃ। যথা তু জাগ্রৎসৃষ্টের্ব্বাহ্যকরণাপেক্ষায়াস্তদনপেক্ষান্তরকরণমাত্রসাধ্যা দৃষ্টা স্বপ্নে রথাদিসৃষ্টিরশক্যা-

---

তাহাই দেখাইয়াছেন। পরদেবতা যে, সর্ব্বশক্তিসম্পন্না, ইহা "তিনি সর্ব্বকর্ম্মা, সর্ব্বকাম, সর্ব্বগন্ধ, সর্ব্বরস, সর্ব্বব্যাপী বাগিন্দ্রিয়বর্জ্জিত, নিষ্কাম, আপ্তকাম, সত্যসঙ্কল্প" "যিনি সর্ব্বজ্ঞ ও সর্ব্ববিৎ" "হে গার্গি, এই অক্ষরের শাসন হেতু চন্দ্র সূর্য্য বিধৃত আছে" ইত্যাদি শ্রুতিতে কথিত হইয়াছে ॥ ২। ১। ৩০ ॥

শাস্ত্র বলেন, পরদেবতা নিরিন্দ্রিয়। যথা—"তিনি অচক্ষু, অশ্রোত্র, অবাক্ ও অমনাঃ।" অতএব, সর্ব্বশক্তিযুক্ত হইলেও তিনি কি প্রকারে সৃষ্টি করিতে সমর্থ হন? দেবতা সকল চেতন, তাঁহারা আধ্যাত্মিক কার্য্যকরণসম্পন্ন (তাঁহাদের দেহ ও ইন্দ্রিয় আছে), তৎকারণে তাঁহারা সর্ব্বশক্তিযুক্ত হইয়া সেই সেই কার্য্য করিতে পারেন, কিন্তু পরদেবতা ব্রহ্মের দেহ নাই, ইন্দ্রিয়ও নাই, অধিক কি—তাঁহার কোনও ধর্ম্মই নাই, প্রত্যুত সর্ব্বপ্রকার বিশেষ তাঁহাতে প্রতিষিদ্ধ হইয়াছে। তবে কি প্রকারে তাঁহাতে সর্ব্বশক্তি থাকা সম্ভব হয়? এ আপত্তির প্রত্যাপত্তি করিতে যে কিছু বলা আবশ্যক, সে সমস্তই পূর্ব্বে বলা হইয়াছে। পরব্রহ্ম অত্যন্ত গম্ভীর, কেবলমাত্র শ্রুতিগম্য, তর্কগম্য নহেন।

---

* করণমিন্দ্রিয়ম্। বিকরণত্বাৎ নিরিন্দ্রিয়ত্বাৎ সর্ব্বশক্তিযুক্তাপি সা পরা দেবতা ন কার্য্যায় প্রভবেদিতি চেৎ—যদি পূর্ব্বপক্ষয়সি, তত্র বক্তব্যং তৎ উক্তং পূর্ব্বত্রে ইতি সূত্রার্থঃ।

পরদেবতা নিরিন্দ্রিয়, সুতরাং তাঁহাতে সর্ব্বশক্তি থাকা অসম্ভব। সম্ভব হইলেও তিনি দেহেন্দ্রিয়াদির অভাবে সৃষ্টি করিতে পারেন না। এই পূর্ব্বপক্ষের বা আপত্তির প্রত্যাপত্তি পূর্ব্বেই বলা হইয়াছে।

প্রতিষিদ্ধসর্ব্ববিশেষায়া দেবতায়াঃ সর্ব্বশক্তিযোগঃ সম্ভবেদিতি চেৎ ; যদত্র বক্তব্যং, তৎ পুরস্তাদেবোক্তম্। শ্রুত্যবগাহ্যমেবেদমতিগম্ভীরং পরং ব্রহ্ম, ন তর্কাবগাহ্যম্। ন চ যথৈকস্য সামর্থ্যং দৃষ্টং, তথান্যস্যাপি সামর্থ্যেন ভবিতব্যমিতি নিয়মোঽস্তীতি প্রতিষিদ্ধসর্ব্ববিশেষস্যাপি ব্রহ্মণঃ সর্ব্বশক্তিযোগঃ সম্ভবতীত্যেতদপ্যবিদ্যাকল্পিতরূপভেদোপন্যাসেনোক্তমেব। তথা চ শাস্ত্রং—

"অপাণিপাদো জবনো গ্রহীতা
পশ্যত্যচক্ষুঃ স শৃণোত্যকর্ণঃ।"

ইত্যকরণস্যাপি ব্রহ্মণঃ সর্ব্বসামর্থ্যযোগং দর্শয়তি ॥২।১।৩১॥

ন প্রয়োজনবত্ত্বাৎ ॥ ২ । ১ । ৩২ ॥ *

অন্যথা পুনশ্চেতনকর্ত্তৃকত্বং জগত আক্ষিপতি। ন খলু চেতনঃ

পর্য্যাপ্তুম্, এবং সর্ব্বশক্তেঃ পরস্যা দেবতায়া আন্তরকরণানপেক্ষায়া জগৎসর্জ্জনং শ্রূয়মাণং ন সামান্যতো দৃষ্টমাত্রেণাপহ্নবমর্হতীতি ॥ ২ । ১ । ৩১ ॥

ন তাবদুন্মত্তবদস্য মতিবিভ্রমাজ্জগৎপ্রক্রিয়া, ভ্রান্তস্য সর্ব্বজ্ঞত্বানুপপত্তেঃ।

অপিচ, এক ব্যক্তিতে যে শক্তি দেখা যায়, অন্য ব্যক্তিতেও অবিকল সেই শক্তি অবস্থান করিবেক. থাকিবেক, এমন কোন নিয়ম নাই। (একের শক্তি দেখিয়া অপরের শক্তি অনুমান করিলে তাহা ব্যভিচারী হইতেও পারে)। অতএব, কোনও প্রকার বিশেষ অর্থাৎ বাস্তব ভেদ (দ্বৈত) না থাকিলেও পরব্রহ্মে সর্ব্বশক্তিযোগ অসম্ভব হয় না, এ কথা আমরা অবিদ্যাকল্পিত রূপভেদ স্বীকার প্রসঙ্গে বলিয়াছি। এ বিষয়ে শাস্ত্রপ্রমাণও আছে। যথা—"তিনি হস্তপদরহিত অথচ গমন ও গ্রহণ করিতে সমর্থ। তাঁহার চক্ষু নাই, কর্ণও নাই, অথচ তিনি দেখেন ও শুনেন।" শ্রুতি এইরূপ ইন্দ্রিয়শূন্য পরব্রহ্মের সর্ব্বসামর্থ্যযোগ (থাকা) দেখাইয়াছেন ॥ ২ । ১ । ৩১ ॥

চেতন ব্রহ্ম জগৎ কর্ত্তা, এ সিদ্ধান্তের বিপক্ষে অন্য প্রকার আপত্তি উত্থাপিত হইতেছে। চেতন পরমাত্মা এ জগৎ রচনা করেন নাই। কারণ এই

* ন জগদ্বিরচিতবৎ ব্রহ্ম। কুতঃ ? প্রয়োজনবত্ত্বাৎ। প্রবৃত্তিহি প্রয়োজনবুদ্ধিপূর্ব্বিকা। ব্রহ্ম তু নিত্য পরিতৃপ্তম্। অত এতৎ কেনচিৎ প্রয়োজনবতা পুরুষেন সৃষ্টং, ন তু ব্রহ্মণা, তস্য নিত্যতৃপ্তত্বেন প্রয়োজনবুদ্ধেরভাবাদিতি যোজনা।

ব্রহ্ম আপ্তকাম, সৃষ্টিতে তাঁহার কিছুমাত্র প্রয়োজন নাই, এতদনুসারে অনুমান করা যায়, ব্রহ্ম ইহা সৃজন করেন নাই। (পূর্ব্বপক্ষ সূত্র)।

পরমাত্মেদং জগদ্বিম্বং বিরচয়িতুর্হতি। কুতঃ ? প্রয়োজনবত্ত্বাৎ প্রবৃত্তীনাম্। চেতনো হি লোকে বুদ্ধিপূর্ব্বকারী পুরুষঃ প্রবর্ত্তমানো ন মন্দোপক্রমামপি তাবৎ প্রবৃত্তিমাত্মপ্রয়োজনানুপযোগিনীমারভমাণো দৃষ্টঃ, কিমুত গুরুতরসংরম্ভাম্। ভবতি চ লোকপ্রসিদ্ধ্যনুবাদিনী শ্রুতিঃ "ন বা অরে সর্ব্বস্য কামায় সর্ব্বং প্রিয়ং ভবতি, আত্মনস্তু কামায় সর্ব্বং প্রিয়ং ভবতি" ইতি।

গুরুতরসংরম্ভা চেয়ং প্রবৃত্তির্যদুচ্চাবচপ্রপঞ্চং জগদ্বিম্বং বিরচয়িতব্যম্। যদীয়মপি প্রবৃত্তিশ্চেতনস্য পরমাত্মন আত্মপ্রয়োজনোপযোগিনী পরিকল্প্যেত, পরিতৃপ্তত্বং পরমাত্মনঃ শ্রূয়মাণং বাধ্যেত। প্রয়োজনাভাবে বা প্রবৃত্ত্যভাবোঽপি স্যাৎ। অথ চেতনোঽপি সন্ উন্মত্তো বুদ্ধ্যপরাধাদন্তরেণৈবাত্মপ্রয়োজনং প্রবর্ত্তমানো দৃষ্টঃ, তথা পরমাত্মাপি প্রবর্ত্তিষ্যত ইত্যুচ্যেত,

---

তস্মাৎ প্রেক্ষাবতাঽনেন জগৎ কর্ত্তব্যম্। প্রেক্ষাবতশ্চ প্রবৃত্তিঃ স্বপরহিতাহিতপ্রাপ্তিপরিহারপ্রয়োজনা সতী নাপ্রয়োজনাঽল্পায়াসাপি সম্ভবতি, কিং পুনরপরিমেয়ানেকবিধোচ্চাবচপ্রপঞ্চজগদ্বিভ্রমবিরচনা মহাপ্রয়াসা।

অতএব লীলাপি পরাস্তা। অল্পায়াসসাধ্যা হি সা। ন চেয়মপ্যপ্রয়োজনা, তস্যা অপি সুখপ্রয়োজনবত্ত্বাৎ, তাদর্থ্যেন বা প্রবৃত্তৌ তদভাবে কৃতার্থত্বানুপপত্তেঃ, পরেষাং চোপকার্য্যাণামভাবেন তদুপকারায়া অপি প্রবৃত্তেরযোগাৎ। তস্মাৎ

যে, প্রবৃত্তিমাত্রই সপ্রয়োজন্। (বিনা প্রয়োজনে কেহ কিছু করে না)। লোক মধ্যে দেখা যায়, বুদ্ধিপূর্ব্বকারী চেতন পুরুষই কার্য্যে প্রবৃত্ত হয়। যে চেষ্টা নিতান্ত স্বল্প, প্রয়োজনের অনুপযোগী হইলে সে চেষ্টাতেও প্রবৃত্তি হয় না, গুরুতর বা বহুব্যাপার কার্য্যের ত কথাই নাই। এ বিষয়ে লোকপ্রসিদ্ধির অনুবাদিনী শ্রুতিও আছে। যথা—"হে মৈত্রেয়ি, সকলের কামনায় (সুখের জন্য) এ সকল প্রিয় নহে; আত্ম-কামনাতেই (আত্ম-সুখের জন্যই) এ সকল প্রিয় (ভালবাসার আশ্রয়) হয়।"

উচ্চাবচ অর্থাৎ ছোট বড় ও নানাবিধ জগৎপ্রপঞ্চের রচনা করা অল্পপ্রবৃত্তির বা অল্পচেষ্টার (অথবা ইচ্ছার) কার্য্য নহে। [যদীয়...রিতি] যদি এই সৃষ্টিপ্রবৃত্তিতে চেতন পরমাত্মার প্রয়োজন থাকা অনুমান কর, তাহা হইলে শ্রুতিতে যে, শুনা যায় পরমাত্মা নিত্যতৃপ্ত, সে শ্রবণ বাধিত (মিথ্যা) হইবে। এদিকে আবার প্রয়োজন ব্যতীত কার্য্যে প্রবৃত্তি হয় না, ইহাও দেখিতে ও মানিতে হইবেক। যদিও উন্মত্ত চেতনকে বুদ্ধিদোষ-বশতঃ বিনা প্রয়োজনে প্রবৃত্ত হইতে বা কার্য্য করিতে দেখিয়াছ, দেখিয়া পরমাত্মার প্রবৃত্তিকেও তত্তুল্য বলিতে

তথা সতি সর্ব্বজ্ঞত্বং পরমাত্মনঃ শ্রূয়মাণং বাধ্যেত। তস্মাদশ্লিষ্টা চেতনাৎ সৃষ্টিরিতি ॥ ২। ১। ৩২ ॥

লোকবত্তু লীলাকৈবল্যম্ ॥ ২। ১। ৩৩ ॥ *

তু-শব্দেনাক্ষেপং পরিহরতি। যথা লোকে কস্যচিদাপ্তৈষণস্য রাজ্ঞো রাজামাত্যস্য বা ব্যতিরিক্তং কিঞ্চিৎ প্রয়োজনমনভিসন্ধায় কেবলং লীলারূপাঃ প্রবৃত্তয়ঃ ক্রীড়াবিহারেষু ভবন্তি। যথা চোচ্ছ্বাসপ্রশ্বাসাদয়োঽনভিসন্ধায় বাহ্যং কিঞ্চিৎ প্রয়োজনান্তরং স্বভাবাদেব ভবন্তি, এবমীশ্বরস্যাপ্যনপেক্ষ্য

প্রেক্ষাবৎপ্রবৃত্তিঃ প্রয়োজনবত্তয়া ব্যাপ্তা তদভাবেঽনুপপন্না ব্রহ্মোপাদানতাং জগতঃ প্রতিক্ষিপতীতি প্রাপ্তম্। এবং প্রাপ্তেঽভিধীয়তে— ॥ ২। ১। ৩২ ॥

ভবেদেতদেবং, যদি প্রেক্ষাবৎপ্রবৃত্তিঃ প্রয়োজনবত্তয়া ব্যাপ্তা ভবেৎ, ততন্নিবৃত্তৌ নিবর্ত্তেত—শিংশপাত্বমিব বৃক্ষতানিবৃত্তৌ, ন ত্বেতদস্তি। প্রেক্ষাবতামননুসংহিতপ্রয়োজনানামপি যাদৃচ্ছিকীষু ক্রিয়াসু প্রবৃত্তিদর্শনাৎ। অন্যথা 'ন কুর্ব্বীত বৃথা চেষ্টাং' ইতি ধর্ম্মসূত্রকৃতাং প্রতিষেধো নির্ব্বিষয়ঃ প্রসজ্যেত। ন চোন্মত্তান্ প্রত্যেতৎ সূত্রমর্থবৎ। তেষাং তদর্থবোধতদনুষ্ঠানানুপপত্তেঃ। অপি চাদৃষ্টহেতুকোৎপত্তিকী শ্বাসপ্রশ্বাসলক্ষণা প্রেক্ষাবতাং ক্রিয়া প্রয়োজনানুসন্ধানমন্তরেণ দৃষ্টা। ন চাস্যাং চেতনস্যাপি চৈতন্যমনুপযোগি সম্প্র-

---

ইচ্ছা করিতেছ, তাহা হইলে তাঁহার সম্বন্ধে শ্রূয়মাণ (শ্রুত্যুক্ত) সর্ব্বজ্ঞতা থাকিবেক না, স্থান প্রাপ্ত হইবেক না। এই সকল কারণেই বলিতেছি, চেতন পরমাত্মা হইতে জগৎ সৃষ্টি হওয়া নিতান্ত অসম্ভব ॥ ২। ১। ৩২ ॥

সূত্রস্থ তু-শব্দ আপত্তি পরিহারের দ্যোতক। অর্থাৎ ঐ সকল আপত্তি এই প্রণালীতে নিরস্ত (তাড়িত) হয়। যেমন লোকমধ্যে কোন এক প্রাপ্তকাম রাজার অথবা রাজ-অমাত্যের (যাহার কিছুমাত্র অভাব নাই, সমস্তই আছে, তাহার) বিনা প্রয়োজনে কেবলমাত্র লীলারূপ প্রবৃত্তি (চেষ্টা) হইতে দেখা যায়, অথবা যেমন শ্বাস প্রশ্বাস প্রভৃতিকে বিনা প্রয়োজনে বা বিনা উদ্দেশে কেবলমাত্র স্বভাবের বশে লীলারূপে অর্থাৎ অনায়াসে প্রবৃত্ত হইতে দেখা যায়, সেইরূপ, ঈশ্বরের প্রবৃত্তিও বিনা উদ্দেশে বা বিনা প্রয়োজনে কেবলমাত্র স্বভাবের বশে নিষ্পন্ন হইতে পারে। লীলায় যৎকিঞ্চিৎ উল্লাসাদি

---

* আক্ষেপপরিহারায় তু-শব্দঃ। লোকবৎ লৌকিকদৃষ্টান্তেন লীলাকৈবল্যং লীলাকেবলত্বং জগদ্রচনায়া ইতি জগদ্রচনায়া লীলারূপত্বে প্রোক্তাক্ষেপো ন যুজ্যত ইত্যর্থঃ

এই জগদ্রচনা ঈশ্বরের লীলাস্বরূপ। বিনা প্রয়োজনে লীলাপ্রবৃত্তি দেখা যায়, সুতরাং ঐ সকল পূর্ব্বপক্ষ (ঈশ্বরের জগৎ সৃষ্টি সম্বন্ধীয় পূর্ব্বপক্ষ) স্থান প্রাপ্ত হয় না।

কিঞ্চিৎ প্রয়োজনান্তরং স্বভাবাদেব কেবলং লীলারূপা প্রবৃত্তির্ভবিষ্যতি। ন হীশ্বরস্য প্রয়োজনান্তরং নিরূপ্যমাণং ন্যায়তঃ শ্রুতিতো বা সম্ভবতি। ন চ স্বভাবঃ পর্য্যনুযোক্তুং শক্যতে। যদ্যপ্যস্মাকমিয়ং জগদ্বিম্বিরচনা গুরুতরসংরম্ভেবাভাতি, তথাপি পরমেশ্বরস্য লীলৈব কেবলেয়ং অপরিমিতশক্তিত্বাৎ।

যদি নাম লোকে লীলাস্বপি কিঞ্চিৎ সূক্ষ্মং প্রয়োজনং উৎপ্রেক্ষ্যেত, তথাপি নৈবাত্র কিঞ্চিৎ প্রয়োজনমুৎপ্রেক্ষিতুং

সাদেহপি ভাবাদিতি যুক্তং প্রাজ্ঞস্যাপি চৈতন্যাপ্রচ্যুতেঃ, অন্যথা মৃতশরীরেহপি শ্বাসপ্রশ্বাসপ্রবৃত্তিপ্রসঙ্গাৎ। যথা চ স্বার্থপরার্থসম্পদাসাদিতসমস্তকামানাং কৃতকৃত্যতয়াহনাকুলমনসামকামানামেব লীলামাত্রাৎ সত্যপ্যনুনিষ্পাদিনি প্রয়োজনে নৈব তদুদ্দেশেন প্রবৃত্তিঃ, এবং ব্রহ্মণোহপি জগৎসর্জ্জনে প্রবৃত্তির্নানুপপন্না। দৃষ্টঞ্চ যদল্পবলবীর্য্যবুদ্ধীনামশক্যমতিদুষ্করং বা, তদন্যেষামনল্পবলবীর্য্যবুদ্ধীনাং সুশকমীষৎকরং বা। ন হি বানরৈর্ম্মাকৃতিপ্রভৃতিভির্নগৈর্নবন্ধো নীরনিধিরগাধো মহাসত্ত্বানাম্। ন চৈষ পার্থেন শিলীমুখৈর্ন বদ্ধঃ, ন চায়ং ন পীতঃ সংক্ষিপ্য চুলুকেন হেলয়েব কলশযোনিনা মহামুনিনা। ন চাস্যাপি ন দৃশ্যন্তে লীলামাত্রবিনির্ম্মিতানি মহাপ্রাসাদপ্রমদবনানি শ্রীমন্নগনরেন্দ্রাণামন্যেষাং মনসাপি দুষ্করাণি নরেশ্বরাণাম্। তস্মাদুপপন্নং যদৃচ্ছয়া বা স্বভাবাদ্বা লীলয়া বা জগৎসর্জ্জনং ভগবতো মহেশ্বরস্যেতি।

অপি চ নেয়ং পারমার্থিকী সৃষ্টির্যেনানুযুজ্যেত প্রয়োজনম্, অপি ত্বনাদ্যবিদ্যানিবন্ধনা। অবিদ্যা চ স্বভাবত এব কার্য্যোন্মুখী ন প্রয়োজনমপেক্ষতে। ন হি দ্বিচন্দ্রালাতচক্রগন্ধর্ব্বনগরাদিবিভ্রমাঃ সমুদ্দিষ্টপ্রয়োজনা ভবন্তি। ন চ তৎকার্য্যা

প্রয়োজন আছে সত্য ; কিন্তু শ্বাস প্রশ্বাস ত্যাগে কিছুমাত্র উদ্দেশ্য অথবা অভিসন্ধি নাই। কোনও বুদ্ধিমান্ অমুক হউক বা হইবেক, ভাবিয়া শ্বাসপ্রশ্বাস ত্যাগ ও গ্রহণ করেন না। তাহা স্বভাববশে আপনা হইতেই নিষ্পন্ন হয়। সেইরূপ, ঈশ্বরের যে কাল-কর্ম্ম-সচিব মায়াশক্তি আছে, সেই মায়াশক্তিই তাঁহার স্বভাব। সেই স্বভাবের বশেই সৃষ্টি হয়, কেহ তাহা নিবারণ করিতে সক্ষম নহে। [ন হীশ্বরস্য·· প্রবর্ত্তব্যম্] জগৎসৃষ্টিতে যে পরমাত্মার কোনরূপ উদ্দেশ্য, অভিসন্ধি অথবা প্রয়োজন আছে, তাহা নাই। শ্রুতি ও যুক্তি, দু-এর কোনওটীর দ্বারাই প্রয়োজনসদ্ভাব নিরূপিত হয় না। তিনি সৃষ্টি করেন কেন? চুপ্ করিয়া না থাকেন কেন? এ অনুযোগ (প্রশ্ন) করিতে পার না। স্বভাবরূপ কারণ থাকিলে তাহার কার্য্য নিতান্ত অপরিহার্য্য হইয়া পড়ে। আমরা মনে করিতেছি, জগদ্রচনা অতি গুরুতর কার্য্য, কিন্তু পরমেশ্বরের নিকট ইহা গুরুতর নহে—কিছুই নহে। তিনি অপরিমিতশক্তি, তাঁহার নিকট ইহা লীলাই, অন্য কিছু নহে।

যদিও লৌকিক লীলায় কিছু না কিছু প্রয়োজনের অস্তিত্ব উহ্য করিতে পা৺

শক্যতে, আপ্তকামশ্রুতেঃ। নাপ্যপ্রবৃত্তিরুন্মত্তপ্রবৃত্তির্বা, সৃষ্টিশ্রুতেঃ সার্ব্বজ্ঞ্যশ্রুতেশ্চ। ন চেয়ং পরমার্থবিষয়া সৃষ্টিশ্রুতিঃ, অবিদ্যাকল্পিতনামরূপব্যবহারগোচরত্বাৎ ব্রহ্মাত্মভাবপ্রতিপাদনপরত্বাচ্চেত্যেতদপি নৈব প্রস্মর্ত্তব্যম্ ॥ ২। ১। ৩৩ ॥

বৈষম্য-নৈর্ঘৃণ্যে ন সাপেক্ষত্বাৎ, তথা হি দর্শয়তি ॥ ২। ১। ৩৪ ॥ *

পুনশ্চ জগজ্জন্মাদিহেতুত্বমীশ্বরস্যাক্ষিপ্যতে স্থূণা-নিখনন-

বিস্ময়ভয়কম্পাদয়ঃ স্বোৎপত্তৌ প্রয়োজনমপেক্ষন্তে। সা চ চৈতন্যচ্ছুরিতা জগদুৎপাদহেতুরিতি চেতনো জগদ্‌যোনিরাখ্যায়ত ইত্যাহ।—"ন চেয়ং পরমার্থবিষয়া" ইতি। অপি চ, ন ব্রহ্ম জগৎকারণমপি তত্তয়া বিবক্ষন্ত্যাগমাঃ, অপিতু জগতি ব্রহ্মাত্মভাবম্। তথা চ সৃষ্টেরবিবক্ষায়াং তদাশ্রয়ো দোষো নির্ব্বিষয় এবেত্যাশয়েনাহ।—"ব্রহ্মাত্মভাবে" ইতি ॥ ২। ১। ৩৩ ॥

অতিরোহিতোঽত্র পূর্ব্বঃ পক্ষঃ।

উত্তরন্তূচ্যতে। উচ্চাবচমধ্যমসুখদুঃখভেদবৎপ্রাণভৃৎপ্রপঞ্চঞ্চ সুখদুঃখকারণং

কিন্তু ঈশ্বরের জগদ্রচনারূপ লীলায় অত্যল্প প্রয়োজনও উহ্য করিতে পারিবে না। কেন-না, তিনি আপ্তকাম, পূর্ণ বা নিত্যতৃপ্ত। তিনি করেন নাই, অথবা তাঁহার এ প্রবৃত্তি উন্মাদের প্রবৃত্তির ন্যায়, ইহাও বলিতে পার না। শ্রুতি বলিয়াছেন, তিনিই সৃষ্টি করিয়াছেন এবং তিনি সর্ব্বজ্ঞ—সমস্তই জ্ঞানপূর্ব্বক করেন। ইহাও মনে করিও না যে, সৃষ্টি-শ্রুতি সকল পরমার্থবিষয়িণী, অর্থাৎ শ্রুতি যে সৃষ্টি বলিয়াছেন, সে সৃষ্টি সত্য সৃষ্টি। অবিদ্যার দ্বারাই নামরূপ ব্যবহার যোগ্য কল্পনা প্রাদুর্ভূত হওয়াকে সৃষ্টি বলে, সুতরাং তাহা অপরমার্থ। অপিচ, ব্রহ্মাত্মভাব প্রতিপন্ন করাই সৃষ্টিবাক্য-সমূহের উদ্দেশ্য, ইহা যেন বিস্মৃত হইও না ॥ ২। ১। ৩৩ ॥

ঈশ্বর সৃষ্টিস্থিতিপ্রলয়ের কারণ, এ বিষয়ে অন্য আপত্তি উত্থাপিত হইতেছে। নাবিকেরা যেমন স্থূণাকে (স্থূণা=খোঁটা বা লগা) একবার উঠায়,

* বিষমস্য ভাবো বৈষম্যং উত্তমাধমাদিভাবেন সর্জ্জনমিত্যর্থঃ। নির্ঘৃণস্য ভাবো নৈর্ঘৃণ্যং ভ্রষ্টৃত্বমিতিক্রূরত্বমিতি যাবৎ। এতৌ দোষৌ নেশ্বরস্য সাপেক্ষত্বাৎ। অপেক্ষা সাহায্যং, তৎসহিতত্বাৎ। ন হি নিরপেক্ষঃ কেবল ঈশ্বরো বিষমাং সৃষ্টিং নির্ম্মিমীতে দুঃখযোগাদীংশ্চ বিদধাতি, কিন্তু ধর্ম্মাধর্ম্মাবপেক্ষ্য নির্ম্মিমীতে বিদধাতি চ। শ্রুতিরপি তথা দর্শয়তি বোধয়তি।

কেহ অত্যন্ত সুখী, কেহ বা অত্যন্ত দুঃখী, এরূপ বিষম সৃষ্টি দেখিয়া সে দোষ ঈশ্বরে আরোপ করিতে পার না। দুঃখের সৃষ্টি ও জগতের সংহার দেখিয়া তাঁহাকে নির্ঘৃণ অর্থাৎ নির্দ্দয় বলিতেও পার না। কারণ এই যে, ঐ সকল অবস্থাভেদ নিমিত্তান্তর যোগেই হয়। শ্রুতিও ঐরূপ বলিয়াছেন ও দেখাইয়াছেন।

ন্যায়েন—প্রতিজ্ঞাতস্যার্থস্য দৃঢ়ীকরণায়। নেশ্বরো জগতঃ কারণমুপপদ্যতে, কুতঃ ? বৈষম্য-নৈর্ঘৃণ্যপ্রসঙ্গাৎ। কাংশ্চিদত্যন্তসুখভাজঃ করোতি দেবাদীন্, কাংশ্চিদত্যন্তদুঃখভাজঃ করোতি পশ্বাদীন্, কাংশ্চিন্মধ্যমভোগভাজো মনুষ্যাদীন্—ইত্যেবং বিষমাং সৃষ্টিং নির্ম্মিমাণস্যেশ্বরস্য পৃথগ্জনস্যেব রাগদ্বেষোপপত্তেঃ শ্রুতি-স্মৃত্যবধারিত-স্বচ্ছত্বাদীশ্বরস্বভাববিলোপঃ প্রসজ্যেত। তথা খলজনৈরপি জুগুপ্সিতং নির্ঘৃণত্বমতিক্রূরত্বং দুঃখযোগবিধানাৎ সর্ব্বপ্রজোপসংহরণাচ্চ প্রসজ্যেত। তস্মাদ্বৈষম্য-নৈর্ঘৃণ্যপ্রসঙ্গান্নেশ্বরঃ কারণমিত্যেবং প্রাপ্তে ক্রমঃ,—

সুধাবিষাদি চানেকবিধং বিরচয়তঃ প্রাণভৃত্স্বোপাত্ত-পাপপুণ্যকর্ম্মাতিশয়সহায়স্যাংত্রভবতঃ পরমেশ্বরস্য ন বৈষম্যনৈর্ঘৃণ্যে প্রসজ্যেতে। ন হি সভ্য-সভায়াং নিযুক্তো যুক্তবাদিনং যুক্তবাগসীতি চাযুক্তবাদিনমযুক্তবাগসীতি ব্রুবাণঃ সভাপতির্ব্বা যুক্তবাদিনমনুগৃহ্নন্নযুক্তবাদিনঞ্চ নিগৃহ্নন্নুরক্তো দ্বিষ্টো বা ভবতি,অপি তু মধ্যস্থ ইতি বীতরাগদ্বেষ ইতি চাখ্যায়তে। তদ্বদীশ্বরঃ পুণ্যকর্ম্মাণমনুগৃহ্নন্নপুণ্যকর্ম্মাণঞ্চ নিগৃহ্নন্মধ্যস্থ এব নাঽমধ্যস্থঃ। এবং হ্যসাবমধ্যস্থঃ স্যাদ্, যদ্যকল্যাণকারিণমনুগৃহ্ণীয়াৎ, কল্যাণকারিণঞ্চ নিগৃহ্ণীয়াৎ,ন ত্বেতদস্তি। তস্মান্ন বৈষম্যদোষঃ; অত এব ন নৈর্ঘৃণ্যমপি সংহরতঃ সমস্তান্ প্রাণভৃতঃ। স হি প্রাণভৃৎকর্ম্মাশয়ানাং বৃত্তিনিরোধসময়স্তমতিলঙ্ঘয়ন্নয়মযুক্তকারী স্যাৎ। ন চ কর্ম্মাপেক্ষায়ামীশ্বরস্যৈশ্বর্য্য-ব্যাঘাতঃ। ন হি সেবাদিকর্ম্মভেদাপেক্ষঃ ফলভেদপ্রদঃ প্রভুরপ্রভুর্ভবতি। ন চ "এষ হ্যেব সাধু কর্ম্ম কারয়তি তং, যমেভ্যো লোকেভ্য উন্নিনীষতে,এস এবাসাধু কর্ম্ম কারয়তি তং, যমধোনিনীষতে" ইতি শ্রুতেরীশ্বর এব দ্বেষপক্ষপাতাভ্যাং সাধ্বসাধুনী

আবার প্রোথিত করে, সেইরূপ করাতে তাহা দৃঢ় হইয়া যায়, শাস্ত্রকারেরাও তেমনি পুনঃপুনঃ আপত্তি ও পুনঃপুনঃ খণ্ডন করিয়া প্রতিজ্ঞাত তত্ত্বকে সুদৃঢ় করিয়া থাকেন। ঈশ্বর জগতের সৃষ্টিস্থিতি প্রলয়ের কারণ, এ কথা অযুক্ত। ঈশ্বরকে সৃষ্টির ও প্রলয়ের কারণ বলিলে তাঁহাতে বৈষম্য ও নৈর্ঘৃণ্য, এই দুই প্রকার দোষ আশ্রয় করিবেক। তিনি দেবতা প্রভৃতিকে অত্যন্ত সুখী, পশু প্রভৃতিকে অত্যন্ত দুঃখী, এবং মনুষ্য প্রভৃতিকে মধ্যাবস্থ করায় অবশ্যই বিষম (অসমান) কার্য্য করিয়াছেন। এরূপ বিষম সৃষ্টি করাতে তাঁহার পামর মনুষ্যের ন্যায় রাগদ্বেষাদি থাকা অনুমিত হয়। (পামরেরা রাগবশতঃ কাহার ভাল করে, আবার দ্বেষবশতঃ মন্দও করে, কষ্ট দেয়)। অপিচ, শ্রুতিতে ও স্মৃতিতে যে তাঁহার নির্ম্মলস্বভাব বর্ণিত আছে, বিষম-সৃষ্টি করাতে সে স্বভাবের অভাবপ্রসক্তি হয়। দুঃখ বিধান করাতে ও প্রজা সংহার করাতে তাঁহাকে খল মনুষ্যের ন্যায় নির্দ্দয় বলাও যাইতে পারে। অতএব, বৈষম্য ও নৈর্ঘৃণ্য এই দুই প্রকার দোষ হয় বলিয়া বলিতে হয়, ঈশ্বর এ জগতের কারণ নহে।

বৈষম্য-নৈর্ঘৃণ্যে নেশ্বরস্য প্রসজ্যেতে, কস্মাৎ ? সাপেক্ষত্বাৎ। যদি হি নিরপেক্ষঃ কেবল ঈশ্বরো বিষমাং সৃষ্টিং নির্ম্মিমীতে, স্যাতামেতৌ দোষৌ—বৈষম্যং নৈর্ঘৃণ্যঞ্চ; ন তু নিরপেক্ষস্য নির্ম্মাতৃত্বমস্তি। সাপেক্ষো হীশ্বরো বিষমাং সৃষ্টিং নির্ম্মিমীতে। কিমপেক্ষত ইতি চেৎ, ধর্ম্মাধর্ম্মাবপেক্ষত ইতি বদামঃ। অতঃ সৃজ্যমানপ্রাণিধর্ম্মাপেক্ষা বিষমা সৃষ্টিরিতি নায়মীশ্বরস্যাপরাধঃ। ঈশ্বরস্তু পর্জ্জন্যবৎ দ্রষ্টব্যঃ। যথা হি পর্জ্জন্যো ব্রীহিযবাদিসৃষ্টৌ সাধারণং কারণং ভবতি, ব্রীহিযবাদিবৈষম্যে তু তত্তদ্বীজগতান্যেবাসাধারণানি সামর্থ্যানি কারণানি ভবন্তি, এবমীশ্বরো দেবমনুষ্যাদিসৃষ্টৌ সাধারণং কারণং ভবতি, দেবমনুষ্যাদিবৈষম্যে তু তত্তজ্জীবগতান্যেবাসাধারণানি কর্ম্মাণি কারণানি ভবন্তি।

কর্ম্মণী কারয়িত্বা স্বর্গং নরকং বা লোকং নয়তি। তস্মাদ্বৈষম্যদোষপ্রসঙ্গান্নেশ্বরঃ কারণমিতি বাচ্যম্। বিরোধাৎ। যস্মাৎ কর্ম্ম: কারয়িতেশ্বরঃ প্রাণিনঃ সুখদুঃখিনঃ সৃজতীতি শ্রুতেরবগম্যতে, তস্মান্ন সৃজতীতি বিরুদ্ধমভিধীয়তে। ন চ, বৈষম্যমাত্রমত্রাক্রমঃ, ন ত্বীশ্বরকারণত্বং ব্যাসেধাম ইতি ব্যক্তব্যম্। কিমতো যদ্যেবম্, তস্মাদীশ্বরস্য সবাসনক্লেশাপরামর্শমভিবদন্তীনাং ভূয়সীনাং শ্রুতীনামনুগ্রহায়োন্নিনীষতেহধোনিনীষত ইত্যেতদপি তজ্জাতীয়পূর্ব্বকর্ম্মাভ্যাসবশাৎ-প্রাণিন ইত্যেবং নেয়ম্। যথাহুঃ—

এই পূর্ব্বপক্ষের প্রত্যুত্তরে আমরা বলিতেছি—[বৈষম্য...বদামঃ] ঈশ্বরে ঐ দুই দোষ আশ্রয় করে না। কেন-না, তিনি সাপেক্ষ। অর্থাৎ এরূপ বিষম সৃষ্টি অন্য নিমিত্ত বশতই হয়; কাজেই ঈশ্বরের প্রতি দোষারোপ করিতে পার না। কেবল ঈশ্বর যদি বিষম সৃষ্টি করিতেন, তাহা হইলে অবশ্যই তাঁহার বৈষম্যাদি দোষ হইত। কেবল ঈশ্বর সৃষ্টি করেন না, তৎসঙ্গে নিমিত্তান্তরেরও সহযোগ আছে। অর্থাৎ ঈশ্বর নিমিত্তান্তরপ্রযুক্ত হইয়াই এরূপ বিষম সৃষ্টি করেন। যদি বল, নিমিত্ত কি ? আমরা বলি, জীবের ধর্ম্মাধর্ম্মই নিমিত্ত। [অতঃ...দৃষ্যতি] সৃজ্যমান জীবের যে ধর্ম্মাধর্ম্ম সঞ্চিত থাকে, সেই ধর্ম্মাধর্ম্মই সৃষ্টিবৈষম্যের কারণ; সুতরাং ঈশ্বর সে বিষয়ে অনপরাধী। ঈশ্বর মেঘের ন্যায় সাধারণ কারণ মাত্র। মেঘ যেমন যবাদিশস্যোৎপত্তির প্রতি সাধারণ কারণ, আর বীজাদির শক্তিবিশেষ যেমন সে সকলের বৈষম্যের (ছোট বড়, ভাল মন্দ প্রভৃতির) অসাধারণ কারণ, সেইরূপ, ঈশ্বরও দেব মনুষ্যাদি সৃষ্টির সাধারণ কারণ, এবং কর্ম্মফল (শুভাশুভ অদৃষ্ট সমূহ) তাহাদের বৈষম্যের অসাধারণ কারণ। তদ্রূপ

এবমীশ্বরঃ সাপেক্ষত্বান্ন বৈষম্যনৈর্ঘৃণ্যাভ্যাং দুষ্যতি। কথং পুনরবগম্যতে সাপেক্ষ ঈশ্বরো নীচমধ্যমোত্তমং সংসারং নির্ম্মিমীত-ইতি। তথা হি দর্শয়তি শ্রুতিঃ, "এষ হ্যেব সাধু কর্ম্ম কারয়তি তং, যমেভ্যো লোকেভ্য উন্নিনীষতে, এষ উ হ্যেবাসাধু কর্ম্ম কারয়তি তং, যমধো নিনীষতে" ইতি। "পুণ্যো বৈ পুণ্যেন কর্ম্মণা ভবতি, পাপঃ পাপেন" ইতি চ। স্মৃতিরপি প্রাণিকর্ম্মবিশেষাপেক্ষমেবে-শ্বরস্যানুগ্রহীতৃত্বং নিগ্রহীতৃত্বঞ্চ দর্শয়তি—"যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্" ইত্যেবঞ্জাতীয়কা ॥ ২। ১। ৩৪ ॥

ন কর্ম্মাবিভাগাদিতি চেন্নানাদিত্বাৎ ॥ ৩৫ ॥ *

"সদেব সোম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্" ইতি প্রাক্

"জন্ম জন্ম যদভ্যস্তং দানমধ্যয়নং তপঃ।
তেনৈবাভ্যাসযোগেন তচ্চৈবাভ্যসতে নরঃ॥"

ইত্যভ্যুপেত্য চ সৃষ্টেস্তাত্ত্বিকত্বমিদমুক্তমনির্ব্বাচ্যা তু সৃষ্টিরিতি ন প্রষ্টব্যমত্রাপি। তথা চ মায়াকারস্যেবাঙ্গসাকল্যবৈকল্যভেদেন বিচিত্রান্ প্রাণিনো দর্শয়তো ন বৈষম্যদোষঃ সহসা সংহরতো বা ন নৈর্ঘৃণ্যম্,এব-মস্যাপি ভগবতো বিবিধবিচিত্রপ্রপঞ্চমনির্ব্বাচ্যং বিশ্বং দর্শয়তঃ সংহরতশ্চ স্বভাবাদ্বা লীলয়া বা ন কশ্চিদ্দোষ ইতি স্থিতে শঙ্কাপরিহারপরং সূত্রম ॥২।১।৩৪॥

সাপেক্ষতা থাকাতে, ঈশ্বর বৈষম্যাদিদোষে দূষিত হন না। (কোনও কারণ নাই অথচ অসমান কার্য্য করিলেন, এরূপ হইলে অবশ্যই দোষ হইত)। [কথং...জাতীয়কা] কিসে জানিলে, ঈশ্বর কর্ম্মানুযায়ী সৃষ্টি করেন? শ্রুতিই বলিয়াছেন, ঈশ্বর কর্ম্মানুযায়ী সৃষ্টি করেন। যথা—"ঈশ্বর যাহাকে এ লোক হইতে উচ্চ লোকে লইবার ইচ্ছা করেন, তাহাকে সৎকর্ম্ম করান, আর যাহাকে এ লোক হইতে অধঃপতিত করিবার ইচ্ছা করেন, তাহাকে অসৎ কর্ম্ম করান।" "পুণ্যকর্ম্মে উত্তমতা লাভ হয়, পাপ কর্ম্মে অধমত্বপ্রাপ্তি হয়।" স্মৃতিও বলিয়াছেন, জীব কর্ম্মানুসারে ঈশ্বরের অনুগ্রহভাজন ও কর্ম্মানুসারে নিগ্রহের পাত্র হয়। যথা—"আমাকে যে যে-রূপে ভজনা করে, আমি তাহাকে সেই রূপেই প্রাপ্ত হই।" ইত্যাদি ॥ ২। ১। ৩৪ ॥

"হে সোম্য, সৃষ্টির পূর্ব্বে সজাতীয়-বিজাতীয়-স্বগতভেদশূন্য এক সৎ

---

* শরীরাদিবিভাগাপেক্ষং কর্ম্ম। তচ্চ সৃষ্টেঃ প্রাক্ শ্রুত্যা বিভাগাভাবনির্দ্ধারণাৎ নাসীদিতি গম্যত ইতি মা ভাণ্যতাম্। কুতঃ? অনাদিত্বাৎ সংসারস্য। সংসারো নাদিমান্। অতো নোক্তদোষাবতারসম্ভবঃ।

সৃষ্টেরবিভাগাবধারণান্নাস্তি কর্ম্ম, যদপেক্ষা বিষমা সৃষ্টিঃ স্যাৎ। সৃষ্ট্যুত্তরকালং হি শরীরাদিবিভাগাপেক্ষং কর্ম্ম, কর্ম্মাপেক্ষশ্চ শরীরাদিবিভাগঃ—ইতীতরেতরাশ্রয়ত্বং প্রসজ্যেত। অতো বিভাগাদূর্দ্ধং কর্ম্মাপেক্ষ ঈশ্বরঃ প্রবর্ত্ততাং নাম, প্রাক্ তু বিভাগাদ্বৈচিত্র্যনিমিত্তস্য কর্ম্মণোঽভাবাৎ তুল্যৈবাদ্যা সৃষ্টিঃ প্রাপ্নোতীতি চেৎ, নৈষ দোষঃ, অনাদিত্বাৎ সংসারস্য। ভবেদেষ দোষঃ, যদ্যাদিমানয়ং সংসারঃ স্যাৎ। অনাদৌ তু সংসারে বীজাঙ্কুরবদ্ধেতুহেতুমদ্ভাবেন কর্ম্মণঃ সর্গ-বৈষম্যস্য চ প্রবৃত্তির্ন বিরুধ্যতে ॥ ২। ১। ৩৫ ॥

কথং পুনরবগম্যতে অনাদিরেষ সংসার ইতি, অত উত্তরং পঠতি—

শঙ্কোত্তরে অতিরোহিতার্থেন ভাষ্যগ্রন্থেন ব্যাখ্যাতে। অনাদিত্বাদিতি সিদ্ধবদুক্তং, তৎসাধনার্থং সূত্রম্ ॥ ২। ১। ৩৫ ॥

ছিল।" ইত্যাদি শ্রুতিতে সৃষ্টির পূর্ব্বে অবিভাগ (একরূপ বা ভেদরাহিত্য) নিশ্চিত থাকায় তৎকালে বিষম-সৃষ্টির প্রযোজক কর্ম্ম ছিল না, ইহা স্বীকার করিতে হইবেক। সৃষ্টির পরে শরীরাদি বিভাগ হইলে কর্ম্ম হয় এবং কর্ম্ম হইতে শরীরাদি বিভাগ হয়, এইরূপ অন্যোন্যাশ্রয় দোষও প্রসক্ত হয়। (বিনা শরীরাদি বিভাগে কর্ম্ম হয় না, আবার বিনা কর্ম্মে শরীরাদি বিভাগও নিষ্পন্ন হয় না, সুতরাং কর্ম্মানুযায়ী সৃষ্টি, এ কথা অপ্রমাণ)। অতএব, ঈশ্বর বিভাগের পর অর্থাৎ সৃষ্টির পরে কর্ম্মানুযায়ী ফল দেন দিউন, কিন্তু বিভাগের পূর্ব্বে কর্ম্ম না থাকায় অবশ্যই সমান সৃষ্টি হইবেক, তাহা না হওয়ায় বৈষম্যাদি দোষ আসিতে পারে। যদি এরূপ বল, তাহা হইলে আমরা বলিব, সংসারের অনাদিত্ব বিধায় ঐ দোষ বা ঐ আপত্তি হইতে পারে না। সংসারের যদি আদি থাকিত, প্রাথম্য থাকিত, তাহা হইলে অবশ্য প্রদর্শিত দোষ হইত। যেহেতু সংসারের আদি নাই, প্রথম নাই, বীজাঙ্কুরের ন্যায় অনাদি, সেই হেতু বীজাঙ্কুরের ন্যায় কর্ম্মের সহিত সৃষ্টিবৈষম্যেরও হেতুহেতুমদ্ভাব আছে। ফলিতার্থ, সৃষ্টিবৈষম্য যে কর্ম্মনিমিত্তক, ইহা বিরুদ্ধ সিদ্ধান্ত নহে ॥ ২। ১। ৩৫ ॥

* সৃষ্টির পূর্ব্বে কোনও বিভাগ ছিল না, কেবলমাত্র এক ও একরূপ কারণ ছিল, এরূপ নিশ্চয় থাকায় বৈষম্যকারক কর্ম্ম ছিল না, এরূপ বলিতে পার না। কারণ এই যে, সংসার যখন অনাদি, তখন ঐ আপত্তি হইতেই পারে না।

উপপদ্যতে চাপ্যুপলভ্যতে চ ॥ ২ । ১ । ৩৬ ॥*

উপপদ্যতে চ সংসারস্যানাদিত্বম্ । আদিমত্ত্বে হি সংসারস্যাকস্মাদুদ্ভূতেম্মুক্তানামপি পুনঃ সংসারোদ্ভূতিপ্রসঙ্গঃ, অকৃতাভ্যাগমপ্রসঙ্গশ্চ । সুখদুঃখাদিবৈষম্যস্য নির্নিমিত্তত্বাৎ । ন চেশ্বরো বৈষম্যহেতুরিত্যুক্তম্ । ন চাবিদ্যা কেবলা বৈষম্যস্য কারণং, একরূপত্বাৎ । রাগাদিক্লেশবাসনাক্ষিপ্তকর্ম্মাপেক্ষা ত্ববিদ্যা বৈষম্যকরী স্যাৎ । ন চ কর্ম্মান্তরেণ শরীরং সম্ভবতি, ন চ

অকৃতে কর্ম্মণি পুণ্যে পাপে বা তৎফলং ভোক্তারমধ্যাগচ্ছেৎ । তথা চ বিধিনিষেধশাস্ত্রমনর্থকং ভবেৎ, প্রবৃত্তিনিবৃত্ত্যভাবাদিতি । মোক্ষশাস্ত্রস্য চোক্তমানর্থক্যম্ । ন চাবিদ্যা কেবলেতি নয়াভিপ্রায়ম্ । বিক্ষেপলক্ষণাবিদ্যাসংস্কারস্ত কার্য্যত্বাৎ স্বোৎপত্তৌ পূর্ব্বং বিক্ষেপমপেক্ষতে । বিক্ষেপশ্চ মিথ্যাপ্রত্যয়ো মোহাপরনামা পুণ্যাপুণ্যপ্রবৃত্তিহেতুভূত-রাগদ্বেষনিদানম্ । স চ রাগাদিভিঃ সহিতঃ স্বকার্য্যৈর্ন শরীরং সুখদুঃখভোগায়তনমন্তরেণ সম্ভবতি । ন চ রাগদ্বেষাবন্তরেণ কর্ম্ম । ন চ ভোগসহিতং মোহমন্তরেণ রাগদ্বেষৌ । ন চ পূর্ব্বশরীরমন্তরেণ মোহাদিরিতি পূর্ব্বপূর্ব্বশরীরাপেক্ষো মোহাদিরেবং পূর্ব্বপূর্ব্বমোহাদ্যপেক্ষং পূর্ব্বপূর্ব্বশরীরমিত্যনাদিতৈবাত্র ভগবতী চিত্তমনাকুলয়তি । তদেতদাহ—"রাগাদিক্লেশবাসনাক্ষিপ্তকর্ম্মাপেক্ষা ত্ববিদ্যা বৈষম্যকরী স্যাৎ" ইতি । রাগদ্বেষমোহা রাগাদয়স্ত এব হি পুরুষং সংসারদুঃখমনুভাব্য ক্লেশয়ন্তীতি ক্লেশাঃ,

---

পাছে কেহ বলেন, সংসার অনাদি, ইহা কিসে জানিলে? তাহাদিগকে প্রত্যুত্তর দিবার জন্য সূত্র বলিতেছেন—

সংসারের অনাদিত্ব যুক্তিসিদ্ধ এবং শ্রুতি-স্মৃতি উভয়সিদ্ধ । সংসারকে আদিমান্ বলিতে গেলে আকস্মিক উৎপত্তি, মুক্ত জীবের পুনঃসংসার প্রাপ্তি, অকৃতাভ্যাগম ও কৃতনাশ (কিছু না করিয়া ফলভোগ ও করিয়াও অভোগ) এই সকল দোষ স্বীকার করিতে হইবে । অপিচ, বিনা নিমিত্তে সুখদুঃখের বৈষম্য হওয়া মানিতে হইবে! (এ সকল মানা বা স্বীকার করা অসঙ্গত । কেন-না, আকস্মিক-সৃষ্টিপক্ষে জ্ঞান ও কর্ম্ম উভয়ই ব্যর্থ হয়) । ঈশ্বর বৈষম্যের কারণ নহেন, তাহা বলা হইয়াছে এবং প্রতিপাদন করাও হইয়াছে । [ন চাবিদ্যা...ভবতি] একরূপতা নিবন্ধন কেবল অবিদ্যাও বৈষম্যের হেতু নহে । রাগ দ্বেষ ও মোহরূপ ক্লেশের বাসনানামক সংস্কার হইতে যে কর্ম্ম জন্মে, সেই কর্ম্মই অবিদ্যার সাচিব্য (সহায়তা) প্রাপ্ত হইয়া

---

* সংসারস্যানাদিত্বং যুক্ত্যা সিধ্যতি শ্রুতৌ স্মৃতৌ চোপলভ্যত ইতি যোজনা ।
সংসারের অনাদিত্ব যুক্তিসিদ্ধ এবং তাহা শ্রুতি স্মৃতি উভয়ত্রই কথিত আছে ।

শরীরমন্তরেণ কর্ম্ম সম্ভবতীতীতরেতরাশ্রয়দোষপ্রসঙ্গঃ। অনাদিত্বে তু বীজাঙ্কুরন্যায়েনোপপত্তের্ন কশ্চিদ্দোষো ভবতি।

উপলভ্যতে চ সংসারস্যানাদিত্বং শ্রুতিস্মৃত্যোঃ। শ্রুতৌ তাবৎ—"অনেন জীবেনাত্মনা" ইতি সর্গপ্রমুখে শারীরমাত্মানং জীবশব্দেন প্রাণধারণনিমিত্তেনাভিলপন্ননাদিঃ সংসার ইতি দর্শয়তি। আদিমত্ত্বে তু ততঃ প্রাগনবধারিতঃ প্রাণঃ, স কথং প্রাণধারণনিমিত্তেন জীবশব্দেন সর্গপ্রমুখেঽভিলপ্যেত। ন চ ধারয়িষ্যতীত্যতোঽভিলপ্যেত। অনাগতাদ্ধি সম্বন্ধাদতীতঃ সম্বন্ধো বলীয়ান্ ভবতি, অভিনিষ্পন্নত্বাৎ। "সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়ৎ" ইতি চ মন্ত্রবর্ণঃ পূর্ব্বকল্পসদ্ভাবং দর্শয়তি।

তেষাং বাসনাঃ কর্ম্মপ্রবৃত্ত্যনুগুণাস্তাভিরাক্ষিপ্তানি প্রবর্ত্তিতানি কর্ম্মাণি, তদপেক্ষা লয়লক্ষণা বিদ্যা।

স্যাদেতৎ। ভবিষ্যতাঽপি ব্যপদেশো দৃষ্টঃ, যথা "পুরোডাশকপালেন তুষানুপবয়তি"ইত্যত আহ —"ন চ ধারয়িষ্যতীত্যত"ইতি। তদেবমনাদিত্বে সিদ্ধে "সদেব সোম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্" ইতি প্রাক্ সৃষ্টেরবিভাগাবধারণং

সৃষ্টিবৈষম্যকারী হয়। (এতাবতা বলা হইল যে, অবিদ্যাসহচর ক্লেশের ও তদাক্ষিপ্ত কর্ম্মের অনাদি প্রবাহ আছে)। সংসারের সাদিত্ব পক্ষে, বিনা কর্ম্মে শরীর হয় না, আবার বিনা শরীরেও কর্ম্ম হয় না, এইরূপ অন্যোন্যাশ্রয় দোষ ঘটে। কিন্তু অনাদি পক্ষে বীজাঙ্কুরের দৃষ্টান্তে উক্ত ঘটনা দোষ বলিয়া গণনীয় হয় না।

[উপলভ্যতে...নিষ্পন্নত্বাৎ] সংসারের অনাদিত্ব শ্রুতিতেও দেখা যায়, স্মৃতিতেও দেখা যায়। শ্রুতিতে যথা—"আমি এই জীবাত্মরূপে অনুপ্রবিষ্ট হইয়া—" ইত্যাদি। এই শ্রুতি সৃষ্টিপ্রক্রিয়ায় শরীরস্থ আত্মাকে প্রাণধারণার্থক জীব-শব্দে বিশেষিত করিয়া ইহাই দেখাইয়াছেন যে, সংসারের প্রথম নাই, সংসার অনাদি। ইহার আদি থাকিলে কিরূপে সৃষ্টিমুখে (সৃষ্টির প্রথমে) প্রাণধারণবাচক জীব-শব্দের অভিলাপ (উচ্চারণ) সঙ্গত হইতে পারে? প্রাণ ধারণ করিবেন, এইরূপ ভবিষ্যৎ প্রাণধারণ কে লক্ষ্য করিয়া জীব-শব্দের প্রয়োগ করিয়াছেন, এরূপ বলাও সঙ্গত নহে। কেন-না, ভবিষ্যৎসম্বন্ধ অপেক্ষা ভূতসম্বন্ধের বলবত্তা অধিক। (হইয়াছে ও হইবে, এই দুএর মধ্যে যাহা হইয়াছে, তাহাই প্রবল)। [সূর্য্যা...স্থাপিতম্] "বিধাতা পূর্ব্বকল্পানুরূপ চন্দ্রসূর্য্যের সৃষ্টি করিলেন" এই মন্ত্র পূর্ব্বকল্প থাকা দেখাইয়াছেন। স্মৃতিও

স্মৃতাবপ্যনাদিত্বং সংসারস্যোপলভ্যতে—"ন রূপমস্যেহ তথোপলভ্যতে নান্তো ন চাদির্ন চ সম্প্রতিষ্ঠা" ইতি। পুরাণে চাতীতানাগতানাঞ্চ কল্পানাং ন পরিমাণমস্তীতি স্থাপিতম্ ॥২।১।৩৬॥

সর্ব্বধর্ম্মোপপত্তেশ্চ ॥ ২ । ১ । ৩৭ ॥ *

চেতনং ব্রহ্ম জগতঃ কারণং প্রকৃতিশ্চেত্যস্মিন্নবধারিতে বেদার্থে পরৈরুপক্ষিপ্তান্ বিলক্ষণত্বাদীন্ দোষান্ পর্য্যহার্ষীদাচার্য্যঃ। ইদানীং পরপক্ষপ্রতিষেধপ্রধানং প্রকরণ প্রারিপ্সমাণঃ স্বপক্ষপরিগ্রহপ্রধানং প্রকরণমুপসংহরতি।—যস্মাদস্মিন্ ব্রহ্মণি কারণে পরিগৃহ্যমাণে প্রদর্শিতেন প্রকারেণ সর্ব্বে কারণধর্ম্মা

১

সমুদাচরদ্রূপরাগাদিনিষেধপরং ন পুনরেতান্ প্রসুপ্তানপ্যপাকরোতীতি সর্ব্বমবদাতম্॥ ২ । ১ । ৩৬ ॥

অত্র সর্ব্বজ্ঞমিতি দৃশ্যতে। সর্ব্বস্য চেতনাধিষ্ঠিতস্যৈব লোকে প্রবৃত্তিরিতি লোকানুসারো দর্শিতঃ। "সর্ব্বশক্তি" ইতি সর্ব্বস্য জগত উপাদানকারণং

সংসারকে অনাদি বলিয়াছেন। যথা—"এ সৃষ্টিতে ইঁহার (ব্রহ্মের) রূপ, অন্ত (সীমা), আদি (প্রথম) ও প্রতিষ্ঠা অর্থাৎ আস্পদ উপলব্ধ হয় না।" পুরাণেও খ্যাপিত হইয়াছে যে, অতীত ও অনাগত কল্পের পরিমাণ বা ইয়ত্তা নাই ॥ ২ । ১ । ৩৬ ॥

চেতন ব্রহ্ম জগতের উভয়বিধ কারণ (নিমিত্ত ও উপাদান), এই সুনিশ্চিত বেদান্তার্থের প্রতি ঐরূপ অর্থ নিশ্চিত থাকিলেও বাদিগণ যে দোষার্পণ করেন, আচার্য্য (ব্যাস) সে সকল দোষ পরিহার করিয়াছেন। এক্ষণে তিনি পরপক্ষনিষেধপ্রধান প্রকরণ আরম্ভ করিবেন বলিয়া স্বপক্ষসংশোধনপ্রধান প্রকরণের উপসংহার (সমাপ্তি) করিতেছেন। যেহেতু চেতন ব্রহ্মকে জগৎকারণরূপে গ্রহণ করিলে, তাঁহাতে প্রদর্শিতপ্রকারে সমুদায় কারণধর্ম্ম (সর্ব্বজ্ঞতা, সর্ব্বশক্তিতা ও মহামায়াবিত্ব প্রভৃতি) উপপন্ন হয়, সেই হেতু এই ঔপনিষদ দর্শন (উপনিষৎ-

* সর্ব্বে ধর্ম্মা সর্ব্বধর্ম্মাস্তেষামুপপত্তির্যুক্তত্বং, তস্মাৎ অপি। যে যে ধর্ম্মাঃ কারণে প্রসিদ্ধাঃ, তে সর্ব্বে ব্রহ্মণ্যপি কারণে যুজ্যন্ত ইতি ব্রহ্মকারণবাদ এব সাধীয়ান্।

যাহা কিছু কারণধর্ম্ম বলিয়া প্রসিদ্ধ, তৎসমস্তই ব্রহ্মকারণে সঙ্গত হয়; সুতরাং ব্রহ্মকারণবাদী বেদান্তের মত নির্দ্দোষ।

উপপদ্যন্তে—সর্ব্বজ্ঞং সর্ব্বশক্তি মহামায়ঞ্চ তদ্‌ব্রহ্ম ইতি, তস্মা-দনতিশঙ্কনীয়মিদমৌপনিষদং দর্শনমিতি ॥ ২ । ১ । ৩৭ ॥

ইতি শ্রীমচ্ছারীকমীমাংসাভাষ্যে শ্রীমদ্‌গোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্য-শ্রীশঙ্করভগবৎপাদকৃতৌ দ্বিতীয়স্যাধ্যায়স্য প্রথমঃ পাদঃ ॥২।১॥

নিমিত্তকারণং চেত্যুপপাদিতম্। "মহামায়ম্" ইতি সর্ব্বানুপপত্তিশঙ্কা পরাস্তা। তস্মাজ্জগৎকারণং ব্রহ্মেতি সিদ্ধম্ ॥২।১।৩৭॥

ইতি শ্রীমদ্বাচস্পতিমিশ্রবিরচিতে ভাষ্যবিভাগে ভামত্যাং দ্বিতীয়স্যাধ্যায়স্য প্রথমঃ পাদঃ ॥২।১॥

প্রদর্শিত জ্ঞান) সর্ব্বপ্রকার অশঙ্কার অতীত। অর্থাৎ এ দর্শনে অল্পমাত্রও শঙ্কা বা পূর্ব্বপক্ষ স্থানপ্রাপ্ত হয় না ॥ ২ । ১ । ৩৭ ॥

দ্বিতীয়ঃ পাদঃ।

রচনানুপপত্তেশ্চ নানুমানম্ ॥ ২। ২। ১ ॥ *

যদ্যপীদং বেদান্তবাক্যানামৈদম্পর্য্যং নিরূপয়িতুং শাস্ত্রং প্রবৃত্তং, ন তর্কশাস্ত্রবৎ কেবলাভির্যুক্তিভিঃ কঞ্চিৎ সিদ্ধান্তং সাধয়িতুং দূষয়িতুং বা প্রবৃত্তং, তথাপি বেদান্তবাক্যানি ব্যাচক্ষাণৈঃ সম্যগ্দর্শনপ্রতিপক্ষভূতানি সাঙ্খ্যাদিদর্শনানি নিরাকরণীয়ানীতি

স্যাদেতৎ। ইহ হি পাদে স্বতন্ত্রা বেদানপেক্ষাঃ প্রধানাদিসিদ্ধিবিষয়াঃ সাংখ্যাদিযুক্তয়ো নিরাকরিষ্যন্তে, তদযুক্তমশাস্ত্রাঙ্গত্বাৎ। ন হীদং শাস্ত্রমুচ্ছৃঙ্খলতর্কশাস্ত্রবৎ প্রবৃত্তম্, অপি তু বেদান্তবাক্যানি ব্রহ্মপরাণীতি পূর্ব্বপক্ষোত্তরপক্ষাভ্যাং বিনিশ্চেতুম্। তত্র কঃ প্রসঙ্গঃ শুষ্কতর্কবৎ স্বতন্ত্রযুক্তিনিরাকরণস্যেত্যত আহ— "যদ্যপীদং বেদান্তবাক্যানাম্" ইতি। ন হি বেদান্তবাক্যানি নির্ণেতব্যানীতি নির্ণীয়ন্তে, কিন্তু মোক্ষমাণানাং তত্ত্বজ্ঞানোৎপাদনায়। যথা চ বেদান্তবাক্যেভ্যো জগদুপাদানং ব্রহ্মাবগম্যতে, এবং সাংখ্যাদ্যনুমানেভ্যঃ প্রধানাদ্যচেতনং জগদুপাদানমবগম্যতে। ন চৈতদেব চেতনোপাদানমচেতনোপাদনঞ্চেতি সমুচ্চেতুং শক্যং, বিরোধাৎ; ন চ ব্যবস্থিতে বস্তুনি বিকল্পো যুজ্যতে। ন চাগমবাধিতবিষয়তয়ানুমানমেব নোদীয়ত ইতি সাম্প্রতম্। সর্ব্বজ্ঞপ্রণীততয়া সাংখ্যাদ্যাগমস্য বেদাগমতুল্যত্বাৎ তদুদ্ভাবিতস্যানুমানস্য প্রতিকৃতিসিংহতুল্যতয়াঽবাধ্যত্বাৎ।

যদিও এই শাস্ত্র (মীমাংসা শাস্ত্র) বেদান্তবাক্যের তাৎপর্য্য নির্ণয়ে প্রবৃত্ত, তর্কশাস্ত্রের ন্যায় কেবল যুক্তি মাত্র অবলম্বনে কোন কিছু নির্ণয় করিতে ও কোন কিছুর দোষ দেখাইতে প্রবৃত্ত নহে, তথাপি, বেদান্ত বাক্যের ব্যাখ্যা করিতে গেলে তৎপ্রতিপাদ্য সম্যক্‌জ্ঞানের প্রতিপক্ষ সাংখ্যাদিদর্শনের মত খণ্ডন করা আবশ্যক হয়, এবং সেই কারণেই এই দ্বিতীয় পাদের আরম্ভ। বেদান্তার্থনিরূপণের প্রয়োজন তত্ত্বজ্ঞান, তাহা ইতঃপূর্ব্বে বেদান্তার্থনিরূপণপূর্ব্বক

* চেতনানধিষ্ঠিতজড়প্রকৃতিকারণপক্ষে জগতঃ সুখদুঃখপ্রাপ্তিপরিহারাদিযোগ্যো বিশিষ্টো বিন্যাসো রচনা, তস্যা অনুপপত্তিরসিদ্ধিঃ স্যাদিত্যচেতনস্য জগৎকারণস্যানুমানং ন ভবতীতি যোজনা।

যেহেতু চেতনের প্রেরণা ব্যতীত এরূপ বিচিত্র ও সুশৃঙ্খল জগৎ রচনা করা অচেতন প্রধানের পক্ষে অপ্রসিদ্ধ বা অসম্ভব, সেই হেতু জগৎ কার্য্য দেখিয়া অচেতন প্রধানের অনুমানও অসিদ্ধ অর্থাৎ সিদ্ধ হয় না।

তদর্থঃ পরঃ পাদঃ প্রবর্ত্ততে। বেদান্তার্থনির্ণয়স্য চ সম্যগ্দর্শনার্থত্বাৎ তন্নির্ণয়েন স্বপক্ষস্থাপনং প্রথমং কৃতং, তদ্ধ্যভ্যর্হিতং পরপক্ষপ্রত্যাখ্যানাদিতি।

নন্বু মুমুক্ষূণাং মোক্ষসাধনত্বেন সম্যগ্দর্শননিরূপণায় স্বপক্ষস্থাপনমেব কেবলং কর্ত্তুং যুক্তং, কিং পরপক্ষনিরাকরণেন পরবিদ্বেষকারণেন। বাঢ়মেবম্, তথাপি মহাজনপরিগৃহীতানি মহান্তি সাঙ্খ্যাদিতন্ত্রাণি সম্যগ্দর্শনাপদেশেন প্রবৃত্তান্যুপলভ্য—ভবেৎ কেষাঞ্চিন্মন্দমতীনামেতান্যপি সম্যগ্দর্শনায়োপাদেয়ানীত্যপেক্ষা। তথা যুক্তিগাঢ়ত্বসম্ভবেন সর্ব্বজ্ঞভাষিতত্বাচ্চ শ্রদ্ধা চ তেম্বিত্যতস্তদসারতোপপাদনায় প্রযত্যতে। নন্বু "ঈক্ষতের্নাশব্দং॥" [অং০

তস্মাত্তদ্বিরোধান্ন ব্রহ্মণি সমন্বয়োবেদান্তানাং সিধ্যতীতি ন ততস্তত্ত্বজ্ঞানং সেদ্ধুমর্হতি। ন চ তত্ত্বজ্ঞানাদৃতে মোক্ষ ইতি স্বতন্ত্রাণামপ্যনুমানামাভাসীকরণমিহ শাস্ত্রেহসঙ্গতমেবেতি। যদ্যেবং, ততঃ পরকীয়ানুমাননিরাস এব কস্মাৎ প্রথমং ন কৃত ইত্যত আহ।—"বেদান্তার্থনির্ণয়স্য চ" ইতি।

নন্বু বীতরাগকথায়াং তত্ত্বনির্ণয়মাত্রমুপযুজ্যতে, ন পুনঃ পরপক্ষাধিক্ষেপঃ; স হি সরাগতামাবহতীতি চোদয়তি।—"নন্বু মুমুক্ষূণাম্" ইতি। পরিহরতি।—"বাঢ়মেবং, তথাপি" ইতি। তত্ত্বনির্ণয়াবসানা বীতরাগকথা। ন চ পরপক্ষদূষণমন্তরেণ তত্ত্বনির্ণয়ঃ শক্যঃ কর্ত্তুমিতি তত্ত্বনির্ণয়ায় বীতরাগেণাপি পরপক্ষো

ব্যবস্থাপিত হইয়াছে। পরপক্ষ খণ্ডনের দ্বারা তাহার পোষকতা (পুষ্টি সাধন) হইতে পারে, এই অভিপ্রায়ে এই পরপক্ষখণ্ডনাত্মক দ্বিতীয় পাদ আরম্ভ করা যাইতেছে।

[নন্বু...প্রযত্যতে] যদি বল, মুক্তির কারণ বলিয়া তত্ত্বজ্ঞানের নিরূপণ, তত্ত্বজ্ঞান এবং নিরূপণের জন্য স্বপক্ষস্থাপন, কেবল এই দুইটী মাত্র কার্য্য করাই উচিত, তাহাতে পরবিদ্বেষাত্মক পরমত খণ্ডন করার প্রয়োজন কি? আমরা বলি, প্রয়োজন আছে। সে সকল মতের অসারতা দেখানই প্রয়োজন। সাংখ্যাদি শাস্ত্রেরও মহত্ত্ব আছে, দেখিবামাত্র আপাত জ্ঞানে বোধ হয় যে, ঐ সকল শাস্ত্রও যখন মহাজন-পরিগৃহীত (ঋষিগণসম্মত), তত্ত্বজ্ঞান ব্যুৎপাদনার্থ প্রবৃত্ত। অবিচক্ষণ লোক সহসা মনে করিতে পারে—তত্ত্বজ্ঞান-শিক্ষার নিমিত্ত সাংখ্যাদি শাস্ত্রই গ্রহনীয়। বিশেষতঃ সর্ব্বজ্ঞ কপিলের কথিত ও যুক্তিপরিপূর্ণ বলিয়া সাংখ্য শাস্ত্রের প্রতি লোকের অবিচারিত শ্রদ্ধা হইতে পারে। কাজেই মুমুক্ষুদিগের হিতের জন্য সে সকল শাস্ত্রের অসারতা দেখান ও তৎপক্ষে যত্ন করা বিধেয়। [নন্বু...বিশেষঃ] তবে এই বলিতে পার যে, পূর্ব্বোক্ত সাংখ্যাদি-মতের খণ্ডন

১। পা° ১। সূ° ৫]। "কামাচ্চ নানুমানাপেক্ষা ॥" [অ° ১। পা° ১। সূ° ১৮]। "এতেন সর্ব্বে ব্যাখ্যাতাঃ ॥" [অ° ১। পা° ৪। সূ° ২৮] ইতি চ পূর্ব্বত্রাপি সাঙ্খ্যাদিপক্ষপ্রতিষেধঃ কৃতঃ, কিং পুনঃ কৃতকরণেনেতি। তদুচ্যতে। সাঙ্খ্যাদয়ঃ স্বপক্ষস্থাপনায় বেদান্তবাক্যান্যপ্যুদাহৃত্য স্বপক্ষানুগুণ্যেনৈব যোজয়ন্তো ব্যাচক্ষতে। তেষাং যদ্ব্যাখ্যানং, তদ্ব্যাখ্যানাভাসং ন সম্যগ্ব্যাখ্যানমিত্যেতাবৎ পূর্ব্বত্র কৃতম্, ইহ তু বাক্যনিরপেক্ষঃ স্বতন্ত্রস্তদ্যুক্তিপ্রতিষেধঃ ক্রিয়তইত্যেষ বিশেষঃ।

তত্র সাঙ্খ্যা মন্যন্তে—যথা ঘটশরাবাদয়ো ভেদা মৃদাত্মতয়ান্বীয়মানা মৃদাত্মকসামান্যপূর্ব্বকা লোকে দৃষ্টাঃ, তথা সর্ব্ব এব বাহ্যাধ্যাত্মিকা ভেদাঃ সুখদুঃখমোহাত্মতয়ান্বীয়মানাঃ সুখদুঃখমোহাত্মকসামান্যপূর্ব্বকা ভবিতুমর্হন্তি। যত্তৎ সুখদুঃখমোহাত্মকং

দূষ্যতে, ন তু পরপক্ষতয়া ইতি ন বীতরাগকথাত্বব্যাহতিরিত্যর্থঃ। পুনরুক্ততাং পরিচোদ্য সমাধত্তে।—"নন্বীক্ষতেঃ" ইতি।

"তত্র সাংখ্যাঃ" ইতি। যানি হি যেন রূপেণাস্থৌল্যাদ্ চ সৌক্ষ্ম্যাৎ সমন্বীয়ন্তে, তানি তৎকারণানি। যথা ঘটাদয়ো রুচকাদয়শ্চাস্থৌল্যাদা চ সৌক্ষ্ম্যান্মৃৎসুবর্ণান্বিতাস্তৎকারণাঃ। তথা চেদং বাহ্যমাধ্যাত্মিকঞ্চ ভাবজাতং সুখদুঃখমোহাত্মনান্বিতমুপলভ্যতে, তস্মাত্তদপি সুখদুঃখমোহাত্মসামান্যকারণকং ভবিতুমর্হতি। তত্র জগৎকারণস্য যেয়ং সুখাত্মতা, তৎ সত্ত্বং, যা চ দুঃখাত্মতা, তদ্রজঃ, যা চ মোহাত্মতা, তত্তম ইতি ত্রৈগুণ্যকারণসিদ্ধিঃ। তথা হি প্রত্যেকং ভাবাস্ত্রৈগুণ্যবন্তোঽনুভূয়ন্তে। যথা মৈত্রদারেষু পদ্মাবত্যাং মৈত্রস্য সুখং, তৎ কস্য হেতোঃ? তং প্রতি সত্ত্বগুণ-

---

করা হইয়াছে, এখানে আবার তাহা কেন? ইহার প্রত্যুত্তর এই যে, সাংখ্যাদি শাস্ত্র যে, নিজপক্ষ স্থাপনার্থ বেদান্তবাক্য সকল উল্লেখপূর্ব্বক সে সকল কে আপন মতের অনুরূপ করিয়া লইয়াছেন, তাহা সঙ্গত হয় নাই, পূর্ব্বেত এতাবন্মাত্র বলা হইয়াছে, ও দেখান হইয়াছে। এই দ্বিতীয় পাদে তাঁহাদের বেদ বাক্যনিরপেক্ষ যে সকল স্বতন্ত্র যুক্তি আছে, সে সকল যুক্তির খণ্ডন করা হইবেক। বিশেষ এই যে, পূর্ব্বে তাঁহাদের যুক্তিখণ্ডন প্রধানরূপে করা হয় নাই, এই পাদে তাহা করা হইবেক।

[তত্র...মিমতে] তন্মধ্যে সাংখ্যের সিদ্ধান্তে এই যে, যেমন ঘটাদি মৃণ্ময় পদার্থে মৃত্তিকারূপের অন্বয় থাকায় মৃত্তিকাজাতি সে সকলের কারণ, তেমনি, যে কিছু বাহ্য ও আন্তরিকভাব (পদার্থ) আছে, সে সমস্তই সুখ দুঃখ মোহরূপে অন্বিত

সামান্যং, তৎ ত্রিগুণং প্রধানং মৃদ্বদচেতনং চেতনস্য পুরুষস্যার্থং সাধয়িতুং প্রবৃত্তং স্বভাবভেদেনৈব বিচিত্রেণ বিকারাত্মনা প্রবর্ত্তত ইতি। তথা পরিমাণাদিভিরপি লিঙ্গৈস্তদেব প্রধানমনুমিমতে।

তত্র বদামঃ, যদি দৃষ্টান্তবলেনৈবৈতন্নিরূপ্যেতে, নাচেতনং লোকে চেতনানধিষ্ঠিতং স্বতন্ত্রং কিঞ্চিদ্বিশিষ্টপুরুষার্থনির্ব্বর্ত্তন-সমর্থান্ বিকারান্ বিরচয়ৎ দৃষ্টম্। গেহপ্রাসাদ-শয়নাসনবিহার-ভূম্যাদয়ো হি লোকে প্রজ্ঞাবদ্ভিঃ শিল্পিভির্যথাকালং সুখদুঃখ-প্রাপ্তিপরিহারযোগ্যা রচিতা দৃশ্যন্তে, তথেদং জগদখিলং

সমুদ্ভবাৎ। তৎসপত্নীনাঞ্চ দুঃখং, তৎ কস্য হেতোস্তাঃ প্রত্যস্যা রজোগুণসমুদ্ভবাৎ। চৈত্রস্য তু স্ত্রৈণস্য তামবিন্দতো মোহো বিষাদঃ, তৎ কস্য হেতোস্তং প্রত্যস্যাস্তমোগুণ-সমুদ্ভবাৎ। পদ্মাবত্যা চ সর্ব্বে ভাবা ব্যাখ্যাতাঃ। তস্মাৎ সর্ব্বং সুখদুঃখ-মোহান্বিতং জগত্তৎকারণং গম্যতে। তচ্চ ত্রিগুণং প্রধানং—প্রধীয়তে ক্রিয়তে-ঽনেন জগদিতি, প্রধীয়তে নিধীয়তে ঽস্মিন্ প্রলয়সময়ে জগদিতি বা প্রধানং। তচ্চ মৃৎসুবর্ণবদচেতনং চেতনস্য পুরুষস্য ভোগাপবর্গলক্ষণমর্থং সাধয়িতুং স্বভাবত এব প্রবর্ত্ততে, ন তু কেনচিৎ প্রবর্ত্ত্যতে। তথা হ্যাহুঃ "পুরুষার্থ এব হেতুর্ন কেনচিৎ কার্য্যতে করণম্" ইতি। পরিমাণাদিভিরিত্যাদিগ্রহণেন "শক্তিতঃ প্রবৃত্তেশ্চ কারণকার্য্যবিভাগাদবিভাগাদ্বৈশ্বরূপ্যস্য" ইত্যব্যক্তসিদ্ধিহেতবো গৃহ্যন্তে। এতাংশ্চোপরিষ্টাদ্ব্যাখ্যায় নিরাকরিষ্যত ইতি।

তদেতৎ প্রধানানুমানং দূষয়তি।—"তত্র বদামঃ" ইতি। যদি তাবদচেতনং প্রধানমনধিষ্ঠিতং চেতনেন প্রবর্ত্ততে স্বভাবত এবেতি সাধ্যতে, তদযুক্তং, সমন্বয়াদের্হেতোশ্চেতনানধিষ্ঠিতত্ববিরুদ্ধচেতনাধিষ্ঠিতত্বেন মৃৎসুবর্ণাদৌ দৃষ্টান্ত-ধর্ম্মিণি ব্যাপ্তেরুপলব্ধের্ব্বিরুদ্ধত্বাৎ। নহি মৃৎসুবর্ণদার্ব্বাদয়ঃ কুলাল-হেমকার-রথ-

থাকায় সুখদুঃখমোহাত্মক কোন এক সামান্য পদার্থ সে সকলের কারণ। সুখ-দুঃখ মোহাত্মক সেই সামান্য পদার্থটী ত্রিগুণ ও মৃত্তিকাদির ন্যায় অচেতন। চেতন পুরুষের (আত্মার) প্রয়োজন সাধনার্থ তাহা স্বনিষ্ঠ বিচিত্রস্বভাবপ্রভাবে বিবিধাকার বিকারে পরিণত হয়। পরিমাণ প্রভৃতি হেতুর দ্বারাও তাহার (প্রধানের) অনুমান হইয়া থাকে।

[তত্র বদামঃ...দৃষ্টত্বাৎ] এই মতের উপরে আমরা বলি, সাংখ্য কেবল মাত্র দৃষ্টান্ত-বল অবলম্বন করিয়া ঐরূপ জগৎকারণ নিরূপণ করিতে প্রবৃত্ত হইয়াছেন সত্য; কিন্তু তিনি চেতনকর্ত্তৃক অনধিষ্ঠিত কোনও অচেতনকে বিশিষ্ট পুরুষার্থনির্ব্বাহক বিকার (বস্তুভেদ) রচনা করিতে দেখেন নাই। (অর্থাৎ) অচেতন কারণ পক্ষে দৃষ্টান্ত নাই)। গৃহ, অট্টালিকা, শয্যা, আসন ও

ততোক্রমঃ—বিপর্য্যয়েণ তু প্রলয়ক্রমঃ, অত উৎপত্তিক্রমাদন্তবিতুমর্হতি। তথা হি লোকে দৃশ্যতে, যেন ক্রমেণ সোপানমারূঢ়স্ততো বিপরীতক্রমেণাবরোহতীতি। অপি চ, দৃশ্যতে মৃদো জাতং ঘটশরাবাদি অপ্যয়কালে মৃদ্ভাবমপ্যেতি, অদ্ভ্যশ্চ জাতং হিমকরকাদি অব্ভাবমপ্যেতীতি। অতশ্চোপপদ্যত এতৎ, যৎ পৃথিব্যদ্ভ্যো জাতা সতী স্থিতিকালব্যতিক্রান্তাবপোহপীয়াৎ, আপশ্চ তেজসো জাতাঃ সত্যস্তেজ অপীয়ুঃ। এবং ক্রমেণ সূক্ষ্মং সূক্ষ্মতরং চানন্তরমনন্তরতরং কারণমপীত্য সর্ব্বং কার্য্যজাতং পরমকারণং পরমসূক্ষ্মঞ্চ ব্রহ্মাপ্যেতীতি বেদিতব্যম্।

নহি স্বকারণব্যতিক্রমেণ কারণ-কারণে কার্য্যাপ্যয়ো ন্যায্যঃ। স্মৃতাবপ্যুৎপত্তিক্রমবিপর্য্যয়েণৈবাপ্যয়ক্রমস্তত্র তত্র দর্শিতঃ।

"জগৎপ্রতিষ্ঠা দেবর্ষে পৃথিব্যপ্সু প্রলীয়তে।
জ্যোতিষ্যাপঃ প্রলীয়ন্তে জ্যোতির্ব্বায়ৌ প্রলীয়তে॥"

মহাভূতাপ্যয়ক্রমনিয়ামকোঽস্ত ! অহো শ্রৌত উৎপত্তিক্রম ইতি বিশয়ে শ্রৌতস্য শ্রৌতান্তরমভ্যর্হিতং সমানজাতীয়তয়া তস্যৈব বুদ্ধিসান্নিধ্যাৎ ন দৃষ্টং বিরুদ্ধজাতীয়ত্বাৎ। তস্মাৎ শ্রৌতেনৈবোৎপত্তিক্রমেণাপ্যয়ক্রমো নিয়ম্যত ইতি প্রাপ্তে উচ্যতে—

অপ্যয়স্য ক্রমাপেক্ষায়াং খলূৎপত্তিক্রমো নিয়ামকো ভবেৎ, ন তু অস্ত্যপ্যয়স্য ক্রমাপেক্ষা, দৃষ্টানুমানোপনীতেন ক্রমভেদেন শ্রুত্যনুসারিণোঽপ্যয়ক্রমস্য বাধ্যমানত্বাৎ। তস্মিন্ হি সত্যুপাদানোপরমেঽপ্যুপাদেয়মস্তীতি স্যাৎ, নচৈতদস্তি।

মধ্যেও দেখা যায়, মনুষ্য যে-ক্রমে সোপানারোহণ করে, তাহারই বিপরীত ক্রমে অবরোহণ করে। আরও দেখা যায়, মৃত্তিকাজাত ঘটাদি প্রলয়-প্রাপ্ত হইয়া মৃদ্ভাব প্রাপ্ত হয়, জলজন্মা করকাদি (করকা=বর্ষোপল, শিল) জলরূপই প্রাপ্ত হয়। অতএব, পৃথিবী জল হইতে জন্মগ্রহণ করিয়া স্থিতিকাল অতিক্রম করতঃ আবার জলেই প্রলীন হয়। এইরূপ জলও তেজ হইতে উৎপন্ন হইয়া স্থিতিকাল অতিক্রমের পর প্রলয়কালে তেজেই লয় প্রাপ্ত হয়, তদপেক্ষা সূক্ষ্মভূত সকল কারণীভূত সূক্ষ্মতম পদার্থে গিয়া লীন হয়, এইরূপ ক্রমে পরমসূক্ষ্ম পরমকারণ ব্রহ্মে সমুদায় জন্যপদার্থ লয়-প্রাপ্ত হয়, ইহাই যুক্তিসিদ্ধ। [ন হি... দৃষ্টত্বাৎ] কার্য্য স্ব স্ব কারণে লীন না হইলে সহসা পরম-কারণে লয় পাইতে পারে না। স্মৃতিতেও উৎপত্তিক্রমের বিপরীতক্রমে প্রলয় হওয়া বর্ণিত আছে। যথা— "হে দেবর্ষে, জগতের প্রতিষ্ঠা বা সমাপ্তি (প্রলয়) এইরূপ ;—পৃথিবী জলে লয়প্রাপ্ত

ইত্যেবমাদৌ। উৎপত্তিক্রমস্তূৎপত্তাবেব শ্রুতত্বাৎ নাপ্যয়ে ভবিতুমর্হতি। ন চাসাবযোগ্যত্বাদপ্যয়েনাকাঙ্ক্ষ্যতে। ন হি কার্য্যে ধ্রিয়মাণে কারণস্যাপ্যয়ো যুক্তঃ, কারণাপ্যয়ে কার্য্যস্যা-বস্থানানুপপত্তেঃ। কার্য্যাপ্যয়ে তু কারণস্যাবস্থানং যুক্তং, মৃদাদিষ্বেবং দৃষ্টত্বাৎ ॥ ২। ৩। ১৪ ॥

অন্তরা বিজ্ঞান-মনসী ক্রমেণ তল্লিঙ্গাদিতি চেন্নাবিশেষাৎ ॥ ২। ৩। ১৫ ॥ *

ভূতানামুৎপত্তিপ্রলয়াবনুলোমপ্রতিলোমক্রমাভ্যাং ভবত ইত্যুক্তম্। আত্মাদিরুৎপত্তিঃ প্রলয়শ্চাত্মান্ত ইত্যপ্যুক্তম্। সেন্দ্রিয়স্য তু মনসো বুদ্ধেশ্চ সদ্ভাবঃ প্রসিদ্ধঃ শ্রুতিস্মৃত্যোঃ—

"বুদ্ধিন্তু সারথিং বিদ্ধি মনঃ প্রগ্রহমেব চ।

তস্মাত্তদ্বিরুদ্ধ-দৃষ্টক্রমাবরোধাদাকাঙ্ক্ষৈব নাস্তি, ক্রমান্তরং প্রত্যযোগ্যত্বাৎ তস্য। তদিদমুক্তং সূত্রকৃতা "উপপদ্যতে চ" ইতি।

ভাষ্যকারোৎপ্যাহ—"ন চাসাবযোগ্যত্বাদপ্যয়েনাকাঙ্ক্ষ্যতে" ইতি। তস্মাদুৎ-পত্তিক্রমাদ্বিপরীতঃ ক্রম ইত্যেতন্ন্যায়মূলা চ স্মৃতিরুক্তা ॥ ২। ৩। ১৪ ॥

তদেবং ভাবনোপযোগিনৌ ভূতানামুৎপত্তিপ্রলয়ৌ বিচার্য্য বুদ্ধীন্দ্রিয়মনসাং ক্রমং বিচারয়তি। অত্র চ বিজ্ঞায়তেঽনেনেতি ব্যুৎপত্ত্যা বিজ্ঞানশব্দেনেন্দ্রিয়াণি চ

হয়, জল তেজে এবং তেজ বায়ুতে লয়প্রাপ্ত হইয়া থাকে।" উৎপত্তিক্রম উৎপত্তি-বিষয়েই শ্রুত (শ্রুতিকর্ত্তৃক কথিত) হইয়াছে, সুতরাং সে ক্রম প্রলয়বিষয়ে গৃহীত হইতে পারে না। অপিচ, ঐ ক্রম প্রলয়ক্রমের আকাঙ্ক্ষীও নহে, অর্থাৎ প্রলয়ক্রম কি? এ আকাঙ্ক্ষা উৎপত্তি ক্রমকে আকর্ষণ করে না। আরও দেখ, কার্য্য বিদ্যমান থাকিতে কারণের বিনাশ যুক্তিসিদ্ধ নহে। সেরূপ হইলে কার্য্য থাকিতেই পারে না। কিন্তু কার্য্যের প্রলয়ে কারণের অবস্থান যুক্তিতেও পাওয়া যায়। কেন-না, মৃত্তিকাদি কারণে তাহা দৃষ্ট হইয়া থাকে ॥ ২। ৩। ১৪ ॥

অনুলোম ও বিলোম ক্রমে পঞ্চভূতের উৎপত্তি ও লয় হয়, ইহা বলা হইল। আত্মা হইতে উৎপত্তি ও আত্মাতে লয় হয়, এ কথাও বলা হইয়াছে। কিন্তু ইন্দ্রিয়, মন, ও বুদ্ধি, এই কয়েকটীর সদ্ভাব অর্থাৎ অস্তিত্ব শ্রুতি-স্মৃতি-প্রসিদ্ধ। যথা—"বুদ্ধিকে সারথি, মনকে প্রগ্রহ (লাগাম) ও ইন্দ্রিয়দিগকে অশ্ব বলিয়া

* তল্লিঙ্গাৎ শ্রুতিবাক্যাৎ "এতস্মাজ্জায়তে প্রাণো মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ" ইত্যাদিরূপাৎ, অন্তরা আত্মনো ভূতানাঞ্চ মধ্যে, ক্রমেণ বিজ্ঞান-মনসী উৎপদ্যেতে, ততশ্চ পূর্ব্বোক্তস্য ক্রমস্য বাধ ইতি চেৎ, ন, কুতঃ? অবিশেষাৎ বিশেষাভাবাৎ। ইন্দ্রিয়োৎপত্তিক্রমেণ ভূতোৎপত্তিক্রমো ন বাধ্যত ইতি ভাবঃ। বিস্তরার্থস্তু ভাষ্যে।

সিদ্ধান্ত হইয়াছে যে, ভূত সকলের উৎপত্তি ও প্রলয় আত্মাদি ও আত্মান্ত। কিন্তু শ্রুতিতে মধ্যস্থলে বুদ্ধির ও মনের উৎপত্তি কথিত হইয়াছে। তাহাতে শঙ্কা হইতে পারে যে, পূর্ব্বে যে

ইন্দ্রিয়াণি হয়ানাহুঃ" ইত্যাদিলিঙ্গেভ্যঃ।

তয়োরপি কস্মিংশ্চিদন্তরালে ক্রমেণোৎপত্তিপ্রলয়াবুপ-সংগ্রাহ্যৌ, সর্ব্বস্য বস্তুজাতস্য ব্রহ্মজত্বাভ্যুপগমাৎ।

অপিচ, আথর্ব্বণ উৎপত্তিপ্রকরণে ভূতানামাত্মনশ্চান্তরালে করণান্যনুক্রম্যন্তে—

"এতস্মাজ্জায়তে প্রাণো মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ।

খং বায়ুর্জ্যোতিরাপঃ পৃথিবী বিশ্বস্য ধারিণী ॥" ইতি।

তস্মাৎ পূর্ব্বোক্তোৎপত্তিপ্রলয়-ক্রমভঙ্গপ্রসঙ্গো ভূতানামিতি চেৎ, ন, অবিশেষাৎ। যদি তাবদ্ভৌতিকানি করণানি, ততো ভূতোৎপত্তিপ্রলয়াভ্যামেবৈষামুৎপত্তিপ্রলয়ৌ ভবত ইতি নৈতয়োঃ ক্রমান্তরং মৃগ্যম্। ভবতি চ ভৌতিকত্বে লিঙ্গং করণানাম্—

বুদ্ধিঞ্চ ব্রূতে। তত্রৈতেষাং ক্রমাপেক্ষায়ামাত্মনশ্চ ভূতানাং চান্তরা সমাম্নানাত্তেনৈব পাঠেন ক্রমো নিয়ম্যতে। তস্মাৎ পূর্ব্বোৎপত্তিক্রমভঙ্গপ্রসঙ্গঃ। যতঃ আত্মনঃ করণানি, করণেভ্যশ্চ ভূতানীতি প্রতীয়তে, তস্মাদাত্মন আকাশ ইতি ভজ্যতে। অন্নময়মিতি চ ময়ড়ানন্দময় ইতিবৎ ন বিকারার্থ ইতি প্রাপ্তেঽভিধীয়তে।

বিভক্তত্বাত্তাবন্মনঃপ্রভৃতীনাং কারণাপেক্ষায়ামন্নময়ং মন ইত্যাদিলিঙ্গশ্রবণাদপেক্ষিতার্থকথনায় বিকারার্থত্বমেব ময়টো যুক্তম্, ইতরথা ত্বনপেক্ষিতমুক্তং ভবেৎ।

জানিবে।" ইত্যাদি। সুতরাং কোন এক অন্তরালে (অবকাশে) ঐ কয়েকটীর ক্রমানুগত উৎপত্তি ও লয় সংগ্রহ) করা আবশ্যক। কেন-না, বস্তু মাত্রেই ব্রহ্মপ্রভব বা ব্রহ্মোৎপন্ন, ইহা স্বীকৃত হইয়াছে।

[অপি...বিশেষাৎ] আরও দেখ, অথর্ব্ব-শ্রুতির উৎপত্তিপ্রকরণে আত্মা ও ভূত, এই দুএর মধ্যে ইন্দ্রিয়োৎপত্তির উল্লেখ আছে। যথা—"এই ব্রহ্ম হইতে প্রাণ, মন, ইন্দ্রিয়, আকাশ, বায়ু, তেজ, জলও বিশ্বাধার পৃথিবী জন্মে।" অতএব, পূর্ব্বে যে, ভূতোৎপত্তির ও ভূতলয়ের ক্রম কথিত হইয়াছে, সে ক্রম অন্তরালবর্ত্তী মনোবুদ্ধির দ্বারা ভঙ্গ হইল। যদি কেহ ঐরূপ বলেন, পূর্ব্বপক্ষ করেন, তাহা হইলে তৎপ্রতিকূলে সূত্রকার বলিতেছেন, শ্রুতিতে মনোবুদ্ধির অনুক্রম (পাঠ) থাকিলেও তাহা ভূত হইতে বিশেষ অর্থাৎ ভিন্ন পদার্থ নহে। (ইন্দ্রিয়মাত্রেই ভৌতিক)। [যদি...নেতব্য] যেহেতু ইন্দ্রিয়গণ ভৌতিক, সেই হেতু ভূতোৎপত্তিপ্রলয় বলাতেই ইন্দ্রিয়োৎপত্তিপ্রলয়ও বলা সিদ্ধ হয়, তাহাদের ক্রম পৃথক্ অন্বেষণীয় নহে। ইন্দ্রিয়গণ ভৌতিক, এ বিষয়ে শাস্ত্র ও অনুমান উভয়ই আছে।

ক্রমের কথা বলা হইয়াছে, তাহা, ঐকান্তিক নহে, অথবা বিরুদ্ধ। এই আশঙ্কা নিবারণার্থ সূত্রকার বলিতেছেন," বুদ্ধির ও মনের উৎপত্তিতে অল্পমাত্রও বিশেষ নাই। অর্থাৎ তাহা ভূতোৎপত্তিক্রমবিরুদ্ধ নহে ; প্রত্যুত তাহারই অন্তর্নিবিষ্ট। (ভাষ্যানুবাদ দেখ)।

"অন্নময়ং হি সোম্য মন আপোময়ঃ প্রাণস্তেজোময়ী বাক্" ইত্যেবঞ্জাতীয়কম্। ব্যপদেশোঽপি ক্বচিদ্ভূতানাং করণানাঞ্চ ব্রাহ্মণ পরিব্রাজকন্যায়েন নেতব্যঃ।

অথ ত্বভৌতিকানি করণানি, তথাপি ভূতোৎপত্তিক্রমো ন করণৈর্ব্বিশেষ্যতে। প্রথমং করণান্যুৎপদ্যন্তে, চরমং ভূতানি, প্রথমং বা ভূতান্যুৎপদ্যন্তে, চরমং করণানীতি। আথর্ব্বণে তু সমাম্নায়-ক্রমমাত্রং করণানাং ভূতানাঞ্চ, ন তত্রোৎপত্তিক্রম উচ্যতে। তথান্যত্রাপি পৃথগেব ভূতক্রমাৎ করণক্রম আম্নায়তে— "প্রজাপতির্ব্বা ইদমগ্র আসীৎ, স আত্মানমৈক্ষত, স মনোঽসৃজত, তন্মন এবাসীৎ, তদাত্মানমৈক্ষত, তদ্বাচমসৃজত" ইত্যাদিনা। তস্মান্নাস্তি ভূতোৎপত্তিক্রমস্য ভঙ্গঃ ॥২।৩।১৫॥

ন চ তদপি ঘটতে। ন হ্যন্নময়ো যজ্ঞ ইতিবদন্নপ্রাচুর্য্যং মনসঃ সম্ভবতি। এবেঞ্চেৎ-ভূতবিকারা মন-আদয়ো ভূতানাং পরস্তাদুৎপদ্যন্ত ইতি যুক্তম্।

প্রৌঢ়বাদিতয়াঽভ্যুপেত্যাহ—"অথ ত্বভৌতিকানি" ইতি। ভবত্বাত্মন এব করণানামুৎপত্তিঃ। ন খল্বেতাবতা ভূতৈরাত্মনো নোৎপত্তব্যম্। তথা চ নোক্তক্রমপ্রসঙ্গঃ। বিশিষ্যতে ভিদ্যতে ভজ্যত ইতি যাবৎ ॥ ২ । ৩ । ১৫ ॥

যথা—"হে সোম্য, শ্বেতকেতো, মনঃ অন্নময়, প্রাণ আপোময় এবং বাগিন্দ্রিয় তেজোময় (তেজঃ পদার্থের বিকার)।" ইত্যাদি। "ইন্দ্রিয়" এইরূপ নামভেদ ব্রাহ্মণ-পরিব্রাজকের দৃষ্টান্তে সঙ্গত করিবে। অর্থাৎ পরিব্রাজক ব্যক্তি যেমন ব্রাহ্মণ ও পরিব্রাজক উভয়রূপী, তেমনি, ইন্দ্রিয়গণও ভূতবিশেষ ও ইন্দ্রিয়—দ্বিরূপবিশিষ্ট। (ব্রাহ্মণই পরিব্রাজক হয়, ভূতই ইন্দ্রিয়ভাব প্রাপ্ত হয়)।

[অথ...ক্রমস্য ভঙ্গঃ] ইন্দ্রিয়গণ ভৌতিক না হইলেও ভূতোৎপত্তিক্রমে কোনও বিশেষভাব হইবেক না। প্রথমে ইন্দ্রিয়োৎপত্তি, পরে ভূতোৎপত্তি, অথবা প্রথমে ভূতোৎপত্তি, পরে ইন্দ্রিয়োৎপত্তি, এরূপ সংশয়ও হইবেক না। অথর্ব্ব-শ্রুতি কেবল ইন্দ্রিয়গণের ও ভূতবর্গের ক্রম (পূর্ব্বাপরীভাব) বলিয়াছেন, উৎপত্তির ক্রম বলেন নাই। আবার অন্য-শ্রুতিতে ঠিক্ ভূতোৎপত্তি-ক্রমের অনুরূপ ক্রমে ইন্দ্রিয়োৎপত্তির ক্রম কথিত হইয়াছে। যথা—"সৃষ্টির পূর্ব্বে এ সমস্তই প্রজাপতি ছিল। সেই প্রজাপতি আপনাকে আলোচনা করিলেন, করিয়া মন সৃষ্টি করিলেন। তখন সেই মন-ই একমাত্র ছিল, (এ সকল কিছুই ছিল না)। সেই মন আপনাকে ঈক্ষণ করিলেন, করিয়া বাগিন্দ্রিয় সৃজন করিলেন।" ইত্যাদি। অতএব, ইন্দ্রিয়ের দ্বারা ভূতোৎপত্তিক্রমের ভঙ্গ হয় নাই ॥ ২ । ৩ ১৫ ॥

চরাচরব্যপাশ্রয়স্তু স্যাৎ, তদ্ব্যপদেশো ভাক্তস্তদ্ভাবভাবিত্বাৎ ॥ ২।৩।১৬॥ *

স্তো জীবস্যাপ্যুৎপত্তিপ্রলয়ৌ, জাতো দেবদত্তো মৃতো দেবদত্ত ইত্যেবঞ্জাতীয়কাল্লৌকিকব্যপদেশাৎ, জাতকর্ম্মাদিসংস্কারবিধানাচ্চ—ইতি স্যাৎ কস্যচিদ্‌ভ্রান্তিঃ, তামপনুদামঃ। ন জীবস্যোৎপত্তিপ্রলয়ৌ স্তঃ, শাস্ত্রফলসম্বন্ধোপপত্তেঃ। শরীরানুবিনাশিনি হি জীবে শরীরান্তরগতেষ্টানিষ্ট-প্রাপ্তিপরিহারার্থৌ বিধি-প্রতিষেধাবনর্থকৌ স্যাতাম্। শ্রূয়তে চ "জীবাপেতং বার কিলেদং ম্রিয়তে, ন জীবো ম্রিয়তে" ইতি। নমু লৌকিকো জন্মমরণব্যপদেশো জীবস্য দর্শিতঃ? সত্যং দর্শিতঃ, ভাক্ত-

---

দেবদত্তাদিনামধেয়ং তাবজ্জীবাত্মনঃ, ন শরীরস্য, তন্নাম্নে শরীরায় শ্রদ্ধাদিকরণানুপপত্তেঃ। তস্য তো দেবদত্তো জাতো দেবদত্ত ইতি ব্যপদেশস্য মুখ্যত্বং মন্বানস্য পূর্ব্বঃ পক্ষঃ।

মুখ্যত্বে শাস্ত্রোক্তামুষ্মিক-স্বর্গাদিফলসম্বন্ধানুপপত্তেঃ শাস্ত্রবিরোধাল্লৌকিকব্যপদেশো ভাক্তো ব্যাখ্যেয়ঃ। ভক্তিশ্চ শরীরস্যোৎপাদবিনাশৌ, ততস্তৎসংযোগঃ,

---

অমুক জন্মিয়াছে, অমুক মরিয়াছে, এইরূপ এইরূপ লৌকিক উল্লেখ, এবং শাস্ত্রে জাতকর্ম্মাদি সংস্কারের বিধান থাকায় ভ্রম হইতে পারে যে, পঞ্চ মহাভূতের ন্যায় জীবেরও উৎপত্তি ও প্রলয় আছে। এক্ষণে সে ভ্রম অপনোদিত হইতেছে। [ন...ইতি] শাস্ত্র ও কর্ম্মফলসম্বন্ধ, এই দুই হেতুতে নিশ্চিত হয়, জীবের উৎপত্তিও বিনাশ নাই। জীব শরীর বিনাশের সঙ্গে বিনষ্ট হইলে পারলৌকিক ইষ্টানিষ্টপ্রাপ্তিপরিহারবোধক শাস্ত্রের সার্থক্য থাকে না। বিশেষতঃ শ্রুতি বলিয়াছেন "জীবপরিত্যক্ত দেহই মরে, জীব মরে না।" [নমু··· চর্য্যেতে] যদি বল, জীব জন্মে ও মরে, এই লৌকিক ব্যপদেশের (প্রয়োগের) গতি কি? গতি আছে। লোকমধ্যে যে, জীবের জন্ম-মরণ-সংজ্ঞা ব্যবহৃত হয়, অর্থাৎ লোকে যে, জীবের জন্ম মরণ সংজ্ঞা ব্যবহার করে, সে সংজ্ঞা বা

---

* ভূশব্দঃ শঙ্কানিরাসার্থঃ। ইন্দ্রিয়োৎপত্তিক্রমেণ ভূতক্রমস্য বাধাভাবেঽপি জীবোৎপত্তিক্রমেণ তস্য বাধঃ স্যাদিতি প্রত্যুদাহরণেন জীবোৎপত্তিমাশঙ্ক্য শাস্ত্রফলসম্বন্ধাদিভির্হেতুভিস্তস্য নিরাসো ভবতীতি মনসিকৃত্য তদুৎপত্তিপ্রলয়ব্যপদেশস্য ভাক্তত্বমাহ চরাচরেতি। তল্লোর্জ্জন্মমরণয়োর্ব্যপদেশো লৌকিক উল্লেখশ্চরাচরাশ্রয়ঃ স্থাবরজঙ্গমশরীরবিষয়ঃ। তত্রৈব তৌ শব্দৌ মুখ্যাবিত্যর্থঃ। ততশ্চ স ব্যপদেশো জীবে ভাক্তঃ; তত্র হেতুস্তদ্ভাবভাবিত্বাদিতি। তস্য দেহস্য ভাব আত্মলক্ষণসম্বন্ধোজন্ম, তস্মিন্ সতি ভাবিত্বং জন্মবত্ত্বং, তস্মাৎ।

জীব জন্মে ও মরে এই উল্লেখ মুখ্য নহে, কিন্তু গৌণ। ঐ দুই শব্দ চরাচরদেহের ভাবাভাব লক্ষ্য করিয়াই প্রযুক্ত হয়, তৎ সম্পর্কবিশিষ্ট জীবে তাহা উপরিত হয়। (ভাষ্য ব্যাখ্যা দেখ)।

স্ত্বেষ জীবস্য জন্মমরণব্যপদেশঃ। কিমাশ্রয়ঃ পুনরয়ং মুখ্যঃ, যদপেক্ষয়া ভাক্ত ইতি। উচ্যতে—

চরাচরব্যপাশ্রয়ঃ। স্থাবরজঙ্গমশরীরবিষয়ৌ জন্ম-মরণশব্দৌ। স্থাবরজঙ্গমানি হি ভূতানি জায়ন্তে চ ম্রিয়ন্তে চ, অতস্তদ্বিষয়ৌ জন্মমরণশব্দৌ মুখ্যৌ সন্তৌ তৎস্থে জীবাত্মন্যুপচর্য্যেতে, তদ্ভাব-ভাবিত্বাৎ। শরীরপ্রাদুর্ভাব-তিরোভাবয়োর্হি সতোর্জন্ম-মরণশব্দৌ ভবতঃ, নাসতোঃ। ন হি শরীরসম্বন্ধাদন্যত্র জীবো জাতো মৃতো বা কেনচিদুপলক্ষ্যতে। "স বা অয়ং পুরুষো জায়মানঃ শরীর-মভিসম্পদ্যমানঃ, স উৎক্রামন্ ম্রিয়মাণঃ" ইতি চ শরীরসংযোগ-বিয়োগনিমিত্তাবেব জন্মমরণশব্দৌ দর্শয়তি। জাতকর্ম্মাদি-বিধানমপি দেহপ্রাদুর্ভাবাপেক্ষমেব দ্রষ্টব্যম্, অভাবাজ্জীব-

ইতি-জাতকর্ম্মাদি চ গর্ভবীজসমুদ্ভব-জীবপাপপ্রক্ষয়ার্থং, ন তু জীবজন্মজ-পাপক্ষয়ার্থম্। অত এব স্মরন্তি—"এবমেনঃ শমং যাতি বীজগর্ভসমুদ্ভবম্" ইতি।

তস্মান্ন শরীরোৎপত্তিবিনাশাভ্যাং জীবজন্মবিনাশাবিতি সিদ্ধম্। এতচ্চ লৌকিকব্যপদেশস্যাভ্রান্তিমূলত্বমভ্যুপেত্যাধিকরণম্। উক্তা ত্বধ্যাসভাষ্যেঽস্য ভ্রান্তিমূলতেতি। মা ভূতামস্য শরীরোদয়ব্যয়াভ্যাং স্থূলাব্যুৎপত্তিবিনাশৌ।

প্রয়োগ গৌণ। ভাল, জন্ম ও মরণ, এই দুই শব্দের মুখ্য আশ্রয় কি? যাহার অনুগুণে ঐ দুই শব্দ জীবে গৌণ বা ঔপচারিকরূপে প্রযুক্ত হয়? তাহা বলিতেছি।

স্থাবর ও জঙ্গম, এই দ্বিবিধ দেহবিষয়েই জন্ম-মরণ-শব্দের মুখ্য প্রয়োগ। স্থাবর-জঙ্গম দেহই জন্মে ও মরে, সেই জন্য, স্থাবর-জঙ্গম দেহের উপরেই (দেহের ভাবও অভাব দৃষ্টে) জন্মমরণ শব্দের মুখ্য প্রয়োগ। জীব সেই জন্মমরণবান্ দেহে থাকে, সেই জন্য জীবে তাহা (জন্ম-মরণ-শব্দ) উপচার ক্রমে প্রযুক্ত হয়। [তদ্ভাব...দর্শয়তি] দেহের ভাবে অর্থাৎ বিদ্যমানতায় বা উৎপত্তিতে জন্ম, এবং তাহার অবিদ্যমানতায় বা বিনাশে মরণ। শরীরের প্রাদুর্ভাব ও তিরোভাব দেখিলে ঐ দুই শব্দের প্রয়োগ হয়, না দেখিলে হয় না। শরীরসম্বন্ধ ব্যতীত কেবল জীবের জন্ম বা মরণ কেহ কখনও দেখেন নাই, কেহ কখন দেখাইতেও পারিবেন না। শ্রুতিও শরীরসংযোগে জন্ম ও শরীরবিয়োগে মরণ হওয়া দেখাইয়াছেন। যথা,—"এই পুরুষ (আত্মা) শরীরপ্রাপ্তিতে জায়মান ও শরীর-ত্যাগে ম্রিয়মাণ হন।" [জাত...বোচৎ] শাস্ত্রে যে, জাতকর্ম্মাদির বিধান আছে, পুত্র জন্মিলে যে, সংস্কার-বিশেষ অনুষ্ঠান করিবার উপদেশ আছে, তাহাও শরীরপ্রাদুর্ভাব-ঘটিত। কারণ, জীবের প্রাদুর্ভাব (জন্ম) হয় না, দেহেরই প্রাদুর্ভাব হয়। পরমাত্মা হইতে আকাশাদির ন্যায় জীবেরও উৎপত্তি হয় কিনা,

প্রাদুর্ভাবস্য। জীবস্য পরস্মাদাত্মন উৎপত্তির্ব্বিয়দাদীনামিবাস্তি নাস্তি বেত্যেতদুত্তরেণ সূত্রেণ বক্ষ্যতি। দেহাশ্রয়ৌ তাবজ্জীবস্য স্থূলাবুৎপত্তিপ্রলয়ৌ ন স্তু ইত্যেতদনেন সূত্রেণাবোচৎ ॥২।৩।১৬॥

নাত্মাঽশ্রুতের্নিত্যত্বাচ্চ তাভ্যঃ ॥২।৩।১৭॥*

অস্ত্যাত্মা জীবাখ্যঃ শরীরেন্দ্রিয়পঞ্জরাধ্যক্ষঃ কর্ম্মফলসম্বন্ধী। স কিং ব্যোমাদিবদুৎপদ্যতে ব্রহ্মণঃ? আহোস্বিদ্ব্রহ্মবদেব নোৎপদ্যতে? ইতি শ্রুতিবিপ্রতিপত্তের্ব্বিশয়ঃ। কাসুচিদ্ধি শ্রুতিষ্বগ্নিবিস্ফুলিঙ্গাদিনিদর্শনৈর্জ্জীবাত্মনঃ পরস্মাৎ ব্রহ্মণ উৎপত্তিরাম্নায়তে, কাসুচিত্তু অবিকৃতস্যৈব পরস্য ব্রহ্মণঃ কার্য্যপ্রবেশেন জীবভাবো বিজ্ঞায়তে, ন চোৎপত্তিরাম্নায়ত ইতি।

তত্র প্রাপ্তং তাবদুৎপদ্যতে জীব ইতি। কুতঃ? প্রতিজ্ঞানু-

আকাশাদেরিব তু মহাসর্গাদৌ তদন্তে চোৎপত্তিবিনাশৌ জীবস্য ভবিষ্যত ইতি শঙ্কান্তরমপনেতুমিদমারভ্যতে ॥ ২ । ৩ । ১৬ ॥

বিচারমূলসংশয়স্য বীজমাহ—"শ্রুতিবিপ্রতিপত্তেঃ" ইতি। তামেব দর্শয়তি—"কাসুচিদ্ধি শ্রুতিষু" ইতি।

পূর্ব্বপক্ষং গৃহ্ণাতি—"তত্র প্রাপ্তম্" ইতি। পরমাত্মনস্তাবদ্বিরুদ্ধধর্ম্মসং-

---

তাহা পর সূত্রে বলা হইবে। এ সূত্রে বলা হইল যে, দেহাশ্রিত স্থূল উৎপত্তি-বিনাশ জীবে উপচরিত, বাস্তবতঃ জীবে তাহা নাই, জীবে তাহার অভাব আছে ॥ ২ । ৩ । ১৬ ॥

ইন্দ্রিয়ান্বিত শরীরের অধ্যক্ষ ও কর্ম্মফলভোক্তা জীবনামক আত্মা আছেন। তিনি আকাশাদির ন্যায় ব্রহ্ম হইতে উৎপন্ন অথবা ব্রহ্মের ন্যায় নিত্য, এরূপ সংশয় হইতে পারে। পরস্পর বিরুদ্ধ শ্রুতিবাক্য থাকায় ঐরূপ সংশয় হয়। কোন কোন শ্রুতি অগ্নিস্ফুলিঙ্গের দৃষ্টান্ত দিয়া বলিয়াছেন, জীবাত্মা পরব্রহ্ম হইতে উৎপন্ন হয়। আবার অন্য শ্রুতি বলিয়াছেন, অবিকৃত পরব্রহ্মই স্বসৃষ্ট শরীরে প্রবিষ্ট হইয়া জীবভাবে বিরাজ করেন।

[তত্র...রুধ্যেত] সংশয় হইলেই পূর্ব্বপক্ষ, তাহাতে পাওয়া যায়, জীবও

---

* আত্মা জীবো নোৎপদ্যতে। কস্মাৎ? অশ্রুতেঃ। উৎপত্তিপ্রকরণে হ্যস্যোৎপত্তিশ্রবণং নাস্তি। অপিচ, তাভ্যঃ শ্রুতিভ্যঃ অজত্বাদিশব্দেভ্যশ্চ তস্য নিত্যত্বমবগম্যতে।

আত্মা আকাশাদির ন্যায় উৎপন্ন পদার্থ নহেন। কেন না, শ্রুতি উৎপত্তিপ্রকরণে আত্মার উৎপত্তি বলেন নাই, প্রত্যুত "অজ—জন্মরহিত" ইত্যাদি বাক্যে তাঁহার নিত্যতাই বলিয়াছেন।

পরোধাৎ। "একস্মিন্ বিদিতে সর্ব্বমিদং বিদিতম্" ইতীয়ং প্রতিজ্ঞা সর্ব্বস্য বস্তুজাতস্য ব্রহ্মপ্রভবত্বে সতি নোপরুধ্যেত; তত্ত্বান্তরত্বে তু জীবস্য প্রতিজ্ঞেয়মুপরুধ্যেত। ন চ বিকৃতঃ পরমাত্মৈব জীব ইতি শক্যতে বিজ্ঞাতুং, লক্ষণভেদাৎ। অপহতপাপ্মত্বাদিধর্ম্মকো হি পরমাত্মা, তদ্বিপরীতো হি জীবঃ বিভক্তত্বাদাকাশবদস্য বিকারত্বসিদ্ধিঃ। যাবান্ হ্যাকাশাদিঃ প্রবিভক্তঃ, স সর্ব্বো বিকারঃ। তস্য চাকাশাদেরুৎপত্তিঃ সমধিগতা। জীবাত্মাপি পুণ্যাপুণ্যকর্ম্মা সুখদুঃখভাক্ প্রতিশরীরং বিভক্ত ইতি তস্যাপি প্রপঞ্চোৎপত্ত্যবসর উৎপত্তির্ভবিতুমর্হতি। অপি চ "যথাগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্ত্যেবমেবাস্মাদাত্মনঃ সর্ব্বে প্রাণাঃ" ইতি প্রাণাদের্ভোগ্যজাতস্য সৃষ্টিং শিষ্ট্বা

সর্গাদপহতানপহতপাপ্মত্বাদিলক্ষণাজ্জীবানামন্যত্বম্। তে চেন্ন বিকারাঃ, তত্তত্ত্বান্তরত্বে বহুতরাদ্বৈতশ্রুতিবিরোধঃ। ব্রহ্মবিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞানপ্রতিজ্ঞাবিরোধশ্চ। তস্মাচ্ছ্রুতিভিরনুজ্ঞায়তে বিকারত্বম্। প্রমাণান্তরং চাত্রোক্তং—"বিভক্তত্বাদাকাশাদিবৎ" ইতি। যথা "অগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গাঃ" ইতি চ শ্রুতিঃ সাক্ষাদেব ব্রহ্মবিকারত্বং জীবানাং দর্শয়তি। "যথা সুদীপ্তাৎ পাবকাৎ" ইতি চ প্রক্ষণো জীবানামুৎপত্তিঞ্চ তত্রাপ্যয়ঞ্চ সাক্ষাদ্দর্শয়তি। নবক্ষরাত্তাবানামুৎপত্তিপ্রলয়াববগম্যেতে,

---

উৎপন্ন হয়। এ পক্ষের পোষক প্রমাণ শ্রুত্যুক্ত প্রতিজ্ঞার অবাধ। অর্থাৎ শ্রুতি যে, একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান প্রতিজ্ঞা করিয়াছেন, সমুদায় বস্তু ব্রহ্মপ্রভব না হইলে সে প্রতিজ্ঞা সংরক্ষিত হয় না। জীব যদি ব্রহ্মপ্রভব না হয়, আর পৃথক্ পদার্থ হয়, তাহা হইলেও ব্রহ্মকে জানিলে জীবকে জানা হইবে না, কাযেই সর্ব্ববিজ্ঞান-প্রতিজ্ঞা ভঙ্গ হইবে। [ন চা...মর্হতি] অবিকৃত পরমাত্মাই যে, শরীরে জীবভাবে বিরাজ করিতেছেন, ইহা কিসে জানা যায়? জানা যায় না। যেহেতু পরমাত্মা ও জীবাত্মা সমলক্ষণ নহে; সেই হেতু পরমাত্মাই জীব, এ তত্ত্ব দুর্ব্বিজ্ঞেয়। পরমাত্মা নিষ্পাপ নিষ্ক্রিয় নির্দ্ধর্মক, জীব তাহার সম্পূর্ণ বিপরীত। বিভাগ থাকাতেও জীবের বিকারত্ব (জন্ম-মরণ) জানা যায়। আকাশাদি যে-কিছু বিভক্ত বস্তু, সমস্তই বিকার অর্থাৎ জন্য পদার্থ, এবং তজ্জন্য তাদৃশ আকাশাদির উৎপত্তিও অবগত হওয়া গিয়াছে। জীবও পুণ্য-পাপ-কারী সুখদুঃখভাগী এবং প্রতিশরীরে বিভক্ত, এ জন্য জীবেরও জগদুৎপত্তিকালে উৎপত্তি হইয়াছিল, এই কথাই সঙ্গত। [অপিচ...যোগাৎ] আরও দেখ, "যেমন অগ্নি হইতে ক্ষুদ্র বিস্ফুলিঙ্গ বহির্গত হয়, তেমনি, পরমাত্মা হইতে সমুদায় প্রাণ জন্মলাভ করে।" শ্রুতি এইরূপে

"সর্ব্বে এতে আত্মানো ব্যুচ্চরন্তি" ইতি ভোক্তৃণামাত্মনাং পৃথক্ সৃষ্টিং শাস্তি।

"যথা সুদীপ্তাৎ পাবকাৎ বিস্ফুলিঙ্গাঃ সহস্রশঃ প্রভবন্তি সরূপাঃ ॥ তথাক্ষরাদ্বিবিধাঃ সোম্য ভাবাঃ প্রজায়ন্তে তত্র চৈবাপি যন্তি ॥"

ইতি চ জীবাত্মনামুৎপত্তিপ্রলয়াবুচ্যেতে, সরূপবচনাৎ। জীবাত্মানো হি পরমাত্মনা সরূপা ভবন্তি, চৈতন্যযোগাৎ। ন চ কচিদশ্রবণমন্যত্র শ্রুতং বারয়িতুমর্হতি, শ্রুত্যন্তরগতস্যাপ্যবিরুদ্ধস্যাধিকস্যার্থস্য সর্ব্বত্রোপসংহর্ত্তব্যত্বাৎ। প্রবেশশ্রুতিরপ্যেবং সতি বিকারভাবাপত্ত্যৈব ব্যাখ্যাতব্যা "তদাত্মানং স্বয়মকুরুত" ইত্যাদিবৎ। তস্মাদুৎপদ্যতে জীব ইত্যেবং প্রাপ্তে ক্রমঃ—

ন জীবানাম্,ইত্যত আহ—"জীবাত্মনাম্" ইতি। স্যাদেতৎ। সৃষ্টিশ্রুতিষ্বাকাশাদ্যুৎপত্তিরিব কস্মাজ্জীবোৎপত্তির্নাম্নায়তে। তস্মাদাম্নানযোগ্যস্যানাম্নানাৎ তদ্যোৎপত্ত্যভাবং প্রতীম ইত্যত আহ।—"ন চ কচিদশ্রবণম্" ইতি। এবং হি কস্যাঞ্চিচ্ছাখায়ামাম্নাতস্য কতিপয়াঙ্গসহিতস্য কর্ম্মণঃ শাখান্তরীয়াঙ্গোপসংহারো ন ভবেৎ। তস্মাদ্বহুতরশ্রুতিবিরোধাদনুপ্রবেশশ্রুতির্বিকারভাবাপত্ত্যা ব্যাখ্যেয়া। তস্মাদাকাশবজ্জীবাত্মান উৎপদ্যন্ত ইতি প্রাপ্ত উচ্যতে,—

জীবভোগ্য প্রাণাদির সৃষ্টি উপদেশ করিয়া বলিয়াছেন "এই সকল আত্মা তাঁহা হইতে ব্যুচ্চরিত হয়।" শ্রুতির এই উক্তিতে ভোক্তাত্মগণের সৃষ্টি উপদিষ্ট হইয়াছে। "যেমন প্রদীপ্ত পাবক হইতে পাবকরূপী সহস্র সহস্র স্ফুলিঙ্গ জন্মে, সেইরূপ, এই অক্ষর (ব্রহ্ম) হইতে অক্ষর-সমানরূপী বিবিধ পদার্থ জন্মে, আবার অক্ষরেই লয়প্রাপ্ত হয়।" এই শ্রুতিতেই সমানরূপী ; এই শব্দ থাকায় জীবাত্মার উৎপত্তি-বিনাশ কথিত হইয়াছে ; ইহা বুঝিতে হইবে। স্ফুলিঙ্গ অগ্নিসমানরূপী-জীবাত্মাও পরমাত্মসমানরূপী। (উভয়েই চেতন, সুতরাং সমানরূপী)। [নচ...জীবঃ] এক শ্রুতিতে উৎপত্তিকথন নাই, তাই বলিয়া অন্য শ্রুত্যুক্ত উৎপত্তির যে, নিষেধ হইবে, তাহা হইবে না। অন্য শ্রুতিস্থ অবিরুদ্ধ অতিরিক্ত পদার্থ সর্ব্বত্র সংগৃহীত হয়। "তিনি আপনাকে করিলেন," এই শ্রুতির ন্যায় "বস্তুই শরীরে অনুপ্রবিষ্ট হইয়াছেন" এতৎশ্রুতিস্থ অনুপ্রবেশশব্দের বিকার অর্থ গ্রহণ করাই উচিত। অভিপ্রায় এই যে, দেহে অবিকৃত ব্রহ্মের প্রবেশ নহে, কিন্তু তাহা ব্রহ্মের বিকার। বিকার ও উৎপত্তি সমান, ইহা সর্ব্বত্র প্রসিদ্ধ। পূর্ব্বপক্ষের উপসংহার এই যে, উল্লিখিত যুক্তিতে জীবও ব্রহ্ম হইতে আকাশাদির ন্যায় জন্মে [ইত্যেবং...য়েশেষু] এইরূপ পক্ষ প্রাপ্তিতে বলা হইতেছে।

ন আত্মা জীব উৎপদ্যত ইতি। কস্মাৎ। অশ্রুতেঃ। নহ্যস্যোৎপত্তিপ্রকরণে শ্রবণমস্তি ভূয়ঃসু প্রদেশেষু। ননু কচিদশ্রবণমন্যত্র শ্রুতং ন বারয়তীত্যুক্তং, সত্যমুক্তং, উৎপত্তিরেব ত্বস্য ন সম্ভবতীতি বদামঃ। কস্মাৎ। নিত্যত্বাচ্চ তাভ্যঃ। চ-শব্দাদজত্বাদিভ্যশ্চ। নিত্যত্বং হ্যস্য শ্রুতিভ্যোঽবগম্যতে, তথাজত্বমবিকারিত্বমবিকৃতস্যৈব ব্রহ্মণো জীবাত্মনাবস্থানং ব্রহ্মাত্মতা চেতি। ন চৈবং রূপস্যোৎপত্তিরুপপদ্যতে। তাঃ কাঃ শ্রুতয়ঃ—

"ন জীবো ম্রিয়তে" "স বা এষ মহানজ আত্মাঽজরোঽমৃতোঽভয়ো ব্রহ্ম" "ন জায়তে ম্রিয়তে বা বিপশ্চিৎ" "অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণঃ" "তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ" "অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য নামরূপে ব্যাকরবাণি" "স এষ ইহ প্রবিষ্ট আনখাগ্রেভ্যঃ" "তত্ত্বমসি" অহংব্রহ্মাস্মি" "অয়মাত্মা ব্রহ্ম

ভবেদেবং, যদি জীবা ব্রহ্মণো ভিদ্যেরন্, ন ত্বেতদস্তি। "তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ" "অনেন জীবেন" ইত্যাদ্যবিভাগশ্রুতেরৌপাধিকত্বাচ্চ ভেদস্য ঘটকরকাদ্যাকাশবদ্বিরুদ্ধধর্ম্মসংসর্গস্যোপপত্তেঃ।

উপাধীনাঞ্চ মনোময় ইত্যাদীনাং শ্রুতের্ভূয়সীনাঞ্চ নিত্যত্বাজত্বাদিগোচরাণাং শ্রুতীনাং দর্শনাদুপাধিপ্রবিলয়ে নোপহিতস্যেতি চ প্রশ্নোত্তরাভ্যামনেকধোপপাদ-

---

আত্মা অর্থাৎ জীব উৎপন্ন হয় না। কারণ এই যে, শ্রুত্যুক্ত উৎপত্তিপ্রকরণের বহু প্রদেশে জীবের উৎপত্তি অশ্রুত আছে। [নহু...চেতি] একস্থানে অশ্রবণ থাকিলে তদ্দ্বারা শ্রুত্যন্তর-কথিত উৎপত্তি নিবারিত হয় না সত্য; কিন্তু জীবের উৎপত্তি অসম্ভব। কেন-না, জীব নিত্য। শ্রুতির ও শ্রুতিস্থ অজত্বাদি শব্দের দ্বারা জীবের নিত্যতা প্রতীত হয়। অজত্ব কি? অজত্ব অবিকারিত্ব। অতএব, অবিকৃত ব্রহ্মেরই জীবভাবে অবস্থান ও জীবের ব্রহ্মত্ব শ্রুতির দ্বারা বিনিশ্চিত হয়। [নচৈবং...বয়ন্তি] তাদৃশ জীবের উৎপত্তি যুক্তিবহির্ভূত। আত্মনিত্যত্ববাদিনী শ্রুতিনিচয় এই—"জীব মরে না।" "তিনিই এই। ইনি মহান্, জন্মরহিত, আত্মা, অজর, অমর, অভয় ও ব্রহ্ম।" "বিপশ্চিৎ অর্থাৎ আত্মা জন্মেন না ও মরেন না।" "এই আত্মা অজ নিত্য শাশ্বত ও পুরাতন।" "তিনি সৃজন করিয়া তাহাতে অনুপ্রবিষ্ট আছেন।" "জীবনামক আত্মারূপে অনুপ্রবেশ করতঃ নামরূপ ব্যক্ত করিব।" "সেই পরমাত্মা এই শরীরে নাসাগ্রপর্য্যন্ত আবিষ্ট আছেন।" "হে শ্বেতকেতো, তিনিই তুমি।" "আমি ব্রহ্ম" "এই জীবই

সর্ব্বানুভূঃ" ইত্যেবমাদ্যা নিত্যত্ববাদিন্যঃ সত্যো জীবস্যোৎপত্তিং প্রতিবধ্নন্তি।

নমু প্রবিভক্তত্বাদ্বিকারঃ, বিকারত্বাচ্চোৎপদ্যত ইত্যুক্তং অত্রোচ্যতে—নাস্য প্রবিভাগঃ স্বতোঽস্তি। "একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা" ইতি শ্রুতেঃ বুদ্ধ্যাদ্যুপাধিনিমিত্তং ত্বস্য প্রবিভাগপ্রতিভানমাকাশস্যেব ঘটাদিসম্বন্ধনিমিত্তম্। তথাচ শাস্ত্রং "স বা অয়মাত্মা ব্রহ্ম বিজ্ঞানময়ো মনোময়ঃ প্রাণময়শ্চক্ষুর্ম্ময়ঃ শ্রোত্রময়ঃ" ইত্যেবমাদি ব্রহ্মণ এবাবিকৃতস্য সতোঽপ্যেকস্যানেকবুদ্ধ্যাদিময়ত্বং দর্শয়তি। তন্ময়ত্বঞ্চাস্য তদ্বিবিক্তস্বরূপানভিব্যক্ত্যা তদুপরক্তস্বরূপত্বং 'স্ত্রীময়ো জাল্মঃ' ইত্যাদিবদ্ দ্রষ্টব্যম্।

যদপি কচিদস্যোৎপত্তিপ্রলয়শ্রবণং, তদপ্যতএবোপাধিসম্বন্ধান্নেতব্যম্। উপাধ্যুৎপত্ত্যা চাস্যোৎপত্তিস্তৎপ্রলয়ে চ প্রলয়

নাচ্ছুত্যা অবিভাগস্য চ—"একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ" ইতি শ্রুত্যৈবোক্ত-

আত্মা, ব্রহ্ম ও সর্ব্বানুভূ অর্থাৎ সর্ব্বসাক্ষী।" এই সকল জীবনিত্যবাদিনী শ্রুতি জীবোৎপত্তির বাধক প্রমাণ।

[নমু...দর্শয়তি] বলিয়াছিলে যে, জীব বিভক্ত, (পৃথক্ পৃথক্), বিভক্ত বলিয়া বিকার, বিকারত্ব নিবন্ধন উৎপত্তিমান্, সে কথার প্রত্যুত্তর দিতেছি। জীবের স্বতঃ প্রবিভাগ (পার্থক্য) নাই। "সেই সর্ব্বব্যাপী একই দেব সর্ব্বভূতের বুদ্ধি-গুহায় অবস্থিত, সুতরাং সমুদায় ভূতের অন্তরাত্মা।" এই শ্রুতি তাহার প্রমাণ। আকাশ যেমন ঘটাদি সম্বন্ধাধীন বিভক্তরূপে (পৃথক্ পৃথকরূপে) প্রতিভাত হয়, পরমাত্মাও তেমনি বুদ্ধ্যাদি-উপাধি সম্বন্ধের দ্বারা বিভক্তের ন্যায় (পৃথক্ প্রায়) প্রতিভাত হন। এ বিষয়ে শাস্ত্র প্রমাণ যথা— "সেই এই ব্রহ্ম আত্মা বিজ্ঞানময়, মনোময়, প্রাণময়, চক্ষুর্ময়, শ্রোত্রময়" ইত্যাদি। এই শাস্ত্র একই সতের (ব্রহ্মের) বহুত্ব ও বুদ্ধ্যাদিময়ত্ব বলিতেছেন। [তন্ময়ত্ব... ভবতি ইতি]। বিজ্ঞানময়, ইত্যাদি শব্দের অর্থ, তৎপ্রাচুর্য্য—অথবা তৎপরতন্ত্রপ্রকাশ। জীবের যাহা যথার্থরূপ, তাহা বিস্পষ্ট বা বিজ্ঞানগোচর না হওয়ায় বুদ্ধ্যাদির সহিত একীভাবপ্রাপ্তিনিবন্ধন তদ্ভাবাপত্তি হওয়া, যেমন স্ত্রীময়, ইত্যাদি।

[যদপি...] কোন কোন শ্রুতিতে যে, জীবের উৎপত্তি ও প্রলয় কথিত হইয়াছে, তাহাও ঔপাধিক অর্থাৎ শরীরাদি-উপাধি-নিবন্ধন। উপাধির উৎপত্তিতে উপহিতের (উপাধি—দেহাদি, উপহিত আত্মা) উৎপত্তি ও উপা-

ইতি। তথা চ দর্শয়তি "প্রজ্ঞানঘন এবৈতেভ্যো ভূতেভ্যঃ সমুত্থায় তান্যেবানুবিনশ্যতি, ন প্রেত্য সংজ্ঞাস্তি" ইতি। তথো-পাধিপ্রলয় এবায়ং, নাত্মপ্রলয় ইত্যেতদপি—"অত্রৈব মা ভগ-বান্মোহান্তমাপীপদৎ, ন বা অহমিমং বিজানামি, ন প্রেত্য সং-জ্ঞাস্তি" ইতি প্রশ্নপূর্ব্বকং প্রতিপাদয়তি—"ন বা অরে অহং মোহং ব্রবীম্যবিনাশী বা অরেঽয়মাত্মানুচ্ছিত্তিধর্ম্মা, মাত্রাসং-সর্গস্ত্বস্য ভবতি" ইতি। প্রতিজ্ঞানুপরোধোঽপ্যবিকৃতস্যৈব ব্রহ্মণো জীবভাবাভ্যুপগমাৎ। লক্ষণভেদোঽপ্যনয়োরুপাধি-নিমিত্ত এব। "অত ঊর্দ্ধং বিমোক্ষায়ৈব ব্রূহি"ইতি চ প্রকৃতস্যৈব বিজ্ঞানময়স্যাত্মনঃ সর্ব্বসংসারধর্ম্মপ্রত্যাখ্যানেন পরমাত্মভাবপ্রতি-পাদনাৎ। তস্মান্নৈবাত্মোৎপদ্যতে প্রবিলীয়তে বেতি ॥২।৩।১৭॥

ত্বান্নিত্যা জীবাত্মানো ন বিকারাঃ। ন চাদ্বৈতপ্রতিজ্ঞাবিরোধ ইতি সিদ্ধম্। মৈত্রেয়ীব্রাহ্মণবাক্যস্তাদব্যোখ্যাতমিতি নেহ ব্যাখ্যাতম্॥ ২।৩।১৭॥

ধির বিনাশে উপহিতের বিনাশ কথিত হইয়া থাকে। উপাধির বিনাশে যে বিশেষ বিজ্ঞান বিনষ্ট হয়, তাহা শ্রুতিকর্ত্তৃক দর্শিত হইয়াছে। যথা—"এই বিজ্ঞানঘন, কেবল বিজ্ঞান, এই সকল ভূত হইতে উত্থিত (প্রব্যক্ত) হইয়া আবার ভূতের বিনাশে বিনষ্ট হন এবং উপাধির বিনাশ হওয়ার পর সংজ্ঞা অর্থাৎ বিশেষ বিজ্ঞান বিনাশ প্রাপ্ত হয়।" ঐ বিনাশ যে, উপাধিরই বিনাশ, আত্মার বিনাশ নহে, তাহাও শ্রুতি প্রশ্নপূর্ব্বক বলিয়াছেন। প্রশ্ন যথা—"হে ভগবন্, আত্মা বিজ্ঞানঘন, কেবল বিজ্ঞান, অথচ সংজ্ঞা থাকে না, আপনার এই কথায় আমি মোহপ্রাপ্ত হইলাম অর্থাৎ উহা বুঝিতে পারিলাম না।" ইহার প্রত্যুত্তরে ঋষি বলিলেন—"আমি মোহজনক কথা (ভ্রান্ত কথা) বলি নাই। আত্মাঅবিনাশী, আত্মার উচ্ছেদ ও পরিণাম হয় না। তবে কি না তাঁহার সহিত মাত্রার অর্থাৎ বিষয়ের সম্পর্ক হয়। (ফলিতার্থ, বিষয়সম্পর্ককালে বিষয়রূপী হন, আবার বিষয় বিগমে কেবল হন)।" [প্রতিজ্ঞা...বেতি] অবিকৃত ব্রহ্মই শরীরসম্পর্কে জীব, ইহা স্বীকার করিলেও একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান উপরুদ্ধ (নষ্ট) হয় না। উপাধিনিবন্ধন লক্ষণভেদ সংঘটিত হইয়াছে অর্থাৎ ব্রহ্মলক্ষণ একরূপ ও জীবলক্ষণ অন্যরূপ হইয়াছে। শ্রুতি প্রাণময় মনোময় ও বিজ্ঞানময় ব্রহ্ম উপদেশের পর "অতঃপর মোক্ষের উপায় ও স্বরূপ বলুন" এতদ্রূপ প্রশ্ন উত্থাপনপূর্ব্বক পূর্ব্বপ্রস্তাবিত বিজ্ঞানময় আত্মার সংসারধর্ম্ম নিষেধ-পূর্ব্বক পরমাত্মভাব উপদেশ করিয়াছেন। এই সকল হেতুবাদ দ্বারা নিশ্চিত হইল যে, আত্মা উৎপন্নও হন না, নষ্টপ্রাপ্তও হন না॥ ২।৩।১৭॥

জ্ঞোঽত এব ॥ ২ । ৩ । ১৮ ॥ *

স কিং কাণভুজানামিবাগন্তুকচৈতন্যঃ স্বতোঽচেতনঃ ? আহোস্বিৎ সাংখ্যানামিব নিত্যচৈতন্যস্বরূপ এব ? ইতি বাদিবিপ্রতিপত্তেঃ সংশয়ঃ। কিং তাবৎ প্রাপ্তম্ ? আগন্তুকমাত্মনশ্চৈতন্যমাত্মমনঃ-সংযোগজমগ্নি-ঘটসংযোগজ-রোহিতাদিগুণবদিতি প্রাপ্তম্। নিত্যচৈতন্যত্বে হি সুপ্তমূর্চ্ছিতগ্রহাবিষ্টানামপি চৈতন্যং স্যাৎ। তে পৃষ্টাঃ সন্তো ন কিঞ্চিদ্বয়ং বিজানীমোঽচেতয়ামহীতি জল্পন্তি। স্বস্থশ্চ চেতয়মানা দৃশ্যন্তে। অতঃ কাদাচিৎকচৈতন্যত্বাদাগন্তুকচৈতন্য আত্মেত্যেবং প্রাপ্তেঽভিধীয়তে—

জ্ঞঃ নিত্যচৈতন্যোঽয়মাত্মা ; অতএব—যস্মাদেব নোৎপ-

কর্ম্মণা হি জ্ঞানাত্যর্থো ব্যাপ্তস্তদভাবে ন ভবতি, ধূম ইব ধূমধ্বজাভাবে। সুষুপ্ত্যাদ্যবস্থাসু চ জ্ঞেয়স্যাভাবাৎ তদ্ব্যাপ্যস্য জ্ঞানস্যাভাবঃ। তথা চ নাত্মস্বভাবশ্চৈতন্যং, তদনুবৃত্তাবপি চৈতন্যস্য ব্যাবৃত্তেঃ। তস্মাদিন্দ্রিয়াদিভাবাভাবানুবিধানাৎ জ্ঞানভাবাভাবয়োরিন্দ্রিয়াদিসন্নিকর্ষাধেয়মাগন্তুকমস্য চৈতন্যং ধর্ম্মঃ, ন স্বাভাবিকঃ। অতএবেন্দ্রিয়াদীনামর্থবত্ত্বমিতরথা বৈয়র্থ্যমিন্দ্রিয়াণাং ভবেৎ।

কণাদ-দর্শনের মতে আত্মা আগন্তুক-চৈতন্য, অর্থাৎ আত্মা স্বতঃ চেতন নহেন, নিমিত্ত বশতঃ তাঁহাতে চৈতন্যনামক গুণ জন্মে। আবার সাংখ্যদর্শনের মতে আত্মা নিত্যচৈতন্যরূপী। এই দুই বিরুদ্ধ মতদৃষ্টে সংশয় হয় যে, আত্মা কিংস্বরূপ ? তিনি কি বৈশেষিকদিগের ন্যায় আগন্তুকচৈতন্য ? না সাংখ্যের অভিমত নিত্যচৈতন্যরূপী ? কি পাওয়া যায় ? যুক্তিতে আগন্তুক-চৈতন্যতাই পাওয়া যায়। যদ্রূপ অগ্নির সহিত ঘটের সংযোগ হইলে ঘটে লৌহিত্য গুণ জন্মে, তদ্রূপ, মনের সহিত আত্মার সংযোগ হইলে পর আত্মাতে ও চৈতন্যগুণ জন্মে। আত্মা নিত্যচৈতন্যরূপী হইলে অবশ্যই সুপ্ত, মূর্চ্ছিত ও গ্রহাবিষ্ট অবস্থায়ও চৈতন্য ধর্ম্ম থাকিত। ঐ সকল অবস্থায় যে, চৈতন্য থাকে না, চৈতন্যের অভাব হয়, তাহা ঐ সকল অবস্থার পর তাহারাই ব্যক্ত করিয়া থাকে। তাহারা বলে, আমরা অচেতন ছিলাম, কিছুই জানিতে পারি নাই। অপিচ, যখন তাহারা স্বস্থ হয়, তখন তাহাদের চৈতন্যাগম হইয়া থাকে। [অতঃ...তিষ্ঠতে] আত্মা কখন

---

* অতএব উক্তাদেব হেতোঃ আত্মা জ্ঞঃ নিত্যচৈতন্যস্বরূপঃ। যস্মান্নোৎপদ্যতে পরমেব ব্রহ্মাবিকৃতমুপাধিসম্পর্কাজ্জীবভাবেনাবতিষ্ঠতে, তস্মাদেব কারণাদাত্মা জ্ঞঃ নিত্যোদিতচৈতন্যরূপ ইত্যর্থঃ।

যেহেতু আত্মার উৎপত্তি প্রলয় নাই, অবিকৃত ব্রহ্মই উপাধিবশে জীবভাবপ্রাপ্ত, সেই হেতু আত্মা নিত্যচৈতন্যরূপী, আগন্তুকচৈতন্য নহেন।

পদ্যতে, পরমেব ব্রহ্মাবিকৃতমুপাধিসম্পর্কাজ্জীবভাবেনাবতিষ্ঠতে। পরস্য হি ব্রহ্মণশ্চৈতন্যস্বরূপত্বমাম্নাতং "বিজ্ঞানমানন্দং ব্রহ্ম" "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" "অনন্তরোঽবাহ্যঃ প্রজ্ঞানঘন এব" ইত্যাদিষু শ্রুতিষু। তদেব চেৎ পরং ব্রহ্ম জীবঃ, তস্মাজ্জীবস্যাপি নিত্যচৈতন্যস্বরূপত্বমগ্ন্যৌষ্ণ্য-প্রকাশবদিতি গম্যতে। বিজ্ঞানময়প্রক্রিয়ায়াঞ্চ শ্রুতয়ো ভবন্তি "অসুপ্তঃ সুপ্তানভিচাকশীতি" ইতি, "অত্রায়ং পুরুষঃ স্বয়ং জ্যোতির্ভবতি", "ন হি বিজ্ঞাতুর্ব্বিজ্ঞাতের্ব্বিপরিলোপো বিদ্যতে" ইত্যেবংরূপাঃ। অথ "যো বেদেদং জিঘ্রাণি" ইতি, "স আত্মা" ইতি চ সর্ব্বৈঃ করণদ্বারৈরিদং বেদেদং বেদেতি বিজ্ঞানেনানুসন্ধানাৎ তদ্রূপত্বসিদ্ধিঃ। নিত্যস্বরূপচৈতন্যত্বে ঘ্রাণাদ্যানর্থক্যমিতি চেৎ, ন,

---

নিত্যচৈতন্যশ্রুতয়শ্চ শক্ত্যভিপ্রায়েণ ব্যাখ্যেয়াঃ। অস্তি হি জ্ঞানোৎপাদনশক্তির্নিত্যা জীবানাং, ন তু ব্যোম্ন ইবেন্দ্রিয়াদিসন্নিকর্ষেঽপ্যেষাং জ্ঞানং ন ভবতীতি। তস্মাজ্জড়া এব জীবা ইতি প্রাপ্তেঽভিধীয়তে।

চেতন, কখনও অচেতন, এতদ্দৃষ্টে স্থির হয়, আত্মা নিত্যোদিতচৈতন্য নহেন, কিন্তু আগন্তুকচৈতন্য। এইরূপ পূর্ব্বপক্ষের সিদ্ধান্তার্থ বলা যাইতেছে।

আত্মা জ্ঞ অর্থাৎ নিত্যোদিতচৈতন্য। পূর্ব্বোক্ত হেতুই তাহার হেতু। অর্থাৎ যেহেতু আত্মা উৎপন্ন হন না, অবিকৃত পর ব্রহ্মই দেহাদি-উপাধিসম্পর্কে জীবভাবান্বিত আছেন, সেই হেতু তিনি নিত্যচৈতন্যরূপী আগন্তুকচৈতন্য নহেন। [পরস্য...রূপাঃ] পরব্রহ্মের চৈতন্যরূপতা "বিজ্ঞান ও আনন্দই ব্রহ্ম" "ব্রহ্ম সত্যজ্ঞানানন্দস্বরূপ" "ব্রহ্মের অন্তর্বাহ্য নাই, তিনি পূর্ণ ও জ্ঞানঘন" ইত্যাদি শ্রুতিতে অভিহিত আছে। তাদৃশ পরব্রহ্মের জীবভাববোধক শাস্ত্রের ও যুক্তির দ্বারা ও জানা যায় যে, জীবও নিত্যচৈতন্যরূপী। বিজ্ঞানময়প্রকরণেও ঐরূপ শ্রুতি আছে। যথা—"তিনি সুপ্ত হন না, স্বয়ম্প্রকাশ থাকেন, থাকিয়া লুপ্তব্যাপার ইন্দ্রিয়দিগকে দেখেন (সে সকলের সাক্ষী থাকেন)।" "সেই সময়ে এই পুরুষ (আত্মা) স্বয়ংজ্যোতিঃ (স্বয়ম্প্রকাশ)।" "যিনি বিজ্ঞানের জ্ঞাতা, সাক্ষী, তাঁহার বিলোপ নাই।" ইত্যাদি। [অথ···মিত্যাদি] "ঘ্রাণ লইতেছি, ইহা যিনি জানেন, তিনিই আত্মা।" ইত্যাদি ইত্যাদি শ্রুতিতে 'ইহা জানিলাম, তাহা জানিলাম,'ইত্যাদিবিধ সমুদায় ঐন্দ্রিয়িক জ্ঞানের জ্ঞাতাকে বা অনুসন্ধাতাকে আত্মা বলায় আত্মার নিত্যজ্ঞানরূপতাই সিদ্ধ হয়। আত্মা যদি নিত্যজ্ঞানস্বরূপই হন, তাহা হইলে ঘ্রাণাদি ইন্দ্রিয়ের প্রয়োজন কি ? কার্য্য কি ? সে সকল নিরর্থক ? এ আপত্তিই হইতে পারে না। কেন-না, তদ্দ্বারা গন্ধাদি বিশেষ বিশেষ বিষয়ের পরিচ্ছেদ (নির্দ্ধারণ) হইয়া থাকে। এ কথা শ্রুতিও বলিয়াছেন। যথা—"গন্ধজ্ঞানের নিমিত্ত ঘ্রাণ" ইত্যাদি।

গন্ধাদিবিষয়বিশেষপরিচ্ছেদার্থত্বাৎ। তথাহি দর্শয়তি—"গন্ধায় ঘ্রাণম্" ইত্যাদি।

যত্তু সুপ্তাদয়ো ন চেতয়ন্ত ইতি, তস্য শ্রুত্যৈব পরিহারোঽভিহিতঃ। সুষুপ্তং প্রকৃত্য "যদ্বৈ তন্ন পশ্যতি, পশ্যন্ বৈ তন্ন পশ্যতি। ন হি দ্রষ্টুর্দৃষ্টের্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বাৎ। ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যৎ পশ্যেৎ" ইত্যাদিনা। এতদুক্তং ভবতি—বিষয়াভাবাদিয়মচেতয়মানতা, ন চৈতন্যাভাবাদিতি। যথা বিয়দাশ্রয়স্য প্রকাশস্য প্রকাশ্যাভাবাদনভিব্যক্তির্ন স্বরূপাভাবাৎ, তদ্বৎ। বৈশেষিকাদিতর্কশ্চ শ্রুতিবিরোধাদাভাসীভবতি। তস্মান্নিত্যচৈতন্যস্বরূপ এবাত্মেতি নিশ্চিনুমঃ ॥ ২ । ৩ । ১৮ ॥

যদাগন্তুকজ্ঞানং জড়স্বভাবং, তৎ কদাচিৎ পরোক্ষং কদাচিৎ সন্দিগ্ধং কদাচিদ্বিপর্য্যস্তম্, যথা ঘটাদি। ন চৈবমাত্মা। তথা হ্যনুমিমানোঽপ্যপরোক্ষঃ, স্মরন্নপ্যানুভবিকঃ, সন্দিহানোঽপ্যসন্দিগ্ধঃ, বিপর্য্যস্যন্নপ্যবিপরীতঃ সর্ব্বস্যাত্মা। তথা চ তৎস্বভাবঃ। ন চ তৎস্বভাবস্য চৈতন্যস্যাভাবস্তস্য নিত্যত্বাৎ। তস্মাদ্বৃত্তয়ঃ ক্রিয়ারূপাঃ সকর্ম্মিকাঃ কর্ম্মাভাবে সুষুপ্ত্যাদৌ নিবর্ত্তন্তে। ততশ্চ চৈতন্যমাত্মস্বভাবমিতি সিদ্ধম্। তথা চ নিত্যচৈতন্যবাদিন্যঃ শ্রুতয়ো ন কথঞ্চিৎ ক্লেশেন ব্যাখ্যাতব্যা ভবন্তি। গন্ধাদিবিষয়বৃত্ত্যুপজনে চেন্দ্রিয়াণামর্থবত্ত্বেতি সর্ব্বমবদাতম্ ॥ ২ । ৩ । ১৮ ॥

[যত্তু...ইত্যাদি না] বলিয়াছিলে যে, সুপ্ত পুরুষের চৈতন্য থাকে না, শ্রুতি তাহার প্রতিবাদে বলিয়াছেন। যথা—"আত্মা সুষুপ্তিকালে যে, দেখেন না, এমত নহে, দেখেন, অথচ দেখেন না। দ্রষ্টব্যই দেখেন না। যিনি দৃষ্টির দ্রষ্টা অর্থাৎ জ্ঞানের জ্ঞাতা (প্রকাশক বা সাক্ষী), তিনি অবিনাশী, সেই জন্য তখনও তাঁহার বিলোপ হয় না। তৎকালে দ্বিতীয় থাকে না, কেবল তিনিই থাকেন, অন্য সময়ে তাঁহা হইতে এ সকল (দ্রষ্টব্য) বিভক্ত হয়, তাই তিনি তাহা দেখেন।" [এতদুক্তং···নিশ্চিনুমঃ] উদাহৃত শ্রুতি ইহাই বলিয়াছেন যে, পুরুষ সুপ্তিকালে অচেতন হন না, অচেতনপ্রায় হন। অর্থাৎ সে অবস্থা চৈতন্যাভাব বশতঃ ঘটে না, বিষয়াভাব বশতই ঘটে। যেমন প্রকাশ্য বস্তুর অভাবে প্রকাশক পদার্থের অনভিব্যক্তি ঘটে (প্রকাশক না থাকার ন্যায় হয়), তেমনি, দ্রষ্টব্যের অভাবে দ্রষ্টারও অনভিব্যক্তি ঘটে ; তাঁহার স্বরূপের অভাব হয় না। বৈশেষিকদিগের তর্করাশি শ্রুতিবাধিত, সুতরাং সে সকল তর্ক সৎতর্ক নহে, তাহা তর্কাভাস (তর্কের মতন)। বিচারের উপসংহার এই যে, প্রদর্শিত কারণে আত্মার চৈতন্যরূপতাই নিশ্চয় হয় ॥ ২ । ৩ । ১৮ ॥

উৎক্রান্তি-গত্যাগতীনাং ॥ ২। ৩। ১৯ ॥ *

ইদানীন্তু কিম্পরিমাণো জীব ইতি চিন্ত্যতে। কিমণুপরিমাণঃ? উত মধ্যমপরিমাণঃ? আহোস্বিন্মহৎপরিমাণঃ? ইতি। নন্থ চ নাত্মোৎপদ্যতে, নিত্যচৈতন্যশ্চায়মিত্যুক্তম্। অতশ্চ পর এবাত্মা জীব ইত্যাপততি। পরস্য চাত্মনোঽনন্তত্বমাম্নাতম্। তত্র কুতো জীবস্য পরিমাণচিন্তাবতার ইতি। উচ্যতে—সত্যমেতৎ, উৎক্রান্তিগত্যাগতিশ্রবণানি তু জীবস্য পরিচ্ছেদং প্রাপয়ন্তি। স্বশব্দেন চাস্য ক্বচিদণুপরিমাণত্বমাম্নায়তে, তস্য সর্ব্বস্যানাকুলত্বোপপাদনায়ায়মারম্ভঃ।

তত্র প্রাপ্তং তাবৎ উৎক্রান্তিগত্যাগতীনাং শ্রবণাৎ পরিচ্ছিন্নো-

---

যদ্যপ্যবিকৃতস্যৈব পরমাত্মনো জীবভাবস্তথা চানণুপরিমাণত্বং, তথাপ্যুৎক্রান্তিগত্যাগতীনাং শ্রুতেশ্চ সাক্ষাদণুপরিমাণশ্রবণস্য চাবিরোধার্থমিদমধিকরণমিত্যাক্ষেপসমাধানাভ্যামাহ—"নন্থ চ" ইতি।

পূর্ব্বপক্ষং গৃহ্নাতি—"তত্র প্রাপ্তং তাবৎ" ইতি। বিভাগ-সংযোগোৎপাদৌ হি

অধুনা জীবের পরিমাণ বিচারিত হইবে। জীব কি ক্ষুদ্র? না মধ্যম-পরিমাণ (দেহ-পরিমাণ)? না মহৎপরিমাণ? যদি বল, আত্মা উৎপন্ন হন না, আত্মা নিত্যচৈতন্যস্বরূপ, এ কথা বলা হইয়াছে, তাহাতে ইহাও বলা হইয়াছে যে, পরমাত্মাই জীব, পরমাত্মা অনন্ত অর্থাৎ পূর্ণ, তবে আর জীবপরিমাণে সংশয়াদি স্থান পায় কৈ? বিচারই বা কি? তাহা বলিতেছি। যাহা বলিলে, তাহা সত্য, কিন্তু উৎক্রান্তি ও গত্যাগতি-শ্রুতি জীবের পরিচ্ছেদ (পরিমাণ থাকা) আপাদন করিতেছে। কোন কোন শ্রুতি সাক্ষাৎ পরিমাণ-বাচক শব্দের (অণু প্রভৃতি শব্দের) দ্বারা জীবের পরিমাণ থাকা উপদেশ করিয়াছেন। কাযেই সে সকলের প্রামাণ্য স্থির রাখিবার জন্য পরিমাণ-বিচার অবশ্য আরম্ভণীয়।

[তত্র...ইতি] প্রথমতঃ পাওয়া যায়, শ্রুতিতে যখন উৎক্রান্তি, গতি ও আগতি শুনা যায়, তখন জীব অবশ্যই পরিচ্ছিন্ন ও অণুপরিমাণ (ক্ষুদ্র)। উৎ-

---

* ইদানীং কিম্পরিমাণো জীব ইতি বিচার্য্যতে। তত্র উৎক্রান্তিশ্চ গতিশ্চাগতিশ্চ তাসাং শ্রবণাৎ জীবোঽণুপরিমাণ ইতি গম্যতে। পূর্ব্বপক্ষসূত্রমেতৎ।

জীব কিম্পরিমাণ? অর্থাৎ জীবের পরিমাণ কি? এ দিকে দেখা যায়, জীব ব্রহ্ম, অন্য দিকে দেখা যায়, জীবের দেহত্যাগ, পরলোকে গতি ও ইহলোকে আগমন হইয়া থাকে; সুতরাং পক্ষদ্বয় দৃষ্টে সংশয় হয়, জীব কিম্পরিমাণ? পূর্ব্বপক্ষে পাওয়া যায়, জীব ব্যাপক নহে, কিন্তু পরিচ্ছিন্ন অর্থাৎ ক্ষুদ্র। কেন-না, জীব উৎক্রান্ত হয়, দেহের বাহিরে যায়, আবার আইসে। ক্ষুদ্র পরিমাণ ব্যতীত তদ্রূপ গত্যাগতি ঘটে না। সর্ব্বব্যাপীর চলন নাই, গত্যাগতিও নাই। যে সর্ব্বব্যাপী অর্থাৎ পূর্ণ, সে আবার কোথায় যাইবে? গমনের প্রদেশই বা কৈ?

হণুপরিমাণো জীব ইতি। উৎক্রান্তিস্তাবৎ "স যদাস্মাচ্ছরীরা-দুৎক্রামতি, সহৈবৈতৈঃ সর্ব্বৈরুৎক্রামতি" ইতি। গতিরপি—"যে বৈ কে চাস্মাল্লোকাৎ প্রয়ন্তি, চন্দ্রমসমেব তে সর্ব্বে গচ্ছন্তি" ইতি। আগতিরপি "তস্মাল্লোকাৎ পুনরেত্যস্মৈ লোকায় কর্ম্মণে" ইতি। আসামুৎক্রান্তিগত্যাগতীনাং শ্রবণাৎ পরিচ্ছিন্ন-স্তাবজ্জীব ইতি প্রাপ্নোতি। ন হি বিভোশ্চলনমবকল্পত-ইতি। সতি চ পরিচ্ছেদে শরীরপরিমাণত্বস্যার্হতপরীক্ষায়াং নিরস্তত্বাদণুরাত্মেতি গম্যতে ॥ ২। ৩। ১৯ ॥

স্বাত্মনা চোত্তরয়োঃ ॥ ২। ৩। ২০ ॥ *

উৎক্রান্তিঃ কদাচিদচলতোঽপি গ্রামস্বাম্যনিবৃত্তিবদ্দেহ-স্বাম্যনিবৃত্ত্যা কর্ম্মক্ষয়েণাবকল্পেত, উত্তরে তু গত্যাগতী নাচ-

---

উৎক্রান্ত্যাদীনাং ফলম্। ন চ সর্ব্বগতস্য তৌ স্তঃ। সর্ব্বত্র নিত্যপ্রাপ্তস্য বা সর্ব্বাত্মকস্য বা তদসম্ভবাদিতি ॥ ২। ৩। ১৯ ॥

উৎক্রমণং হি মরণে নিরূঢ়ম্। তচ্চাচলতোঽপি তত্র সতো দেহস্বাম্যনিবৃ-ত্ত্যোপপদ্যতে, ন তু গত্যাগতী। তয়োশ্চলনে নিরূঢ়য়োঃ কর্ত্তৃস্থভাবয়োর্ব্যাপিন্য-

---

ক্রান্তি শ্রুতি যথা—"জীব যখন এই শরীর হইতে উৎক্রান্ত বা বহির্নির্গত হয়, তখন ইন্দ্রিয়ের ও প্রাণের সঙ্গে নির্গত হয়।" গতি শ্রুতি যথা—"যে কেহ এ লোক হইতে প্রয়াণ করে, দেহ-পরিত্যাগ করতঃ লোকান্তরগামী হয়, তাহারা সকলেই চন্দ্রলোকে গমন করে।" আগতিশ্রুতি যথা—"কর্ম্ম করিবার জন্য চন্দ্র-লোক হইতে তাহারা পুনর্ব্বার এই লোকে আগমন করে।" [আসা...গম্যতে] উৎক্রান্তি, গতি, আগতি, এই তিনের শ্রবণ (শ্রুতিতে কথন) থাকায় জীবের পরিচ্ছিন্নতাই পাওয়া যায়। বিভুর (পূর্ণ বা ব্যাপক পদার্থের) উৎক্রান্ত্যাদি অসম্ভব। তাহা কল্পনারও অযোগ্য। অতএব, পরিচ্ছেদ থাকা অবধারিত হওয়ায় এবং জৈনমত পরীক্ষায় মধ্যম-পরিমাণ (দেহপরিমাণ) নিরস্ত হওয়ায় অণুপরি-মাণই এখন গ্রাহ্য ॥ ২। ৩। ১৯ ॥

কদাচিৎ বিনা চলনেও উৎক্রান্তি সম্ভাবিত হইতে পারে। যেমন গ্রামস্বামিত্ব নিবৃত্ত হইলে তাহা উৎক্রান্তি শব্দের অভিধেয় হয়, তেমনি, কর্ম্মক্ষয় বশতঃ দেহ-

---

* উত্তরয়োঃ গত্যাগত্যোঃ স্বাত্মনা কর্ত্রা সম্বন্ধাচ্চাণুত্বসিদ্ধিরিতি শেষঃ।

গতি ও আগতি এ দুটী কর্ত্তার সহিত সম্বন্ধ। অর্থাৎ কর্ত্তার চলন ব্যতীত গমনাগমন অসম্ভব। এতৎকারণেও জীবের অণুত্ব পক্ষ গ্রাহ্য।

লতঃ সম্ভবতঃ, স্বাত্মনা হি তয়োঃ সম্বন্ধো ভবতি, গমেঃ কর্তৃস্থক্রিয়াত্বাৎ। অমধ্যমপরিমাণস্য চ গত্যাগতী অণুত্ব এব সম্ভবতঃ। সত্যোশ্চ গত্যাগত্যোরুৎক্রান্তিরপ্যপসৃপ্তিরেব দেহাদিতি প্রতীয়তে। ন হ্যনপসৃপ্তস্য দেহাদ্গত্যাগতী স্যাতাং, দেহপ্রদেশানাঞ্চোৎক্রান্তাবপাদানত্ববচনাৎ "চক্ষুষ্টো বা মূর্দ্ধ্নো বাঽন্যেভ্যো বা শরীরদেশেভ্যঃ" ইতি। "স এতাস্তেজোমাত্রাঃ সমভ্যাদদানো হৃদয়মেবান্ববক্রামতি, শুক্রমাদায় পুনরেতি স্থানম্" ইতি চান্তরেঽপি শরীরে শারীরস্য গত্যাগতী ভবতঃ, তস্মাদপ্যস্যাণুত্বসিদ্ধিঃ ॥ ২। ৩। ২০ ॥

সম্ভবাৎ ইতি মধ্যমং পরিমাণং মহত্ত্বং শারীরস্যৈব, তচ্চার্হতপরীক্ষায়াং প্রত্যুক্তম্। গত্যাগতী চ পরমমহতি ন সম্ভবতোঽতঃপারিশেষ্যাদণুত্বসিদ্ধিঃ। গত্যাগতিভ্যাঞ্চ প্রাদেশিকত্বসিদ্ধৌ মরণমপি দেহাদপসর্পণমেব জীবস্য, ন তু তত্র সতঃ স্বাম্যনিবৃত্তিমাত্রমিতি সিদ্ধমিত্যাহ—"সত্যোশ্চ গত্যাগত্যোঃ" ইতি। ইতশ্চ দেহাদপসর্পণমেব জীবস্য মরণমিত্যাহ—"দেহপ্রদেশানাম্" ইতি। তস্মাদ্গত্যাগত্যপেক্ষোৎক্রান্তিরপি স্বাপাদানাণুত্বসাধনমিত্যর্থঃ। ন কেবলমুপাদানশ্রুতেঃ, তচ্ছরীরপ্রদেশগন্তব্যত্বশ্রুতেরপ্যেবমেবেত্যাহ—"স এতাস্তেজোমাত্রাঃ" ইতি ॥ ২। ৩। ২০ ॥

স্বামিত্বনিবৃত্তি হইলেও তাহা উৎক্রান্তি শব্দের বোধ্য হইতে পারে। পারে বটে; কিন্তু গতি ও আগতি এ দুটী বিনা চলনে হয় না। যেহেতু তদুভয়ের সহিত আত্মার (কর্ত্তার) সম্বন্ধ আছে। প্রত্যেক গমনক্রিয়া (গতি) কর্তৃনিষ্ঠ। [অমধ্যম... সিদ্ধিঃ] অমধ্যম-পরিমাণের গত্যাগতি বিনা অণুত্বে সম্ভব হয় না। যখন গত্যাগতি থাকিল, তখন, অবশ্যই অপসর্পণরূপা উৎক্রান্তি, দেহস্বামিত্ব-নিবৃত্তিরূপা নহে, ইহা বুঝিতে হইবে। দেহ হইতে অপসৃত না হইলে গতি আগতি কিছুই হয় না। আরও দেখ, শাস্ত্রে দেহের প্রদেশবিশেষ উৎক্রান্তির অপাদানরূপে নির্দ্দিষ্ট আছে। যথা—"হয় চক্ষুঃ হইতে না হয় মূর্দ্ধা হইতে, অথবা অন্য অঙ্গ উৎক্রান্ত হয়" ইত্যাদি। "জীব তেজোমাত্রা অর্থাৎ ইন্দ্রিয়দিগকে গ্রহণপূর্ব্বক হৃদয়ে গমন করে, এবং শুক্র অর্থাৎ ইন্দ্রিয়দিগকে গ্রহণপূর্ব্বক পুনর্ব্বার স্বস্থানে অর্থাৎ জাগ্রদবস্থায় আগমন করে।" এ শ্রুতিতে দেহমধ্যেও জীবের গত্যাগতি শ্রুত হইতেছে। এতদ্দ্বারা জীবের অণুত্বই সিদ্ধ হয়, অন্য কিছু হয় না ॥ ২। ৩। ২০ ॥

নাণুরতচ্ছ্রুতেরিতি চেন্নেতরাধিকারাৎ ॥২।৩।২১॥*

অথাপি স্যান্নাণুরয়মাত্মা। কস্মাৎ। অতচ্ছ্রুতেরণুত্ববিপরীতপরিমাণশ্রবণাদিত্যর্থঃ। "স বা এষ মহানজ আত্মা যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু," "আকাশবৎ সর্ব্বগতশ্চ নিত্যঃ," "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" ইত্যেবঞ্জাতীয়কা হি শ্রুতিরাত্মনোঽণুত্বে বিপ্রতিষিধ্যেতেতি চেৎ। নৈষ দোষঃ। কস্মাৎ ? ইতরাধিকারাৎ। পরস্য হ্যাত্মনঃ প্রক্রিয়ায়ামেষা পরিমাণান্তরশ্রুতিঃ। পরস্যৈবাত্মনঃ প্রাধান্যেন বেদান্তেষু বেদিতব্যত্বেন প্রকৃতত্বাৎ "বিরজঃ পর আকাশাৎ" ইত্যেবম্বিধাচ্চ পরস্যৈবাত্মনস্তত্র তত্র বিশেষাধিকারাৎ।

নন্বু "যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু" ইতি শারীর এব মহত্ত্ব-

যত উৎক্রান্ত্যাদিশ্রুতিভির্জ্জীবানামণুত্বং প্রসাধিতং, ততো ব্যাপকাৎ পরমাত্মনস্তেষাং তদ্বিকারতয়া ভেদঃ। তথা চ মহত্ত্বানন্ত্যাদিশ্রুতয়ঃ পরমাত্মবিষয়া ন জীববিষয়া ইত্যবিরোধ ইত্যর্থঃ॥

যদি জীবা অণবঃ, ততো যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেম্বিতি কথং শারীরো মহত্ত্বসম্বন্ধিত্বেন প্রতিনির্দ্দিশ্যতে ? ইতি চোদয়তি—"নন্বু" ইতি। পরিহরতি—"শাস্ত্র-

যদি কেহ বলেন, আপত্তি করেন; আত্মা অণু নহে। হেতু এই যে, শ্রুতি জীবকে অণু-বিপরীত অর্থাৎ মহান্ বলিয়াছেন। যথা—"সেই এই আত্মা মহান্ ও জন্মরহিত—যিনি প্রাণ সমূহের মধ্যে বিজ্ঞানময়।" "আকাশের ন্যায় সর্ব্বগত ও নিত্য।" "সত্য, জ্ঞান, অনন্ত ও ব্রহ্ম (বৃহৎ)।" ইত্যাদি। এই সকল শ্রুতি আত্মার অণুত্ববিরোধী। ইহার প্রত্যুত্তরে বলা যায়, উহা দোষ নহে। কেন-না, ঐ সকল কথা ব্রহ্মপ্রকরণে অভিহিত। ঐ পরিমাণান্তর (বৃহৎপরিমাণ) পরমাত্মপ্রকরণে কথিত এবং বেদান্তমধ্যে পরমাত্মাই প্রধান বেদিতব্য (জ্ঞেয়) রূপে প্রস্তাবিত (প্রস্তাবের বিষয়)। "আকাশ হইতেও শ্রেষ্ঠ ও রজঃশূন্য—নির্ম্মল" এইরূপ এইরূপ বিশেষাধিকার সেই সেই বেদান্তে অবস্থিত দেখা যায়।

[নন্বু ..বিরুধ্যতে] যদি বল, "যিনি প্রাণের মধ্যে বিজ্ঞানময়" এ অধিকার

* অতচ্ছ্রুতেঃ অণুত্ববিপরীতপরিমাণশ্রুতেঃ মহত্ত্বশ্রুতেরিতি যাবৎ জীবো নাঽণুরিতি ন, কিন্ত্বণুরেবেতি কাকুঃ। কুতঃ। ইতরাধিকারাৎ ব্রহ্মপ্রকরণাৎ।

শ্রুতিতে মহৎপরিমাণ কথিত হওয়ায় জীব অণু নহে, এরূপ বলা যায় না। কেন-না, সে কথা (ঐ মহৎ পরিমাণের উক্তি) ব্রহ্মপ্রকরণে কথিত। তাহা ব্রহ্মেরই পরিমাণ; সুতরাং তাহা জীবাণুপরিমাণের বিরোধী নহে।

সম্বন্ধিত্বেন প্রতিনির্দ্দিশ্যতে। শাস্ত্রদৃষ্ট্যা ত্বেষ নির্দ্দেশো বামদেববদ্ দ্রষ্টব্যঃ। তস্মাৎ প্রাজ্ঞবিষয়ত্বাৎ পরিমাণান্তরশ্রবণস্য ন জীবস্যাণুত্বং বিরুধ্যতে॥ ২। ৩। ২১॥

স্বশব্দোন্মানাভ্যাঞ্চ॥ ২। ৩। ২২॥ *

ইতশ্চাণুরাত্মা, যতঃ সাক্ষাদেবাস্যাণুত্ববাচী শব্দঃ শ্রূয়তে, "এষোঽণুরাত্মা চেতসা বেদিতব্যো যস্মিন্ প্রাণঃ পঞ্চধা সম্বিবেশ" ইতি। প্রাণসম্বন্ধাচ্চ জীব এবায়মণুরভিহিত ইতি গম্যতে। তথা, উন্মানমপি জীবস্যাণিমানং গময়তি—"বালাগ্রশতভাগস্য শতধা কল্পিতস্য চ। ভাগো জীবঃ স বিজ্ঞেয়ঃ"

দৃষ্ট্যা"—পারমার্থিকদৃষ্ট্যা নির্দ্দেশো বামদেববৎ। যথা হি গর্ভস্থ এব বামদেবো জীবঃ পরমার্থদৃষ্ট্যাত্মনো ব্রহ্মত্বং প্রতিপেদে, এবং বিকারাণাং প্রকৃতের্ব্বাস্তবাদভেদাত্তৎপরিমাণত্বব্যপদেশ ইত্যর্থঃ॥ ২। ৩। ২১॥

স্বশব্দং বিভজতে—"সাক্ষাদেব" ইতি। উন্মানং বিভজতে—"তথা, উন্মানমপি" ইতি। উদ্ধৃত্য মানমুন্মানম্। বালাগ্রাদুদ্ধৃতঃ শততমো ভাগস্তস্মাদপি শততমাদুদ্ধৃতঃ শততমো ভাগ ইতি তদিদমুন্মানম্। আরাগ্রাদুদ্ধৃতং মান-

---

জীবসম্বন্ধীয় মহত্ত্বের ব্যাপক; বস্তুতঃ তাহা নহে। ঐ নির্দ্দেশ বা ঐ বর্ণনা বামদেব ঋষির শাস্ত্রীয় দৃষ্টি-দৃষ্টান্তের অনুযায়ী অর্থাৎ পারমার্থিক, ইহা বুঝিতে হইবেক। (বামদেব ঋষি জ্ঞানী হইয়া আপনার সর্ব্বাত্মকত্ব অনুভব করতঃ বলিয়াছিলেন, আমি মনু, এবং আমি সূর্য্য হইয়াছিলাম ইত্যাদি)। অতএব, পরিমাণান্তর শ্রবণ প্রাজ্ঞবিষয়ক। প্রাজ্ঞবিষয়ক বলিয়া অণু-পরিমাণের অবিরোধী (প্রাজ্ঞ = পরমেশ্বর)॥ ২। ৩। ২১॥

আত্মা (জীব) অণু, এ নির্ণয়ে অন্য হেতুও আছে। তাহা এই—শ্রুতি জীবের স্পষ্টরূপে অণুত্ববাচক-শব্দের প্রয়োগ করিয়াছেন। যথা—"যাহাতে প্রাণ পঞ্চধা বিভক্ত হইয়া আবিষ্ট আছে, সেই এই অণু (সূক্ষ্ম) আত্মা চিত্তের দ্বারা জ্ঞাতব্য।" প্রাণের সহিত সম্বন্ধ আছে, সে কারণেও শ্রুতিতে আত্মার অণুত্ব কথিত হইয়াছে। অপিচ, উন্মান-কথনও জীবের অণুত্ব বোধ করায়। উন্মান-কথন যথা—"কেশের অগ্রভাগ শতভাগে বিভক্ত করিলে তাহার এক ভাগ পরিমাণ জীব, ইহা জ্ঞাতব্য।" "তিনি অবর হইলেও আরাগ্র

---

* স্বশব্দোঽণুবাচকঃ শব্দঃ। উদ্ধৃত্য মানমুন্মানম্। বালাগ্রাদুদ্ধৃতঃ শততমোভাগস্তস্মাদপ্যুদ্ধৃতঃ শততমো ভাগ ইত্যেবং রীত্যাঽত্যল্পত্বমেবোন্মানম্। তাভ্যামপি জীবাণুত্বং গম্যতে।

সাক্ষাৎ অণুবাচক শব্দ ও উন্মান অর্থাৎ অল্প হইতেও অল্প, এই দ্বিবিধ প্রয়োগ থাকায় জীবের অণুত্বই সিদ্ধ হয়।

ইতি, "আরাগ্রমাত্রো হ্যবরোঽপি দৃষ্টঃ" ইতি চোম্মানান্তরম্ ॥ ২। ৩। ২২॥

নন্বণুত্বে সত্যেকদেশস্থস্য সকলদেহগতোপলব্ধির্বিরুধ্যতে। দৃশ্যতে চ জাহ্নবীহ্রদনিমগ্নানাং সর্ব্বাঙ্গশৈত্যোপলব্ধিঃ, নিদাঘসময়ে চ সকলশরীরপরিতাপোপলব্ধিরিত্যত উত্তরং পঠতি।—

অবিরোধশ্চন্দনবৎ ॥ ২। ৩। ২৩॥ *

যথা হি হরিচন্দনবিন্দুঃ শরীরৈকদেশসম্বদ্ধোঽপি সন্ সকলদেহব্যাপিনমাহ্লাদং করোতি, এবমাত্মাপি দেহৈকদেশস্থঃ সকলদেহব্যাপিনীমুপলব্ধিং করিষ্যতি। ত্বক্‌সম্বন্ধাচ্চাস্য সকলশরীরগতা বেদনা ন বিরুধ্যতে, ত্বগাত্মনোর্হি সম্বন্ধঃ কৃৎস্নায়াং ত্বচি বর্ত্ততে, ত্বক্ চ কৃৎস্নশরীরব্যাপিনীতি ॥২।৩।২৩॥

মারাগ্রমাত্রমিতি ॥ ২। ৩। ২২।

সূত্রান্তরমবতারয়িতুং চোদয়তি—"নন্বণুত্বে সতি" ইতি। অণুরাত্মা ন শরীরব্যাপীতি ন সর্ব্বাঙ্গীণশৈত্যোপলব্ধিঃ স্যাদিত্যর্থঃ।

ত্বক্‌সংযুক্তো হি জীবঃ, ত্বক্ চ সকলশরীরব্যাপিনীতি ত্বগ্‌ব্যাপ্যাত্মসম্বন্ধঃ সকলশৈত্যোপলব্ধৌ সমর্থ ইত্যর্থঃ ॥ ২। ৩। ২৩॥

(আরা=চর্ম্মবেধিকা শলাকা—লোহার কাঁটা।) প্রমাণে দৃষ্ট হন।" ইহাও উন্মান-কথন ॥২।৩।২২॥

[নন্বণুত্বে......পঠতি] বলিতে পার যে, আত্মা যখন অণু, তখন তিনি শরীরের একাংশেই থাকেন, একাংশে থাকা সত্য হইলে যুগপৎ সমুদায় দেহে বেদনাদির জ্ঞান কিরূপে হয়? হ্রদনিমগ্ন দিগের যুগপৎ সর্ব্বাঙ্গে শৈত্যানুভব কি হেতু হয়? নিদাঘকালেই বা সকল শরীরে তাপ জ্ঞান কিসে হয়? ইহার প্রত্যুত্তর সূত্র এই—

যেমন শরীরের একস্থানে এক বিন্দু চন্দন স্থাপিত হইলে সর্ব্বশরীরব্যাপী আহ্লাদ জন্মে, সেইরূপ, দেহৈকদেশস্থ আত্মাও সকল দেহব্যাপী বেদনাদির উপলব্ধি (অনুভব) করেন। ত্বক্‌সম্বন্ধ থাকায় ঐরূপ উপলব্ধি অবিরুদ্ধ। ত্বগাত্ম-সম্বন্ধ সমুদায় ত্বকে থাকে, ত্বক্ সর্ব্বশরীরব্যাপিনী, সেই কারণে প্রোক্ত প্রণালীতে প্রোক্ত উপলব্ধি সম্পন্ন হয় ॥ ২। ৩। ২৩॥

---

* চন্দনদৃষ্টান্তেনাঽবিরোধো ভবতি। আত্মসংযুক্তায়াস্ত্বচো দেহব্যাপিস্পর্শোপলব্ধিকারণায়া মহিমাত্মনো ব্যাপিকার্য্যকারিত্বমবিরুদ্ধমিত্যর্থঃ।

আত্মা অণু হইলেও চন্দনস্পর্শদৃষ্টান্তে তাহার দেহব্যাপিকার্য্যকারিত্বের বাধা হয় না। (ভাষ্য দেখ)।

অবস্থিতিবৈশেষ্যাদিতি চেন্নাভ্যুপ-গমাদ্ধৃদি হি ॥ ২ । ৩ । ২৪ ॥ *

অত্রাহ। যদুক্তমবিরোধশ্চন্দনবদিতি, তদযুক্তং, দৃষ্টান্ত-দার্ষ্টান্তিকয়োরতুল্যত্বাৎ। সিদ্ধে হ্যাত্মনো দেহৈকদেশস্থত্বে, চন্দনদৃষ্টান্তো ভবতি। প্রত্যক্ষন্তু চন্দনস্যাবস্থিতিবৈশেষ্যম্ এক-দেশস্থত্বং সকলদেহাহ্লাদনঞ্চ। আত্মনঃ পুনঃ সকলদেহোপ-লব্ধিমাত্রং প্রত্যক্ষং, নৈকদেশবর্ত্তিত্বম্, অনুমেয়ন্তু তদিতি যদ্যপ্যুচ্যেত, ন চাত্রানুমানং সম্ভবতি। কিমাত্মনঃ সকলশরীর-গতা বেদনা ত্বগিন্দ্রিয়স্যেব সকলদেহব্যাপিনঃ সতঃ? কিং বা বিভোর্নভস ইব? আহোস্বিচ্চন্দনবিন্দোরিবাণোরেকদেশস্থস্য? ইতি সংশয়ানিবৃত্তেরিতি।

চন্দনবিন্দোঃ প্রত্যক্ষতোঽল্পীয়স্ত্বং বুদ্ধা যুক্তা কল্পনা ভবতি। যস্য তু সন্দিগ্ধমণুত্বং সর্ব্বাঙ্গীণঞ্চ কার্য্যমুপলভ্যতে, তস্য ব্যাপিত্বমৌৎসর্গিকমপহায় নেয়ং কল্পনাবকাশং লভত ইতি শঙ্কার্থঃ। ন চ হরিচন্দনবিন্দুদৃষ্টান্তেনাণুত্বানুমানং জীবস্য, প্রতিদৃষ্টান্তসম্ভবেনানৈকান্তিকত্বাদিত্যাহ—"ন চাত্রানুমানম্" ইতি।

এই স্থলে কেহ কেহ বলিবেন, আপত্তি করিবেন, চন্দনের দৃষ্টান্ত অযুক্ত। যেহেতু উহা দার্ষ্টান্তিকের সমান নহে। যদি আত্মার একদেশস্থতা সিদ্ধ হইত, তাহা হইলে ঐ দৃষ্টান্ত সঙ্গত হইত। (অদ্যাপি আত্মার দেহৈকদেশস্থতা নির্ণীত হয় নাই)। চন্দনের অবস্থিতিবৈশেষ্য অর্থাৎ নির্দ্দিষ্টস্থানে অবস্থান প্রত্যক্ষ, সকলদেহাহ্লাদকতাও প্রত্যক্ষ, কিন্তু আত্মার সকলদেহোপলব্ধিমাত্র প্রত্যক্ষ, একদেশস্থতা অপ্রত্যক্ষ। [অনু......রিতি] তাহা অনুমেয়, এ কথা বলিতে পার না। অনুমান অসম্ভব। (আত্মা অল্প ; তৎপ্রতি হেতু, ব্যাপিকার্য্যকারিত্ব, তাহার দৃষ্টান্ত চন্দনবিন্দু। এ অনুমান অযুক্ত)। সকলদেহব্যাপিনী বেদনা কি, আত্মা সকল-দেহব্যাপী ত্বগিন্দ্রিয়ের ন্যায় ব্যাপী বলিয়া অনুভূতা হয়? অথবা আকাশের ন্যায় সর্ব্বব্যাপী বলিয়া? অথবা চন্দনবিন্দুর দৃষ্টান্তে একদেশস্থ ও অল্প বলিয়া? এ সংশয় নিবৃত্ত হয় না। অর্থাৎ সংশয়িত অনুমান অগ্রাহ্য।

---

* বিশেষ এব বৈশেষ্যং একদেশস্থতানিশ্চয়ঃ। চন্দনবিন্দোরবস্থানবৈশেষ্যাদেকদেশস্থতা-নিশ্চয়াত্র চন্দনবিন্দুর্দৃষ্টান্তো ভবিতুমর্হতীতি বক্তব্যম্। কুতঃ? অভ্যুপগমাৎ। অভ্যুপগম্যতে হি চন্দনস্যেবাত্মনোঽবস্থানবৈশেষ্যং দেহৈকদেশবৃত্তিত্বং, হৃদি হ্যেষ আত্মেত্যাদিশ্রুতৌ চন্দনবিন্দোরল্পত্বস্য প্রত্যক্ষত্বাৎ তথ্যাপ্ত্যা ব্যাপিকার্য্যকারিত্বকল্পনা যুক্তা। জীবস্য ত্বণুত্বে সন্দেহাৎ ব্যাপিকার্য্যদৃষ্ট্যা ব্যাপিত্বকল্পনমেব যুক্তমিতি শঙ্কাভাগতাৎপর্য্যম্।

চন্দন অল্প, তাহার একস্থানে অবস্থান প্রত্যক্ষ, সে কারণে তাহা দৃষ্টান্ত হইতে পারে না। আত্মার অণুত্ব সাংশয়িক, সুতরাং তাহা অসাংশয়িকের সহিত তুলিত হইতে পারে না ; এরূপ বলিও না। আত্মারও হৃদয়াবস্থান নিশ্চিত আছে। (ভাষ্যানুবাদ দেখ)।

অত্রোচ্যতে—নায়ং দোষঃ। কস্মাৎ? অভ্যুপগমাৎ। অভ্যুপগম্যতে হ্যাত্মনোঽপি চন্দনস্যেব দেহৈকদেশবৃত্তিত্বমবস্থিতিবৈশেষ্যম্। কথমিতি? উচ্যতে, হৃদি হ্যেষ আত্মা পঠ্যতে বেদান্তেষু "হৃদি হ্যেষ আত্মা" "সবা এষ আত্মা হৃদি", "কতম আত্মা, যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু হৃদ্যন্তর্জ্যোতিঃ পুরুষঃ" ইত্যাদ্যুপদেশেভ্যঃ। তস্মাৎ দৃষ্টান্তদার্ষ্টান্তিকয়োরবৈষম্যাদ্ যুক্তমেবৈতদবিরোধশ্চন্দনবদিতি ॥ ২। ৩। ২৪ ॥

গুণাদ্বালোকবৎ ॥ ২। ৩। ২৫ ॥ *

চৈতন্যগুণব্যাপ্তের্ব্বা অণোরপি সতো জীবস্য সকলদেহব্যাপি কার্য্যং ন বিরুধ্যতে। যথা লোকে মণিপ্রদীপপ্রভৃতী-

---

শঙ্কামিমামপাকরোতি—"অত্রোচ্যতে"ইতি। যদ্যপি পূর্ব্বোক্তাভিঃ শ্রুতিভির্নিগুত্বং সিদ্ধমাত্মনঃ, তথাপি বৈভবাচ্ছ্যুত্যন্তরমুপন্যস্তম্ ॥ ২। ৩। ২৪ ॥

যে তু—সাবয়বত্বাচ্চন্দনবিন্দোরণুসঞ্চারেণ দেহব্যাপ্তিরুপপদ্যতে, ন ত্বাত্মনো-

---

[অত্রো···বদিতি] প্রতিবাদী এই বিষয়ের প্রত্যুত্তরে বা প্রোক্ত আপত্তির খণ্ডনে বলিতেছেন—চন্দনবিন্দুর দৃষ্টান্ত সদোষ নহে। হেতু এই যে, তাহা স্বীকার আছে। চন্দনবিন্দুর ন্যায় আত্মারও দেহৈকদেশে অবস্থান কথিত হইয়াছে। কোথায়? তাহা বলিতেছি। আত্মা হৃদয়দেশে অবস্থান করেন, ইহা বেদান্তশাস্ত্রে পঠিত হইয়াছে। যথা—"এই আত্মা হৃদয়ে।" "সেই, এই প্রসিদ্ধ আত্মা হৃদয়ে", "কোন্ আত্মা?" "প্রাণের মধ্যে যিনি বিজ্ঞানময় হৃদয়ে যিনি অন্তর্জ্যোতিঃ পুরুষ" ইত্যাদি। অতএব চন্দন দৃষ্টান্ত বিষম দৃষ্টান্ত নহে। যেহেতু বিষম দৃষ্টান্ত নহে, প্রত্যুত সমদৃষ্টান্ত, সেই হেতু চন্দন-দৃষ্টান্ত

জীব অণু (সূক্ষ্ম) হইলেও চৈতন্যগুণের ব্যাপ্তিতে সকল দেহব্যাপী কার্য্য সম্পন্ন হইতে পারে। যেমন রত্ন ও প্রদীপ একস্থানে থাকে; কিন্তু তাহার প্রভা গৃহব্যাপিনী হইয়া সমুদায় প্রকাশ্য প্রকাশ করে, সেইরূপ

---

* বা-শব্দেন চন্দনদৃষ্টান্তাপরিতোষঃ সূচিতঃ। মাভূচ্চন্দনদৃষ্টান্তঃ, আলোকদৃষ্টান্তেন ভবিতব্যম্। গুণাৎ চৈতন্যগুণব্যাপ্তেরণোরপি জীবস্যালোকদৃষ্টান্তেন সকলদেহব্যাপি কার্য্যং ন বিরুধ্যত-ইতি যোজনা।

দীপ অল্প, অল্পস্থানে স্থিত, তথাপি তাহার প্রভা সকল গৃহোদর ব্যাপিয়া থাকে, এতদ্দৃষ্টান্তে জীবেরও চৈতন্যগুণ ব্যাপিকার্য্যকারী অর্থাৎ তদ্দ্বারা দেহব্যাপী কার্য্য নির্ব্বাহ হয়, ইহা অনুমান করা যাইতে পারে।

নামপবরকৈকদেশবর্ত্তিনামপি প্রভা অপবরকব্যাপিনী সতী কৃৎস্নেহপবরকে কার্য্যং করোতি, তদ্বৎ। স্যাৎ কদাচিচ্চন্দনস্য সাবয়বত্বাৎ সূক্ষ্মাবয়ববিসর্পণেনাপি সকলদেহ আহ্লাদয়িতৃত্বং, ন ত্বণোর্জ্জীবস্যাবয়বাঃ সন্তি, যৈরয়ং সকলং দেহং বিপ্রসর্পতীত্যাশঙ্ক্য গুণাদ্বালোকবদিত্যুক্তম্।

কথং পুনর্গুণো গুণিব্যতিরেকেণান্যত্র বর্ত্তেত। ন হি পটস্য শুক্লো গুণঃ পটব্যতিরেকেণান্যত্র বর্ত্তমানো দৃশ্যতে। প্রদীপপ্রভাবত্তবেদিতি চেৎ, ন, তস্যা অপি দ্রব্যত্বাভ্যুপগমাৎ। নিবিড়াবয়বং হি তেজোদ্রব্যং প্রদীপঃ, প্রবিরলাবয়বন্তু তেজোদ্রব্যমেব প্রভেতি। অতউত্তরং পঠতি—॥ ২। ৩। ২৫ ॥

ব্যতিরেকো গন্ধবৎ ॥ ২। ৩। ২৬ ॥*

যথা গুণস্যাপি সতো গন্ধস্য গন্ধবদ্দ্রব্যব্যতিরেকেণা-

হনবয়বত্বাণুসঞ্চারঃ সম্ভবী, তস্মাদ্বৈষম্যমিতি মন্যন্তে, তান্ প্রতীদমুচ্যতে,—"গুণাদ্বালোকবৎ" ইতি।

তদ্বিভজতে—"চৈতন্যে"তি। যদ্যপ্যণুর্জীবঃ, তথাপি তদ্গুণশ্চৈতন্যং সকলদেহব্যাপি, যথা প্রদীপস্যাল্পত্বেঽপি তদ্গুণঃ প্রভা সকলগৃহোদরব্যাপিনীতি। এতদপি শঙ্কাদ্বারেণ দূষয়িত্বা দৃষ্টান্তান্তরমাহ—॥ ২। ৩। ২৫ ॥

আত্মা অণু ও একস্থানাবস্থিত হইলেও তাহার চৈতন্যগুণ সর্ব্বদেহে ব্যাপ্ত হয়, তাই সকল দেহব্যাপিনী বেদনা যুগপৎ অনুভূত হয়। চন্দন সাবয়ব, তাহার সূক্ষ্মাংশ (পরমাণু) সকল দেহে প্রসর্পিত হইয়া পরিতৃপ্ত করে, কিন্তু জীব অণু ও নিরবয়ব, তাহার প্রসর্পণযোগ্য সূক্ষ্মাংশ নাই, সে জন্য অপ্রশস্ত চন্দনদৃষ্টান্ত ত্যাগ করিয়া "গুণাদ্বা" সূত্র বলা হইল।

বলিতে পার, গুণীকে পরিত্যাগ করিয়া গুণ কিপ্রকারে অন্যত্র থাকিতে পারে? বস্ত্রের শুক্ল গুণ কি বস্ত্র ত্যাগ করিয়া অন্যত্র বৃত্তিমান্ হয়? অবস্থিতি করে? দীপপ্রভার কথা বলিবে, তাহাও পারিবে না। কেন-না, তাহাও দ্রব্য, গুণ নহে। কারণ, নিবিড়াবয়ব তেজের নাম দীপ, আর বিরলাবয়ব তেজের নাম প্রভা। এই আপত্তির খণ্ডনার্থ সূত্র বলা হইতেছে—॥ ২। ৩। ২৫ ॥

